ভাষাশিক্ষা-অভিধান।

শিলং গবর্ণমেণ্ট হাইস্কুলের হেড পণ্ডিত

শ্রীরসিকচন্দ্র কাব্যরত্ন প্রণী[illegible]

প্রকাশক

শ্রীবৃন্দাবনচন্দ্র বসাক

আলবার্ট লাইব্রেরী, ঢাকা।

গেণ্ডেরিয়া প্রেসে,

প্রিণ্টার শ্রীভানুচন্দ্র দাসদ্বারা মুদ্রিত।

১৩১৯।

মূল্য ৶০ আনা মাত্র।

বিজ্ঞাপন

বাঙ্গালা ও সংস্কৃত ভাষা শিক্ষার সৌকর্য্যার্থে পদ, লিঙ্গ, প্রকৃতিপ্রত্যয় ও বাচ্য ইত্যাদি বিভিন্ন বিষয়ের প্রতি বিশেষ লক্ষ্য রাখিয়া দেশজ ও যাবনিক শব্দাদি যথাস্থানে সন্নিবেশিত করিয়া এই পুস্তক সঙ্কলন করিলাম। স্থূল, স্থূল, ঐতিহাসিক বিবরণ ও ইহার মধ্যে যথাস্থানে লিখিত হইল। এখন এই পুস্তকের প্রতি বালকগণের দৃষ্টি আকৃষ্ট হইলে শ্রম সার্থক মনে করিব।

প্রথম সংস্করণে ভ্রম, প্রমাদ থাকিলেও আশা করি সহৃদয় শিক্ষক-মহাশয়গণ এই ক্ষুদ্র পুস্তকের প্রতি কৃপা দৃষ্টিপাত পূর্ব্বক আমাকে উৎসাহিত করিবেন।

১৯১২ খৃঃ
১২ মার্চ্চ।

শ্রীরসিকচন্দ্র বিদ্যানিধি কাব্যরত্ন
হেড পণ্ডিত।
শিলং গবর্ণমেণ্ট হাইস্কুল।

সাঙ্কেতিক শব্দের তালিকা।

পদ।	লিঙ্গ।	বাচ্য।
বিশেষ্য—বি	পুংলিঙ্গ—পুং	কর্তৃবাচ্য—কর্তৃ
বিশেষণ—বিণ	স্ত্রীলিঙ্গ—স্ত্রী	কর্ম্মবাচ্য—কর্ম্ম
ক্রিয়া বিশেষণ—ক্রি,-বিণ	ক্লীবলিঙ্গ—ক্লী	করণবাচ্য—করণ
অব্যয়—ব্য	ত্রিলিঙ্গ—ত্রি	সম্প্রদানবাচ্য—সম্প্র
দেশজশব্দ—দে		অপাদানবাচ্য—অপা
যাবনিকশব্দ—যা		অধিকরণবাচ্য—অধি

ভাষা শিক্ষা অভিধান

অ

অ—ব্য, পুং, (অব+ড, কর্ত্তৃ) বিষ্ণু, অভাব, অপ্রশস্ত।

অঋণী—বিণ, ত্রি, ঋণশূন্য।

অংশ—বি. পুং, (অন্‌শ+ঘঞ্, ভাব) ভাগ, বণ্টন। (অন্‌শ+অন্, কর্ত্তৃ) স্কন্ধ, কাঁধ। [কর্ত্তৃ)।

অংশ ভাক্—(অংশ-ভজ্+ণিন্,

অংশহর—(অংশ-হৃ+অন্, কর্ত্তৃ) অংশগ্রাহী।

অংশী—(অংশ+ইন্, অস্ত্যর্থে) বিণ, ত্রি, অংশবিশিষ্ট, ভাগী।

অংশু—বি, পুং, (অন্‌শ+উ, কর্ত্তৃ) কিরণ, প্রভা, বস্ত্র। [বস্ত্র, উত্তরীয়।

অংশুক—বি, ক্লী, (অংশু+ক, স্বার্থে,

অংশুধর—বি, পুং, (অংশু-ধৃ+অন্, কর্ত্তৃ) সূর্য্য, সূর্য্যবংশীয় অসমঞ্জ রাজা, সগররাজের পুত্র।

অংশুমান্—বি, পুং, (অংশু+মতুপ্, অস্ত্যর্থে) সূর্য্যবংশীয় অসমঞ্জের পুত্র, সগর রাজের পৌত্র। অংশুমান অশ্বের অনুসন্ধানে বহির্গত হইয়া পাতালে গমন পূর্ব্বক মুনিবর কপিলকে স্তবে সন্তুষ্ট করিয়া অশ্ব আনিয়া যজ্ঞ সম্পন্ন করেন। সগরের পর ইনি রাজা হইয়াছিলেন।

অংশুমালী—বি, পুং, (অংশুমালা+ইন্, অস্ত্যর্থে) সূর্য্য। স্ত্রী—অংশুমালিনী।

অংস—বি, পুং, ক্লী, (অন্‌স+অন্, কর্ত্তৃ) স্কন্ধ, কাঁধ। পুং (+ঘঞ্ ভাব) ভাগ, বণ্টন।

অংসল—বিণ, ত্রি, (অংস+ল অস্ত্যর্থে) বলবান্, বলিষ্ঠ।

অংহ্রি—বি, পুং, (ক্রিন্, করণ) চরণ, চতুর্থাংশ।

অকস্মাৎ—ব্য, অকারণ, হঠাৎ।

অকাণ্ড—বি পুং, ক্লী, অকাল, অসময়।

অকায়—বিণ, ন-চি+ঘঞ্ অবয়বহীন, দেহশূন্য। বি, পুং, রাহু। অমৃত পরিবেশন সময় রাহু ছদ্মবেশে দেবগণের সহিত অমৃত ভক্ষণ করিতে আরম্ভ করিলেন, নারায়ণ ইহা জানিয়া তাহাকে দ্বিখণ্ডিত করেন। অমৃত গলদেশ পর্য্যন্ত গিয়াছিল বলিয়া দেহশূন্যাবস্থায় ও সে অমরত্ব লাভ করিয়াছিল।

অকারণ—বিণ, ত্রি, অনর্থক, নিষ্প্রয়োজন।

অকার্য্য—বি, ক্লী, ন—কৃ+ণ্যৎ অসৎকর্ম্ম, দুষ্কর্ম্ম, অপকর্ম্ম।

অকাল—বি, পুং, অসময়, শুভ কর্ম্মের অযোগ্যকাল।

অকিঞ্চন—বিণ, ত্রি, দরিদ্র, নিঃস্ব।

অকিঞ্চনতা—বি, স্ত্রী, (অকিঞ্চন+তা, ভাবার্থে) অকিঞ্চনত্ব, বি, ক্লী, (অকিঞ্চন+ত্ব, ভাবার্থে) দারিদ্র্য, নির্ধনতা।

অকিঞ্চিৎকর—বিণ, ত্রি, (অকিঞ্চিৎ—কৃ+ট, কর্ত্তৃ) তুচ্ছ, সামান্য।

অকীর্ত্তি—বি, স্ত্রী, ন—কৄ+ক্তিন্ অযশ, অখ্যাতি।

অকুণ্ঠ—
অকুণ্ঠিত— } বিণ, ত্রি, অব্যাহত, প্রতিভাযুক্ত, অকাতর।

অকুতোভয়—বিণ, ত্রি, (অ-কুতস্-ভয়) নির্ভয়, যাহার কিছুতে ভয় নাই।

অকূলপাথার—বি, পুং, মহাবিস্তৃত সমুদ্র। [অকাজো।

অকৃতকর্ম্মা—বিণ, ত্রি, অকর্ম্মণ্য,

অকৃতকার্য্য—বিণ, ত্রি, ব্যর্থকাম, বিফল মনোরথ।

অকৃতজ্ঞ—বিণ, ত্রি, ন—কৃ—জ্ঞা +ক উপকার কৃতঘ্ন, যে পাইয়া তাহা স্মরণ রাখেনা।

অকৃতদার—বিণ,পুং, অবিবাহিত।

অকৃতী—বিণ, পুং, ক্ষমতাহীন, অযোগ্য।

অকৃত্রিম—বিণ, ত্রি, প্রকৃত, যথার্থ।

অকৃষ্ট—বিণ, ত্রি, অকর্ষিত।

অকৃষ্টপচ্য—বিণ, ত্রি, (অ—কৃষ্ট—পচ্ +ক্যপ্, কর্ত্তৃ) কর্ষণাদি ব্যতীত যাহা স্বয়ং ক্ষেত্রে জন্মিয়া থাকে।

অকৈতব—বিণ, ত্রি, অকপট, ছল-শূন্য।

অকৌশল—বি, স্ত্রী, মনোমালিন্য, বিরোধ।

অক্কা—বি, স্ত্রী, (অক্—কর্ত্তৃ; মাতা।

অক্ত—বিণ, ত্রি, (অন্জ + ক্ত, কর্ম্ম) ব্যাপ্ত, লেপিত।

অক্রূর—বিণ, ত্রি, সরল, অকপট। বি, পুং, কৃষ্ণের পিতৃব্য। ইহাঁর পিতা শাফল্ক, কাশীরাজের কন্যাকে বিবাহ করেন, এই দম্পতী হইতে অক্রূর জন্ম গ্রহণ করেন। ইনি কংসালয়েই থাকিতেন। কংস, কৃষ্ণ বলরামকে আনয়নার্থ ইহাকে বৃন্দাবনে প্রেরণ করেন। ইনি কংসের অত্যাচার হইতে যাদব-দিগকে উদ্ধার করিবার জন্য কৃষ্ণকে অনুরোধ করেন। অতঃপর কৃষ্ণ, কংসকে বিনাশ করেন। যদুকুল ধ্বংসের সময় ইনি বিনষ্ট হন।

অক্লান্ত—বিণ, ত্রি, অশ্রান্ত।

অক্ষ—বি, পুং, (অক্ষ্ +অন্, কর্ত্তৃ) পাশক, শকট, রথ।

অক্ষত—বি, পুং, আতপতণ্ডুল, যব। বিণ, ত্রি, আঘাতশূন্য, নির্দোষ, অবিদারিত।

অক্ষতযোনি—বি, স্ত্রী, কুমারী।

অক্ষম—বিণ, ত্রি, অশক্ত। স্ত্রী (মা) অসহিষ্ণুতা।

অক্ষমালা—বি, স্ত্রী, রুদ্রাক্ষমালা, জপমালা।

অক্ষয়—বিণ, ত্রি, অবিনশ্বর, চির-স্থায়ী।

অক্ষয় তৃতীয়া—বি, স্ত্রী, চান্দ্র বৈশাখের শুক্ল তৃতীয়া।

অক্ষর—বিণ, ত্রি, (নঞ্—ক্ষর্+অন্, কর্তৃ) অনশ্বর স্থায়ী। বি—ব্রহ্ম, মোক্ষ।

অক্ষসূত্র—বি, ক্লী, জপমালা।

অক্ষি—বি, ক্লী, (অক্ষ্+ই, কর্তৃ) চক্ষু।

অক্ষিগত—বিণ, দ্বেষ্য, রিপু, ঘৃণাস্পদ, নয়নগোচর। ⌊কুল।

অক্ষুণ্ণ—বিণ, ত্রি, অক্ষুব্ধ, পূর্ণ, অনা-

অক্ষৌহিণী—বি, স্ত্রী, (অক্ষ—উহ্+ণিন্, কর্তৃ; স্ত্রী ঈপ) পদাতি ১০৯৩৫০ অশ্ব ৬৫৬১০ হস্তী ২১৮৭০ এবং রথ ২১৮৭০।

অখণ্ড—বিণ, ত্রি, পূর্ণ, সমগ্র, নিখুঁত।

অখাত—বি, ক্লী, দেবখাত।

অখিল—বিণ, ত্রি, সমগ্র, সমুদয়।

অখ্যাতি—বি, স্ত্রী, অপবাদ।

বি, ক্লী, গর্ত্ত।

অগ—বি, পুং, (নঞ—গম্+ড, কর্তৃ) বৃক্ষ, সূর্য্য, পর্ব্বত, সর্প।

অগজ—বিণ, ত্রি, (অগ—জন্+ড, কর্তৃ) পর্ব্বতজাত, বৃক্ষজাত।

অগণ্য—বিণ, ত্রি, অসঙ্খ্য, অগ্রাহ্য।

অগতি—বিণ, ত্রি, নিরুপায়, গতিহীন।

অগত্যা—বিণ, ত্রি, অনুপায়ে, কোন গতি না থাকাতে।

অগদ—বি, পুং, ঔষধ, বিণ, ত্রি, নীরোগ, স্বাস্থ্যকর।

অগস্ত্য—বি, পুং, (অগ—স্ত্যৈ+ড, কর্তৃ) মিত্রাবরুণ হইতে জাত কুম্ভসম্ভব মুনি, ইনি বাতাপি ও ইল্বলকে বিনাশ করিয়া দক্ষিণ দিক লোকের বাসযোগ্য করেন। ইনি বিন্ধ্য পর্ব্বতের উন্নতির প্রতিরোধ করেন, ইনি এখন নক্ষত্ররূপে দক্ষিণ আকাশে অবস্থিতি করিতেছেন।

অগাধ—বিণ, ত্রি, অতলস্পর্শ, অপরিমেয়, গভীর, অসাধারণ।

অগার—বি, ক্লী, (অগ—ঋ+অন, কর্ত্তৃ) গৃহ।

অগুণ—বিণ, ত্রি, অনিষ্ট, অহিত, অমঙ্গল।

অগুরু—বি, পুং, ক্লী, কৃষ্ণবর্ণচন্দন, গুগ্গুল, বিণ, ত্রি, লঘু। না।

অগোচর—বি, পুং, যাহা দেখা যায়

অগ্নায়ী—বি, স্ত্রী, (অগ্নি+ঙীপ্) অগ্নিপত্নী, স্বাহা।

অগ্নি—বি, পুং, (অগ+নি, কর্ত্তৃ) আগুন, বহ্নি। অগ্নি ত্রিবিধ—ভৌম, দিব্য, জাঠর।

অগ্নিগর্ভ—বি, পুং, সূর্য্যকান্ত মণি। স্ত্রী (র্ভা) শমীবৃক্ষ।

অগ্নিপ্রস্তর—বি, পুং, চকমকি পাথর,

অগ্নিভূ—বিং, পুং, (অগ্নি—ভূ+ক্বিপ্, কর্ত্তৃ) কার্ত্তিকেয়। বিণ, ত্রি, অগ্ন্যুৎপন্ন।

অগ্নিমান্দ্য—বি, ক্লী, ক্ষুধামান্দ্য, পরিপাকশক্তির হ্রাস, অজীর্ণরোগ।

অগ্নিমুখ—বি, পুং, দেবতা, ব্রাহ্মণ, চিতা।

অগ্নিষ্টোম—বি, পুং, (অগ্নি—স্তু+মন্, সম্প্র) যাগবিশেষ।

অগ্নিসখা—বি, পুং, বায়ু, অগ্নির সখা।

অগ্নিহোত্র—বি, পুং, ক্লী, (অগ্নি-হু+ত্র, অপা) সাগ্নিকের প্রাত্যহিক হোম। (করণ) ঘৃত।

অগ্নিহোত্রী—বি, পুং, (অগ্নিহোত্র+ইন্, অস্ত্যর্থে) সাগ্নিক।

অগ্না(গ্ন্যা)গার—বি, ক্লী, সাগ্নিকের হোমগৃহ।

অগ্ন্যুৎপাত—বি, পুং, পর্ব্বত হইতে অগ্নি পতন, উল্কাপাত, ধূমকেতু।

অগ্র—বিণ, ত্রি, (অন্গ+রক কর্ম্ম) আদ্য, প্রধান। বি, ক্লী, অগ্রভাগ, অবলম্বন, সমূহ, পল।

অগ্রগ—বিণ, ত্রি, (অগ্র—গম্+ড, কর্ত্তৃ) অগ্রে গমন করে যাহা।

অগ্রগামী—বিণ, পুং (অগ্র—গম্+ণিন্, কর্ত্তৃ) পুরঃসর, পুরোগামী।

অগ্রজ—বিণ, ত্রি, (অগ্র—জন্+ড, কর্ত্তৃ) পূর্ব্বজ, জ্যেষ্ঠ। পুং, বিপ্র।

অগ্রজন্মা—বি, পুং, ব্রাহ্মণ। বিণ, ত্রি, প্রথমোৎপন্ন, জ্যেষ্ঠ।

অগ্রণী—বিণ, ত্রি, (অগ্র—নী +ক্বিপ্, কর্ম্ম) প্রথম, শ্রেষ্ঠ অধ্যক্ষ।

অগ্রতঃ—ব্য, (অগ্র+তস্) অগ্রে, প্রথমে, সম্মুখে।

অগ্রদানী—বিণ, পুং, অগ্রদান +ইন্) প্রেতোদ্দিষ্টদানগ্রাহী পতিত ব্রাহ্মণ বিশেষ।

অগ্রপাণি—বি, পুং, হস্তাগ্র, দক্ষিণ হস্ত।

অগ্রমাংস—বি,ক্লী, বুকের কলিজার অগ্রভাগের মাংস, হৃদয়।

অগ্রযায়ী—বিণ, ত্রি, (অগ্র—যা + ণিন্, কর্ত্তৃ)।

অগ্রসর—বিণ, ত্রি, (অগ্র—সৃ+ট, কর্ত্তৃ, অগ্রগামী, পুরঃসর।

অগ্রিম—বিণ, ত্রি, (অগ্র+ডিম ভাবার্থে) পূর্ব্বোৎপন্ন, জ্যেষ্ঠ।

অগ্রেবণ—বি, ক্লী, বনাগ্রভাগ, আগ্রা।

অগ্রেসর—বিণ, ত্রি, (অগ্রে—সৃ+ট, (কর্ত্তৃ,) অগ্রগামী, প্রধান

অগ্র্য—বিণ, ত্রি, (অগ্র+য ভাবার্থে) আদ্য, প্রধান, উত্তম।

অঘ—বি, ক্লী, (অঘ + অচ্, ভাব) পাপ, দোষ, দুঃখ। পুং, (কর্ত্তৃ) অসুর বিশেষ।

অঙ্ক—বি, ক্লী, (অনক+অনট, ভাব) চিহ্ন, কলঙ্ক, সংখ্যা সংস্থান, ক্রোড়, নাটকের পরিচ্ছেদ।

অঙ্কন—বি, ক্লী (অনক+অনট, ভাব) চিহ্নকরণ, লেখা প্রভৃতি।

অঙ্কিত—বিণ, ত্রি (অনক+ক্ত কর্ম্ম) চিহ্নিত, লক্ষিত।

অঙ্কু (অঙ্কূ) র—বি, পুং, (অনক্ উর, উর, কর্ত্তৃ) অচিরজাত উদ্ভিদ, মুকুল, আরম্ভ, আদি।

অঙ্কুরিত—বিণ, ত্রি (অঙ্কুর+ইত জাতার্থে,) মুকুলিত, আবির্ভূত, প্রকাশিত, রোমাঞ্চিত।

অঙ্কুশ (ষ)—বি, পুং, ক্লী, (অনক্

অঙ্গ বি, ক্লী, (অন্‌গ+অল্‌, কর্ম্ম) অবয়ব, শরীর, অপ্রধান, গৌণ, বেদাঙ্গ। পুং, দেশ বিশেষ, বলি-রাজ পুত্রের শাসিত দেশ। ব্য, সম্বোধন।

অঙ্গগ্রহ—বি, পুং, অঙ্গবেদনা।

অঙ্গজ—বি, পুং, (অঙ্গ-জন্‌+ড কর্ত্তৃ) কেশ, পুত্র, কাম। ক্লী—রক্ত। ত্রি-শরীরোৎপন্ন।

অঙ্গন (ণ)—বি, ক্লী, (অন্‌গ+অনট, অধি) চত্বর, উঠান। (ভাব) গমন।

অঙ্গনা—বি, স্ত্রী, (অঙ্গন+আপ) নারী, উত্তর দিক্‌হস্তিনী।

অঙ্গমর্দ্দ—বিণ, ত্রি, (অঙ্গ-মৃদ্‌+অন্ কর্ত্তৃ) অঙ্গসংবাহক, সেবক।

অঙ্গরক্ষণী—বি, স্ত্রী, (অঙ্গ-রক্ষ+ণিন্, কর্ত্তৃ, ঈপ্‌) কোট, পিরাণ, কবচ, সাজোয়া।

অঙ্গরাগ—বি, পুং (অঙ্গ—রন্‌জ্‌+ঘঞ্‌, ভাব) কুঙ্কুমাদি দ্বারা গাত্র লেপন।

অঙ্গরুহ—বি, পুং, (অঙ্গ-রুহ্‌+ক, কর্ত্তৃ) পশম, লোম, পালক।

অঙ্গবিক্ষেপ—বি, পুং, অঙ্গভঙ্গী, নৃত্যাদিকালে অঙ্গ চালন।

অঙ্গবৈকৃত—বি, ক্লী, ভঙ্গী, ইঙ্গিত, ইসারা।

[অঙ্গ ভূষণ।

অঙ্গসংস্কার—বি, পুং, চন্দনাদিদ্বারা

অঙ্গার—বি, পুং, ক্লী, (অন্‌গ+আরন্‌, কর্ত্তৃ) কয়লা। পুং, মঙ্গলগ্রহ।

অঙ্গী—বিণ, ত্রি, (অঙ্গ+ইন্, কর্ত্তৃ) অবয়ব বিশিষ্ট, প্রধান, শ্রেষ্ঠ।

অঙ্গিরস্‌—বি, পুং, (অন্‌গ+ইর, কর্ত্তৃ+অস্‌) সপ্তর্ষির একজন।

অঙ্গীকার—বি, পুং, (অঙ্গ+চ্বি, কৃ+ঘঞ্‌, ভাব) স্বীকার, প্রতিজ্ঞা।

অঙ্গীকৃত—বিণ, ত্রি, (অঙ্গ+চ্বি—কৃ+ক্ত, কর্ম্ম) স্বীকৃত, প্রতিশ্রুত।

অঙ্গুরি (রী)—বি, স্ত্রী, (অন্‌গ+

উরি, করণ) আঙ্গুল, পদ বৃদ্ধাঙ্গুলি।

অঙ্গুরীয়—বি, ক্লী, (অঙ্গুরি + ঈয় কর্ত্তৃ) আঙটি।

অঙ্গুলি (লী)—বি, স্ত্রী, (অন্গ + উলি ; করণ) আঙ্গুল।

অঙ্গুলিত্র (ত্রাণ)—বি, ক্লী, (অঙ্গুলি ত্রৈ + ড, কর্ত্তৃ, + অনট্, করণ) অঙ্গুলিবদ্ধ চর্ম্ম,দস্তানা। [আঙটি।

অঙ্গুলিমুদ্রা—বি, স্ত্রী, স্বনামাঙ্কিত

অঙ্গুষ্ঠ—বি, পুং, (অঙ্গু—স্থা + ড কর্ত্তৃ) হস্তের বৃদ্ধাঙ্গুল।

অঙ্ঘ্রি—বি, পুং, (অন্ঘ + রি, করণ) চরণ, বৃক্ষমূল।

অঙ্ঘ্রিপ—বি, পুং, (অঙ্ঘ্রি—পা + ড, কর্ত্তৃ) পাদপ, বৃক্ষ।

অচর—বিণ, ত্রি, (অ—চর্ + অন্, কর্ত্তৃ) স্থাবর।

অচল—বি—পুং, (অ—চল্ + অন কর্ত্তৃ) পর্ব্বত, শঙ্কু। স্ত্রী (লা) পৃথিবী।

অচিন্ত্য—বিণ, ত্রি, (অ—চিন্ত্ + য কর্ম্ম) অচিন্তনীয়, চিন্তাতীত।

অচির—বিণ, ত্রি, শীঘ্র, অল্প।

অচিরদ্যুতি (প্রভা) (রোচিস্)—বি, স্ত্রী, ক্ষণপ্রভা, বিদ্যুৎ।

অচিরস্থায়ী—বিণ, ত্রি, ক্ষণিক।

অচিরাংশু—বি, স্ত্রী, বিদ্যুৎ।

অচিরাৎ—ব্য, অবিলম্বে, শীঘ্র।

অচেতন—বিণ, ত্রি, চেতনাশূন্য।

অচ্ছ—বিণ, ত্রি, (অ—ছো + ড) কর্ত্তৃ নির্ম্মল, প্রতিবিম্ব জনক। ব্য, অভিমুখ্য।

অচ্ছিদ্র—বিণ, ত্রি, ছিদ্রশূন্য, নির্দোষ। ... স্বচ্ছ, জলযুক্ত।

অচ্ছোদ—বি, ক্লী, সরোবর। ত্রি,

অচ্যুত—বিণ, ত্রি, (অ—চ্যুত্ + ক, কর্ত্তৃ) বিনাশ শূন্য, অচঞ্চল। পুং, বিমুক্ত। [বলদেব, ইন্দ্র।

অচ্যুতাগ্রজ—বি, পুং, কৃষ্ণজ্যেষ্ঠ,

অজ—বি, পুং, (অ—জন্ + ড, কর্ত্তৃ) যাহার জনন নাই, ব্রহ্মা, বিষ্ণু, শিব, রঘুরাজ পুত্র, ছাগ (ত্রি)জনন রহিত মহারাজ রঘুর পুত্র, ইনি রাজপদে সমাসীন হইয়া নিষ্ক-

ণ্টকে রাজ্য ভোগ করিতেছিলেন। বিদর্ভরাজ দুহিতা ইন্দুমতীর স্বয়ংবর সভায় সসৈন্যে গমন সময়, পথে নর্ম্মদাতীরে শাপগ্রস্ত গন্ধর্ব্ব প্রিয়ংবদাকে হস্তীরূপ হইতে মুক্ত করিয়া সম্মোহন নামক বান লাভ করেন। ইন্দুমতী ইহাঁকে বর মাল্য প্রদান করেন। ইন্দুমতীর গর্ভে দশরথ জন্ম গ্রহণ করেন। ইন্দুমতীর মৃত্যুর পর, মহারাজ অজ দশরথের হস্তে রাজ্যভার অর্পণ পূর্ব্বক বানপ্রস্থ ধর্ম্ম অবলম্বন করেন।

অজগ—বি, পুং, (অজ—গম্+ড, কর্ত্তৃ) বিষ্ণু, অগ্নি।

অজগর—বি—পুং, (অজ—গৃ+অন, কর্ত্তৃ) ছাগভক্ষক বৃহৎ সর্প।

অজয়—বি, পুং, অ+জি+অচ্ জয়াভাব। বিণ, ত্রি, অজেয়। [জরাশূন্য।

অজর—বি, পুং, দেবতা, বিণ, ত্রি,

অজহৎ—বিণ, ত্রি, (অ—হা+শতৃ, কর্ত্তৃ) যে পরিত্যাগ করে না।

অজহল্লিঙ্গ—বি, পুং, যে শব্দ বিশেষণরূপে প্রয়োগ করিলেও নিজের লিঙ্গ ত্যাগ করে না।

অজাজীব—বি, পুং, ছাগ মেষ ব্যবসায়ী। [বুদ্ধ।

অজিত—বি, পুং, বিষ্ণু, শিব,

অজিন—বি, ক্লী, (অজ্+ইন্, কর্ম্ম) মৃগচর্ম্ম, পশু চর্ম্ম।

অজির—বি, ক্লী, (অজ্+কির অধি,) উঠান, শরীর, (কর্ত্তৃ) বায়ু, ভেক।

অজিহ্ম—বিণ, ত্রি, অবক্র, সমান।

অজীর্ণ—বিণ, ত্রি, যাহা জীর্ণ নহে। বি, ক্লী, অপাক রোগ, উদরাময়।

অজ্ঞ—বিণ, ত্রি, অ—জ্ঞা+ড, অজ্ঞান, মূর্খ।

অজ্ঞান—বি, ক্লী, জ্ঞানাভাব, মূর্খ। বিণ, ত্রি, জ্ঞানহীন।

অঞ্চল—বি, পুং, (অন্চ+অল্ কর্ত্তৃ) বস্ত্র প্রান্ত, প্রান্ত, অংশ।

অঞ্চিত—বিণ, ত্রি (অন্চ+ক্ত, কর্ম্ম

পুজিত, ভূষিত, আকুঞ্চিত।

অঞ্জন—বি, ক্লী, (অন্জ+অনট্, করণ) কজ্জল, মসী, রসাঞ্জন। পুং, (অল্, কর্ত্তৃ) পশ্চিম দিকের হস্তী। স্ত্রী (না) হনুমানের মাতা।

অঞ্জলি—বি, পুং, (অন্জ+অলি, অধি) করপুট, আঁজলা।

অঞ্জস—বিণ, ত্রি, (অন্জ+অস্, কর্ত্তৃ) সরল, সমান, যথার্থ।

অঞ্জসা—বা, (অঞ্জ+অল ভাব-সো+ক্বিপ, কর্ত্তৃ) শীঘ্র, যথার্থ, ঠিক।

অটনি (নী)—বি, স্ত্রী, (অট্+অনি, কর্ত্তৃ) ধনুকের অগ্রভাগ, কোটি।

অটল—বিণ, ত্রি, (অ—টল্+অন্, কর্ত্তৃ) অচঞ্চল, স্থির।

অটবি (বী)—বি, স্ত্রী, (অট্+অবি, অধি) বন, জঙ্গল।

অট্ট—বি, পুং, (অট্ট+ঘঞ, কর্ম্ম) প্রাসাদোপরি গৃহ, অতিশয়। ক্লী, ভাত।

অট্টহাস—বি, পুং, উচ্চহাস।

অট্টালিকা—বি, স্ত্রী, (অট্ট—অল্+অন, কর্ত্তৃ+ক স্বার্থে,স্ত্রী, আপ) ইষ্টকাদি নির্ম্মিত অত্যুচ্চ বাটী।

অণক (নক)—বিণ, ত্রি, (অণ+অক, কর্ত্তৃ) নিন্দনীয়।

অণি (ণী)—বি, পুং, স্ত্রী, (অণ্+ই, কর্ত্তৃ) চক্রের ধুবার প্রান্তস্থ খিল, সূচ্যাদির অগ্রভাগ।

অণিমা—বি, পুং, (অণু+ইমন্ ভাবার্থে) অণুত্ব, ঐশ্বর্য্য বিশেষ।

অণু—বিণ, ত্রি, (অণ্+উ, কর্ত্তৃ) ক্ষুদ্র, অল্প, সূক্ষ্ম।

অণ্ড—বি, ক্লী, (অম্+ড, কর্ত্তৃ) ডিম্ব, মুষ্ক, শুক্র, মৃগনাভি।

অণ্ডকোষ (ষ)—বি, পুং, মুষ্ক।

অণ্ডজ—বিণ, ত্রি, (অণ্ড—জন্+ড, কর্ত্তৃ) ডিম্বজ। বি, পুং, পক্ষী, মৎস্য, সর্প। বি, স্ত্রী, কস্তুরিকা।

অতএব—ব্য, এইহেতু, এইকারণ।

অতর্কিত—বিণ, ত্রি, অভাবিত, অচিন্তিত।

অতল—বিণ, ত্রি, তলশূন্য, বি, ক্লী, সপ্তপাতালের ১ম তল

অতলস্পর্শ—বি, ত্রি, অগাধ, অতি গভীর।

অতঃ—ব্য, (ইদম্+তস্ এই হেতু।

অতসী—স্ত্রী, (অত—অস, কর্ত্ত, ঈপ্) পুষ্পবৃক্ষ বিশেষ।

অতিক্রম—বি, পুং, (অতি—ক্রম্ অল্ ভাব) উল্লঙ্ঘন, বিপর্য্যয়।

অতিক্রান্ত—বিণ, ত্রি, অতীত, লঙ্ঘিত, আক্রান্ত, অনাদৃত।

অতিতরাম—ব্য, অতি+ চতরাম অত্যধিক।

অতিথি—বি, পুং, স্ত্রী, (অত্+ ইথিন্, কর্ত্ত) অভ্যাগত, আগন্তু পুং, কুশরাজপুত্র।

অতিদেশ—বি, পুং, (অতি—দিশ্ +ঘঞ, ভাব) অন্য ধর্ম্মের অন্যত্র আরোপ

অতিপাত—বি, পুং, (অতি—পত্ ঘঞ্, ভাব) অকর্ত্তব্যে আস্থা, কর্ত্তব্যে অনাস্থা।

অতিপ্রসঙ্গ—বি, পুং, পুনঃ পুনঃ উক্তি।

অতিবলা—বি, স্ত্রী, এক প্রকারবিদ্যা এই বিদ্যার প্রভাবে ক্ষুধা তৃষ্ণার প্রতিবন্ধক ঘটে না। বিশ্বামিত্র মুনি এই বিদ্যা কৃশাশ্ব মুনির নিকট প্রাপ্ত হন, পরে তিনি রাক্ষসদের অত্যাচার দমনার্থ যখন্ রাম লক্ষ্মণকে আনয়ন করেন; তখন তাঁহাদিগকে ঐ বিদ্যা প্রদান করিয়া তাড়কা রাক্ষসী যে বনে ছিল তাহার মধ্যে নিয়াছিলেন।

অতিমাত্র—বিণ, ক্লী, অত্যধিক, অত্যন্ত।

অতিমুক্ত—বিণ, ত্রি, নির্ব্বাণ, মুক্তি প্রাপ্ত। বি, পুং, মাধবীলতা।

অতিরথ—বি, পুং, অসঙ্খ্য শত্রুর সহিত যুদ্ধ করণে সমর্থ।

অতিরিক্ত—বিণ, ত্রি, (অতি—রিচ্ +ক্ত, কর্ত্ত) শ্রেষ্ঠ, অধিক উন্নত।

অতিরেক—বি, পুং, (অতি—রিচ্ +ঘঞ, ভাব) আধিক্য, প্রাধান্য।

অতিবাদ—বি, পুং, (অতি—বদ্ +ঘঞ, ভাব) অত্যুক্তি, অপ্রিয় উক্তি।

অতিবাহিত—বিণ, ত্রি,(অতি- বহ্ +ণিচ্+ক্ত, কর্ম্ম) যাপিত।

অতিশয়—বিণ, ত্রি, (অতি—শী+অল, ভাব) অত্যন্ত, অতিরিক্ত, অধিক। বি, পুং, আধিক্য।

অতিশায়িত—বিণ, ত্রি. (অতি—শী+ক্ত,কর্ম্ম)অধিক. অতিরিক্ত।

অতি (তী)সার—বি, পুং, (অতি-সৃ +ঘঞ, কর্ত্তৃ) অসুখ, পেটনামান।

অতীত—বিণ, ত্রি. (অতি ই+ক্ত, কর্ত্তৃ) গত, অতিক্রান্ত।

অতিন্দ্রিয়—বিণ, ত্রি, ইন্দ্রিয়াতীত অপ্রত্যক্ষ, পরোক্ষ।

অতীব—ব্য,(অতি+ইব) নিরতিশয়, অত্যন্ত।

অতুল—বিণ, তুলনারহিত, অনুপম. অপরিমেয়।

অত্যয়—বি, পুং, (অতি—ই+অল, ভাব) বিনাশ, অভাব, অপচয়।

অত্যাচার—বি, পুং,(অতি—আ—চর্+ঘঞ্, ভাব) অন্যায় আচরণ। আচার ভ্রংশ।

অত্যারূঢ়—বিণ,ক্লী, (অতি—আ—রুহ্+ক্ত, ভাব) অতিবৃদ্ধি। (ক্ত, কর্ত্তৃ) প্রবৃদ্ধ।

অত্যাহিত—বিণ.ক্লী(অতি—আ—ধা+ক্ত. অধি) অমঙ্গল, মহাভয়।

অত্র—ব্য, (এতদ্+ত্র ৭মী স্থানে) এই স্থানে, এইখানে।

অত্রত্য—বিণ, ত্রি, (অত্র+ত্যণ্ ভবার্থে) এতদ্দেশীয়।

অত্রি (ত্রি) বি, পুং. (অদ্+ত্রিপ্), কর্ত্তৃ) সপ্তর্ষির একজন। ইনি ব্রহ্মার মানস পুত্র, দক্ষ রাজ কন্যা অনসূয়ার সহিত পরিণয় সূত্রে আবদ্ধ হন। দত্তসোম ও দুর্ব্বাসা ইঁহারই পুত্র। ইঁহার নেত্রজল হইতে চন্দ্র উৎপন্ন হইয়াছে বলিয়া প্রবাদ আছে।

অথর্ব্ব—বি, ক্লী, (অথ—ঋ+বনিপ্ কর্ত্তৃ) চতুর্থ বেদ। পুং, বশিষ্ঠ।

অদত্ত—বিণ, ত্রি, অসমর্পিত। স্ত্রী (ত্তা) যে কন্যার সম্প্রদান হয় নাই। [কর্ম্ম) ভক্ষণ।

অদন—বি, ক্লী, (অদ্+অনট্

অদর্শন—বি, ক্লী, দর্শনাভাব, বিনাশ, বিণ, ত্রি, দর্শন হীন, দৃষ্টির বহির্ভূত।

অদস্—ব্য, ত্রি, (অ—দস্+ক্বিপ্, অধি) ঐ, অপুরোবর্ত্তী।

অদিতি—বি. স্ত্রী, দক্ষকন্যা, কশ্যপ পত্নী (অ—দো+ক্তি, কর্ম্ম) পৃথিবী।

অদীন—বিণ, ত্রি, অকাতর, ধনী।

অদৃষ্ট—বিণ, ত্রি, ভাগ্য, ধর্ম্মাধর্ম্ম।

অদৃষ্টচর—বিণ, ত্রি, (অদৃষ্ট—চর্+টক্, কর্ত্তৃ) যাহা পূর্ব্বে কখন দৃষ্ট হয় নাই।

অদ্ভূত—বিণ, ত্রি, (অৎ—ভূ+ ডুত, অধি) বিস্ময় জনক, আকস্মিক বি, ক্লী, বিস্ময়, আশ্চর্য্য।

অদ্য—ব্য, আজ, এক্ষণ।

অদ্রি—বি, পুং, (অদ্+রি কর্ত্তৃ) পর্ব্বত, বৃক্ষ, সূর্য্য।

অদ্রিজ—বি, ক্লী, (অদ্রি—জন্+ড কর্ত্তৃ) শৈলেয়নামক গন্ধদ্রব্য, গিরি মাটী। বিণ, ত্রি, পর্ব্বত জাত, পার্ব্বত্য।

অদ্রিরাজ—বি, পুং, গিরিরাজ, হিমালয়।

অদ্রিসার—বি, পুং, গিরিসার, লৌহ

অদ্বয়—বি, ক্লী, ব্রহ্ম। পুং বুদ্ধ।

অধন্য—বিণ, ত্রি, মন্দভাগ্য।

অধন্যতা—বি, স্ত্রী, (অধন্য+তা ভাবার্থে) দুর্ভাগ্য।

অধম—বিণ, ত্রি, (অব+অম, কর্ত্তৃ, নিপা) অপকৃষ্ট, নিন্দিত।

অধর্ম্ম—বিণ, ত্রি, ঋণী, ঘাতক।

অধর—বিণ, ত্রি, (অ—ধৃ+অল কর্ম্ম) নীচ, অধম, নিম্ন। বি, পুং নিম্নোষ্ঠ, নীচের ঠোঁট।

অধরীকৃত—বিণ, ত্রি, (অধর+চ্বি—কৃ+ক্ত, কর্ম্ম) পরাভূত।

অধিকৃত—বিণ, পুং, (অধি—কৃ+ক্ত, কর্ম্ম) অধ্যক্ষ, অধিকারী। ত্রি, নিযুক্ত, আয়ত্ত।

অধিক্ষিপ্ত—বিণ, ত্রি, (অধি—ক্ষিপ্ +ক্ত, কর্ম্ম) নিন্দিত, তিরস্কৃত, প্রেরিত।

অধিক্ষেপ—বি, পুং, (অধি—ক্ষিপ্ +অল্, ভাব) তিরস্কার।

অধিগত—বিণ, ত্রি, (অধি—গম + ক্ত কর্ম্ম) প্রাপ্ত, লব্ধ, স্বীকৃত।

অধিগম—বি,পুং, (অধি—গম—অল্ ভাব) প্রাপ্তি, লাভ, স্বীকার।

অধিজ্য—বিণ, ক্লী, জ্যাসুক্ত।

অধিত্যকা—বি, স্ত্রী, (অধি+ত্যকন্ ভাব+আপ্) পর্ব্বতের উপরিভাগ।

অধিপ—বি, পুং, (অধি—পা+ড কর্ত্তৃ) রাজা, প্রভু, অধিকারী।

অধিপতি—বি, পুং, (অধি+পা+ডতি, কর্ত্তৃ) রাজা, ভূপতি।

অধিরাজ্—বি, পুং, (অধি—রাজ +ক্বিপ্, কর্ত্তৃ) সম্রাট্, সার্ব্বভৌম।

অধিরূঢ়—বিণ, ত্রি, (অধি—রুহ্ +ক্ত, কর্ম্ম,) আক্রান্ত, আরূঢ়।

অধিরোপণ—বি, ক্লী, (অধি—রুহ্ + ণিচ্ + অনট, ভাব) আরোহণ করান, ধনুকে শর যোজনা।

অধিরোহিণী— অধিরোহণী } বি, স্ত্রী, (অধি-রুহ্ + অনট,স্ত্রী,ঈপ্) অধি— রুহ্ + ণিন্, কর্ত্তৃ, স্ত্রী, ঈপ্) আরোহিণী, ইষ্টকাদি নির্ম্মিত সিঁড়ী।

অধিবাস—বিণ, পুং, (অধি—বস + ঘঞ্, ভাব) গন্ধ মাল্যাদি দ্বারা সংস্কার, পরিমল।

অধিবাসিত—বিণ, ত্রি, (অধি—বস +ণিচ্+ক্ত, কর্ম্ম,) গন্ধমাল্যাদি দ্বারা সংস্কৃত, স্থাপিত।

অধিবাসী—বিণ, পুং, (অধি—বস +ণিন, কর্ত্তৃ) বাসকারী ব্যক্তি, বাসেন্দা।

অধিশয়িত—বিণ, ত্রি,(অধি—শী+ ক্ত, কর্ত্তৃ) অধিষ্ঠিত, শয়িত।

অধিশ্রয়ণ—বি, ক্লী, (অধি—শ্রি+ অনট্, ভাব) পাকার্থ চুল্লীর উপর স্থাপন, পাককরণ।

অধিষ্ঠাতা—বিণ, পুং (অধি—স্থা+তৃণ, কর্ত্তৃ) অধ্যক্ষ, অবস্থিতিকারী।

অধিষ্ঠান—বি, ক্লী, (অধি—স্থা+অনট্, ভাব) সন্নিধান, স্থিতি (অধি) নগর।

অধীত—বিণ, ত্রি, (অধি—ই+ক্ত, কর্ম্ম) পঠিত। ক্লী, অধ্যয়ন।

অধীতি—বি, স্ত্রী, (অধি—ই+ক্তি, ভাব) অধ্যয়ন।

অধীন—বিণ, ত্রি, (অধি—ইন) আশ্রিত, আয়ত্ত, বশতাপন্ন।

অধীনতা—বি, স্ত্রী, বশবর্ত্তিতা, অন্যের বশে থাকা।

অধীর—বি, ত্রি, অস্থির, চঞ্চল, ধৈর্য্যহীন, কাতর, অসহিষ্ণু।

অধীশ—বি, পুং, মহারাজ, সম্রাট্।

অধুনা—ব্য, (ইদম্+সপ্তম্যন্ত, নিপা) ইদানীং, সম্প্রতি।

অধুনাতন—বিণ, ত্রি, (অধুনা+তন ভাবার্থে) আধুনিক, ইদানীন্তন।

অধৃষ্ট—বিণ, ত্রি, অপ্রগল্ভ, বিনীত

অধৃষ্য—বিণ, ত্রি, (অ—ধৃষ+ক্যপ্ কর্ম্ম) অধর্ষণীয়, অনভিভবনীয়।

অধ্যক্ষ—বিণ, ত্রি, প্রত্যক্ষ। বি, পুং, (অধি—অক্ষ+অন, কর্ত্তৃ) প্রধান কর্ম্ম কারক, প্রভু।

অধ্যয়ন—বি, ক্লী, (অধি—ই+অনট্, ভাব) পঠন, পড়া।

অধ্যবসায়—বি, পুং, (অধি-অব-সো+ঘঞ্, ভাব) যত্ন, উৎসাহ।

অধ্যাত্ম—ব্য, আত্মবিষয়ক, চিত্ত বিষয়ক, পরব্রহ্ম।

অধ্যাপক—বি, পুং, অধি—ই+ণিচ্+ণক্, কর্ত্তৃ) শিক্ষক, শিক্ষা গুরু, আচার্য্য।

অধ্যাপন—বি, ক্লী, (অধি-ই+ণিচ্+অনট্, ভাব) অধ্যয়নকরান, শিক্ষাদান, পড়ান।

অধ্যায়—বি, পুং, (অধি—ই+ঘঞ্, কর্ম্ম) গ্রন্থের অংশ বিশেষ, সর্গ, পরিচ্ছেদ।

অধ্যাস—বি, পুং, (অধি-অস্-ঘঞ্ ভাব) আরোপ, এক বস্তুতে অন্য বস্তুর জ্ঞান।

অধ্যাসীন—বিণ, ত্রি, (অধি—আস্ শান, কর্ত্তৃ) উপবিষ্ট।

অধ্যাহার—বি, পুং, (অধি—আ—হৃ+ঘঞ্, ভাব) বাক্য পূরণার্থ পদান্তরের যোজনা, উহ্য করা।

অধ্যুষিত—বিণ, ত্রি, (অধি-বস্+ক্ত, কর্ম্ম) যে স্থানে বা দিকে বাস করা যায়।

অধ্যেতৃ—বিণ, ত্রি, (অধি—ই+তৃন্, কর্ত্তৃ) অধ্যয়ন কর্ত্তা, পাঠক।

অধ্রুব—বিণ, ত্রি, অনিশ্চিত।

অধ্ব—বি, পুং, (অদ্+ক্বনিপ্ অধি) পথ (কর্ত্তৃ) কাল।

অধ্বগ—বি, পুং, (অধ্ব—গম্+ড, কর্ত্তৃ) পথিক।

অধ্বর—বি, পুং, (অধ্বন্—রা+ড, কর্ত্তৃ) যজ্ঞ।

অধ্বর্য্যু—বি, পুং, (অধ্বর—যু+কু কর্ত্তৃ) যজুর্ব্বেদজ্ঞ ঋত্বিক।

অনক্ষর—বিণ, ত্রি, বর্ণহীন, নিরক্ষর, মূর্খ। বি, স্ত্রী, নিন্দা।

অনঙ্গ—বিণ, ত্রি, অঙ্গহীন, নিরবয়ব, মদন হরের ধ্যানভঙ্গ করায় তাঁহার কোপানলে ভস্মীভূত হইয়াছিলেন বলিয়া তাহাকে অনঙ্গ বলে।

অনচ্ছ—বিণ, ত্রি, কলুষিত, ঘোলা।

অনধিকার—বি, পুং, স্বত্বাভাব, অধিকার না থাকা।

অনধিকারী—বিণ, ত্রি, উত্তরাধিকারী করিবার অযোগ্য।

অনধ্যায়—বি, পুং, অধ্যয়নাভাব, যে কালে অধ্যয়ন নাই। [সর্পরাজ।

অনন্ত—বি, পুং, বিষ্ণু, বলদেব,

অনন্তর—বিণ, ত্রি, পশ্চাদ্বর্ত্তী, সন্নিহিত, অব্যবহিত।

অনন্তরজ—বিণ, ত্রি, (অনন্তর—জন্+ড, কর্ত্তৃ) পশ্চাৎজাত, অনুজ, অনুলোমজাত।

অনন্যজ—বি, পুং, (অন্—অন্য—জন্+ড, কর্ত্তৃ) মনসিজ, কন্দর্প।

অনন্বয়—বি, পুং, অর্থালঙ্কার বিশেষ বিণ, ত্রি, অন্বয় শূন্য।

অনন্বিত—বিণ, ত্রি, (অন্—অনু—ই+ক্ত, কর্ম্ম) অসঙ্গত।

অনপরাধী—বিণ,ত্রি (নঞ্—অপ—রাধ্ ণিন্‌কর্ত্তৃ) নিরপরাধ,নির্দোষ।

অনপেত—বিণ, ত্রি (নঞ্—অপ্—ই+ক্ত, কর্ম্ম) বিদ্যমান, যুক্ত।

অনভিজ্ঞ—বিণ, ত্রি নঞ্—অভি—জ্ঞা+ড,কর্ত্তৃ) অজ্ঞান,অনিপুণ।

অনভিভূত—বিণ, ত্রি (নঞ্—অভি—ভূ+ক্ত, কর্ত্তৃ) অনাকুল, অপরাজিত, অব্যাহত।

অনয়—বিণ, ত্রি, নীতি শূন্য।

অনর্গল—বিণ, ত্রি, অপ্রতিবন্ধ।

অনর্থ—বিণ, ত্রি, অর্থশূন্য। বি, পুং, অনিষ্ট, অশুভ।

অনর্থক—বিণ, ত্রি, ব্যর্থ। বি, ক্লী, অসম্বদ্ধ প্রলাপ।

অনর্হ—বিণ, ত্রি, অযোগ্য।

অনল—বি,পুং(নঞ্+কাল্ করণ) অগ্নি।

অনবদ্য—বিণ, ত্রি, অনিন্দনীয়, অনুমোদনীয়।

অনবধান—বিণ,ত্রি, (নঞ্—অব—ধা+অনট্, ভাব)অমনোযোগী।

অনবরত—বিণ, ত্রি,(নঞ—অব—রম্+ক্ত, কর্ত্তৃ) নিরন্তর, অজস্র।

অনবহিত—বিণ,ত্রি (নঞ্—অব্—ধা+ক্ত, কর্ত্তৃ) অমনোযোগী, বহুশীল।

অনশন—বি, ক্লী (নঞ্—অশ্+অনট্, ভাব, উপবাস। বিণ, ত্রি, ভোজন শূন্য।

অনঃ—বি, ক্লী (নঞ্+অস্ কর্ত্তৃ) শকট, প্রাণী।

অনসূয়—বিণ, ত্রি, অসূয়া শূন্য। স্ত্রী (য়া) অত্রি পত্নী।

অনাকুল—বিণ,ত্রি, অব্যগ্র, একাগ্র।

অনাগত—বিণ. ত্রি, অনুপস্থিত, ভাবী।

অনাচার—বি,পুং, কদাচার,গর্হিত-আচার।

অনাতপ—বি, পুং, ক্লী, ছায়া, আতপাভাব।

অনাতুর—বিণ, ত্রি, অরুগ্ন, অক্লিষ্ট।

অনাত্মনীন্—বিণ, ত্রি, নিজাহিত, স্বানিষ্ট জনক।

অনাদর—বি, পুং (নঞ্—আ—দৃ+অল্, ভাব) অযত্ন, অপমান।
অনাময়—বি,ক্লী,আরোগ্য,সুস্থতা।
অনায়ত্ত—বিণ, ত্রি, অবশীভূত, অবশ।
অনায়াস—বি, পুং, অক্লেশ।
অনার্জ্জব—বি,পুং,অসারল্য,বক্রতা।
অনার্ত্তবা—বি, স্ত্রী, অজাতরজস্কা।
অনার্য্য—বিণ, ত্রি, অসাধু, অভদ্র।
অনালোচিত—বিণ,ত্রি, নঞ্—আ—লুচ্+ণিচ্+ক্ত, কর্ম্ম) অননুশীলিত অদৃষ্ট, অবিবেচিত। [স্নিগ্ধ।
অনাবিল—বিণ, ত্রি, অকলুষ, অস-
অনাবৃষ্টি—বি, স্ত্রী, বৃষ্টির অভাব।
অনাসন্ন—বিণ, ত্রি,নঞ্—আ—সদ্+ক্ত, কর্ত্তৃ দূরস্থ।
অনাস্থা—বি, স্ত্রী, অযত্ন, অনাদর।
অনিচ্ছা—বি, স্ত্রী, অনভিলাষ।
অনিমি (মে) ষ—বিণ, ত্রি, নিমেষশূন্য, স্পন্দনশূন্য। বি, পুং, দেবতা মৎস্য।
অনিয়ন্ত্রিত—বিণ, ত্রি, উচ্ছৃঙ্খল।

অনিরুদ্ধ—বিণ, ত্রি, অপ্রতিরুদ্ধ, অনিবারিত। বি, পুং, দূত, চর। ইনি শ্রীকৃষ্ণের পৌত্র, ইহাঁর পিতার নাম প্রদ্যুম্ন ইনি অতিশয় পরাক্রমশালী ছিলেন। যুদ্ধে কেহই ইহাঁর গতি রোধ করিতে সমর্থ হইতেন না বলিয়া ইহার নাম অনিরুদ্ধ হইয়াছিল। ইনি ভোজকটের রাজা পৌত্রী সুভদ্রাকে বিবাহ করেন। শোণিতপুরের রাজ দুহিতা উষাকে বিবাহ করেন। যদুবংশ ধ্বংসের সময় অনিরুদ্ধ নিহত হন।
অনিরুদ্ধ পথ—বি, ক্লী, আকাশ। বিণ, ত্রি, অবারিত গতি।
অনির্ণীত—বিণ, ত্রি (অন্—নির্—নী+ক্ত, কর্ম্ম) অনিরূপিত, অনির্দ্ধারিত, অনিশ্চিত।
অনির্দ্দিষ্ট—বিণ,ত্রি (নঞ্—নির্—দিশ্+ক্ত, কর্ম্ম) অনির্দ্ধারিত, অনিয়মিত।

অনির্ব্বচনীয়—বিণ,ত্রি (নঞ্—নির্—বচ্+অনীয়, কর্ম্ম) বচনাতীত, বর্ণনাতীত, যাহা বাক্যে প্রকাশ করা যায় না।

অনির্ব্বিন্ন—বিণ,ত্রি (নঞ্—নির্—বিদ্+ক্ত, কর্ত্তৃ) নিঃস্ব, দুঃখী, ভয় শোকাদিতে অকাতর।

অনিল—বি, পুং (অন+ইল, করণ) বায়ু, পবন, বাতাস।

অনিলসখ—বি, পুং, অগ্নি।

অনিবার—বিণ, ত্রি, অবিরত।

অনিশ—বিণ, ত্রি, অনবরত, সর্ব্বদা।

অনিষ্ট—বি,ক্লী, (নঞ্—ইষ্+ক্ত, ভাব্) অপকার, হানি, ক্ষতি।

অনীক—বি, পু, ক্লী (অন+ঈকন, করণ) সৈন্য। (অ—নী+ক্বিপ, অপা+কণ্ স্বার্থে) যুদ্ধ।

অনীকিনী—বি,স্ত্রী, পদাতি ১০৯৩৫ অশ্ব ৬৫৬১, হস্তী ২১৮৭, রথ ২১৮৭, সমুদায়ে ১২৮৭০ সঙ্খ্যক সেনা, সেনা। [ভাব।

অনীহা—বি, স্ত্রী, অনুৎসাহ, চেষ্টা-

অনু—ব্য (নঞ্+উ, কর্ত্তৃ) পশ্চাৎ সদৃশ, হীন, সমীপ।

অনুকম্পা—বি, স্ত্রী (অনু—কম্প্+অ, ভাব্) দয়া, করুণা, সহানুভূতি।

অনুকরণ—বি, ক্লী (অনু—কৃ+অনট্, ভাব্) সদৃশীকরণ,প্রতিরূপ করণ।

অনুকার—বি, পুং (অনু—কৃ+ঘঞ্,ভাব্) অনুকরণ, সদৃশীকরণ, নকলকরা।

অনুকূল—বিণ, ত্রি, সহায়, সদয়, সাহায্যকারী।

অনুক্ত—বিণ, ত্রি (অন্—বচ্+ক্ত, কর্ম্ম) অকথিত।

অনুক্রোশ—বি, পুং, দয়া,অনুকম্পা।

অনুক্ষণ—ক্রি বিণ, প্রতিক্ষণ, সর্ব্বদা, নিরন্তর।

অনুগ—বিণ, ত্রি (অনু—গম্+ড, কর্ত্তৃ) অনুগমনকারী, পশ্চাদ্‌গামী।

অনুগত—বিণ, ত্রি (অনু—গম্+

ক্ত, কর্তৃ) আশ্রিত। (কর্ম্ম) অনুসৃত।

অনুগমন বি, ক্লী (অনু—গম্+অনট্, ভাব) পশ্চাদ্গমন।

অনুগামী—বিণ, পুং (অনু—গম্+ণিন্, কর্তৃ) পশ্চাদ্গামী, সহচর।

অনুগুণ—বিণ, ত্রি, অনুকূল।

অনুগৃহীত—বিণ, ত্রি (অনু—গ্রহ্+ক্ত, কর্ম্ম) অনুগ্রহ পাত্র।

অনুগ্রহ—বি, পুং (অনু—গ্রহ্+অল্, ভাব) উপকার, দয়া, প্রসাদ।

অনুগ্রাহক—বিণ, ত্রি (অনু—গ্রহ্—+ণক, কর্তৃ) অনুগ্রহকারী।

অনুচর—বিণ, ত্রি (অনু—চর্+অন্, কর্তৃ) অনুগামী, সহচর। বি, পুং, ভৃত্য।

অন্যায্য।

অনুচিত—বিণ, ত্রি, অবিহিত,

অনুজ—বিণ, ত্রি (অনু—জন্+ড, কর্তৃ) পশ্চাৎজাত, কনিষ্ঠ।

অনুজীবী—বিণ, ত্রি (অনু—জীব্+ণিন্, কর্তৃ) আশ্রিত, ভৃত্য, পোষ্য।

অনুজ্ঞা—বি, স্ত্রী (অনু—জ্ঞা+অ, ভাব) অনুমতি, আদেশ।

অনুজ্ঞাত—বিণ, ত্রি, (অনু—জ্ঞা+ক্ত, কর্ম্ম) আদিষ্ট; অনুমত।

অনুতপ্ত—বিণ, ত্রি (অনু—তপ্+ক্ত কর্তৃ) অনুতাপযুক্ত, পরিতপ্ত।

অনুতাপ বি, পুং (অনু—তপ্+ঘঞ্, ভাব) পশ্চাত্তাপ, অনুশোচনা।

অনুত্তম বিণ, ত্রি, অধম, নিকৃষ্ট।

অনুত্তর—বিণ, ত্রি, সর্ব্বশ্রেষ্ঠ, নিরুত্তর, অধম, নিকৃষ্ট। বি, ক্লী, উত্তর না দেওয়া।

অনুদর—বিণ, ত্রি, কৃশ, ক্ষীণ।

অনুদাত্ত—বি, পুং নঞ্—উৎ—আ—দা+ক্ত কর্ম্ম) নীচস্বর, বেদের মন্ত্র বিশেষ।

অনুদিত—বিণ, ত্রি (নঞ্—উৎ—ই+ক্ত, কর্তৃ) অপ্রকাশিত। (নঞ্—বদ্+ক্ত কর্ম্ম) অকথিত।

অনুদ্দিষ্ট—বিণ, ত্রি (নঞ্—উৎ—দিশ্+ক্ত, কর্ম্ম) যাহার উদ্দেশ

নাই, যে বিদেশগত ব্যক্তির খোজ খবর নাই।

অনুদ্রুত—বিণ, ত্রি, পশ্চাদ্ধাবিত।

অনুদ্ধত—বিণ, ত্রি (নঞ্—উৎ—হন্+ক্ত, কর্ত্তৃ) বিনম্র, বিনীত।

অনুধাবন—বি, ক্লী (অনু—ধাব্+অনট্, ভাব্) পশ্চাদ্গমন, অনুসন্ধান।

অনুধ্যান—বি, ক্লী (অনু—ধ্যৈ+অনট্,ভাব্) মঙ্গলচিন্তা শুভচিন্তা

অনুনয়—বি, পুং (অনু—নী+অল্ ভাব) বিনয়, স্তব, স্তুতি।

অনুনাসিক—বি, পুং (নাসিকার সাহায্যে উচ্চারিত বর্ণ। ঙ, ঞ, ণ, ন, ম, ং।

অনুণীত—বিণ, ত্রি (অনু—নী+ক্ত,কর্ম্ম) বিনীত, প্রার্থিত।

অনুপদ ব্য, পশ্চাৎ। বিণ, ত্রি, পশ্চাদ্গামী।

অনুপপত্তি—বি—স্ত্রী (নঞ্—উপ—পদ্+ক্তি, ভাব) অসঙ্গতি, অনুৎপত্তি।

অনুপপন্ন—বিণ, ত্রি (নঞ্—উপ্—পদ্+ক্ত, কর্ত্তৃ) অযুক্ত, অসিদ্ধ।

অনুপম—বিণ,ত্রি, অত্যুৎকৃষ্ট উপমা শূন্য।

অনুপযুক্ত—বিণ, ত্রি (অন্—উপ—যুজ্+ক্ত, কর্ম্ম) অযোগ্য।

অনুপলব্ধি—বি, স্ত্রী (অন্—উপ—লভ্+ক্তি, ভাব) অপ্রাপ্তি, অননুভূতি।

অনুপস্থিত—বিণ, ত্রি (অন্—উপ—স্থা+ক্ত কর্ত্তৃ) অনাগত।

অনুপাত—বি, পুং (অনু—পত্+ঘঞ্ ভাব) পশ্চাৎপতন।

অনুপ্রবেশ—বি, পুং (অনু—প্র—বিশ্+নল্ ভাব) অন্তঃ প্রবেশ, অধিষ্ঠান।

অনুবন্ধ—বি, পুং, প্রস্থানুগত, আড়দিক।

অনুবন্ধী—বিণ, ত্রি (অনু—বন্ধ+ণিন্ কর্ত্তৃ) অবিচ্ছিন্ন, অনুবৃত্তি।

অনুবোধ—বি, পুং (অনু—বুধ্+

অল্ ভাব্) পশ্চাৎজ্ঞান, স্নানান্তে গন্ধ দ্রব্যের পুনরুদ্দীপন।

অনুভব—বি, পু (অনু—ভূ+অল্ ভাব) বোধ, উপলব্ধি, জ্ঞান।

অনুভাব—বি, পুং (অনু—ভূ+ঘঞ্ ভাব্) প্রভাব, মহিমা, তেজঃ।

অনুভূত—বিণ, ত্রি (অনু—ভূ+ক্ত কর্ম্ম) উপলব্ধ, জ্ঞাত।

অনুভূতী—বি, স্ত্রী (অনু—ভূ+ক্তি ভাব্) উপলব্ধি—প্রত্যক্ষ, অনুমিতি উপমিতি, শাব্দ এই চতুর্ব্বিধ।

অনুমত—বিণ, ত্রি (অনু—মন্+ক্ত, কর্ম্ম) আদিষ্ট, অনুজ্ঞাত।

অনুমতি—বি, স্ত্রী (অনু—মন্+ক্তি ভাব্) আদেশ, অনুজ্ঞা, সম্মতি-দান।

অনুমরণ—বি, ক্লী (অনু—মৃ+অনট্, ভাব্) সহমরণ।

অনুমান—বি, ক্লী (অনু—মা+অনট্, ভাব) কার্য্য দৃষ্টে কারণের জ্ঞান, যুক্তি।

অনুমিত—বিণ, ত্রি (অনু—মা+ক্ত কর্ম্ম) হেতু দ্বারা নিশ্চিত, বিবেচিত।

অনুমোদন—বি, ক্লী, (অনু—মুদ্+অনট্, ভাব্) সম্মতি দান, মত-প্রদান।

অনুমোদিত—বিণ, ত্রি (অনু—মুদ্+ক্ত, কর্ম্ম) অনুজ্ঞাত, যাহা অনুমোদন করা হইয়াছে।

অনুযায়ী—বিণ, ত্রি (অনু—যা+ণিন্ কর্ত্তৃ) অনুগামী।

অনুযোগ—বি, পুং (অনু—যুজ্+ঘঞ্, ভাব্) জিজ্ঞাসা, প্রশ্ন।

অনুযুক্ত—বিণ, ত্রি (অনু—যুজ্+ক্ত, কর্ম্ম) জিজ্ঞাসিত, তিরস্কৃত।

অনুরক্ত—বিণ, ত্রি (অনু—রন্জ+ক্ত, কর্ত্তৃ) অনুরাগ বিশিষ্ট, আসক্ত, রত, প্রীত।

অনুরঞ্জন—বি, ক্লী (অন—রন্জ+অনট্, ভাব্) প্রীতি সম্পাদন, সন্তোষ সাধন।

অনুরত—বিণ, ত্রি (অনু—রম্+ক্ত, কর্ত্তৃ) অনুরক্ত।

অনুরাগ—বি, পুং (অনু রন্‌জ্‌+ঘঞ্‌ ভাব) প্রীতি, স্নেহ, ভালবাসা, আসক্তি।

অনুরাধা—বি, স্ত্রী, সপ্তদশ নক্ষত্র।

অনুরুদ্ধ—বিণ, ত্রি (অনু—রুধ্‌+ক্ত, কর্ম্ম) উপরুদ্ধ, অনুসৃত, অনুরোধ করা হইয়াছে।

অনুরূপ—বিণ, ত্রি, সদৃশ, অনুরূপ।

অনুরোধ—বি, পুং (অনু—রুধ্‌+অল্‌, ভাব) উপরোধ, সুপারিস্‌ খাতির।

অনুলিপ্ত—বিণ, ত্রি (অনু—লিপ্‌+ক্ত, কর্ম্ম) অনুরঞ্জিত, যাহা লেপ দেওয়া হইয়াছে।

অনুলেপ—বি, পুং (অনু—লিপ্‌+ঘঞ্‌, ভাব) লেপন, মাখান।

অনুলোম—বি, পুং, অনুক্রম, যথাক্রম।

অনুলোমজ—বিণ, ত্রি (অনুলোম—জন্‌+ড, কর্ত্তৃ) যথাক্রমে উত্তম বর্ণের ঔরসে অধম বর্ণার গর্ভজাত।

অনুবর্ত্তন—বি, ক্লী (অনু—বৃৎ+অনট্‌, ভাব) পশ্চাদ্‌ গমন, অনুবৃত্তি, সেবা।

অনুবর্ত্তী—বিণ, ত্রি (অনু—বৃৎ+ণিন, কর্ত্তৃ) পশ্চাদ্‌বর্ত্তী, অনুগামী।

অনুবাদ—বি, পুং (অনু—বদ্‌+ঘঞ্‌, ভাব) পুনঃ পুনঃ কথন, অনুকরণ, অপবাদ, নিন্দা।

অনুবৃত্তি—বি, স্ত্রী (অনু—বৃৎ+ক্তি, ভাব্‌) পশ্চাদ্‌ গমন, অনুকরণ।

অনুবেল—ব্য, প্রতিক্ষণ, নিরন্তর।

অনুশয়—বি, পুং (অনু—শী+অল্‌, ভাব্‌) পশ্চাত্তাপ।

অনুশাসন—বি, ক্লী (অনু—শাস্‌+অনট্‌, ভাব) আজ্ঞা, নিয়োগ।

অনুশিষ্ট—বিণ, ত্রি (অনু—শাস্‌ক্ত, কর্ম্ম) অনুজ্ঞাত, কথিত, উপবিষ্ট।

অনুশীলন—বি, ক্লী (অনু—শীল্‌ অনট্‌, ভাব্‌) আন্দোলন, পুনঃ পুনরলোচন, অভ্যাস।

অনুশোচনা—বি, স্ত্রী (অনু—শুচ্‌

+অনট্, ভাব্+আপ্) শোক, পশ্চাত্তাপ।

অনুষঙ্গ—বি, পুং (অনু—সন্জ্+ +ঘঞ্, ভাব্) প্রসঙ্গ,সম্বন্ধ, আসক্তি অনুকম্পা।

অনুষ্ঠাতা—বি, পুং (অনু—স্থা+ তৃন্, কর্ত্তৃ, অনুষ্ঠান কর্ত্তা।

অনুষ্ঠান—বি, ক্লী (অনু—স্থা+ অনট্, ভাব্) আরম্ভ, সম্পাদন, নির্ব্বাহ।

অনুষ্ঠিত—বিণ, ত্রি (অনু—স্থা+ক্ত, কর্ম্ম) আরব্ধ, সম্পাদিত, নির্ব্বাহিত।

অনুষ্ঠেয়—বিণ, ত্রি (অনু—স্থা+য, কর্ম্ম) অনুষ্ঠান যোগ্য।

অনুষ্ণ—বিণ, ত্রি, শীতল, অলস জড়।

অনুসন্ধান—বি, ক্লী (অনু—সং— ধা+অনট্,ভাব) অন্বেষণ, কোন বিষয় নির্ব্বাহার্থ চেষ্টা করা।

অনুসন্ধায়ী—বি, ত্রি (অনু—সং—ধা +ণিন, কর্ত্তৃ) অনুসন্ধানকারী।

অনুসরণ—বি, ক্লী (অনু—সৃ+ অনট্, ভাব্) পশ্চাদ্গমন, অনুগমন, অনুবর্ত্তন।

অনুসার—বি, পুং (অনু—সৃ+ঘঞ্, ভাব্) অনুবর্ত্তন, অনুকরণ।

অনুসারী—বিণ, ত্রি (অনু—সৃ+ ণিন্, কর্ত্তৃ) অনুসরণ কারী, অনুযায়ী, অনুগামী।

অনুস্যূত—বিণ, ত্রি, (অনু—সিব্+ ক্ত, কর্ম্ম) সম্বদ্ধ, গ্রথিত।

অনুসূয়া—বি, স্ত্রী (অনু—সূ+য আপ্) অত্রিমুনির পত্নীর ও শকুন্তলার সহচরীর নাম।

অনুস্বার—বি, পুং, (অনু—স্বৃ+ ঘঞ্, কর্ম্ম) বিন্দুমাত্র বর্ণ।

অনূদিত—বিণ, ত্রি, (অনু—বদ্+ ক্ত, কর্ম্ম) পশ্চাৎ কথিত, ভাষান্তরিত।

অনূঢ়—বিণ, ত্রি, (নঞ্—বহ+ক্ত অবিবাহিত।

অনূন—বিণ, ত্রি, অহীন, সমগ্র।

অনূপ—বি, ত্রি, সজল দেশ, জল প্রায় স্থান।

অনৃণী—বিণ, ত্রি, ঋণশূন্য।

অনৃত—বিণ, ত্রি, অসত্য, মিথ্যা।
অনৃতভাষী—বিণ, পুং (অনৃত—ভাষ্+ণিন্, কর্ত্তৃ) মিথ্যাবাদী
অনৈক্য—বি, ক্লী, ঐক্যাভাব, অমিলন।
অনৌচিত্য—বি, ক্লী, ন্যায় বিরুদ্ধতা, অযুক্ততা, অকর্ত্তব্যতা।
অন্ত—বি, পুং, (অম্+তন্, ভাব্) নাশ, নিশ্চয় প্রান্ত, সীমা, অবধি। বি, পুং, ক্লী, অবসান, শেষ। (অম্+তন্, কর্ত্তৃ) নিকটস্থ, সুন্দর।
অন্তঃকরণ—বি, ক্লী, অন্তরেন্দ্রিয়, মন।
অন্তঃপাতী—বিণ, পুং, (অন্তর—পত্+ণিন্, কর্ত্তৃ) মধ্যবর্ত্তী, অন্তর্গত।
অন্তঃপুর—বি, ক্লী, স্ত্রীগৃহ, বাটীর যে অংশে স্ত্রীলোক থাকে।
অন্তঃসত্ত্বা—বিণ, স্ত্রী, গর্ভিণী, গর্ভবতী।
অন্তঃস্থ—বিণ, ত্রি, (অন্তঃ—স্থা+ড, কর্ত্তৃ, মধ্যস্থ। বি, পুং য, র, ল, ব এই চারি বর্ণ।
অন্তক—বি, পুং, (অন্ত—ক্রিঃ+ণক্ কর্ত্তৃ, যম। বিণ, ত্রি, নাশক।
অন্তগ—বিণ, ত্রি, (অন্ত—গম্+ড, কর্ত্তৃ) প্রান্তবর্ত্তী, মধ্যবর্ত্তী, মৃত।
অন্ততঃ—ব্য (অন্ত+তস্) ন্যূন কল্পে, শেষে।
অন্তর্—ব্য (অন্ত—রা+ক্বিপ্, অধি, অবকাশ, ফাক, ছিদ্র।
অন্তর—বি, ক্লী (অন্ত—রা+ড, কর্ত্তৃ) অবকাশ, ফাক অবসর। (ভাব্) অন্তর্ধান, ব্যবধান।
অন্তরঙ্গ—বিণ, ত্রি, আত্মীয়।
অন্তরাত্মা—বি, পুং, অন্তঃকরণ, আত্মা।
অন্তরাপত্যা—বি, স্ত্রী, গর্ভিণী।
অন্তরায়—বি, পুং, (অন্তর-ই+ঘঞ্, ভাব্) প্রতিবন্ধ, বিঘ্ন।
অন্তরাল—বি, ক্লী (অন্তরা-লা+ড, কর্ত্তৃ) মধ্যবর্ত্তী স্থান, আড়াল।
অন্তরিক্ষ—বি, ক্লী (অন্তর ঈক্ষ্+অল্, কর্ম্ম) আকাশ।
অন্তরিত—বিণ, ত্রি, (অন্তর+ই+

ক্ত, কর্তৃ) ব্যবহিত, অপসারিত, মৃত।

অন্তরীপ—বি, ক্লী (অন্তর-অপ্+অ) জল বেষ্টিত ভূভাগ।

অন্তর্গত—বিণ,ত্রি (অন্তর-গম্+ক্ত, কর্তৃ) মধ্যগত, হৃদগত।

অন্তর্গৃহ—বি, ক্লী, অভ্যন্তরস্থ গৃহ।

অন্তর্জল—বি, ক্লী, জল মধ্যে, স্থল যে ভাগ।

অন্তর্দাহ—বি. পুং,(অন্তর—দহ+ঘঞ্, ভাব্) মধ্যে দহন, শরীর মধ্যে সন্তাপ।

অন্তর্দ্বার—বি, ক্লী, গুপ্ত দ্বার।

অন্তর্ধান—বি, ক্লী (অন্তর্—ধা+অনট্, ভাব্) তিরোধান, ব্যবধান।

অন্তর্যামী—বি, পুং, (অন্তর্—যম্+ণিন্, কর্তৃ) অন্তরাত্মা। বিণ্ আন্তরিক ভাববেত্তা।

অন্তর্ব্বর্ত্তী—বিণ. স্ত্রী (অন্তর+বতু অস্ত্যার্থে+ঙীপ্) গর্ভবতী।

অন্তর্বর্ত্তী—বিণ. পুং, (অন্তর্—বৃৎ+ণিন্, কর্ত্তৃ) মধ্যবর্ত্তী, অন্তভূর্ত।

অন্তর্হিত—বিণ, ত্রি, অন্তর—ধা+ক্ত, কর্ত্তৃ) তিরোহিত। (কর্ম্ম) আবৃত।

অন্তশয্যা—বি, স্ত্রী, মৃত্যুকালে ভূমি শয্যা, মৃত্যু।

অন্তিক—বিণ. ত্রি, (অন্ত+ষ্ণিক্) সন্নিহিত।

অন্তিম—বিণ, ত্রি, (অন্ত+ডিম্ ভবার্থে) চরম।

অন্তেবাসী—বিণ, পুং (অন্ত-বস্+ণিন্, কর্ত্তৃ) সমীপবর্ত্তী। বি, পুং. শিষ্য, ছাত্র।

অন্ত্য—বিণ, ত্রি (অন্ত+য, ভবার্থে) অন্তিম, চরম।

অন্ত্যজ—বিণ. ত্রি, (অন্ত্য—জন্+ড, কর্ত্তৃ) নীচ কুল জাত, অধম, নীচাশয়।

অন্ত্যেষ্টি—বি, স্ত্রী, শেষযজ্ঞ, সংস্কার মৃতসংকার।

অন্ত্র—বি, ক্লী (অম্+ত্র, করণ,

নাড়ী ভুঁড়ি, আঁতড়ি।

অন্ধ—বি, ক্লী (অন্ধ্ + অল্, করণ্) অন্ধকার, জল, বিণ, ত্রি (অন্ধ + অন্. কর্ত্তৃ) দৃষ্টিহীন।

অন্ধক—বিণ, ত্রি (অন্ধ + কণ্ স্বার্থে) অন্ধ। বি, ক্লী, অন্ধকার। বি, পুং, জনৈক মুনির নাম। ইনি নিজে বৈশ্য, ইহাঁর স্ত্রী শূদ্র কন্যা ছিলেন। ইঁহার পুত্রের নাম সিন্ধুক। মহারাজ দশরথ শব্দ-ভেদী বাণে ইঁহার প্রাণ বিনাশ করায়, পুত্র শোকে মুনিবর ক্ষিপ্ত প্রায় হইয়া ভার্য্যাসহ জ্বলন্ত চিতায় প্রাণ বিসর্জ্জন করেন।

অন্ধকার—বি, পুং, ক্লী (অন্ধ—কৃ + ঘঞ্, ভাব্) আঁধার, তিমির, তমঃ।

অন্ধতমস্—বি, ক্লী, নিবিড় অন্ধ-কার।

অন্ধতামিস্র—বি, ক্লী, গাঢ় অন্ধ-কার।

অন্ন—বি, ক্লী (অদ্ + ক্ত, কর্ম্ম) ওদন, ভক্ষ্য দ্রব্য। ত্রি, ভক্ষিত।

অন্নদ—বিণ, ত্রি (অন্ন—দা + ড, কর্ত্তৃ) অন্নদাতা।

অন্নদাস—বিং, পুং, যে ব্যক্তি অন্নের নিমিত্ত পরের দাসত্ব করে, ভাত মরা।

অন্নপূর্ণা—বি, স্ত্রী, আদ্যাশক্তি ভগবতীর মূর্ত্তি বিশেষ। এই দ্বিভুজ মূর্ত্তি বামহস্তে সুধাময় অন্নপাত্র, ডাইনহাতে হাতা লইয়া মহাদেবকে অন্ন পরিবেশন করি-তেছেন।

অন্নপ্রাশন—বি. ক্লী (অন্নারম্ভ, হিন্দু বালক দিগের প্রথম ভোজন রূপ সংস্কার বিশেষ।

অন্য—বিণ, ত্রি. (অন্ + য, কর্ত্তৃ) ভিন্ন, অপর।

অন্যতম—বিণ, ত্রি (অন্য + তম) অনেকের মধ্যে এক।

অন্যতঃ ব্য (অন্য + তস্) অন্য হইতে।

অন্যত্র—ব্য (অন্য + ত্র) অন্যস্থানে,

অন্যথা—ব্য (অন্য+থাচ্ প্রকারার্থে) অন্য প্রকার, বিপরীত, বিরুদ্ধ।

অন্যদীয়—বিণ, ত্রি (অন্যৎ+ঈয়) অন্য সম্বন্ধীয়।

অন্যপুষ্ট—বি, পুং, পরভৃৎ, কোকিল।

অন্যমনস্ক, অন্যমনাঃ—বিণ, ত্রি, অন্যাসক্তচিত্ত।

অন্যবিধ—বিণ, ত্রি, অন্যপ্রকার।

অন্যবিধ—বিণ, ত্রি, অন্যপ্রকার।

অন্যান্য—বিণ, ত্রি, আর আর।

অন্যায়—বি, পুং; অবিচার, অনৌচিত্য।

অন্যায্য—বিণ, ত্রি, ন্যায় বিরুদ্ধ, অনুচিত।

অন্যোন্য—বি, ক্লী, পরস্পর।

অন্বয়—বি, পুং, (অনু—ই+অল্ ভাব্) বংশ, অর্থ আদি পুরুষ।

অন্বর্থ—বিণ, ত্রি, প্রকৃতার্থ।

অন্বিত—বিণ, ত্রি, (অনু—ই+ক্ত, কর্ত্তৃ) যুক্ত, বিশিষ্ট, মিলিত।

অন্বেষণ—বি, ক্লী (অনু—ইষ্+ণিচ্ +অনট, ভাব্) অনুসন্ধান।

অপ্—বি, স্ত্রী (আপ্+ক্বিপ, কর্ম্ম) সলিল, জল, বারি।

অপ—ব্য, অপকৃষ্ট, হীন।

অপকর্ম্ম—বি, ক্লী, কুকর্ম্ম।

অপকর্ষ—বি, পু, অপকৃষ্টতা, হীনতা।

অপকার—বি, পুং (অপ—কৃ+ঘঞ্, ভাব্) অনিষ্ট।

অপকারক—বিণ, পুং (অপ—কৃ+ণক্, কর্ত্তৃ) অহিত কারী।

অপকৃত—বিণ, বি (অপ—কৃ+ক্ত, কর্ম্ম) যাহার অপকার করাহয়। ক্লী (ভাব্) অপকার।

অপকৃষ্ট—বিণ, ত্রি (অপ—কৃষ্+ক্ত, কর্ম্ম) নিকৃষ্ট, হীন, অধম।

অপক্রিয়া—বি, স্ত্রী, অপকার।

অপগত—বিণ, ত্রি, (অপ—গম্+ক্ত কর্ত্তৃ) প্রস্থিত, পলায়িত।

অপঘাত—বি, পুং, (অপ—হন্+ঘঞ্, ভাব্) অপকৃষ্ট মরণ, যোগ ব্যতীত কোন আকস্মিক কারণে মৃত্যু।

অপচয়—বি, পুং, (অপ—চি+অল্, ভাব্) নাশ, হ্রাস, ক্ষয়।

অপচকীর্ষা—বি, স্ত্রী (অপ—কৃ+সন্+অ, ভাব+আপ্) অপকার করিবার ইচ্ছা।

অপচিত—বিণ, ত্রি, (অপ—চি+ক্ত, কর্ম্ম) ব্যয়িত, ক্ষীণ।

অপটু—বিণ, ত্রি, অনিপুণ, অক্ষম অশক্ত।

অপঠিত—বিণ, ত্রি, অনধিত, যাহা যাহা পাঠ করা হয় নাই।

অপণ্ডিত—বিণ, ত্রি, শাস্ত্রজ্ঞান বিবর্জ্জিত।

অপত্য—বি, ক্লী (নঞ—পত্+য, করণ) সন্তানসন্ততি, পুত্র কন্যা।

অপত্য স্নেহ—বি, পুং, সন্তানের প্রতি ভালবাসা।

অপত্রপ—বিণ, ত্রি, নির্লজ্জ।

অপত্রপা—বি, স্ত্রী, লজ্জা।

অপথ—বি, ক্লী, কুপথ, অসৎপথ।

অপথ্য—বিণ, ত্রি, কুপথ্য, রোগীর ভোজনের অযোগ্য।

অপদস্থ—বিণ, ত্রি, পদচ্যুত, অবমানিত।

অপদার্থ—বিণ, ত্রি, অসার, অযোগ্য।

অপদেবতা—বি, স্ত্রী, ভূত, প্রেত পিশাচাদি।

অপনয়ন—বি, ক্লী, অপ—নী+অনট্, ভাব,) দূরীকরণ, পরিত্যাগ।

অপনীত—বিণ, ত্রি (অপ—নী+ক্ত, কর্ম্ম) দূরীকৃত, খণ্ডিত, অপচিত।

অপনোদন—বি, ক্লী, (অপ—নুদ্ অনট্, ভাব) দূরীকরণ, অপসরণ, মোচন।

অপপ্রয়োগ—বি, পুং, অযথা ব্যবহার, অশুদ্ধ প্রয়োগ।

অপভাষা—বি, স্ত্রী, অপকৃষ্ট ভাষা অসাধু বাক্য, কটু কথা।

অপভ্রংশ—বি, পুং, (অপ—ভ্রন্‌শ্+অল্, ভাব) অপভাষা, আচরণ দুষ্টপদ।

অপমান—বি, ক্লী, অপ—মান+অল, ভাব) অমর্য্যাদা, মানহানি।

অপমৃত্যু—বি, পুং, অপকৃষ্ট মৃত্যু অপঘাত।

অপযশঃ বি, ক্লী, অখ্যাতি, অপকীর্ত্তি, দুর্নাম।

অপর—বি,ক্লী, অন্য, ভিন্ন, প্রতিকূল

অপরঞ্চ—ব্য, অন্যত্র, অপিচ।

অপরত্র—ব্য অন্যত্র, পরকালে।

অপরপক্ষ—বি, পুং, কৃষ্ণ পক্ষ।

অপরাগ—বি, পুং, বিরাগ, বিদ্বেষ।

অপররাত্র—বি, পুং, রাত্রির শেষ প্রহর, শেষ রাত্রি।

অপরাধ—বি, পুং, (অপ—রাধ্ + অল্, ভাব্) দুষ্কর্ম্ম জন্য দোষ, পাপ, নিয়ম লঙ্ঘন।

অপরাধী—বিণ, পুং, (অপ—রাধ + ণিন্, কর্ত্তৃ) দোষী, অপরাধকারী।

অপরামর্শ—বি, পুং যুক্তি বিরুদ্ধ মন্ত্রনা।

অপরাহ্ণ—বি,পুং, দিনের শেষ ভাগ।

অপরিগ্রহ—বি, পুং, গ্রহণাভাব, অস্বীকার।

অপরিহার্য্য—বিণ, ত্রি, (নঞ—পরি—হৃ + ণ্যৎ, কর্ম্ম) অত্যাজ্য।

অপরিপক্ক—বিণ, ত্রি, (নঞ-পরি-পচ্ + ক্ত, কর্ত্তৃ) যাহা ভালরূপ পাকে নাই, কাঁচা, অপটু।

অপরিমিত—বিণ, ত্রি (নঞ-পরি-মা + ক্ত কর্ম্ম) পরিমাণাতিরিক্ত, প্রচুর, অত্যন্ত অধিক।

অপরিমেয়—বিণ, ত্রি (নঞ-পরিমা + য, কর্ম্ম) যাহা পরিমাণ করা যায়না, অপরিমাণাতিরিক্ত, অসীম, অধিক।

অপরিষ্কার—বি, পুং, মলিন।

অপরিসর—বিণ, ত্রি, সঙ্কীর্ণ, অপ্রশস্ত।

অপরূপ—বিণ, ত্রি, আশ্চর্য্য, বিস্ময়—জনক।

অপর্য্যাপ্ত—বিণ, ত্রি, প্রচুর, অপরিমিত।

অপলাপ—বি, পুং (অপ-লপ্ + ঘঞ্, ভাব) অস্বীকার, জ্ঞাতবিষয় গোপন।

অপবর্গ—বি, পুং (অপ—বৃজ +

ঘঞ, ভাব) মুক্তি, মোমা।

অপবাদ—বি, পুং (অপ—বদ্ + ঘঞ ভাব্) দুর্নাম, নিন্দা।

অপবাদক—বিণ, ত্রি, (অপ—বদ্ + ণক্, কর্ত্তৃ) নিন্দক, অপবাদকারী।

অপব্যয়—বি, পুং, অন্যায় কার্য্যে ব্যয়।

অপব্যয়ী—বিণ, পুং (অপব্যয় + ইন্ অস্ত্যর্থে (যে বৃথা ব্যয় করে, অসদ্ব্যয়ী।

অপব্যবহার—বি, পুং (অপ—বি ব—হৃ + ঘঞ, ভাব) কুআচরণ।

অপশব্দ—বি, পুং, ইতর শব্দ।

অপসরণ—বি, ক্লী (অপ—সৃ + অনট্ ভাব্) স্থানান্তরে গমন, পলায়ন।

অপসারণ—বি, ক্লী (অপ—সৃ + ণিচ + অনট্, ভাব্) দরকরণ, দুরীকরণ, নিষ্কাশন।

অপসারিত—বিণ, ত্রি, (অপ—সৃ + ণিচ + ক্ত, কর্ম্ম) দূরীকৃত।

অপসৃত—বি, ত্রি, (অপ—সৃ + ক্ত কর্ম্ম) দূরীভূত, প্রস্থিত।

অপস্মার—বি, পুং, অপ (অপগত) স্মার (স্মরণ) যদ্বারা, বহুব্রীহি, মূর্চ্ছা রোগ বিশেষ, মৃগীরোগ।

অপহরণ—বি, ক্লী (অপ—হৃ + অনট্, ভাব্) চুরি।

অপহর্ত্তা—বিণ, পুং (অপ—হৃ + তৃন, কর্ত্তৃ) চোর।

অপহারক—বিণ, ত্রি, অপ—হৃ + ণক্, কর্ত্তৃ) চোর, ক্ষতি কারক।

অপহৃত—বিণ, ত্রি (অপ—হৃ + ক্ত, কর্ম্ম) চোরিত, অপচিত।

অপহ্নব—বি, পুং (অপ-হ্নু + অল্ ভাব্) অপলাপ, চৌর্য্য।

অপহ্নুতি—বি, স্ত্রী (অপ—হ্নু + ক্তি, ভাব্) অপলাপ, অস্বীকার, জানিয়া গোপন করা।

অপাক—বি, পুং (নঞ—পচ্ + ঘঞ ভাব্) অজীর্ণ রোগ।

অপাঙ্গ—বি, ক্লী, (অপ—অন্গ + অল) চক্ষুরপ্রান্তভাগ, কটাক্ষ।

অপান—বি, পুং গুহ্যদেশস্থ বায়ু বাত কর্ম্ম।

অপামার্গ—বি, পুং অপাঙ্গ।

অপায়—বি, পুং (অপ—ই+ঘঞ) নাশ, অপগম, প্রতিবন্ধক।

অপার—বিণ্ ত্রি, অকূল, অসীম

অপারগ—বিণ, ত্রি, (নঞ— পার গম্+ড, কর্ত্তৃ) অক্ষম, অসমর্থ।

অপি—ব্য সম্ভাবনা, নিশ্চয়, প্রশ্ন, সন্দেহ।

অপিধান—বি, ক্লী আচ্ছাদন

অপুত্র, অপুত্রক—বিণ, ত্রি, পুত্র-হীন।

অপূপ—বি, পুং পিষ্টক।

অপূর্ব্ব—বিণ, ত্রি, আশ্চর্য্য, যাহা পূর্ব্বে ছিলনা।

অপেক্ষা—বি, স্ত্রী, প্রতীক্ষা, অনুরোধ।

অপেক্ষাকৃত—বিণ, ত্রি, তুলনা-কৃত।

অপেত—বিণ, ত্রি (অপ—ই+ক্ত, কর্ত্তৃ) অপগত, নির্গত।

অপেয়—বিণ,ত্রি (নঞ্—পা+ঘ,ঞ কর্ম্ম) পানের অযোগ্য, যাহা পান করা উচিত নয়।

অপোগণ্ড—বিণ, ত্রি, (অপ—গম্ শিশু, অপ্রাপ্ত বয়স্ক, নাবালক।

অপৌরুষেয়—বিণ, ত্রি, যাহা মানুষের কৃত নয়, অলৌকিক অমানুষিক।

অপ্রকাশ—বি,পুং (নঞ্, প্র—কাশ্+অল্, ভাব্) গোপন।

অপ্রজ—বিণ, ত্রি, নিঃসন্তান।

অপ্রতিভ—বিণ, ত্রি, প্রতিভাশূন্য, দীপ্তিহীন।

অপ্রতিম—বিণ, ত্রি, তুলনা রহিত।

অপ্রতিরথ—বিণ, ত্রি, যাহার প্রতি যোদ্ধা নাই, অতুল্য যোদ্ধা।

অপ্রতিবিধেয়—বিণ, ত্রি, প্রতিকারের অযোগ্য।

অপ্রতিহত—বিণ, ত্রি, যাহা ব্যাঘাত করিতে পারে নাই।

অপ্রতুল— বি, ক্লী,অভাব, অসদ্-গতি।

অপ্রত্যক্ষ—বিণ, ত্রি, যাহা প্রত্যক্ষ নয়, ইন্দ্রিয়ের অগোচর।

অপ্রত্যয়—বি, পুং (নঞ্—প্রতি অয়্+অল্, ভাব্) সন্দেহ, অবিশ্বাস।

অপ্রধান—বিণ, ত্রি, যাহা প্রধান নয়, অনুৎকৃষ্ট।

অপ্রমত্ত—বিণ, ত্রি, (নঞ্-প্র-মদ্+ক্ত, কর্ত্তৃ) সাবধান, সতর্ক।

অপ্রমাদ—বি, পুং, (নঞ্—প্র—মদ্+ঘঞ্, ভাব্) প্রমাদহীনতা, অবধান।

অপ্রমিত—বিণ, ত্রি, (নঞ্ প্র—মা+ক্ত, কর্ম্ম) অপরিমিত, অপর্য্যাপ্ত।

অপ্রমেয়—বিণ, ত্রি, (নঞ্—পরি—মা+য, কর্ম্ম) অপরিমেয়, যাহা পরিমাণ করা অসাধ্য। [প্রতিকূল

অপ্রশস্ত—বিণ, ত্রি, অপকৃষ্ট, খারাপ,

অপ্রসন্ন—বিণ,ত্রি,অসন্তুষ্ট, বিরক্ত।

অপ্রাকৃত—বিণ, ত্রি, অস্বাভাবিক, অনৈসর্গিক।

অপ্রাপ্ত—বিণ, ত্রি (নঞ্—প্র—আপ্+ক্ত, কর্ম্ম) অনধিগত, অলব্ধ।

অপ্রাপ্তবয়স্ক—বিণ, ত্রি, নাবালক, যাহার বয়স পাঁচ বৎসরের অধিক হয় নাই।

অপ্রাপ্য—বিণ, ত্রি (নঞ্—প্র—আপ্+য, কর্ম্ম) যাহা পাওয়া দুঃসাধ্য, সুদুর্লভ।

অপ্রামাণিক—বিণ,ত্রি, অশ্রদ্ধেয়, হেয়, অগ্রাহ্য।

অপ্রিয়—বিণ, ত্রি, বিরক্তি জনক, যাহাকে কেহ ভাল বাসে না।

অপ্রিয়ভাষী—বিণ, পুং (অপ্রিয় ভাষ্+ণিন্, কর্ত্তৃ) কটুভাষী, পরুষভাষী।

অপ্রীত—বিণ, ত্রি, অসন্তুষ্ট, বিরক্ত।

অপ্রীতি—বি, স্ত্রী, প্রীতির অভাব, অপ্রণয়।

অপ্রীতিকর—বিণ, ত্রি, অসন্তোষ জনক, বিরক্তি কর।

অপ্সরা—বি, স্ত্রী, (অপ—সৃ+

অন্, কর্ত্তৃ, স্ত্রী, আপ্) স্বর্বেশ্যা, স্বর্গ কামিনা।

অপসরাঃ—বি, স্ত্রী (অপ—স্থ+অস্, কর্ত্তৃ) স্বর্বেশ্যা।

অফল—বিণ, ত্রি, ফলহীন, যাহার ফল হয় নাই, নিষ্ফল, বিফল।

অভক্তি—বি, স্ত্রী, অশ্রদ্ধা, ঘৃণা।

অভক্ষ্য—বিণ, ত্রি, যাহা খাওয়া উচিত নহে।

অভদ্র—বি, ক্লী, অশিষ্ট, অসভ্য।

অভয়া—বি, স্ত্রী, হরীতকী, ভগবতীর মূর্ত্তিবিশেষ। [অমঙ্গল।

অভব্য—বিণ, ত্রি, অসুখ, দুর্ভাগ্য

অভাজন—বিণ, ত্রি, অপাত্র, গুণ-হীন, ক্ষমতাহীন।

অভাব—বি, পুং, অবিদ্যমানতা।

অভাবনীয়—বিণ, ত্রি, (নঞ—ভূ ণিচ্+অনীয়, কর্ম্ম) অচিন্তনীয়, যাহা কখন মনে ভাবা যায় না।

অভাবিত—বিণ, ত্রি, (নঞ—ভূ+ণিচ্+ক্ত, কর্ম্ম) অচিন্তিত।

অভিগমন—বি, ক্লী (অভি—গম্+অনট্, ভাব) প্রত্যুদ্গমন, আশ্রয়।

অভিচার—বি, পুং (অভি—চর্+ঘঞ, ভাব) অন্যের অনিষ্ট সাধন উদ্দেশ্যে তন্ত্র শাস্ত্রোক্ত প্রক্রিয়া বিশেষ।

অভিজাত—বিণ, ত্রি, সদ্বংশজাত, সৎকুলোদ্ভব, কুলীন, জ্ঞানী।

অভিজ্ঞ—বিণ, ত্রি, (অভি—জ্ঞা+ড, কর্ত্তৃ, অনেক দেখিয়া শুনিয়া যে জ্ঞান জন্মে, বিদ্বান, নিপুণ।

অভিজ্ঞান—বি, ক্লী (অভি—জ্ঞা+অনট, ভাব) স্মৃতি কারক চিহ্ন।

অভিধা—বি, স্ত্রী (অভি—ধা+ড, ভাব) নাম, সংজ্ঞা।

অভিধান—বি, ক্লী (অভি—ধা+অনট্, ভাব) কথন। (অধি) শব্দার্থ সম্বন্ধীয় গ্রন্থ।

অভিধেয়—বিণ, ত্রি (অভি—ধা+য, কর্ম্ম) বাচ্য, বক্তব্য।

অভিনন্দন—বি, ক্লী (অভি—নন্দি+অনট্, ভাব) সন্তোষ পূর্ব্বক প্রশংসা।

অভিনয়—বি, পুং (অভি—নী+অল, ভাব) শরীরের চেষ্টাদি দ্বারা অবস্থার অনুকরণ, অবস্থার অনুকরণ।

অভিনব—বি, পুং (অভি—নু+অল্, ভাব্) নূতন।

অভিনিবিষ্ট—বিণ, ত্রি, (অভি—নি—বিশ+ক্ত, কর্তৃ) আগ্রহযুক্ত, অতিশয় মনোযোগী।

অভিভাবক—বি, পুং (অভি—ভূ+ণিচ+ণক্, কর্তৃ) তত্ত্বাবধায়ক, রক্ষক।

অভিভূত—বিণ, ত্রি (অভি—ভূ+ক্ত কর্তৃ) পরাভূত, আকুল, আবৃত, অজ্ঞান।

অভিমত—বিণ, ত্রি (অভি—মন্ +ক্ত, কর্তৃ) সম্মত, বি, অভিপ্রায়।

অভিমন্যু—বি, পুং, ইনি শ্রীকৃষ্ণের ভগিনী সুভদ্রার গর্ভজাত অর্জ্জুনের পুত্র। বিরাট রাজ কন্যা উত্তরাকে বিবাহ করেন, ভারত যুদ্ধে সপ্তরথী মিলিয়া অন্যায় সমরে ইহার প্রাণ সংহার করেন।

অভিমান—বি, পুং (অভি—মন্+ঘঞ্, ভাব) গর্ব্ব।

অভিমুখ—বি, ত্রি, সম্মুখ, সমক্ষ, উদ্দেশ।

অভিমুখীন—বিণ, ত্রি,(অভিমুখ+খীন্, ভবার্থে) সম্মুখবর্ত্তী।

অভিযান—বি, ক্লী(অভি—যা+অনট্, ভাব্) যুদ্ধযাত্রা, আক্রমণ।

অভিযুক্ত—বিণ, ত্রি, (অভি—যুজ+ক্ত, কর্ম্ম) আক্রান্ত,ভৎসিত।

অভিযোক্তা—বিণ, ত্রি (অভি—যুজ্ তৃন্, কর্তৃ) অভিযোগকারী, বাদী।

অভিযোগ—বি, পুং (অভি—যুজ+ঘঞ্, ভাব্)নালিশ,বিচার,প্রার্থনা।

অভিরাম—বি, পুং (অভি—রম্+ঘঞ্, ভাব্) মনোহর, সুন্দর, প্রীতিকর।

অভিরুচি—বি, স্ত্রী (অভি—রুচ্+কি, ভাব্) অভিলাষ, প্রবৃত্তি, ইচ্ছা।

অভিলষণীয়—বিণ, ত্রি, (অভি—লষ্ + অনীয়, কর্ম্ম) বাঞ্ছনীয়, স্পৃহণীয়॥

অভিলাষ—বি, পুং (অভি—লষ + ঘঞ্, ভাব্) ইচ্ছা, বাসনা

অভিলাষী—বিণ, ত্রি,(অভি—লষ্ +ণিন্, কর্ত্তৃ) ইচ্ছুক।

অভিলাষুক—বিণ, ত্রি, (অভি—লষ্+ঞুক্ কর্ত্তৃ) লোলুপ, অভিলাষী।

অভিবাদন—বি, ক্লী, (অভি—বদ্+ণিচ্+অনট্, ভাব) বন্দনা, নমস্কার।

অভিবাদনীয়—বিণ, ত্রি (অভি—বদ্+ণিচ্+অনীয়, কর্ম্ম) পূজনীয়।

অভিব্যক্ত—বিণ, ত্রি, (অভি—বি—অন্জ্+ক্ত, কর্ম্ম) প্রকাশিত।

অভিব্যাপ্তি—বি, স্ত্রী (অভি—বি—আপ্+ক্তি, ভাব) সর্ব্বতোভাবে ব্যাপ্তি, সম্যক্‌রূপে বিস্তৃতি।

অভিশপ্ত—বিণ, ত্রি, (অভি—শপ+ক্ত, কর্ম্ম) অভিশাপগ্রস্ত, যাহাকে অভিশাপ করা হইয়াছে।

অভিশাপ—বি, পুং, (অভি—শপ +ঘঞ্, ভাব্) অসন্তুষ্ট হইয়া অন্যের অনিষ্ট প্রার্থনা।

অভিষিক্ত—বিণ, ত্রি, (অভি—সিচ্ +ক্ত, কর্ম্ম) মন্ত্রপূত জল দ্বারা স্নাপিত।

অভিষেক—বি, পুং, (অভি—সিচ্ +ঘঞ্, ভাব্) স্নান, রাজ্যাধিকারার্থ মন্ত্রপূত পবিত্র জল দ্বারা অভিসেচন, স্নাপন।

অভিষঙ্গ—বি, পুং, (অভি—সন্জ +ঘঞ্ ভাব) আসক্তি, আলিঙ্গন।

অভিসম্পাত—বি, পুং (অভি—সং+পত্+ঘঞ্, ভাব) অভিশাপ।

অভিসার—বি, পুং (অভি—সৃ + ঘঞ্, ভাব্) নায়ক নায়িকার মিলনার্থ সঙ্কেত স্থানে গমন।

অভিহিত—বিণ, ত্রি, (অভি ধা+

ক্ত, কর্ম্ম) কথিত, উক্ত, উল্লিখিত।

অভীষ্ট—বিণ, ত্রি. (অভি—ইষ্+ ক্ত, কর্ম্ম) অভিলষিত, বাঞ্ছিত।

অভুক্ত—বিণ, ত্রি, যাহা ভোজন হয় নাই, উপবাসী।

অভূতপূর্ব্ব—বিণ, ত্রি. যাহা পূর্ব্বে কখন হয় নাই।

অভেদ—বি.পুং, ভেদাভাব. অবিশেষ।

অভেদ্য—বিণ, ত্রি. (নঞ্—ভিদ্ +য. কর্ম্ম) যাহা ভেদ করিতে পারা যায়না।

অভেদাত্মা—বিণ, পু, একপ্রাণ, একের সুখেদুঃখে, অন্যের সুখদুঃখ বিষয়ক জ্ঞান।

অভ্যন্তর—বিণ. ত্রি. অন্তরাল, মধ্যস্থান, ভিতর।

অভ্যন্তরীণ—বিণ, ত্রি, (অভ্যন্তর+ ঈন্, ভবার্থে) অন্তর্ব্বর্ত্তী, মধ্যবর্ত্তী।

অভ্যর্থনা—বি, স্ত্রী (অভি+অর্থ —অনট্, ভাব স্ত্রী, আপ্) অভ্যাগতব্যক্তির সমাদর।

অভ্যর্থিত-বিণ, ত্রি, (অভি—অর্থ+ক্ত, কর্ম্ম) প্রার্থিত, সংবর্দ্ধিত।

অভ্যস্ত—বিণ, ত্রি, (অভি—অস্+ ক্ত, কর্ম্ম) শিক্ষিত, কণ্ঠস্থ।

অভ্যাগত—বিণ, ত্রি. (অভি—আ-গম্+ক্ত, কর্ত্তৃ) গৃহাগত ব্যক্তি. অতিথি।

অভ্যাস—বি, পুং, (অভি—অস্+ ঘঞ্, ভাব্) আবৃত্তি, পুনঃ পুনঃ কথন।

অভ্যুত্থান—বি, ক্লী, (অভি—উৎ —স্থা+অনট্, ভাব্) উদয়. উন্নতি, বিরুদ্ধ, অস্ত্রধারণ।

অভ্যুদয়—বি, পুং (অভি—উৎ — ই+অল্, ভাব্) উন্নতি।

অভ্যুদিত—বিণ, ত্রি, (অভি—উৎ +ই+ক্ত, কর্ত্তৃ) উদিত, উত্থিত, প্রকাশিত।

অভ্র—বি, ক্লী (নঞ্—ভৃ+ক, কর্ত্তৃ) আকাশ, মেঘ।

অভ্রংলিহ—বি, পুং, (অভ্র—লিহ্

+খশ্, কর্ত্তৃ) বায়ু। বিণ, ত্রি, অভ্রস্পর্শী, অত্যুচ্চ।

অভ্রান্ত—বিণ, ত্রি, ভ্রমশূন্য।

অমঙ্গল—বিণ, ক্লী, মঙ্গলাভাব, অকল্যাণ।

অমত—বিণ, ত্রি, অসম্মতি।

অমনোযোগ—বি, পুং, অনভিনিবেশ, মনোযোগের অভাব।

অমর—বি, পুং (অ—মৃ+অন্, কর্ত্তৃ) দেবতা, মরণহীন, মৃত্যুর অনধীন।

অমরত্ব—বি, ক্লী (অমর+ত্ব, ভাবার্থে) দেবভাব, চিরস্মরণীয়তা।

অমরাদ্রি—বি, পুং, সুমেরু পর্ব্বত।

অমর্য্যাদা—বি, স্ত্রী, অসম্মান, অবমাননা, অনাদর।

অমর্ষ—বি, পুং, (নঞ্—মৃষ+অল্, ভাব) অক্ষমা, অসহিষ্ণুতা, ক্রোধ।

অমর্ষণ—বি, ক্লী (নঞ্—মৃষ্+অনট্, ভাব্) অক্ষমাপরায়ণ, অসহনশীল, ক্রোধী।

অমল—বি, ক্লী, নির্ম্মল, পরিস্কৃত, শুভ্র, স্ত্রী (লা) লক্ষ্মী।

অমা—ব্য (অ—মা+ক্বিপ্, কর্ম্ম) সহিত, নিকট।

অমাত্য—বি, পুং (অমা+ত্যকন্) বা (অমা—অত্+য, কর্ম্ম) মন্ত্রী, সভাসদ, সহচর, মন্ত্রী।

অমানুষিক—বিণ, ত্রি, অলৌকিক, মনুষ্যধর্ম্মের বহির্ভূত নয় এরূপ।

অমান্য—বিণ, ত্রি, অবমাননীয়, অনাদরণীয়।

অমাবস্যা—বি, স্ত্রী (অমা—বস্+ঘ্যণ্, অধি) কৃষ্ণপক্ষের শেষ তিথি।

অমিত—বিণ, ত্রি, (অম্+ক্ত, কর্ত্তৃ) অপরিমিত, অসীম।

অমিত তেজা—বিণ, ত্রি, অপরিমিত পরাক্রমশালী।

অমিত্র—বি, পুং, শত্রু।

অমিয়—বি, ক্লী, অমৃত, সুধা।

অমৃত—বি, ক্লী, যাহা পান করিলে মরিতে হয় না, সুধা, জল।

অমৃতায়মান—বিণ, ত্রি, (অমৃত+

ক্যঙ্ +শান্, কর্ম্ম) অমৃতোপম, সুধোপম।

অমেয়—বিণ, ত্রি,(নঞ্—মা+য, কর্ম্ম) অপরিমেয়, যাহার পরিমাণ করা যায় না। [সার্থক।

অমোঘ –বিণ, ত্রি, অব্যর্থ, সফল,

অম্বক—বি, ক্লী (অন্ব+ণক,কর্ত্তৃ) নয়ন নেত্র।

অম্বর—(অন্ব + অরন্, কর্ত্তৃ) আকাশ, বস্ত্র, মেঘ।

অম্বষ্ঠ—বি, পুং (অম্ব—স্থা+ড, কর্ত্তৃ) ব্রাহ্মণের ঔরসে বৈশ্যার গর্ভে জাত সন্তান।

অম্বা—বি, স্ত্রী (অন্ব+অল্, কর্ম্ম +আপ্,) মাতা, দুর্গা। কাশী রাজের জ্যেষ্ঠা দুহিতার নাম। স্বয়ম্বর স্থল হইতে ভীষ্ম ইঁহাকে হরণ করেন। অম্বা মনে মনে শাল্বরাজকে পতিত্বে বরণ করিয়াছেন শুনিয়া ভীষ্ম ইঁহাকে শাল্বরাজের নিকট পাঠাইয়া দেন কিন্তু ভীষ্ম ইঁহাকে হরণ করিয়াছেন বলিয়া শাল্বরাজ বিবাহ করিতে অস্বীকার করায় ইনি ভীষ্মের নিকট পুনরায়গমন করেন। কিন্তু ভীষ্ম গ্রহণ করিতে অস্বীকার করিলে ইনি তপস্যা করিতে গমন করেন। মহাদেব অম্বাকে জন্মান্তরে দ্রুপদ গৃহে ক্লীব রূপে জন্ম গ্রহণ করিয়া ভীষ্মের বধের কারণ হইবে বলিয়া বর দেন। অতঃপর অম্বা অগ্নিতে প্রবেশ পূর্ব্বক প্রাণ ত্যাগ করেন।

অম্বালিকা—বি, স্ত্রী (অম্বলা+কণ্, স্বার্থে+আপ্, মাতা, দুর্গা। কাশীরাজের কনিষ্ঠা কন্যার নাম অম্বালিকা। ভীষ্ম স্বয়ম্বর স্থল হইতে ইঁহাকে হরণ পূর্ব্বক বিচিত্র বীর্য্যের সহিত বিবাহ দেন। পতির মৃত্যুর পর শ্বশ্রূঠাকুরাণীর অনুরোধে ব্যাসদেবের ঔরসে পাণ্ডুনামে একপুত্র প্রসব করেন। পাণ্ডুর মৃত্যুর পর ইনি বনে গমন পূর্ব্বক তপস্যায় কালাতিপাত করিয়াছিলেন।

অম্বিকা—বি, স্ত্রা (অম্বা+কণ্, স্বার্থে, আপ্) মাতা, দুর্গা। কাশীরাজের কন্যা বিচিত্র বীর্য্যের পত্নী ধৃতরাষ্ট্রের জননী!

অম্বু—বি, ক্লী, (অম্ব্+উ, কর্ত্তৃ) জল।

অম্বুজ—বিণ, ত্রি (অম্বু—জন্+ড, কর্ত্তৃ) জলজাত, পদ্ম।

অম্বুদ—বি, পুং, (অম্বু—দা+ড, কর্ত্তৃ) জলপানকারী, জলদ, মেঘ।

অম্বুধর—বি, পুং, (অম্বু—ধৃ+অন্, কর্ত্তৃ) জলধর, মেঘ।

অম্বুধি—বি, পুং, (অম্বু—ধা+কি+অধি) জলধি, সমুদ্র।

অম্বুনিধি—বি, পুং, (অম্বু—নি+ধা+কি, অধি) জলধি, সমুদ্র, জলপাত্র।

অম্বুরাশি—বি, পুং, জলধি, সমুদ্র।

অম্বুবাচি (চী)—বি, স্ত্রী (অম্বু—বচ্+ণি, কর্ত্তৃ) রজস্বলা পৃথিবী। সূর্যেরমিথুন রাশিতে ভোগ কালে আর্দ্রা নক্ষত্রের প্রথম পাদ ভোগ কাল অর্থাৎ ৩ দিন কুড়িদণ্ড পরিমিত সময়।

অম্বুবাহ—বি, পুং, (অম্বু—বহ্+অন্, কর্ত্তৃ) মেঘ।

অম্ভঃ—বি, ক্লী, আপ্+অস, কর্ম্ম, নিপা) জল।

অম্ভোজ—বি, ক্লী (অম্ভস্—জন্+ড, কর্ত্তৃ) জলজ, পদ্ম।

অম্লান—বি, পুং, বিমল, পরিস্কার।

অযত্ন—বিণ, ত্রি, যত্নাভাব, অনাদর, অবহেলা।

অযথা—ব্য, অনুপযুক্ত রূপে, অন্যায় রূপে।

অয়ন—বি, ক্লী (অয়্+অনট্, অধি) স্থান, ভূমি। (করণ) পথ, শাস্ত্র।

অয়স্—বি, ক্লী, (অয়্—ইন্+অস্, কর্ত্তৃ) লৌহ। পুং, বহ্নি।

অয়স্কান্ত—বি, পুং, (অয়স্—কম্+ক্ত, কর্ত্তৃ) চুম্বক লৌহ।

অযাচিত—বিণ, ত্রি, (নঞ্—যাচ্+ক্ত, কর্ম্ম) অপ্রার্থিত।

অযুক্ত—বিণ, ত্রি, (নঞ্—যুজ্+

ক্ত, কর্ত্তৃ) যুক্তি বিরুদ্ধ, অসঙ্গত।

অযুক্তি—বি, স্ত্রী (নঞ্—যুজ্+ক্তি, ভাব) কুপরামর্শ।

অযোগ—বি,পুং,যোগাভাব,অন্যায্য, যোগ্যতাভাব।

অযোঘন—বি. পুং, (অয়স্—হন্+ঘঞ্, করণ) লৌহপিণ্ড, মুদ্গর।

অযোধ্যা—বিণ, ত্রি, (নঞ্—যুধ্+ঘ্যণ, কর্ম্ম) যুদ্ধানই। স্ত্রী (ধ্যা) দশরথের রাজধানী।

অযোনি—বিণ, ত্রি. জনন রহিত বি, যোনি ভিন্ন অন্য স্থান।

অযোনিসম্ভূত—বিণ, ত্রি, অগর্ভজাত।

অযৌক্তিক—বিণ, ত্রি, যুক্তিসিদ্ধ নয় এরূপ।

অর—বি, ক্লী, (ঋ+অন্, করণ) চাকার নাভি ও প্রান্ত সংযুক্ত কাষ্ঠ।

অরক্ষণীয়—বিণ, ত্রি, যাহা রাখিতে পারা যায়না।

অরণি (ণী)—বি, পুং, স্ত্রী (ঋ+অনি, কর্ত্তৃ) ঘর্ষণ দ্বারা অগ্নি জ্বালিবার কাষ্ঠ।

অরণ্য—বি, ক্লী, (ঋ+অন্য, অধি) [বন।

অরণ্যানী—বি, স্ত্রী (অরণ্য +ঈপ্ নিপা) মহাবন।

অরবিন্দ—বি, পুং (অর+বিন্দ্+শ, কর্ত্তৃ) পদ্ম, নীলোৎপল, রক্তকমল।

অরাজক—বিণ, ত্রি, রাজশূন্য। যেদেশে রাজানাই এরূপ।

অরাতি—বি, পুং, (নঞ্+রা+ক্তি, কর্ত্তৃ) শত্রু, অরি, রিপু।

অরি—বি, ক্লী (ঋ+ই+কর্ত্তৃ) শত্রু, কামক্রোধাদি ছয় রিপু।

অরিন্দম—বিণ, ত্রি, (অরি—দম্+খ, কর্ত্তৃ) শত্রুদমনকারী।

অরিষ্ট—বি, পুং, সূতিকাগৃহ, শুভ-বা অশুভ অদৃষ্ট। বিণ, ত্রি, অবিনশ্বর, কুশল, অক্ষত।

অরুচি—বি, স্ত্রী (নঞ্—রুচ্+কি, ভাব্) অতৃপ্তি।

অরুণ—বিণ, ত্রি (ঋ+উনন্, কর্তৃ) রক্তবর্ণ যুক্ত। বি, পুং, সূর্য্য, সন্ধ্যা রাগ।

অরুণলোচন—বি,পুং,স্ত্রী, কপোত।

অরুণ সারথি—বি, পুং, সূর্য্য।

অরুণাত্মজ—বি, পুং (অরুণ-আত্ম—জন্+ড, কর্ত্তৃ) জটায়ু পক্ষী।

অরুন্তুদ—বিণ, ত্রি (অরুস্—তুদ্ +খশ্, কর্ত্তৃ) মর্ম্মপীড়ক, ক্লেশ দায়ক।

অরুন্ধতী—বি, স্ত্রী (নঞ্—রুধ + তন্, কর্ত্তৃ+ঈপ্) নক্ষত্র বিশেষ। অরুন্ধতী মুনিশ্রেষ্ঠ বশিষ্ঠের স্ত্রী, কর্দ্দম মুনির ঔরসে, দেবহুতির গর্ভে ইঁহার জন্ম হয়, ইনি পতি ভক্তির বলে স্বামীর সহিত নক্ষত্র লোকে গমন করেন।

অরোগ—বি, পুং, রোগাভাব, সুস্থতা।

অর্ক—বি, পুং (অর্ক+অন্, কর্ত্তৃ) সূর্য্য, রবিবার।

অর্কতনয়—বি, পুং, সূর্য্য পুত্র কর্ণ, যম, সুগ্রীব, শনি, মনু, অশ্বিনী কুমার দ্বয়।

অর্গল—বি, পুং, খিল, হুড়কা।

অর্ঘ—বি, পুং, (অর্ঘ্+অল্, ভাব্) মূল্য, পূজা, (করণ) পূজার সামগ্রী।

অর্ঘ্য—বিণ, ত্রি, (অর্ঘ+য, অর্হার্থে) পূজ্য, মান্য, পূজার সামগ্রী বিশেষ।

অর্চ্চক—বিণ, ত্রি, (অর্চ্চ+ণক, কর্ত্তৃ) পূজক, পূজাকারী।

অর্চ্চন—বি, ক্লী (অর্চ্চ+অনট্, ভাব্) পূজন, পূজা।

অর্চ্চনা—বি, স্ত্রী (অর্চ্চ+অন, ভাব্ +আপ্) পূজা।

অর্চ্চিত—বিণ, ত্রি (অর্চ্চ+ক্ত, কর্ম্ম) পূজিত, উপাসিত, মান্য।

অর্চ্চ্য—বিণ, ত্রি, (অর্চ্চ+য, কর্ম্ম) পূজ্য, আরাধ্য, মান্য।

অর্জ্জক—বিণ, পুং (অর্জ্জ+ণক্, কর্ত্তৃ) উপার্জ্জক।

অর্জ্জন—বি, ক্লী (অর্জ্জ্+অনট্, ভাব্) উপার্জ্জন।

অর্জ্জিত—বিণ, ত্রি, (অর্জ্জ+ক্ত, কর্ম্ম) উপার্জ্জিত, লব্ধ।

অর্জ্জুন—বিণ, পুং (অর্জ্জ+উনন্, কর্ত্তৃ) শ্বেতবর্ণ। বি, পুং, তৃতীয় পাণ্ডব, ককুভবৃক্ষ। পাণ্ডুপত্নী কুন্তীর গর্ভে ইন্দ্রের ঔরসে ইঁহার জন্ম হয়। ইনি অতিশয়যুদ্ধ পারদর্শী ছিলেন।

অর্ণব—বি, পুং (অর্ণস্+ব, অস্ত্যর্থে) সমুদ্র, জলধি।

অর্ণবতরি—বি, স্ত্রী, । জাহাজ

অর্ণবপোত—বি, ক্লী।

অর্থ—বি, পুং (অর্থ+অল্, ভাব্) প্রয়োজন, (কর্ম্ম) ধন, তাৎপর্য্য।

অর্থকর—বিণ, ত্রি, (অর্থ কৃ+ট, কর্ত্তৃ) বিত্তোৎপাদক।

অর্থতত্ত্ব—বি, ক্লী, যাথার্থ্য, প্রকৃত বিষয়।

অর্থপতি—বি, পুং, ধনবান, কুবের।

অর্থ শাস্ত্র—বি, ক্লী, অর্থোৎপাদক শাস্ত্র, নীতি শাস্ত্র।

অর্থসিদ্ধি—বি, স্ত্রী, সফলতা।

অর্থ হর—বিণ, ত্রি, (অর্থ—হৃ+অন্ কর্ত্তৃ) ধনাধিকারী, চোর।

অর্থাগম—বি, পুং, ধনাগম, আয়।

অর্থান্তর—বি, ক্লী, ভিন্নঅর্থ, অর্থ-ভেদ।

অর্থিত—বিণ, ত্রি, (অর্থ+ক্ত, কর্ম্ম) যাচিত।

অর্থী—বিণ, ত্রি, (অর্থ+ইন্ অস্ত্যর্থে) প্রার্থী, যাচক।

অর্থে—ব্য (অর্থ+ঙে, কর্ত্তৃ) নিমিত্তে।

অর্দ্দন—বি, ক্লী (অর্দ্দ+অনট্, ভাব্) পীড়া, বধ।

অর্দ্দিত—বিণ, ত্রি, (অর্দ্দ্+ক্ত, কর্ম্ম) পীড়িত, প্রার্থিত, হত।

অর্দ্ধ—বি, পুং (ঋধ্+অল্, কর্ম্ম) অংশ, ক্লী, সমান অংশ। ত্রি, দ্বিখণ্ডিত।

অর্দ্ধচন্দ্র—বি, পুং, চন্দ্রখণ্ড, গল হস্ত।

অর্দ্ধাঙ্গ—বি, ক্লী, শরীরের অর্দ্ধ।

অর্দ্ধাশন—বি, ক্লী, অর্দ্ধ ভোজন।

অর্দ্ধাসন—বি, ক্লী, আসনের অর্দ্ধাংশ, স্নেহ প্রকাশ।

অর্দ্ধেন্দু—বি, পুং, অর্দ্ধচন্দ্র, গলহস্ত।

অর্পণ—বি, ক্লী (ঋ+ণিচ্+অনট্, ভাব্) দান, নিক্ষেপ, স্থাপন।

অর্পিত—বিণ, ত্রি, (ঋ+ণিচ্+ক্ত, কর্ম্ম) দত্ত, ন্যস্ত, স্থাপিত।

অর্ভ—বি, পুং (ঋ+ভ, কর্তৃ) শিশু। বালক, শিশির।

অর্ভক—বি, পুং (অর্ভ+কণ্, স্বার্থে) শিশু, শাবক, মূর্খ।

অর্ব্বাচীন—বিণ, ত্রি, (অর্ব্ব—অন্চ্ +ক্বিপ্, কর্তৃ= অর্ব্বাচ্+ইন্, ভবার্থে) পশ্চাদ্বর্ত্তী, বিপরীত, অধম, যাহার বয়স হইয়াছে অথচ বুদ্ধির পরিপক্কতা জন্মে নাই।

অর্ব্বুদ—বি, ক্লী (অর্ব্ব+ণিচ্, ভাব, উদ্—ইন্+ড, কর্তৃ) দশ কোটি সংখ্যা।

অর্শ—বি, ক্লী (ঋ+অস, কর্তৃ) রোগ বিশেষ।

অর্হ—বিণ, ত্রি, (অর্হ্+অল, কর্তৃ) [যোগ্য।

অর্হণ—বি, ক্লী (অর্হ্+অনট্, ভাব্) পূজা, যোগ্যতা।

অর্হা—বি, স্ত্রী (অর্হ্+অ, ভাব্) পূজা।

অলক—বি, পুং, ক্লী (অল্+অক, কর্তৃ) চূর্ণ কুন্তল, কোকড়াচুল, স্ত্রী (কর্ম্ম) কুবেরপুরী।

অলকনন্দা—বি, স্ত্রী, গঙ্গা।

অলক্তক—বি, ক্লী (অলক্তা+কণ্, স্বার্থে) লাক্ষারস, আল্তা।

অলক্ষণ—বি, ক্লী, কুলক্ষণ।

অলক্ষিত—বিণ, ত্রি, অদৃষ্ট, অজ্ঞাত।

অলক্ষ্মী—বি, স্ত্রী, দুর্ভাগ্য, লক্ষ্মীর বিরোধিনী দেবী।

অলক্ষ্য—বিণ, ত্রি, অদৃশ্য, অচিন্তিত।

অলঙ্করণ—বি, ক্লী (অলম্—কৃ+অনট্, করণ) ভূষণ।

অলঙ্ঘ্য—বিণ, ত্রি, (নঞ্—লঙ্ঘ্ +য, কর্ম্ম) অনতিক্রমণীয়, যাহা অতিক্রম করা যায় না।

অলঙ্কৃত—বিণ, ত্রি, (অলম—কৃ+ক্ত, কর্ম্ম) ভূষিত, সজ্জিত।

অলি—বি, পুং (অল+ই, কর্তৃ)

ভ্রমর, কোকিল, কাক, বৃশ্চিক।

অলিক—বি, ক্লী (অল্+ইকন্, কর্ম্ম) মিথ্যা, অসত্য।

অলী—বি, পুং (অল+ইন্ অস্ত্যর্থে) ভ্রমর, বৃশ্চিক।

অলিন্দ—বি, পুং (অল+কিন্দ, কর্ত্তৃ) বারাণ্ডা, কানাচ্।

অলোক সাধারণ—বিণ, ক্লী, অসাধারণ, যাহা সর্ব্বদা পাওয়া যায়না।

অলৌকিক—বিণ, ত্রি, লোকাতীত।

অলৌকিকতা—বি, স্ত্রী, চমৎকার জনকতা।

অল্প প্রাণ—বি, পুং, ক্ষীণ জীবী।

অল্পায়ুঃ—বি, ক্লী, যে অধিক দিন বাঁচে না।

অব—ব্য, অল্পতা, অনাদর।

অবকাশ—বি, পুং (অব—কাশ্ ঘঞ্, ভাব) অবসর, স্থান; অবস্থান।

অবক্তব্য—বিণ, ত্রি, (নঞ্—বচ্ +তব্য, কর্ম্ম) অনির্ব্বচনীয়, যাহা বাক্যে প্রকাশ করা যায় না।

অবগত—বিণ, ত্রি, (অব—গম্ +ক্ত, কর্ম্ম) জ্ঞাত; বিদিত, পরিজ্ঞাত।

অবগতি—বি, স্ত্রী, (অব—গম্+ক্তি, ভাব্) বোধ, জ্ঞান।

অবগাহ—বি, পুং (অব—গাহ্+অল, ভাব্) জলে নামিয়া স্নান, জলমধ্যে গমন।

অবগাহন—বি, ক্লী, (অব—গাহ্+অনট্, ভাব্) অন্তঃপ্রবেশ, জলে নামিয়া স্নান।

অবগুণ্ঠন—বি, ক্লী, (অব—গুন্ঠ+অনট্, করণ্) স্ত্রী লোকের মুখাচ্ছাদন বস্ত্র, ঘোম্‌টা।

অবগুণ্ঠিত—বিণ, ত্রি, (অব—গুন্ঠ +ক্ত, কর্ম্ম) ঘোম্‌টা দেওয়া, আচ্ছাদিত, আবৃত।

অবগ্রহ—বি, পুং (অব—গ্রহ্+অল্, ভাব্) অবরোধ, প্রতিগ্রহ, অপসারণ, নিগ্রহ, তিরস্কার।

অবচ্ছিন্ন—বিণ, ত্রি (অব—ছিদ্

+ক্ত, কর্ম্ম) বিশিষ্ট, যুক্ত, মিশ্রিত, বিভক্ত।

অবচ্ছেদ—বি, পুং (অব—ছিদ্+ঘঞ্, ভাব) পরিচ্ছেদ, সীমা, একদেশ।

অবজ্ঞা—বি, স্ত্রী, (অব—জ্ঞা+ড ভাব) অবমাননা, অনাদর, হেয়-জ্ঞান।

অবজ্ঞাত—বিণ, ত্রি (অব—জ্ঞা+ক্ত, কর্ম্ম) অবমানিত, অনাদৃত, উপেক্ষিত।

অবজ্ঞেয়—বিণ, ত্রি (অ—জ্ঞা+য, কর্ম্ম) অনাদরণীয়, অশ্রদ্ধেয়।

অবতংস—বি, পুং, ক্লী (অব—তন্স্+অল্, করণ) ভূষণ, কর্ণ ভূষণ, কিরীট।

অবতরণ—বি, ক্লী (অব—তৃ+অনট্, ভাব) অবরোহণ, নীচে নামা, উত্তরণ।

অবতরণিকা—বি, স্ত্রী, ভূমিকা, গ্রন্থের প্রস্তাবনা।

অবতার—বি, পুং, (অব—তৃ+ঘঞ্ ভাব) উৎপত্তি, প্রাদুর্ভাব, দেবগণের ভূলোকে আবির্ভাব।

অবতারণ—বি, ক্লী (অব—তৃ+ণিচ্+অনট্, ভাব) নীচে নামান, প্রস্তাবনা।

অবতারণিকা—বি, স্ত্রী, উপক্রমণিকা, সিঁড়ি।

অবতারিত—বিণ, ত্রি (অব—তৃ+ণিচ্+ক্ত, কর্ম্ম) অবরোপিত, যাহা নামান হইয়াছে এরূপ।

অবতীর্ণ—বিণ, ত্রি, (অব—তৃ+ক্ত, কর্তৃ) আবির্ভূত, নিম্নগত, উত্তীর্ণ।

অবদান—বি, ক্লী (অব—দা+অনট্, ভাব) সম্পাদিত কর্ম্ম, বিক্রম প্রকাশ।

অবধান—বি, ক্লী (অব—ধা+অনট্, ভাব) প্রণিধান, মনোযোগ।

অবধারণ—বি, ক্লী (অব—ধৃ+ণিচ্+অনট্, ভাব) নির্ণয়, নিশ্চয়, নিরূপণ।

অবধারিত—বিণ, ত্রি, (অব—ধৃ

+ক্রি+ক্ত. কর্ম্ম) স্থিরীকৃত, নির্ণীত, নির্দ্ধারিত।

অবধি—বি, পুং, (অব—ধা+কি, অধি) সীমা, অবধান, অন্ত।

অবধূত—বিণ, ত্রি. (অব—ধূ+ক্ত, কর্ম্ম) কম্পিত, আন্দোলিত, চালিত, তিরস্কৃত।

অবধ্য—বিণ, ত্রি. (নঞ্—বধ্+য কর্ম্ম) বধের অযোগ্য, যাহাকে বধকরা বিধেয় নহে।

অবনত—বিণ, ত্রি. (অব—নম্+ক্ত, কর্তৃ) নিম্নদিকে নত, প্রণত।

অবনতি—বি, স্ত্রী. (অব—নম্+ক্তি, ভাব) অধোগমন, প্রণতি।

অবনি (নী)—বি, স্ত্রী. (অব্+অনি, কর্তৃ+ঈপ্) পৃথিবী, ভূমি।

অবনি (নী) পতি—বি, পুং, ভূপতি।

অবন্তি—বি, পুং, (অব+অন্তি কর্তৃ) মালবদেশ। স্ত্রী (স্তী) উজ্জয়িনী।

অবরোধ—বি, পুং, (অব—রুধ্+অল্, ভাব্) আবরণ, আচ্ছাদন, আটকান।

অবমাননা—বি, স্ত্রী (অব—মান্+অনট্, ভাব্+আপ্) অপমান, অবজ্ঞা।

অবমানিত—বিণ, ত্রি, (অব—মান্+ক্ত, কর্ম্ম) অবজ্ঞাত, অনাদৃত।

অবয়ব—বি, পুং (অব—যু+অল্, ভাব্) অঙ্গ, হস্ত পদাদি, অংশ।

অবরুদ্ধ—বিণ, ত্রি, (অব—রুধ্+ক্ত, কর্তৃ) আচ্ছাদিত, বদ্ধ কয়েদী, আহৃত।

অবরোধ—বি, পুং (অব—রুধ্+অল্, ভাব্) নিরোধ, আবরণ, প্রতিবোধ।

অবরোহণ—বি, ক্লী (অব—রুহ্+অনট্, ভাব) নামা, অবতরণ।

অবলম্ব—বি, পুং (অব—লন্ব্+অল্, ভাব্) আশ্রয়, (অধি) আশ্রয় স্থান। (কেবল) আশ্রয় সাধন যষ্ট্যাদি।

অবলম্বন—বি, ক্লী (অব—লন্ব+অনট, ভাব) আশ্রয়।

অবলম্বিত—বিণ, ত্রি, (অব—লম্ব +ক্ত, কর্ত্তৃ) লম্বমান, অবনত, অধোগত। (কর্ম্ম) গৃহীত, আশ্রিত।

অবলা—বি, স্ত্রী, সীমন্তিনী, নারী।

অবলিপ্ত—বিণ, ত্রি, (অব—লিপ্ +ক্ত, কর্ত্তৃ) গর্ব্বিত। (কর্ম্ম) প্রলিপ্ত।

অবলীঢ়—বিণ, ত্রি, (অব—লিহ্ + ক্ত, কর্ম্ম) আস্বাদিত, ভক্ষিত।

অবলীলা—বি, স্ত্রী, অনায়াস, অক্লেশ, অসঙ্কোচ। [অক্লেশে।

অবলীলাক্রমে ত্রি, বিণ, অনায়াসে,

অবলুণ্ঠন—বি, ক্লীব (অব—লুণ্ঠ্ + অনট্, ভাব,) গড়াগড়ি দেওয়া।

অবলেপ—বি, পুং (অব—লিপ্ + অল্, ভাব) গর্ব্ব, দর্প।

অবলেপন—বি, ক্লী (অব—লিপ্ +অনট্, ভাব) গর্ব্ব প্রকাশ, প্রলেপন, মাখা।

অবলেহ—বি, পুং (অব—লিহ্ + অল্, ভাব) আস্বাদন।

অবলেহন—বি, ক্লী (অব—লিহ্ + অনট্, ভাব) জিহ্বাদ্বারা আস্বাদন।

অবলোকন—বি, ক্লী (অব—লোক +অনট্, ভাব) দর্শন, দৃষ্টি।

অবলোকিত—বিণ, ত্রি, (অব— —লোক + ক্ত কর্ম্ম) দৃষ্ট। (ভাব) দর্শন।

অববাহিকা বি, স্ত্রী, কোন নদীর দুইপারের যত দূর হইতে জল আসিয়া সেই নদীতে পড়ে ততদূর পর্য্যন্ত ভূভাগ কে ঐ নদীর অববাহিকা বলে।

অবশ—বিণ, ত্রি, অনায়ত্ত, পরবশ।

অবশিষ্ট—বিণ, ত্রি, (অব—শিস্ + ক্ত, কর্ত্তৃ) পরিশিষ্ট, বাকি, উদ্বৃত্ত। (ভাব) ভাগশেষ।

অবশেষ—বি, পুং (অব—শিষ্ + অল্, ভাব) পরিশেষ, অবসান, নিঃশেষ।

অবশ্য—বিণ, ত্রি, অবাধ্য, অনায়ত্ত।

অবশ্যম্ভাবী—বিণ, পুং (অবশ্যম্

এরূপ, অনিবার্য্য।

অবসন্ন—বিণ, ত্রি, (অব—সদ্+ক্ত, কর্ত্তৃ) বিষন্ন, ম্রিয়মাণ, অবনত।

অবসর—বি, পুং (অব—স্থ+অল্, ভাব) অবকাশ, সময়।

অবসাদ—বি. পুং (অব—সদ্ ঘঞ্, ভাব) বিষাদ. স্ফূর্ত্তি হীনতা।

অবসান—বি,ক্লী (অব—সো+অনট্, ভাব) শেষ, সমাপ্তি, সীমা, মৃত্যু।

অবসিত—বিণ, ত্রি (অব—সো+ক্ত, কর্ত্তৃ) সমাপ্ত। (ভাব) অবসান।

অবস্থা—বি, স্ত্রী (অব—স্থা+আ, ভাব) দশা, ভাব।

অবস্থান—বি. ক্লী (অব—স্থা+অনট, ভাব) স্থিতি। (অধি) আবাস।

অবস্থান্তর—বি, ক্লী, অন্য অবস্থা।

অবস্থিত—বিণ,ত্রি. (অব—স্থা+ক্ত কর্ত্তৃ) স্থিত, অবিচলিত, যে স্থিতি করিয়াছে।

অবস্থিতি—বি, স্ত্রী (অব—স্থা+ক্তি, ভাব) স্থিতি, অবস্থান।

অবহিত—বিণ, ত্রি, (অব—ধা+ক্ত, কর্ত্তৃ) সাবধান, মনোযোগী।

অবহেলা—বি, স্ত্রী, অনাদর।

অবহেলনীয়—বিণ, ত্রি (অব—হেল্+অনীয় কর্ম্ম) উপেক্ষণীয়।

অবাক্—বিণ, ত্রি, (অব—অনৃচ+ক্বিপ, কর্ত্তৃ) বাক্য রহিত, বাক-শক্তি হীন।

অবাঙ্মুখ—বিণ, ত্রি অধোমুখ।

অবাচ্য—বিণ, ত্রি (অবাচ্+ষ্ণ্য ভবার্থে) নিন্দিত বাক্য, অবক্তব্য।

অবধি—বিণ, ত্রি বাধাশূন্য, অনর্গল।

অবান্তর—বিণ, ত্রি, বিষয়ান্তর, আনুষঙ্গিক।

অবারিত—বিণ,ত্রি (নঞ্+বৃ+ণিচ্+ক্ত, কর্ম্ম) অপ্রতিষিদ্ধ, রুদ্ধ নয়, খোলা।

অবাস্তব } বিণ, ত্রি, অযথার্থ,
অবাস্তবিক } অপ্রকৃত, অমূলক।

অবিকল—বিণ, ত্রি, কোন অংশে অঙ্গহীন নয়।

অবিকার—বিণ, পুং (নঞ্‌—বি—কৃ+ঘঞ্‌, ভাব) বিকার রহিত, অটল, স্থির।

অবিকৃত—বিণ, ত্রি (নঞ্‌—বি—কৃ ক্ত, কর্ত্তৃ) অচঞ্চল, বিকৃত হয় নাই এরূপ।

অবিক্রীত—বিণ, ত্রি (নঞ্‌—বি—ক্রী+ক্ত, কর্ম্ম) যাহা বিক্রয় হয় নাই।

অবিচলিত—বিণ, ত্রি, বিচলিত নহে, স্থির, দৃঢ়।

অবিচার—বি, পুং (নঞ্‌—বি—চর্‌+ঘঞ্‌, ভাব) বিচারভাব, অনুচিত বিচার, বিবেচনা শূন্য।

অবিচ্ছিন্ন—বিণ, ত্রি, বিচ্ছেদ শূন্য, অবিরাম।

অবিচ্ছেদ—বি,পুং, ক্রমান্বয়, অবাধ।

অবিজ্ঞেয়—বিণ, ত্রি (নঞ্‌—বি—জ্ঞা+য, কর্ম্ম) অনবগম্য, জ্ঞানাতীত।

অবিদিত—বিণ, ত্রি, অবর্ত্তমান, অনুপস্থিত।

অবিদ্যা—বি, স্ত্রী, অজ্ঞান, মায়া।

অবিধি—বিণ,ত্রি,অব্যবস্থা, অনিয়ম।

অবিধেয়—বিণ, ত্রি, (নঞ্‌—বি—ধা+য, কর্ম্ম) অনুচিত, অকর্ত্তব্য।

অবিনয়—বি, পুং, বিনয়াভাব, অশিষ্টতা।

অবিনশ্বর—বিণ, ত্রি, অমর, মরণ রহিত।

অবিনাশী—বিণ, ত্রি, (অবি—নশ্‌ +ণিন্‌, কর্ত্তৃ) অবিনশ্বর, অক্ষয়।

অবিনীত—বিণ, ত্রি, (নঞ্‌—বি—নী+ক্ত, কর্ত্তৃ) অশিষ্ট, উদ্ধত, বিনয় রহিত।

অবিমৃষ্যকারিতা—বি, স্ত্রী, পূর্ব্বাপর বিবেচনা না করিয়া কার্য্যকরা।

অবিরত—ক্রি, বিণ, সর্ব্বদা।

অবিরল—বিণ,ত্রি,নিবিড়, নিরন্তর।

অবিরাম—(বিণ), ত্রি, বিরাম রহিত, যার বিশ্রাম নাই।

অবিবেক—বি, পুং, (নঞ্‌—বি—বিচ্‌+ঘঞ্‌, ভাব) অবিমৃষ্য কারিতা।

অবিবেচক—বিণ, ত্রি, বিবেচনা রহিত।

অবিশ্বস্ত—বিণ, ত্রি, প্রত্যয়ের অযোগ্য।

অবিশ্রান্ত—বিণ, ত্রি, অনবরত।

অবীরা—বিণ, স্ত্রী, পতি পুত্রহীনা।

অবেক্ষণ—বি, ক্লী, (অব—ঈক্ষ+ অনট্, ভাব) দর্শন।

অবেক্ষিত—বিণ, ত্রি (অব—ঈক্ষ +ক্ত, কর্ম্ম) অবলোকিত।

অবৈতনিক—বিণ, পুং, যে বেতন ভোগী নয়।

অবোধ—বিণ, পুং, বুদ্ধিহীন, নির্ব্বোধ, অজ্ঞান।

অব্যক্ত—বিণ, ত্রি, অস্পষ্ট, অপ্রকাশিত।

অব্যয়—বিণ, ত্রি, কৃপণ, অক্ষয়।

অব্যর্থ—বিণ, ত্রি, সার্থক, সফল।

অব্যবস্থা—বি, স্ত্রী, অবিধি, অনিয়ম।

অব্যবস্থিত—বিণ, ত্রি, অস্থির, অনিয়মিত।

অব্যবস্থিতচিত্ত—বিণ, ত্রি, অস্থির চিত্ত, চঞ্চল চিত্ত।

অব্যবহার্য্য—বিণ, ত্রি, ব্যবহারের অযোগ্য, অকর্ম্মণ্য।

অব্যবহিত—বিণ, ত্রি, নিকটস্থ, সন্নিহিত।

অব্যবহৃত—বিণ, ত্রি, অনাচরিত, অপ্রচলিত, অনুপযুক্ত।

অব্যাহত—বিণ, ত্রি, অপ্রতিহত, অকুণ্ঠিত।

অব্যাহতি—বি, স্ত্রী, (নঞ্ বি—আ—হন্+ক্তি, ভাব) নিস্তার পরিত্রাণ।

অশক্ত—বিণ, ত্রি, শক্তিহীন, অসমর্থ।

অশক্য—বিণ, ত্রি, শক্তি বহির্ভূত, সাধ্যাতীত।

অশন—বি, ক্লী (অশ্+অনট্, ভাব) ভোজন।

অশনি—বি, পুং, স্ত্রী (অশ্+অনি কর্ত্তৃ) বজ্র, বিদ্যুৎ।

অশরণ—বিণ, ত্রি, অনাথ,নিরাশ্রয়।

অশরীর—বিণ, ত্রি শরীর শূন্য, দেহহীন।

অশান্ত—বিণ, ত্রি, অশ্রান্ত, চঞ্চল, দুরন্ত।

অশাস্ত্র—বি, ক্লী, বেদাঙ্গ বিরুদ্ধশাস্ত্র, অবিধি। (বিণ) অবিহিত, শাস্ত্র বহির্ভূত।

ত—বিণ, ত্রি, মূর্খ, অসভ্য।

অশিব—বি, ক্লী, অমঙ্গল।

—বিণ, ত্রি, অশান্ত, দুরন্ত।

অশীতি—বি, স্ত্রী (অষ্ট—দশন্+তি, নিপা) ৮০ সংখ্যা।

অশুচি—বিণ, ত্রি অশুদ্ধ, অপবিত্র।

অশুদ্ধ—বিণ, ত্রি, অপবিত্র, ভুল-যুক্ত।

অশুদ্ধি—বি, স্ত্রী, অপবিত্রতা, অশৌচ।

অশুভ—বি, ক্লী, অমঙ্গল, অহিতকর।

অশেষজ্ঞ—বিণ, ত্রি, সর্ব্ব বিষয়ে অভিজ্ঞ।

অশোক—বিণ, ত্রি, শোকহীন। পুং বিষ্ণু, স্বনামখ্যাত বৃক্ষ বিশেষ। মগধাধিপতি চন্দ্রগুপ্তের পৌত্র ও বিন্দুসারের পুত্র। কথিত আছে ইনি হিন্দুধর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক বৌদ্ধধর্ম্ম অবলম্বন করিয়াছিলেন। ৩৩ বৎসর রাজত্ব করিয়া সন্ন্যাসধর্ম্ম অবলম্বন করেন। ইনি সকল শ্রেণীর প্রজাবৃন্দকে পুত্রবৎ প্রতি পালন করিতেন।

অশোকাষ্টমী—বি, স্ত্রী, চৈত্রমাসের শুক্লাষ্টমী।

অশোচনীয় } বিণ, ত্রি, শোকের
অশোচ্য } অযোগ্য।

অশৌচ—বি, ক্লী, অশুদ্ধি, অপবিত্রতা।

অশ্রদ্ধা—বি, স্ত্রী, অভক্তি। [হেয়।

অশ্রদ্ধেয়—বিণ, ত্রি, ঘৃণারযোগ্য,

অশ্রান্ত—বিণ, ত্রি, অক্লান্ত, অবিরত।

অশ্রাব্য—বিণ, ত্রি, শুনিবার অ-যোগ্য, কুৎসিত।

অশ্রু—বি, ক্লী, (ন—শ্রি+ডু, কর্ত্তৃ) চক্ষুরজল।

অশ্রুতচর—বিণ, ত্রি, যাহা পূর্ব্বে কখন শুনা যায় নাই।

অশ্রুতপূর্ব্ব—বিণ, ত্রি, যাহা পূর্ব্বে কখন শুনা যায় নাই।

অশ্রুপাত—বি, পুং চক্ষের জলপতন চক্ষু হইতে বারিধারা নির্গম।

অশ্রুপূর্ণ—বিণ, ত্রি, বাষ্পাকুল।

অশ্লীল—বিণ, ক্লী, বিশ্রী, জঘন্য, কুৎসিত।

অশ্ব—বি, পুং (অশ্ +ব, কর্ত্তৃ) হয়, বাজি, ঘোটক।

অশ্বতর—বি, পুং (অশ্ব—তৃ+অন, কর্ত্তৃ) দ্রুতগামী। (অশ্ব+তর, অস্ত্যর্থে) ঘোটকের ঔরসে গর্দ্দভীর গর্ভে জাত বা গর্দ্দভের ঔরসে ঘোটকীর গর্ভজাত অশ্ব বিশেষ, খচ্চর।

অশ্বত্থমা—বি, পুং, (অশ্ব—স্থা+মণিন্ কর্ত্তৃ) দ্রোণাচার্য্যের পুত্র কৃপাচার্য্যের ভগিনী ইঁহার জননী, ইনি পিতার নিকট অস্ত্র বিদ্যা শিক্ষা করেন। ইনি দ্রৌপদীর পঞ্চপুত্র বিনাশ করেন।

অশ্বপাল—বি, পুং, অশ্ব রক্ষক।

অশ্বমুখ—বি,পুং, কিন্নর, কিম্পুরুষ।

অশ্বমেধ—বি, পুং, যজ্ঞ বিশেষ। নিয়নবলইটী যজ্ঞ করার পর সর্ব্ব সুলক্ষণ যুক্ত একটী অশ্বের কপালে জয়পত্র বাঁধিয়া ছাড়িয়া দেওয়া হয়, ১ বৎসর কাল চতুর্দ্দিকে যথেচ্ছ ভ্রমণ করে কেহ তাহাকে আবদ্ধ করিলে তাহার অনুগামী সৈন্য-সামন্ত তাহার সহিত যুদ্ধ করিত। এইরূপ বৎসরান্তে প্রত্যাগত সেই অশ্বের বক্ষস্থলের মেদ অগ্নিতে সংস্কার করা হইত। অবশিষ্ট মাংস দ্বারা হোম করা হইত।

অশ্বশালা—বি.স্ত্রী,মন্দুরা, আস্তাবল।

অশ্বসাদি (দী) বি, পুং, অশ্ব—সদ্ +ইঞ, ণিন্, কর্ত্তৃ) অশ্বারোহী, ঘোড় শোয়ার।

অশ্বারূঢ়—বিণ,ত্রি, ঘোটকারোহী।

অশ্বারোহণ—বি, ক্লী, ঘোড়ায়চড়া।

অষ্টধাতু—বি, পুং, সোণা, রূপা, তামা, সীস, কান্তি লৌহ, রাঙ্ লৌহ, ইস্পাত এই আট প্রকার ধাতু।

অষ্টদিক পাল—বি, পু, ইন্দ্র, বহ্নি, যম, নৈর্ঋতি, বরুণ, মরুৎ, কুবের ও ঈশ।

অষ্টনাগ—বি, পুং, অনন্ত, বাসুকি, পদ্ম, মহাপদ্ম, তক্ষক, কুলীর, কর্কট, শঙ্খ।

অষ্টমঙ্গল—বি, পুং, সিংহ, বৃষ, হস্তী কলশ, ব্যজন, ধ্বজা, শঙ্খ, দীপ বা ব্রাহ্মণ, গো, অগ্নি, স্বর্ণ, ঘৃত, সূর্য্য, জল, রাজা।

অষ্টমূর্ত্তি—বি, পুং, পৃথিবী, জল, অগ্নি, বায়ু, আকাশ, সূর্য্য, চন্দ্র ও শিব।

অষ্টাঙ্গ—বি, ক্লী, জানু, পদ, হস্ত, উরঃ, বুদ্ধি, শিরঃ, বাক্য, চক্ষুঃ।

অষ্টাপদ—বি, পুং, সারিফলক, সতরঞ্চফলক, পাশাবছক।

অষ্টাবক্র—বি, পুং, মুনি বিশেষ। উদ্দালক তনয়া সুজাতা ও কাহোড় মুনি এই দম্পতি হইতে জন্ম গ্রহণ করেন। মাতৃগর্ভে থাকিয়া ইনি সমস্ত শাস্ত্র আয়ত্ত করেন। এক দিবস এই গর্ভস্থ শিশু পিতাকে বলিলেন হে পিতঃ আপনার অধ্যয়ন বিশুদ্ধ হইতেছেনা। শিষ্যগণ সমক্ষে গর্ভস্থ শিশু কর্তৃক অবমানিত হইয়া অষ্টাঙ্গবক্র হইবে বলিয়া অভিসম্পাত করেন। বিকলাঙ্গ হইয়া ভূমিষ্ঠ হওয়ায় অষ্টাবক্র নামে বিখ্যাত হন। অষ্টাবক্র সংহিতা ইঁহারই রচিত, ইনি জনক রাজাকে মোক্ষধর্ম্মে দীক্ষিত করেন।

অষ্টি—বি, স্ত্রী, (অস্ + ক্তি ভাব) আঁটি।

অসংখ্য—বিণ, ত্রি, সংখ্যাতীত, অগণ্য।

অসংযত—বিণ, ত্রি, বন্ধনহীন, অরুদ্ধ, অদমিত।

অসংযম—বি,পুং, সংযমাভাব, কামক্রোধাদি রিপুগণের দমনাভাব।

অসংযুক্ত—বিণ, ত্রি, বিযুক্ত, বিচ্ছিন্ন।

অসংলগ্ন—বিণ, ত্রি, সম্বন্ধ রহিত, পূর্ব্বাপর বিরুদ্ধ।

অসংশয়—বি, পু, নিঃসন্দেহ। বিণ, ত্রি, সন্দেহহীন, নিশ্চিত।

অসংশ্লিষ্ট—বিণ, ত্রি, অসম্বন্ধ, অ-সংযুক্ত।

অসংসৃষ্ট—বিণ, ত্রি, বিচ্ছিন্ন।

অসংস্থান—বি, ক্লী, অপ্রতুল।

অসক্ত—বিণ, ত্রি, ন—সনজ্ + ক্ত, কর্ত্তৃ) অপ্রতিবদ্ধ, বিষয় বিরাগী, অসংলগ্ন।

অসঙ্কুচিত—বিণ, ত্রি, অকুণ্ঠিত, সঙ্কোচ শূন্য।

অসঙ্গত—বিণ, ত্রি, অনুচিত।

অসঙ্গতি—বি, স্ত্রী, সংসর্গাভাব, অসংস্থান।

অসচ্চরিত্র—বিণ, ত্রি, দুশ্চরিত্র।

অসৎ—বিণ, ত্রি, অসাধু, গর্হিত, নিন্দিত।

অসতী—বিণ, স্ত্রী, দুশ্চরিত্রা, কুলটা।

অসত্য—বিণ, ত্রি, মিথ্যা, অলীক।

অসত্যবাদী—বিণ, পুং (অসত্য—বদ্ + ণিন্, কর্ত্তৃ) মিথ্যাবাদী।

অসদ্ভাব—বি, পুং, অসংস্থান অপ্রণয়

অসন—বি, ক্লী, (অস্ + অনট, ভাব) ক্ষেপণ।

অসন্তুষ্ট—বিণ, ত্রি, অতৃপ্ত, বিরক্তি।

অসন্দিগ্ধ—বিণ, ত্রি, সন্দেহ শূন্য, নিঃসন্দেহ।

অসভ্য—বিণ, ত্রি, ভদ্রসমাজের অনুপযুক্ত।

অসময়—বি, পুং, অযোগ্যকাল।

অসমর্থ—বিণ, ত্রি, অশক্ত, দুর্ব্বল।

অসমীক্ষ্য কারী—বিণ, ত্রি (অসমীক্ষ্য কৃ + ণিন্, কর্ত্তৃ) যে বিবেচনা না করিয়া কার্য্য করে।

অসম্বাধ—বিণ, ত্রি, বাধাশূন্য, সন্তুষ্ট রহিত।

অসম্মতি—বি, ত্রি, অমত, সম্মতি না থাকা।

অসম্বদ্ধ—বিণ, ত্রি, অসংলগ্ন, প্রলাপ বি, পুং, অসঙ্গত উক্তি।

অসাধারণ, বি, ক্লী, যাহা সচরাচর ঘটে না, অসামান্য।

অসার—বি, পুং, সারহীন, দুর্ব্বল।

অসি—বি, পুং, খড়্গ।

অসিত—বি,পুং, কৃষ্ণ বর্ণ, কৃষ্ণপক্ষ।

অসিতাপাঙ্গ—বিণ, ত্রি, কৃষ্ণ বর্ণ চক্ষু বিশিষ্ট।

অসিদ্ধ—বিণ, ত্রি, অসম্পন্ন, সফলতা শূন্য, অপ্রামাণিক।

অসীম—বিণ, ত্রি, যাহার সীমা নাই, অনন্ত।

অসুর—বি, পুং দৈত্য, সুরশত্রু।

অসুর সূদন—বি, ক্লী, বিষ্ণু।

অসূয়া—বি, স্ত্রী, পরগুণে দোষারোপ।

অসূয়া পরতন্ত্র—বিণ,ত্রি, ঈর্ষ্যাযুক্ত।

অসূর্য্যম্পশ্যা—বি, ত্রি, (অসূর্য্য—দৃশ্ খশ্, কর্ত্তৃ যে সূর্য্যকেও দেখিতে পায়না।

অসেচনক—বিণ, ত্রি, (অ—সিচ্+ অনট, অধি, কন্, স্বার্থে) অতিপ্রিয় দর্শন।

অস্খলিত—বিণ, ত্রি, অব্যাহত, দৃঢ়।

অস্ত—বি, পুং, (অস্+ক্ত, অধি) পশ্চিমাচল। (ভাব) অবসান, মৃত্যু।

অস্তম্—ব্য (অস+তম্, ভাব) অদর্শন, নাশ।

অস্তময়—বি, পুং, (অস্তম্—ইন্+ অল্, ভাব) অস্তগমন।

অস্তমিত—বিণ, ত্রি, (অস্তম্—ইন্ +ক্ত, কর্ত্তৃ) অস্তগত, লুপ্ত।

অস্তাচল—বি, পুং, অস্তগিরি, পশ্চিমাচল।

অস্তি—ব্য (অস্+ক্তি, ভাব) বিদ্যমানতা।

অস্ত্র—বি, ক্লী, (অস্+ত্র, কর্ম্ম) ক্ষেপণীয়, প্রহার সাধন দ্রব্য, বাণাদি।

অস্ত্রধারী—বিণ, ত্রি,(অস্ত্র—ধৃ+ণিন্ কর্ত্তৃ) অস্ত্রধারণ কারী, ধৃতাস্ত্র।

অস্ত্রবিৎ—বিণ, ত্রি (অস্ত্র—বিদ্+ ক্বিপ, কর্ত্তৃ) অস্ত্রজ্ঞ, অস্ত্রবিদ্যায় পারদর্শী।

অস্ত্রশালা—বি, স্ত্রী, অস্ত্রাগার।

অস্ত্রাগার—বি, পুং, যে গৃহে অস্ত্র থাকে।

অস্থান—বি, ক্লী, কুস্থান।

অস্থাবর—বিণ, ত্রি, গমনশীল, জঙ্গম। [হাড়।

অস্থি—বি, ক্লী, (অস্+কথিন্ কর্ম্ম)

অস্থিজ—বিণ, পুং, (অস্থি—জন+ড, কর্ত্তৃ) মজ্জা।

অস্থিপঞ্জর—বি, পুং, কঙ্কাল।

অস্থির—বিণ, ত্রি, অস্থায়ী, অধীর।

অস্মি—ব্য (অস্+মি, কর্ত্তৃ) আমি।

অস্র—বি, পুং, (অস্+র, কর্ম্ম) বস্তু বা গৃহাদির কোণ। (ক্লী) চক্ষের জল।

অশ্রু—বি, ক্লী, (অস্+রু, কর্ম্ম নেত্র জল।

অস্বপ্ন—বি, পুং, সুর।

অস্বামিক—বিণ, ত্রি, (অস্বামিন্+ক, স্বার্থে) স্বামিহীন।

অস্বাস্থ্য - বি,ক্লী, অসুস্থতা, উপদ্রব

অহঙ্কার—বি,পুং, (অহং—কৃ+ঘঞ্, ভাব) আপনাকে বড় জ্ঞান করা, আমি বিদ্বান আমি বলবান ইত্যাদি রূপ প্রকাশ।

অহঙ্কৃত—বিণ, ত্রি (অহম্—কৃ+ক্ত, কর্ত্তৃ) গর্ব্বিত।

অহমিকা—বি, স্ত্রী, গর্ব্ব।

অহরহঃ—ক্রি, বিণ, প্রত্যহ।

অহর্নিশ—ব্য, ক্লী, দিবারাত্র।

অহর্পতি—বি, পুং, সূর্য্য।

অহর্ম্মুখ—বি, ক্লী, প্রত্যূষ।

অহি—বি, পুং, (আ—হন্+ইন্ কর্ত্তৃ) সর্প, সূর্য্য।

অহিংসা—বি, স্ত্রী, হিংসাভাব, পাড়া না দেওয়া।

অহিদ্বিষ্—বি, পুং, (অহি—দ্বিষ্+ক্বিপ্, কর্ত্তৃ) বিষ্ণু, ইন্দ্র, গরুড়, ময়ূর, নকুল।

অহিত—বি, পুং, শত্রু। (ত্রি) অমঙ্গল।

অহিতুণ্ডিক—বি, পুং, (অহি—তুণ্ড+ঞিক) সর্প খেলক, সাপুড়ে।

অহিফেন—বি, পুং, আফিং।

অহিভুজ—(অহি—ভুজ্+ক্বিপ্ কর্ত্তৃ) গরুড়, ময়ূর, নকুল।

অহীশ্বর—বি, পুং, অনন্ত।

অহেতুক—বিণ, ত্রি, অকারণ।

অহো—ব্য, শোক বিস্ময়াদি প্রকাশক সম্বোধন।

অহোরাত্র—বি, পুং, দিন রাত্র।

অহোবত—ব্য, সম্বোধন।

আ

আ—ব্য, ঈষৎ, ব্যাপ্তি।

আই, আইমা—(দে) মাতামহী।

আইঢাই—(দে) ব্যাকুল, চঞ্চল, অস্থির।

আইন—(যা) রাজ নিয়ম।

আইল—(দে) ক্ষেত্রের সীমা।

আইবড়—বিণ, ত্রি, অবিবাহিত।

আওড়ান—(দে) আবৃত্তি করা।

আওতা—(দে) ছায়া, ঢাকা।

অংটী—(দে) অঙ্গুরীয়।

আংশিক—বিণ, ত্রি, (অংশ+ষ্ণিক, সম্বন্ধীয়ার্থে) অংশ সম্বন্ধীয়।

আঁইশ—বি, শল্ক, মৎস্যের চর্ম্মের উপরের আবরণ।

আঁখিঠার—বি, ইসারা করা।

আঁচল—বি, বস্ত্রের প্রান্ত ভাগ।

আঁটকুড়া—(দে) সন্তান হীন।

আঁটন—(দে) শক্তরূপে বন্ধন।

আঁটাল—(দে) দৃঢ়রূপে বদ্ধ।

আঁতুর—(দে) প্রসব গৃহ।

আঁতুড়ী—বি, নাড়ী ভূঁড়ি।

আঁধার—বি, অন্ধকার।

আঁশ—(দে) সূতা, মাছের চোকলা।

আকজ—বি, শত্রুতা আক্রোশ।

আকণ্ঠ—ব্য, বিণ, কণ্ঠ পর্য্যন্ত।

আকর—বি, পুং, (আ—কৃ+অন্, অধি) খনি, উৎপত্তি স্থান।

আকরিক—বিণ, ত্রি, (আকর+ষ্ণিক, জাতার্থে) খনিজাত, খনিতে নিযুক্ত।

আকর্ণন—বি, স্ত্রী, (আ—কর্ণ+অনট, ভাব) শ্রবণ।

আকর্ষ—বি, পুং; (আ—কৃষ্+অল, ভাব) আকর্ষণ, (করণ) চুম্বক প্রস্তর।

আকর্ষণী—বি, স্ত্রী, আঁকুশি, যদ্বারা কোন বস্তু টানিয়া আনা যায়।

আকস্মিক—বিণ, ত্রি, (অকস্মাৎ+

ষ্ণিক, ভবার্থে) অকস্মাদুৎপন্ন।

আকাঙ্ক্ষা—বি, স্ত্রী, (আ—কাঙ্ক্ষ্ ঙ, ভাব) অভিলাষ, বাঞ্ছা, ইচ্ছা

আকার—বি, পুং, (আ—কৃ+ঘঞ্ ভাব) আকৃতি, মূর্ত্তি।

আকারিত—বিণ, ত্রি, (আ—কৃ+ ণিচ+ক্ত, কর্ম্ম) আহূত।

আকাশ—বি, পুং, (আ—কাশ্+ অল্, কর্ত্তৃ) গমন, শূন্য দেশ।

আকাশবাণী—বিণ, ত্রি, দৈববাণী।

আকুঞ্চন—বি, ক্লী, (আ—কুনচ্+ অনট, ভাব) সঙ্কোচন।

আকুঞ্চিত—বিণ, ত্রি, (আ—কুনচ্+ ক্ত, কর্ম্ম) সঙ্কুচিত, ঈষৎ বক্রীকৃত।

আকুল—বিণ, ত্রি, (আ—কুল্+ ক, কর্ত্তৃ) ব্যাকুল, অস্থিরচিত্ত, বিহ্বল।

আকৃতি—বি, স্ত্রী, (আ—কৃ+ক্তি, ভাব) রূপ, শরীর।

আকৃষ্ট—বিণ, ত্রি, (আ—কৃশ্+ ক্ত, কর্ম্ম) যাহা টানিয়া লওয়া হইয়াছে, গৃহীত, বশীকৃত।

আক্রম—বি, পুং, (আ—ক্রম্+ অল্, ভাব)।

আক্রমণ—বি, ক্লী, (আ—ক্রম্+ অনট, ভাব) অনিষ্ট করিবার ইচ্ছায় বল পূর্ব্বক অন্যের উপর আসিয়া পড়া, চড়াও করা, অভিভব।

আক্রান্ত—বিণ, ত্রি, (আ—ক্রম+ ক্ত, কর্ম্ম) অভিভূত, অধিষ্ঠিত।

আখড়া—(দে) আড্ডা।

আখণ্ডল—বি, পুং (আ—খণ্ড্+ ডল্, কর্ত্তৃ) ইন্দ্র।

আখেজ—(যা) বিবাদ, কলহ।

আখের—(যা) শেষ, পরিণাম।

আখ্যা—বি, স্ত্রী, (আ—খ্যা+ঙ, করণ) নাম।

আখ্যাত—বিণ, ত্রি, কথিত, সূচিত ব্যাকরণে তিঙন্ত পদ।

আগত—বিণ, ত্রি, (আ—গম্+ ক্ত, কর্ত্তৃ) উপস্থিত।

আগন্তু—বি, পুং, (আ—গম্+ তু, কর্ত্তৃ) নবাগত ব্যক্তি।

আগন্তুক—বি, পুং, (আগন্তু+কণ, স্বার্থে) অতিথি, নবাগত, অপরিচিত ব্যক্তি।

আগম—বি, পুং, (আ—গম্+অল্, ভাব) তন্ত্র শাস্ত্র, লেখ্যাদি প্রমাণ, আগমন।

আগমন—বি, ক্লী, (আ—গম্+অনট্, ভাব) উপস্থিত।

আগাছা—বি, অব্যবহার্য্য গাছ।

আগাড়ী—বিণ, অগ্রিম।

আগার—বি, পুং,(আ—গৃ+ঘঞ্, ভাব) গৃহ, বাসস্থান।

আগু—বিণ, প্রথম, অগ্র।

আগুন—বি, অগ্নি, ক্রুর দৃষ্ট।

আগুয়ান, আগুসারি—বিণ, অগ্রগামী।

আগে পাছে—ক্রি-বিণ,অগ্রপশ্চাৎ।

আগ্নেয়—বিণ, ত্রি, অগ্নিসম্বন্ধীয়, অগ্নি বিশিষ্ট।

আগ্নেয়গিরি—বি, পুং, যে পর্ব্বত হইতে অগ্নি ও ধাতু নিস্রব নির্গত হয়।

আগ্নেয়াস্ত্র—বি, ক্লী, যে সকল অস্ত্র অগ্নি উদ্গীরণ করে, কামান বন্দুক প্রভৃতি।

আগ্রহ—বি, পুং, (আ—গ্রহ্+অল্, ভাব) অতিশয় যত্ন।

আঘাত—বি, পুং, (আ—হন্+ঘঞ্, ভাব) প্রহার, মারা।

আঘূর্ণন—বি, ক্লী, (আ—ঘূর্ণ্+অনট্, ভাব) চক্রের ন্যায় ঘূর্ণণ।

আঘূর্ণিত—বিণ, ত্রি, ঘূর্ণায় মান্।

আঙ্গিরস—বি, পুং, বৃহস্পতি, দেবগুরু।

আচমন—বি, ক্লী (আ—চম্+অনট্, ভাব) সন্ধ্যাবন্দনাদীর পূর্ব্বে জলাদি দ্বারা মুখ শোধন।

আচম্বিৎ—ব্য, হঠাৎ, দৈবাৎ।

আচরণ—বি, ক্লী, (আ—চর্+অনট্, ভাব) ব্যবহার, রীতি।

আচরণীয়—বিণ, ত্রি, (আ—চর্+অনীয়, কর্ম্ম) ব্যবহার্য্য।

আচারপূত—বিণ, ত্রি, সদাচারী।

আচার—বি, পুং (আ—চর্+

ঘঞ্, ভাব) ব্যবহার, চরিত্র।

আচার্য্য—বি, পুং, (আ—চর্+ঘ্যঞ্, কর্ত্তৃ) শিক্ষাগুরু, যজ্ঞাদি কার্য্য সম্পাদক।

আচ্ছন্ন—বিণ, ত্রি, (আ—ছদ্+ক্ত, কর্ম্ম) আবৃত, অভিভূত।

আচ্ছাদন—বি, ক্লী, (আ—ছদ্+ঞ+অনট্, ভাব) আবরণ, আচরণ।

আজগবী—(যা) আশ্চয্য, হঠাৎ।

আজন্ম—ক্রি-বিণ, জন্ম হইতে।

আজব—(যা) আশ্চয্য।

আজ্ঞপ্ত—বিণ, ত্রি (আ—জ্ঞপ্+ঞি+ক্ত, কর্ম্ম) আদিষ্ট।

আজ্ঞা—বি, স্ত্রী—(আ—জ্ঞা+ঙ ভাব আপ্) আদেশ।

আজ্ঞাকারী—বিণ, পুং (আজ্ঞা—কৃ+ ণিন্, কর্ত্তৃ) আজ্ঞাবহ, আদেশানুবর্ত্তী।

আজ্ঞানুবর্ত্তী—বিণ, পুং, আজ্ঞা—অনু—বৃৎ+ণিন্, কর্ত্তৃ) আদেশের বাধ্য।

আজ্ঞাবহ—বি, পুং, (আজ্ঞা—বহ্ অন্, কর্ত্তৃ) আজ্ঞাকারী, আদেশের বাধ্য।

আজ্য—বি,ক্লী, (আ—অনজ্+ক্যপ [করণ) ঘৃত।

আঞ্জনেয়—বি, পুং অঞ্জনা+ঢেয়, অপত্যার্থে) অঞ্জনাতনয়, হনুমান।

আটক—বিণ, বাধা, প্রতিবন্ধক।

আটপিটা—বিণ, সর্ব্ব বিষয়ে।

আটা—বি, গোধূম চূর্ণ।

আড়গড়া—বি, আস্তাবল।

আড়ঙ্গ—(দে) যে স্থানে বহুপরিমাণ দ্রব্যাদি বিক্রয় হয়।

আড়ম্বর—বি, পুং, (আ—ডম্ব+অর, ভাব্) বাহুল্য, রণ বাদ্য।

আড়া—(দে,) কড়ি কাঠ।

আড়ানী—(দে,) পাখা বিশেষ।

আড্ডা—(দে,) বাসস্থান, আখড়া।

আঢ়ক—বি, পুং, ক্লী, (আ—ঢৌক্+অন্, কর্ত্তৃ) ধান্যাদির পরিমাণ পাত্রবিশেষ।

আঢ্য—বিণ, ত্রি, (আ—ধ্যৈ+ড, কর্ত্তৃ) ধনী, সম্পন্ন।

আনাবক—বিণ, ত্রি, (অনু+ষ্ণিক, সম্বন্ধার্থে) অনুসম্বন্ধীয়।

আতঙ্ক—বি, পুং, (আ—তনক+ঘঞ্, ভাব) শঙ্কা, রোগ, সন্তাপ।

আতত—বিণ, ত্রি, আ - তন্+ক্ত, কর্তৃ) বিস্তৃত।

আতাতায়ী—বিণ, ত্রি, (আতত—ঈ+ণিন্, কর্তৃ) বধোদ্যত। অগ্নি দোগরদশ্চৈব শস্ত্রপাণি ধনাপহঃ। ক্ষেত্র দারাপহারীচ ষড়েতে আতাতায়িনঃ॥

আতপ বি, পুং, (আ তপ্+অন্, কর্তৃ) রৌদ্র, সূর্য্য কিরণ।

আতপত্র—বি, ক্লী, (আতপ—ত্রৈ+ড, কর্তৃ) ছত্র।

আতর—বি, পুং (আ—তৃ+অল্ কর্তৃ) নদীপারার্থ নৌকা ভাড়া।

আতসবাজী—বি, অগ্নি ক্রীড়া।

আতিথেয়—বিণ, ত্রি, (অতিথি+ঞেয়, সম্বন্ধীয়র্থে) অতিথি সেবক।

আথিথেয়তা—বি, স্ত্রী (আতিথেয় তা, ভাব) অতিথি সেবায় যত্ন।

আতিথ্য—বি, ক্লী, (অতিথি+ষ্ণ্য, ভাবার্থে) অতিথি সেবা।

আতিশয্য—বি, ক্লী, (অতিশয়+ষ্ণ্য, ভাবার্থে) আধিক্য।

আত্মকলহ—বি, পুং, ক্লী, স্বজনের সহিত বিবাদ।

আত্মগরিমা—বি, স্ত্রী, অহঙ্কার।

আত্মগ্লানি—বি, স্ত্রী, কুকার্য্য জনিত মনের খেদ।

আত্মঘাতী—বিণ, ত্রি, (আত্মন্—হন্+ণিন্, কর্তৃ) আত্মহত্যাকারী।

আত্মজ—বি, পুং, (আত্মম্—জন্+ড, কর্তৃ) পুত্র।

আত্মজ্ঞ—বিণ, ত্রি, (আত্মন+জ্ঞা+ড, কর্তৃ) পণ্ডিত, বুধ।

আত্মতত্ত্ব—বি, ক্লী, আত্মরহস্য। নিজের প্রকৃত অবস্থা।

আত্মদর্শন—বি, ক্লী, (আত্মন—দৃশ+অনট, ভাব) নিজের দোষগুণের প্রতি লক্ষ্য রাখা।

আত্মদ্রোহী—বিণ, ত্রি, আত্মন্—

দ্রুহ্ + ণিন্, কর্ত্তৃ) আত্মঘাতা, সদা বিষণ্ন।

আত্মপ্রসাদ—বি, পুং, (আত্মন্—প্র—সদ্ + ঘঞ্, ভাব) সৎ কর্ম্ম করিলে মনে যে আনন্দ হয়।

আত্মম্ভরি—বিণ, ত্রি. (আত্মন্—ভৃ + খি, কর্ত্তৃ) স্বোদর পূরক, স্বার্থপর।

আত্মপ্রশংসা—বি, স্ত্রী, নিজেনিজের [প্রশংসা করা।

আত্মসংস্কার—বি, পুং, আত্মন্—সং—কৃ + ঘঞ্, ভাব) জ্ঞান দ্বারা চিত্তের উন্নতি সাধন।

আত্মসাৎ—ব্য (আত্মন্ + চসাৎ) আত্মাধীন।

আত্মহত্যা—বিং স্ত্রী, (আত্মন্—হন্ + ক্যপ্, ভাব + আপ্) আত্ম-নাশ, স্বহস্তে নিজের বিনাশ।

আত্মা—বি, পুং, যে চৈতন্যময় পদার্থ দেহ আশ্রয় করিয়া অব-স্থিতি করে।

আত্মাদর—বি,পুং, নিজের সম্মানের প্রতি সতর্ক দৃষ্টি।

আত্মাবলম্বন—বি, ক্লী, কোন বিষয়ে অন্যের সাহায্যের অপেক্ষা না করা।

আত্মীয়—বিণ, ত্রি, (আত্মন্ + ণীয়, সম্বন্ধীয়ার্থে) আত্ম সম্পর্কীয়, স্বজন।

আত্মীয়তা—বি, স্ত্রী, (আত্মীয় + তা, ভাবার্থে) বন্ধুতা।

আদর—বি, পুং, (আ—দৃ + অল, ভাব) যত্ন, আশক্তি।

আদান—বি,ক্লী,(আ—দা + অনট্, ভাব) গ্রহণ।

আদি—বি, পুং, (আ—দা + কি, কর্ম্ম) প্রথম।

আদিকবি—বি,পুং, বাল্মীকি, ব্রহ্মা।

আদি কারণ—বি, ক্লী, মূল হেতু।

আদিত্য—বি, পুং, (অদিতি + ষ্ণ্য, অপত্যার্থ) দেবতা।

আদিম—বিণ, ত্রি, (আদি + ম, ভবার্থে) প্রথম।

আদিষ্ট—বিণ, ত্রি, (আ—দিশ্ + ক্ত, কর্ম্ম) আজ্ঞা প্রাপ্ত।

আদুরে—(দে,) অত্যধিক সোহাগে প্রাতিপালিত।

আদেশ—বি, পুং, (আ—দিশ্ + অল্, ভাব) আজ্ঞা।

আদ্য—বিণ, ত্রি, (আদি+ষ্ণ্য, ভবার্থে) প্রথম।

আদ্যন্ত—আদ্যোপান্ত—বি, পুং, প্রথম হইতে শেষ পর্য্যন্ত।

আধান—বি, ক্লী আ-ধা+অনট্ ভাব) স্থাপন, সম্পাদন।

আধার—বি, পুং (আ—ধৃ+ঘঞ্, ভাব) স্থান, পাত্র।

আধি—বি, পুং (আ—ধা+কি, অধি) পীড়া, বিপদ্।

আধিজ—বিণ, ত্রি (আধি—জন্+ ড, কর্ত্তৃ) মন পীড়া জনিত।

আধিদৈবিক—বিণ, ত্রি (অধিদেব + ষ্ণিক ভাবার্থে) দৈবজাত, বজ্রপাতাদি জনিত।

আধিপত্য—বি, ক্লী, (অধিপতি+ ষ্ণ্য ভাবার্থে) প্রভুত্ব. কর্ত্তৃত্ব।

আধি ভৌতিক—বিণ, ত্রি, (অধি- ভূত+ষ্ণিক, ভবার্থে) ভূতজাত। ব্যাঘ্র সর্পাদি জনিত দুঃখ।

আধুনিক—বিণ, ত্রি, (অধুনা+ ষ্ণিক, ভবার্থে) ইদানীন্তন, নব্য।

আধেয়—বিণ, ত্রি, (আ—ধা+য, কর্ম্ম) স্থাপনীয়, বন্ধকীয়।

অধ্মাত—বিণ, ত্রি, (আ—ধ্মা+ ক্ত, কর্ম্ম) শব্দিত, (কর্ত্তৃ) বায়ু পূরিত।

আধ্মান—বি, ক্লী, (আ-ধ্মা+ অনট্, ভাব, স্ফীত হওয়া, বৃদ্ধি।

আধ্যাত্মিক-বিণ, ত্রি, (অধ্যাত্ম+ ষ্ণিক, জাতার্থে) আত্মা হইতে যাহা জন্মে, ঈশ্বর সম্বন্ধীয়।

অনক—বি, পুং, (আ—অন্+ ণক্ কর্ত্তৃ) পটহ, ভেরী, মৃদঙ্গ।

আনক দুন্দুভি—বি, পুং, বসুদেব।

আনন—বি, ক্লী, (আ—অন্+ অনট্, করণ) বদন, মুখ।

আনন্দ-বি, পুং, (আ—নন্দ্+ অল্, ভাব) হর্ষ।

আনন্দিত—বিণ, ত্রি,(আ—নন্দ্+ ক্ত, কর্ত্তৃ) হৃষ্ট।

আনয়ন—বি, ক্লী, (আ—নী+

অনট্, ভাব) স্থানান্তর প্রাপণ।

আনায়—বি, পুং (আ—নী+ঘঞ্ করণ) জাল।

আনীত—বিণ, ত্রি, (আ—নী+ক্ত, কর্ম্ম) যাহা আনা হইয়াছে।

আনুকূল্য—বি, ক্লী, (অনুকূল+ষ্ণ্য, ভাবার্থে) সাহায্য।

আনুগত্য—বি, ক্লী, (অনুগত+ষ্ণ্য, ভাবার্থে) বাধ্য।

আনুপূর্ব্বিক—বিণ, ত্রি, (অনু—পূর্ব্ব+ষ্ণিক, ভবার্থে) পরপর ক্রি, বিণ, যথাক্রমে, যারপর যা এই নিয়মে।

আনুমানিক—বিণ, ত্রি (অনুমান+ষ্ণিক, ভবার্থে) অনুমান সিদ্ধ, আন্দাজি।

আনুষঙ্গিক—বিণ, ত্রি, (অনুসঙ্গ+ষ্ণিক, সম্বন্ধার্থে)সংলগ্ন, অপ্রধান।

আনৃণ্য—বি, ক্লী, (অনৃণ+ষ্ণ্য, ভাবার্থে) ঋণ হইতে মুক্তি, ঋণ রাহিত্য।

আন্তরিক—বিণ, ত্রি (অন্তর+ষ্ণিক, সম্বন্ধার্থে)অন্তর্গত, মনোগত

আন্দোলন—বি, ক্লী, (আ—দুল্+অনট্) দোলন, কম্পন।

অন্বীক্ষিকী—বি, স্ত্রী, (অনু—ঈক্ষ+ষ্ণিক, সম্বন্ধার্থে) তর্কবিদ্যা।

আপ—বি,ক্লী,(অপ্+ষ্ণ, সমূহার্থে) জলরাশি।

আপগা—বিণ, স্ত্রী, (আপ—গম্+ড, কর্ত্তৃ+আপ) নদী, স্রোতস্বতী

আপণ—বি; পুং, (আ—পন্+অল অধি) হট্ট, হাট, বাজার।

আপণিক—বিণ ত্রি, (আপন+ষ্ণিক সম্বন্ধার্থে,বিক্রেতা, দোকানী

আপতিত—বিণ, ত্রি, (আ—পত্+ক্ত, কর্ত্তৃ) আগত, যাহা ঘটিয়াছে এরূপ।

আপত্তি—বি, স্ত্রী. (আ—পদ্+ক্তি, ভাব) আপদ্ তর্কদোষ।

আপন্ন—বিণ, ত্রি, (আ—পদ্+ক্ত, কর্ত্তৃ) বিপদ্ গ্রস্থ।

আপঃ—বি, ক্লী, (আপ্+অস, কর্ম্ম) জল।

আপাত—বি, পুং, (আ—পত্ + ঘঞ, ভাব) আগমন।

আপততঃ—ব্য, (আপাত+তস্, ভবার্থে) সম্প্রতি।

আপান—বি, ক্লী (আ—পা+ অনট্, অধি) মদ্য বিক্রয় স্থান।

আপীল—(ইং) পুনর্ব্বিচারের প্রার্থনা। [কর্ত্তৃ) বিশ্বস্ত।

আপ্ত—বিণ, ত্রি, (আপ্ + ক্ত,

আপ্যায়িত—বিণ, ত্রি, (আ—প্যায়+ ক্ত, কর্ত্তৃ) তৃপ্ত, প্রীত।

আপ্লুত—বিণ, ত্রি, (আ—প্লু + ক্ত, কর্ত্তৃ) স্নাত, শিক্ত।

আফসোস্—(যা) খেদ।

আভরণ—বি, ক্লী, (আ—ভৃ+ অনট্, ভাব) অলঙ্কার।

আভা—বি, শ্রী, (আ—ভা+ঙ, ভাব+আপ) দীপ্তি।

আভাষ—বি, পুং, (আ—ভাষ্+ অল্, ভাব) ভূমিকা, মুখবন্ধ।

আভাস—বি, পুং, (আ—ভাস্+ অল্, ভাব) দীপ্তি, প্রভা।

আভিজাত্য—বি, ক্লী, (অভিজাত +ষ্ণ্য ভাবার্থে) কৌলিন্য, বংশ মর্য্যাদা।

আভিধানিক—বিণ, ত্রি, (অভিধান+ষ্ণিক সম্বন্ধার্থে) অভিধান সম্বন্ধীয়।

আভিমুখ্য—বি, ক্লী, (অভিমুখ+ ষ্ণ্য, ভাবার্থে) সম্মুখবর্ত্তিতা।

আভীর—বি, পুং, (আ—ভী—রা+ ড, কর্ত্তৃ) গোপ, গোয়ালা।

আভ্যুদয়িক—বিণ, ত্রি, (অভ্যুদয়+ ষ্ণিক, সম্বন্ধার্থে) মাঙ্গলিক, উন্নতিদায়ক।

আম—বি, পুং (আ—অম্+ঘঞ, কর্ত্তৃ) অপক্ক, কাঁচা।

আমচুর—বি, আমশী।

আমদানী—যা আয়, বিক্রয়ের জন্য ভিন্ন স্থান হইতে জিনিস আনা।

আমন—(যা) ধান্য বিশেষ।

আমন্ত্রণ—বি, ক্লী (আ—মন্ত্র্+ অনট্, ভাব) সম্বোধন, আহ্বান নিমন্ত্রণ।

আময়—বি, পুং, (আম—যা+ড, কর্ত্তৃ) রোগ, ব্যাধি।

আমল—(যা) দখল, অধিকার।

আমলনামা—(যা) জমী দখল দেওয়ার জন্য আজ্ঞাপত্র।

আমলা—(যা) জমীদার বা গবর্ণমেণ্টের কর্ম্মচারী।

আমিষাশী—বিণ, পুং (আমিষ—অশ+ণিন্, কর্ত্তৃ) মাংসভোজী।

আমীন—(যা) জমি জরীপ করিবার জন্য নিযুক্ত লোক।

আমীর—(যা) ধনবান, সম্ভ্রান্ত লোক।

আমোদ—বি, পুং, (আ—মুদ্+অল্, ভাব) হর্ষ, আহ্লাদ।

আমোদিত—বিণ, ত্রি (আ—মুদ্+ক্ত, কর্ত্তৃ) আহ্লাদিত।

আম্রেড়ন—বি,ক্লী, পুন-পুনঃ কথন

আয়—বি, পুং, (ই+অল্, ভাব) ধনাগম।

আয়ত—বিণ, ত্রি, (আ—যম্+ক্ত, কর্ত্তৃ) বিস্তৃত।

আয়ত্ত—বিণ, ত্রি (আ—যত্+ক্ত, কর্ত্তৃ) অধীন।

আয়তন—বি, ক্লী, (আ—যত্+অনট, ভাব) চিন্তার, পরিমাণ।

আয়না—(যা) দর্পণ, আর্শী।

আয়মা—(যা) নিষ্কর জমি।

আয়স—বি, অয়স্+ষ্ণ, স্বার্থে লৌহ। (সম্বন্ধার্থে) লৌহময়।

আয়াস—বি, পুং, (আ—যস্—ঘঞ্, ভাব) শ্রম।

আয়ু—বি, পুং, আ—যা+ডু, কর্ত্তৃ জীবিতকাল।

আযুক্ত—বিণ, ত্রি, (আ—যুজ্+ক্ত, কর্ত্তৃ) ব্যাপারিত, নিযুক্ত।

আয়ুধ—বি, ক্লী, (আ—যুধ্+ক, কারণ) অস্ত্র।

আয়ুর্ব্বেদ—বি,পুং, চিকিৎসাশাস্ত্র।

আয়ুষ্কর—বিণ, ত্রি, (আয়ুস্—কৃ+ট, কর্ত্তৃ) আয়ু বৃদ্ধি কারক।

আয়ুষ্য—বিণ, ত্রি (আয়ুস্+ষ্ণ্য সম্বন্ধীয়ার্থে) আয়ুষ্কর। বি, ক্লী আয়ুঃ।

আয়ুস্—বি—ক্লী, (আ—ই+য়ুস্, কর্ত্তৃ) জীবিতকাল।

আয়ুষ্মাস্—বিণ, পুং, (আয়ুস্+মতু, অস্ত্যর্থে) দীর্ঘায়ুঃ, চিরজীবী।

আয়োজন—বি, ক্লী, (আ—যুজ্+অনট্, ভাব) উদ্যোগ সংগ্রহ।

আরক্ত—বিণ, ত্রি, (আ—রন্জ্+ক্ত, কর্ত্তৃ) ঈষৎ লাল বর্ণ।

আরণ্য—বিণ, ত্রি, (অরণ্য+ষ্ণ্য ভবার্থে) বনজাত।

আরম্ভ—বি, পুং, (আ—রভ্+ঘঞ, ভাব) সুরু, উপক্রম।

আরব্ধ—বিণ, ত্রি, (আ—রভ্+ক্ত, কর্ত্তৃ) যাহা আরম্ভ হইয়াছে, অনুষ্ঠিত।

আরশুলা—বি, তেলা পোকা।

আরাধনা—বি, স্ত্রী, (আ—রাধ্+অনট, ভাব+আপ) উপাসনা।

আরাধ্য—বিণ, ত্রি, (আ—রাধ+য, কর্ম্ম) পূজ্য, উপাস্য।

আরাব—বি, পুং, (আ—রু+ঘঞ, ভাব) শব্দ।

আরাম—বি, পুং (আ—রম্+ঘঞ, ভাব) বিশ্রাম, উপশম পীড়ার শান্তি।

আরোগ্য—বি, ক্লী, (অরোগ ষ্ণ্য, ভাবার্থে) রোগ শান্তি।

আরোপ—বি, পুং (আ—রুহ্ ণিচ্+অল এক বস্তুতে অন্য বস্তুর ধর্ম্ম স্থাপন।

আরোহণ—বি, ক্লী, (আ—রুহ্+অনট, ভাব) উপরে উঠা।

আর্ত্ত—বিণ, ত্রি, (আ—ঋ+ক্ত, কর্ত্তৃ) পীড়িত, দুঃখিত, ক্লিষ্ট।

আর্থিক—বিণ, ত্রি, অর্থ+ষ্ণিক সম্বন্ধীয়ার্থে) অর্থ সম্বন্ধীয়।

আর্দ্র—বিণ, ত্রি, (অর্দ্দ+র, কর্ত্তৃ) সজল, ভিজা।

আর্দ্রক—বি, ক্লী, (আর্দ্র+কণ, স্বার্থে) আদা।

আর্য্য—বিণ, ত্রি, (ঋ+ণ্যৎ, কর্ত্তৃ) মানী, শ্রেষ্ঠ, স্বামী, সজ্জন। 'ঋ' ধাতুর অর্থ ভূমি কর্ষণ; পূর্ব্বকালে হিন্দুরা ভূমি কর্ষণ দ্বারা জীবিকা

নির্ব্বাহ করিত বলিয়া তাহাদিগকে আর্য্য বলে।

আর্ষ—বি, পুং, (ঋষি+ষ্ণ, সম্বন্ধীয়ার্থে) ঋষি সম্বন্ধীয়।

আলম্বিত—বিণ, ত্রি, আ—লম্ব্+ক্ত, কর্ম্ম) আশ্রিত।

আলয়—বি, পুং, আ—লী—অল, অধি) গৃহ।

আলবাল—বি, ক্লী,(আ—লু+আল কর্ম্ম) বৃক্ষমূল বেষ্টিত জলাধার।

আলান—বি, ক্লী, (আ—লী+অনট্, আধ) বন্ধন স্তম্ভ।

আলিঙ্গন—বি, ক্লী, (আ—লিঙ্গ্+অনট্, ভাব) পরস্পর আশ্লেষ।

আলিম্পন—বি, ক্লী, (আ—লিপ্+অনট, ভাব) আলিপনা।

আলুথালু, আলু লায়িত—(দে) উন্মুক্ত, ইতস্ততঃ বিক্ষিপ্ত।

আলেখ্য—বি, ক্লী, (আ—লিখ্+ঘ্যণ, কর্ম্ম) চিত্র পট।

আলেয়া—(দে) আলোদানব, আগ্নেয় বাষ্প।

আলোচনা—বি, স্ত্রী (আ—লোচ্+অনট্ ভাব+আপ) চর্চ্চা, অনুশীলন।

আলোচিত—বিণ, ত্রি, আ-লুচ্+ক্ত, কর্ম্ম) চর্চ্চিত।

আলোড়ন—বি, ক্লী, (আ-লোড়্+অনট্ ভাব) মন্থন, ঘোটন।

আবওয়াব—(যা) বাজে জমা।

আবকারী—(মা) মাদক দ্রব্যের কর।

আবদ্ধ—বিণ, ত্রি, (আ-বন্ধ+ক্ত কর্ত্তৃ) বদ্ধ, প্রতিরুদ্ধ।

আবরক—বিণ, ত্রি (আ—বৃ+ণক কর্ত্তৃ) আচ্ছাদক।

আবরণ—বি, ক্লী, (আ—বৃ+অনট্, ভাব) আচ্ছাদন।

আবর্জ্জনা—(দে) জঞ্জাল।

আবর্ত্তন—বি, ক্লী, (আ—বৃৎ+অনট্, ভাব) আলোড়ন, বেষ্টন।

আবলি-লী—বি, স্ত্রী, শ্রেণী, সমূহ।

আবশ্যক—বিণ, ত্রি, (অবশ্য+কন্ স্বার্থে) প্রয়োজনীয়।

আবহমান—বিণ, ত্রি, (আ—বহ +শান, কর্ত্তৃ) যাহা বরাবর চলিয়া আসিতেছে !

আবাদ—(যা) চসা।

আবাল—বি, ক্লী, (আ—বল্+ ঘঞ্ আলবাল (বিণ) আস বাষ্প।

আবাহন—বি, ক্লী, দেবতাহ্বান।

আবির্ভাব—বি, আবিস্-ভূং+ ঘঞ্, ভাব) প্রকাশ, উদ্ভব।

আবিল—বিণ, ত্রি, (আ—বিল্+ ক, কর্ত্তৃ) কলুষিত, আকুল।

আবিষ্কার—বি, পুং (আবিস্— কৃ+ঘঞ্।

আবিষ্ক্রিয়া—বি, স্ত্রী, (আবিস্ —কৃ+শ, ভাব+আপ) নূতন প্রকাশ।

আবিষ্ট—বিণ, ত্রি, (আ—বিশ্+ ক্ত কর্ম্ম) ভূতাদি গ্রস্ত।

আবীর—বি, ক্লী (আ—বি+ঈর কর্ম্ম) ফাগ, রঞ্জক দ্রব্য বিশেষ।

আবৃত—বিণ, ত্রি, (আ—বৃ+ক্ত, কর্ত্তৃ) বেষ্টিত, আচ্ছাদিত, ব্যাপ্ত।

আবৃত্তি—বি, স্ত্রী, (আ—বৃৎ+ক্তি, ভাব) অভ্যাস পুন পুনঃ বপন।

আবেগ—বি, পুং, (আ—বিজ্+ ঘঞ্, ভাব) অস্থিরতা চিত্তের আকুলতা।

আবেদন—বি, ক্লী, (আ—বিদ্+ অনট, ভাব) নিবেদন, বিজ্ঞাপন।

আবেশ—বি, পুং, (আ—বিশ্+ অনট, ভাব, প্রবেশ, অভিনিবেশ, অধিষ্ঠান।

আবেষ্টক—বি, পুং, (আ—বেষ্ট্+ ণক, কর্ত্তৃ) প্রাচীর, বৃতি, বেড়া।

আশংশিত—বিণ, ত্রি, (আ— শনস্+ক্ত, কর্ম্ম) বাঞ্ছিত, কথিত।

আশংসু—বিণ, ত্রি, (আ—শন্স +উ, কর্ত্তৃ) ইচ্ছুক।

আশঙ্কা—বি, স্ত্রী, (আ—শন্ক

+অ ভাব+আপ) ত্রাস, ভয়, সন্দেহ।

আশঙ্কিত—বিণ, ত্রি, (আ—শন্‌ক্‌ +ক্ত, কর্ত্তৃ) ত্রস্ত, ভীত, সন্দিগ্ধ।

আশয়—বি, পুং, (আ—শী+ অল, ভাব) অভিপ্রায়, ইচ্ছা।

আশা—বি. স্ত্রী. (আ—অশ্‌+ঙা ভাব আকাঙ্ক্ষা, প্রত্যাশা।

আশিস—বি, স্ত্রী, (আ—শাস্‌+ ক্বিপ্‌, ভাব) শুভাকাঙ্খা, অভিলাষ।

আশী—বি, স্ত্রী, (আ—অশ্‌+ ক্বিপ, করণ) সর্পের বিষদন্ত।

আশীর্ব্বচন—বি,ক্লী, } শুভাকাঙ্ক্ষা
আশীর্ব্বাদ—বি, পুং } সূচক বাক্য।

আশীবিষ—বি, পুং, সর্প।

আশুগ—বি, পুং (আশু—গম্‌+ ড, কর্ত্তৃ) বায়ু, বাণ (ত্রি) শীঘ্রগামী।

আশ্চর্য্য—বি, ক্লী, (আ—চর্‌+ ঘ্যণ, কর্ম্ম) বিস্ময়। (ত্রি) বিস্ময় জনক।

আশ্রম—বি, পুং (আ—শ্রম্‌+অল অধি) সংসার বিরাগী ব্যক্তির অরণ্যাদি বিজন প্রদেশস্থ বাসস্থান। ইহা চারি প্রকার যথা ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বাণপ্রস্থ ভৈক্ষ্য।

আশ্রয়—বি, পুং, (আ—শ্রি+ অল, ভাব) আবাস স্থান, সহায়, গৃহ।

আশ্রিত—বিণ,ত্রি, (আ—শ্রি+ক্ত, কর্ত্তৃ) শরণাগত।

আশ্বাস—বি, পুং, (আ—শ্বস্‌+ ঘঞ্‌, ভাব) আশাদান, সান্ত্বনা, উৎসাহদান।

আশ্বিন—বি, পুং, (অশ্বিনী+ষ্ণ, যুক্তার্থে) ষষ্ঠ মাস।

আষাঢ়—বি, পুং, (আষাঢ়া+ষ্ণ, যুক্তার্থে) প্রসিদ্ধমাস।

আসক্ত—বিণ, ত্রি, (আ—সন্‌জ+ ক্ত, কর্ত্তৃ) অনুরক্ত, যত্নবান্‌।

আসঙ্গ—বি, পুং, (আ—সন্‌জ+ ঘঞ, ভাব)

আসক্তি—বি, স্ত্রী (আ—সনজ+ক্তি ভাব) অনুরাগ, ভোগাভিলাষ।

আসত্তি—বি, স্ত্রী, (আ—সদ্+ক্তি, ভাব) নৈকট্য, মিলন।

আসন—বি, ক্লী, (আস্+অনট্, ভাব) যাহাতে বসাযায়, উপবেশন।

আসন্ন—বিণ, ত্রি, (আ—সদ্+ক্ত, কর্ত্তৃ) নিকটস্থ, সমীপস্থ।

আসব—বি, পুং, (আ—সু+অল্, ভাব) মদিরা।

আসবাব—(যা) দ্রব্য সামগ্রী।

আসামী—(যা) প্রতিবাদী।

আষার—বি, পুং, (আ—সৃ+ঘঞ্, ভাব) মুষলধারায় বৃষ্টিপাত, জল কণা।

আসীন—বিণ, ত্রি, (আশ্+শান্ কর্ত্তৃ) উপবিষ্ট।

আসেচন—বিণ, ত্রি, (অসেচন+ষ্ণ, সম্বন্ধীয়ার্থে)।

আসেচনক—বিণ, ত্রি, (আসেচন+কণ, স্বার্থে) অতি তৃপ্তিকর।

আস্কন্দন—বি, ক্লী, (আ—স্কন্দ্+অনট্, ভাব) তিরস্কার, আস্ফালন, যুদ্ধ।

আস্কন্দিত—বিণ, ত্রি, (আ—স্কন্দ্ ণিচ্+ক্ত, ভাব) অশ্বের গতি বিশেষ।

আস্তর—বি, পুং, (আ—স্তৃ+অল, করণ) বিছানার চাদর।

আস্তরণ—বি, ক্লী, (আ—স্তৃ+অনট্, করণ) হস্তি পৃষ্ঠস্থ কম্বলাদি, শয্যার উত্তর চ্ছদ।

আস্তিক—বিণ, ত্রি, (অস্তি+কণ, স্বার্থে) ঈশ্বরবাদী যে পরকাল ও শাস্ত্র বিশ্বাস করে।

আস্তীর্ণ—বিণ, ত্রি, (আ—স্তৃ+ক্ত, কর্ম্ম) আচ্ছাদিত।

আস্থা—বি, স্ত্রী, (আ—স্থা+ঙ, ভাব) শ্রদ্ধা, আদর, যত্ন।

আস্পদ—বি, ক্লী, (আ—পদ্+অল, অধি) স্থান, পদ।

আস্পর্দ্ধা—বি, ত্রি, অসম্ভব অহঙ্কার প্রকাশ, আস্ফালন।

আস্বাদ (দন)—বি, পুং, ক্লী, (আ—স্বদ+ঘঞ, অনট্ ভাব। স্বাদ-গ্রহণ।

আহরণ—বি, ক্লী, (আ—হৃ+অনট্, ভাব সংগ্রহ।

আহব—বি, পুং, (আ—হ্বে+অল, ভাব) যুদ্ধ।

আহবনীয়—বি, পুং, (আ—হ্বে+অনীয় অধি) যজ্ঞাগ্নি বিশেষ।

আহার—বি, পুং, (আ-হৃ+ঘঞ ভাব) ভোজন খাদ্য দ্রব্য।

আহার্য্য—বিণ, ক্লী, (আ—হৃ+ঘ্যণ কর্ম্ম) আহরণীয়, আহারীয়, ভোজ্য। [অগ্নিহোত্রী।

আহিতাগ্নি—বি, পুং, সাগ্নিক,

আহুত—বিণ, ত্রি, (আ—হু+ক্ত কর্ম্ম) সম্যক্ হুত। (ভাব) গৃহস্থের অনুষ্ঠেয় পঞ্চযজ্ঞ।

আহৃত—বিণ, ত্রি, (আ—হৃ+ক্ত, কর্ম্ম) সঞ্চিত।

অহো—ব্য (আ—হন+ডো, অধি) প্রশ্ন সংশয়, বিচার।

আহ্নিক—বিণ, ত্রি, (অহন্+ষ্ণিক, ভবার্থে) দৈনিক।

আহ্লাদ—বি, পুং, (আ—হ্লাদ্+অল্, ভাব হর্ষ, আনন্দ।

আহ্লাদিত—বিণ, ত্রি, (আ—হ্লাদ্+ক্ত, কর্ত্তৃ) আনন্দিত, হৃষ্ট, হর্ষযুক্ত।

আহ্বান—বি, ক্লী, (আ—হ্বে+অনট্, ভাব) আমন্ত্রণ, ডাকা, সম্বোধন।

ই—বি, পুং, (অ+ষ্ণি অপত্যার্থে) কাম দেব। (ব্য) খেদ।

ইক্ষু—বি, পুং, (ইষ্+কসু) স্বনামখ্যাত বৃক্ষ।

ইক্ষুসার—বি, পুং, ইক্ষুগুড়।

ইক্ষ্বাকু—বি, পুং, (ইক্ষু—আ—কু+ডু, কর্ত্তৃ)সূর্য্য বংশীয় নৃপ বিশেষ। ইহার পিতার নাম বৈবস্বত-মনু, মাতার নাম শ্রদ্ধা ইঁহার শত পুত্র জন্ম গ্রহণ করিয়াছিল।

ইঙ্গিত—বি, (ইন্‌গ+ক্ত, ভাব) ইসারা বেষ্টিত।

ইঙ্গুদ—বি, পুং, ইনগ+উ, ভাব= ইঙ্গ+দা+ড, কর্ত্তৃ) তৈলপ্রদ তাপস তরু। স্ত্রী, ইঙ্গুদী।

ইচর—(দে) কাঁচা কাটাল।

ইচ্ছা—বি, স্ত্রী (ইষ্‌+অ; ভাব+আপ) বাঞ্ছা, স্পৃহা।

ইচ্ছু—বিণ, ত্রি, (ইষ্‌+উ, কর্ত্তৃ) যাহার ইচ্ছা আছে, অভিলাষী।

ইজা—(যা)হিসাবাদির একফর্দ্দের ঠিক অন্য ফর্দ্দের নীচে টানিলে তাহাকে ইজা বলে।

ইজারা—(যা) এক জনার যে জমি কতিপয় বৎসরের জন্য বন্দোবস্ত করিয়া দেওয়া যায়।

ইজ্যা—বি, স্ত্রী, যেজ্‌+ক্যপ, কর্ত্তৃ +আপ) যজ্ঞ, পূজা, দান।

ইত—বিণ, ত্রি, (ই+ক্ত, কর্ত্তৃ) গত, প্রাপ্ত।

ইতর—বিণ, (ই+তৃ+অল, কর্ম্ম) অন্য, নীচ, পামর।

ইতরেতর—বিণ ত্রি, পরস্পর।

ইতঃ—ব্য, (ইদম্‌+তস্‌, ভবার্থে) ইহা হইতে ইহাতে।

ইতস্ততঃ—ব্য, এখানে সেখানে, চতুর্দ্দিকে।

ইতি—ব্য, (ই+ক্তি, ভাব) এই প্রকার, ইহা।

ইতি কর্ত্তব্যতা—বি, স্ত্রী, কোন কার্য্য করিবার আনুষঙ্গিক অনুষ্ঠান সকল।

ইতিবৃত্ত—বি, ক্লী, ইতিহাস।

ইতিহাস—বি, পুং, (ইতিহ—অস্‌ দঞ্‌, ভাব) অতীত ঘটনাদির বিবরণ, পুরাবৃত্ত।

ইদানীম্‌—ব্য, (ইদম্‌+দানীম্‌, ভবার্থে) সম্প্রতি, এক্ষণে।

ইনাম—(যা) পুরস্কার।

ইন্দিরা—বি, স্ত্রী, (ইন্দ+ইর, কর্ত্তৃ +আপ) লক্ষ্মী, কমলা।

ইন্দিবর—বি, ক্লী, নালোৎপল।

ইন্দু—বি, পুং, (উন্দ+উ, কর্ত্তৃ) চন্দ্র, শশী, কর্পূর।

ইন্দুকান্ত—বি, পুং, চন্দ্রকান্ত মণি। (স্ত্রী) রাত্রি, তারকা।

ইন্দুমতী—বি, স্ত্রী (ইন্দু+মতু, অস্ত্যর্থে+ঈপ) পূর্ণিমা। সূর্য্য বংশীয় অজরাজার পত্নী, দশরথের মাতা। ইনি এক দিন পতিরসহিত উদ্যানে ভ্রমণ করিতেছেন এমন সময় নারদের বীণা হইতে পারি-জাত পুষ্পের মালা স্খলিত হইয়া ইঁহার শরীরে পতিত হওয়ায় ...ব মৃত্যু হইয়াছিল

ইন্দ্র—বি, পুং, (ইন্দ্+র, কর্ত্তৃ) দেবরাজ মনামুনি কশ্যপের ঔরসে অদিতির গর্ভে ইঁহার জন্ম হয়। ইনি স্বর্গের অধিপতি। ব্রহ্মা, বিষ্ণু, শিব ভিন্ন সকল দেবতাই ইঁহার অধীন।

ইন্দ্রজাল—বি, ক্লী, ভোজবাজী ভেলকি।

ইন্দ্রজিৎ—বি, পুং, (ইন্দ্র—জি+ক্বিপ, কর্ত্তৃ) রাবণ পুত্র, মেঘনাদ।

ইন্দ্রধনু—বি, ক্লী, শক্র ধনু।

ইন্দ্রপ্রস্থ—বি, ক্লী, দিল্লী।

ইন্দ্রলোক—বি, পুং, অমরাবতী।

ইন্দ্রাণী—বি, স্ত্রী, ইন্দ্রভার্য্যা, শচী।

ইন্দ্রিয়—বি, ক্লী, (ইন্দ্র+ময়, চক্ষু, কর্ণ, নাসিকা জিহবা ও ত্বক এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, বাক্, পাণি, পাদ, পায়ু, উপাস্থ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয়। অন্তরেন্দ্রিয় মন, বুদ্ধি প্রভৃতি।

ইন্দ্রিয় নিগ্রহ - বি, পুং, ইন্দ্রিয় দমন।

ইন্ধন—বি, ক্লী, (ইন্ধ্+অনট্ করণ) জ্বালানী কাষ্ঠ। হস্তী।

ইভ—বি, পুং, (ই+ভক্, কর্ত্তৃ)

ইভরাজ—বি, পুং ঐরাবত হস্তী।

ইয়ৎ—বিণ, ত্রি, (ইদম্+বতু পরিমাণার্থে) এই পরিমাণ।

ইয়ত্তা—বি, স্ত্রী (ইয়ৎ+তা) এতৎ পরিমাণ, সীমা, সংখ্যা।

ইরম্মদ—বি, পুং (ইরা—মদ্+খশ, কর্ত্তৃ) হস্তী, বজ্রাগ্নি।

ইরা—বি, স্ত্রী (ই+রক, কর্ত্তৃ) বাণী, পৃথিবী।

ইলা—বি, স্ত্রী, (ইল্ + ক, কর্ম্ম) বুধ পত্নী পরূরবার মাতা। মনু পুত্রার্থ একটী যজ্ঞ করেন, সামান্য ত্রুটি হওয়ায় পুত্রের পরিবর্ত্তে কন্যা উৎপন্ন হন। সেই কন্যা বিষ্ণুর বরে পুরুষত্ব প্রাপ্ত হইয়া সুদ্যুম্ন নামে খ্যাত হন। একদিন মৃগয়ার জন্য মহাদেবের অভিশপ্ত কুমার বনে প্রবেশ করায় পুনঃ স্ত্রীত্ব প্রাপ্ত হন। পুরোহিত বশিষ্ঠ মহাদেবের আরাধনা করায় ইনি এক মাস পুরুষ ও এক মাস স্ত্রী হইবেন বলিয়া বর পাইলেন্। এইরূপ স্ত্রী অবস্থায় বুধের সহিত ইহার বিবাহ হয়।

ইষ্ট—বিণ, ত্রি, (ইষ্ + ক্ত, কর্ম্ম) বাঞ্ছিত, অভিলষিত।

ইষ্টকালয়—বি, পুং, ইষ্টক নির্ম্মিত ঘর দালান।

ইষ্টদেব—বি, পুং, দীক্ষা গুরু, মন্ত্রদাতা।

ইষ্টি—বি, স্ত্রী, যজ্ + ক্তি, ভাব) যজ্ঞ। (ইষ্ + ক্তি, ভাব) ইচ্ছা।

ইহ—ব্য (ইদম্ + হ, সপ্তমী স্থানে। এই স্থানে এই সময়।

ইহলোক—বি, পুং, এই জগৎ।

ঈ

ঈ—স্ত্রী, (অ + ঈপ) লক্ষ্মী।

ঈক্ষণ—বি, স্ত্রী, (ঈক্ষ্ + অনট্, ভাব্ দর্শন। (করণ) নেত্র।

ঈক্ষা—বি, স্ত্রী, (ঈক্ষ্ + অ ভাব) দর্শন।

ঈক্ষিত—বিণ, ত্রি, (ঈক্ষ্ + ক্ত, কর্ম্ম) দৃষ্ট।

ঈতি—বি, স্ত্রী, (ঈ + ক্তি, ভাব) অতিবৃষ্টি, অনাবৃষ্টি, পতঙ্গ, মূষিক, পক্ষী, নিকটবর্ত্তী রাজা শস্যের এই ছয় প্রকার বিঘ্ন।

ঈদৃক, ঈদৃশ—বিণ, ত্রি, (ইদম্ দৃশ্ রূপ, টক, কর্ম্ম) এই প্রকার।

ঈপ্সিত—বিণ, ত্রি, (আপ্ + সন্ + ক্ত, কর্ম্ম) বাঞ্ছিত।

ঈপ্সু—বিণ, ত্রি (আপ্ + সন + উ, কর্ত্তৃ ইচ্ছুক।

ঈর্ষা (ষ্যা) — বি, স্ত্রী, পরশ্রী কাতরতা, অন্যের সুখে কষ্টানুভব।

ঈশ — বিণ, ত্রি, (ঈশ্ + ক, কর্ত্তৃ) ঈশ্বর।

ঈশান—বি, পুং, (ঈশ + শান, কর্ত্তৃ) মহেশ্বর।

ঈশ্বর—বি, পুং, (ঈশ্ + বর কর্ত্তৃ) ব্রহ্মা, শিব। স্ত্রী – (রী) দুর্গা।

ঈষৎ = ব্য (ঈষ্ + অৎ কর্ত্তৃ) অল্প।

ঈষৎকর—বিণ, ত্রি, (ঈষৎ—কৃ + খল, কর্ম্ম) অল্প, অল্পায়াস সাধ্য।

ঈষদূন — বিণ, ত্রি, কিছু কম।

ঈষি (ষী) কা—বি, স্ত্রী (ঈষ্ + ঈকন, কর্ত্তৃ) হস্তীর নেত্রগোলক, কাশতৃণ।

ঈহা—বি, স্ত্রী (ঈহ্ + অ, ভাব) চেষ্টা, উদ্যম।

উ

উ—বি, পুং, (অত + ডু, কর্ত্তৃ) শিব, ব্রহ্মা।

উইল—(ইং) দানপত্র।

উক্ত—বিণ, ত্রি, (বচ্ + ক্ত, কর্ম্ম) কথিত। ক্লী, (ভাবে) কথন।

উক্তি—বি, স্ত্রী, (বচ্ + ক্তি, ভাব) কথন।

উকি—(দে) গোপনে দেখা।

উকীল—(যা) আইন ব্যবসায়ী

উগ্র—বিণ, ত্রি, (উচ্ + রক্, কর্ত্তৃ) শিব, শিবের বায়ু মূর্ত্তি।

উগ্রচণ্ডা—বি, স্ত্রী, চণ্ডিকাদেবী।

উচাটন—বি, চাঞ্চল্য, ভাবনা।

উচিত—বিণ, ত্রি, (উচ্ + ক্ত, কর্ত্তৃ) ন্যায়ানুগত, উপযুক্ত।

উচ্চ—বিণ, ত্রি, (উৎ—চি—ড, কর্ম্ম) উন্নত। [র্থো ঔন্নত্য।

উচ্চতা—বি,স্ত্রী, (উচ্চ + তা, ভাবা-

উচ্চরণ– বি, ক্লী, (উৎ—চর্ + অনট্ ভাব) উচ্চৈঃ কীর্ত্তন, উর্দ্ধ গমন।

উচ্চরিত—বিণ, ত্রি, (উৎ—চর্ + ক্ত, কর্ত্তৃ) কীর্ত্তিত, শব্দিত।

উচ্চলিত—বিণ, ত্রি, (উৎ—চল্ + ক্ত, কর্ত্তৃ) নির্গত।

উচাটন—বি, ক্লী, (উৎ—চট্+ ণিচ্+অনট, ভাব,) উন্মূলন, উৎপাটন।

উচ্চারণ—বি, ক্লী, (উৎ—চর্+ণিচ্, +অনট ভাব) কীর্ত্তন, কথন।

উচ্চারিত—বিণ, ত্রি, (উৎ—চর্+ ণিচ্,+ক্ত কর্ম্ম) কীর্ত্তিত, কথিত।

উচ্চার্য্য—বিণ. (উৎ—চর্+ণিচ্ +ণ্যৎ, কর্ম্ম) কথনীয়।

উচ্চারব—বিণ, ত্রি, ভালমন্দ নানাবিধ।

উচ্চৈঃ—ব্য, (উৎ—চি+ডৈস্, কর্ম্ম) প্রচুর, অধিক।

উচ্ছলিত—বিণ, ত্রি, (উৎ—শাল্ +ক্ত, কর্ত্তৃ) উদ্গত, উত্থিত।

উচ্ছিন্ন—বিণ, ত্রি, (উৎ—ছিদ্+ ক্ত কর্ত্তৃ) উৎপাটিত, বিনাশিত।

উচ্ছিন্ন—বিণ, ত্রি, (উৎ—ছিদ+ ক্ত, কর্ত্তৃ) উৎপাটিত, বিনাশিত।

উচ্ছিষ্ট—বিণ, ত্রি, (উৎ—শিষ্+ ক্ত, কর্ত্তৃ) ভুক্তাবশিষ্ট। (কর্ম্ম ত্যক্ত।

উচ্ছৃঙ্খল—বিণ, ত্রি, শৃঙ্খলারহিত, স্বেচ্ছাচারী।

উচ্ছেদ—বি, পুং, (উৎ—ছিদ্+ অল, ভাব) উৎপাটন, বিনাশ।

উচ্ছ্বাসিত—বিণ, ত্রি, (উৎ—শ্বস্ +ক্ত, কর্ত্তৃ) স্ফীত।

উছট—(দে) পদাঙ্গুলিত আঘাত।

উজান—(দে) স্রোতের বিপরীত দিকে গমন।

উজীর—(যা) মন্ত্রী।

উজ্জ্বল—বিণ, ত্রি. (উৎ—জ্বল্+ অন্, কর্ত্তৃ) আলোকিত, দীপ্ত।

উজ্জ্বলতা—বি. স্ত্রী, (উজ্জ্বল+তা, ভাবার্থে) চাকচিক্য, দীপ্তি।

উঞ্ছ—বি, পুং (উন্ছ+ঘঞ্, ভাব) ধান্যাদি খুটিয়া লওয়া।

উট—বি, পুং, (উ+ট, কর্ত্তৃ) উষ্ট্র, তৃণ।

উটজ—বি, পুং, ক্লী, (উট—জন্+ ড, কর্ত্তৃ পর্ণশালা, পর্ণ কুটীর।

উডুপ—বি, পুং, ক্লী, (উডু—পা+ ড, কর্ত্তৃ) ভেলা পুং চন্দ্র।

উড্ডয়ন—বি, ক্লী, (উৎ—ডী+ অনট্ ভাব) শূন্যে গমন, উড়ন।

উড্ডীন—বিণ, ত্রি, (উৎ—ডী+ ক্ত কর্ত্তৃ)

উড্ডীয়মান—বিণ, ত্রি, (উৎ—ডী +শান, কর্ত্তৃ) যে উড়িতেছে, শূন্যে গমন।

উৎকট—বিণ, ত্রি, (উদ্+কটচ ভয়ঙ্কর।

উৎকণ্ঠা—বি, স্ত্রী, (উৎ—কণ্ঠ+অ, ভাব+আপ্) উদ্বেগ, বেদনা।

উৎকণ্ঠিত—বিণ, ত্রি, (উৎকণ্ঠা+ ইত, বিদ্যমানার্থে) উৎসুক।

উৎকট—বি, পুং, (উৎ—কৃষ্+ অল, ভাব) উন্নতি, শ্রেষ্ঠতা।

উৎকীর্ণ—বিণ, ত্রি, (উৎ—কৄ+ক্ত, কর্ত্তৃ) চারিদিকে বিক্ষিপ্ত, ক্ষোদিত, বিদ্ধ।

উৎকৃষ্ট—বিণ, ত্রি, (উৎ—কৃষ্+ ক্ত, কর্ত্তৃ) উত্তম।

উৎকোচ—বি, পুং, (উৎ—কুচ্+ ঘঞ্, ভাব) ঘুস্।

উৎক্রান্ত—বিণ, ত্রি, (উৎ—ক্রম্+ ক্ত কর্ত্তৃ) অতিক্রান্ত।

উৎক্ষিপ্ত—বিণ, ত্রি, (উৎ—ক্ষিপ্ +ক্ত, কর্ম্ম) উর্দ্ধে নিক্ষিপ্ত।

উৎখাত—বিণ, ত্রি, (উৎ+খন্+ ক্ত, কর্ত্তৃ) উৎপাটিত, সমূলে বিনাশিত।

উত্তপ্ত—বিণ, ত্রি, (উৎ—তপ্+ক্ত [কর্ত্তৃ) উষ্ণ।

উত্তম—বিণ, ত্রি, (উৎ—তম্+ অন, কর্ত্তৃ) উৎকৃষ্ট।

উত্তমর্ণ—বিণ, ত্রি, ঋণ দাতা।

উত্তমাঙ্গ—বি, ক্লী, মস্তক।

উত্তম্ভ—বি, পুং, (উদ্—স্তন্ভ+ ঘঞ, ভাব) স্তম্ভীভাব, নিবৃত্তি, বন্ধন।

উত্তর—বি, ক্লী, (উক্—তৄ+অল, করণ) প্রতিবচন, সিদ্ধান্ত।

উত্তরণ—বি, ক্লী, (উদ্—ত + অনট, ভাব) পারহওয়া, নির্গত হওয়া।

উত্তরাৎ—ব্য, (উত্তর+আৎ) উত্তর দিকে দেশে বা কালে।

উত্তরাধিকারী—বিণ, ত্রি, (উত্তর—অধি—কৃ+ণিন্, কর্ত্তৃ) পরে অধিকারী।

উত্তরায়ণ—বি, ক্লী, (উত্তর—অয়্+অনট্, ভাব) উত্তরদিগ্‌বর্ত্তি সূর্য্যের পথ, সূর্য্যের উত্তরে গতি।

উত্তানপাদ বি, পুং, স্বায়ম্ভুমনুর পুত্র ইঁহার সুরুচি ও সুনীতি নাম্নী দুই স্ত্রী ছিল। সুনীতির গর্ভে ধ্রুবনামক পুত্র জন্ম গ্রহণ করেন।

উত্তাপ—বি, পুং, (উৎ—তপ্+ঘঞ, ভাব) উষ্ণতা।

উত্তাপ—বিণ, ত্রি, উন্নত, শ্রেষ্ঠ।

উত্তিষ্ঠমান—বিণ, ত্রি, (উৎ—স্থা+শান, কর্ত্তৃ) যে উঠিতেছে, উত্থান শীল।

উত্তীর্ণ—বিণ, ত্রি, (উৎ—তৃ+ক্ত, কর্ত্তৃ) উদ্ধার প্রাপ্ত, উপস্থিত।

উত্তুঙ্গ—বিণ, ত্রি, অতি উচ্চ।

উত্তেজনা—বি, স্ত্রী, (উৎ তিজ্+অনট্, ভাব+আপ) উদ্দীপনা, উৎসাহদান।

উত্তেজিত—বিণ, ত্রি, (উৎ—তিজ্+ক্ত, কর্ম্ম) শাণিত, তীক্ষ্ণীকৃত, উদ্দীপিত।

উত্তোলন—বি, ক্লী, (উৎ—তুল+অনট, ভাব) উত্থাপন।

উত্যক্ত—বিণ, ত্রি, (উৎ—ত্যজ+ক্ত, কর্ত্তৃ) বিরক্ত।

উত্থান—বি, ক্লী, (উৎ—স্থা+অনট, ভাব) উদয়, উঠা।

উত্থাপন—বি, ক্লী, (উৎ—স্থা+ণিঞ+অনট ভাব) উত্তোলন, কোন বিষয়ের উল্লেখ করা।

উৎপতন—বি, ক্লী, (উৎ—পদ্+অনট্, ভাব) উর্দ্ধগমন, উত্থান।

উৎপত্তি—বি, স্ত্রী, (উৎ—পদ+ক্তি, ভাব) আবির্ভাব, উদয়।

উৎপথ—বি, পুং, (উদ্+পথিন্) কুপথ।

উৎপন্ন—বিণ, ত্রি, (উৎ—পদ্+ক্ত, কর্ত্তৃ) জাত, উদ্ভুত।

উৎপল—বি, ক্লী, পদ্ম জলপুষ্প।

উৎপাটন—বি, ক্লী, (উদ্-পট

+ণিচ্‌+অনট্, ভাব), উন্মূলন।
উৎপাটিত—বিণ, ত্রি, (উদ্—পট্‌+ণিচ্‌+ক্ত, কর্ম্ম) উন্মূলিত।
উৎপাদন—বি, ক্লী, (উৎ—পদ্‌+ণিচ্‌+অনট্, ভাব) জন্মান।
উৎপীড়ন—বি, ক্লী, (উৎ—পীড়্‌+অনট্, ভাব) উপদ্রব, ক্লেশ দেওয়া।
উৎপাড়িত—বিণ, ত্রি, (উৎ পীড়্‌+ক্ত, কর্ম্ম) উপদ্রুত, উত্ত্যেলিত।
উৎপ্রেক্ষা—বি, স্ত্রী, অনুমান, প্রকৃত বস্তুতে অন্য বস্তুর সম্ভাবনা রূপ অর্থালঙ্কার বিশেষ। [ভাব)।
উৎপ্লব—বি, পুং, (উৎ—প্লু+অল্,
উৎপ্লবন—বি, ক্লী (উৎ—প্লু+অনট্, ভাব) উল্লম্ফন, উন্মজ্জন, সন্তরণ।
উৎফুল্ল—বিণ, ত্রি, (উৎ—ফুল্ল+ক্ত, কর্ত্তৃ) বিকশিত, প্রফুল্ল।
উৎস—বি, পুং, (উন্দ্‌+স, কর্ত্তৃ) প্রস্রবণ।
উৎসঙ্গ—বি, পুং, (উৎ—সন্‌জ+ঘঞ্, ভাব) ক্রোড়, উরু।
উৎসন্ন—বিণ, ত্রি, (উৎ—সদ্‌+ক্ত, কর্ত্তৃ) ধ্বস্ত, উত্থিত।
উৎসর্গ—বি, পুং, (উৎ—সৃজ্‌+ঘঞ্, ভাব) ত্যাগ, দান, পুরীষ-ত্যাগ।
উৎসব—বি, পুং, (উৎ—সু+অল্, ভাব) আনন্দ জনক ব্যাপার, আনন্দ।
উৎসাদন—বি, ক্লী, (উৎ—সদ্‌+ণিচ্‌+অনট, ভাব) বিনাশ।
উৎসাহ—বি, পুং, (উৎ—সহ্‌+ঘঞ্, ভাব) কোন কার্য্যে দৃঢ়-তর যত্ন।
উৎসাহিত—বিণ, ত্রি, (উৎসাহ+ইত, বিদ্যমানার্থে) উত্তেজিত, যাহাকে উৎসাহ দেওয়া হইয়াছে।
উৎসিক্ত—বিণ, ত্রি, (উৎ—সি +ক্ত, কর্ত্তৃ) গর্ব্বিত, উদ্ধত।
উৎসুক—বিণ, ত্রি, (উৎ—সু +

কক, কর্ম্ম) উদ্ব্যস্ত, উৎকণ্ঠিত, ব্যগ্র।

উৎসৃষ্ট—বিণ, ত্রি, (উৎ—সৃজ+ক্ত, কর্ম্ম) ত্যক্ত, বিসৃষ্ট, দত্ত।

উৎসেক—বি, পুং, (উৎ—সিচ+ঘঞ্, ভাব) গর্ব্ব, উদ্রেক।

উদন্মুখ—বিণ, ত্রি, উত্তর মুখ।

উদধি—বি, পুং, (উদ—ধা+কি, অধি) জলধি, সমুদ্র।

উদয়—বি, পুং, (উৎ—ই+অল, ভাব) অবির্ভাব, প্রকাশ।

উদর—বি, ক্লী, (উৎ—দৃ+অন্, কর্ত্তৃ) জঠর।

উদরম্ভরি—বিণ, ত্রি, (উদর—ভৃ+খ, কর্ত্তৃ) পেটুক, আত্মম্ভরি।

উদরাময়—বি, পুং, পেটের পীড়া।

উদরী—বি, স্ত্রী (উদর+ইন্, অস্ত্যর্থে) রোগ বিশেষ, স্থূলোদরযুক্ত।

উদাত্ত—বি, পুং, উচ্চস্বর বিশেষ।

উদান—বি,পুং, (উদ+অন্+ঘঞ্, করণ) কণ্ঠস্থ বায়ু।

উদার—বিণ, ত্রি, (উৎ—আ—রা+ড, কর্ত্তৃ) দাতা, মহৎ, সরল, উৎকৃষ্ট।

উদাস—বি, পুং (উৎ—আস্+অন্, কর্ত্তৃ) উদাসীন, বিবাগী।

উদাসীন—বিণ, ত্রি, (উৎ—আস্+শান, কর্ত্তৃ) নিঃসম্বন্ধ।

উদাহরণ—বি, ক্লী, (উৎ—আ—হৃ+অনট্,ভাব) দৃষ্টান্ত, নিদর্শন।

উদাহৃত - বিণ, ত্রি, (উৎ—আ—হৃ+ক্ত, কর্ম্ম) কথিত, দৃষ্টান্তরূপে উল্লিখিত।

উদিত—বিণ, ত্রি (উৎ—ই+ক্ত, কর্ত্তৃ) উদ্গত, প্রাদুর্ভূত।

উদীরিত—ত্রি, (উৎ—ঈর+ক্ত, কর্ম্ম) উচ্চারিত।

উদুম্বর বি, পুং, (উদ উ—বৃ খশ, কর্ত্তৃ) যজ্ঞডুমুর গাছ।

উদূখল—বি, ক্লী, (উদ্—খ—লা+ড কর্ত্তৃ) ধান্যাদি কণ্ডনার্থ পাত্র বিশেষ। [ক্ত, কর্ত্তৃ) আবির্ভূত।

উদ্গত—বিণ, ত্রি, (উৎ—গম্+

উদ্গম—বি, পুং (উৎ—গম্ + অল, ভাব) উত্থান।

উদ্গমন—বি, ক্লী, (উৎ—গম্ + অনট্, ভাব) উত্থান, উৎপত্তি।

উদ্গার—বি, পুং, (উৎ—গৄ + ঘঞ্, ভাব উদ্বমন, উচ্চারণ।

উদ্ঘাটিত—বিণ, ত্রি (উৎ—ঘট্ + ণিচ্ + ক্ত, কর্ম্ম) খোলা, প্রকাশিত, উন্মোচিত।

উদ্দাম—বিণ, ত্রি, (উৎ—দম্ + ঘঞ্, কর্ত্তৃ) উচ্ছৃঙ্খল, বন্ধন ভ্রষ্ট, স্বেচ্ছচারী।

উদ্দালক—বি, পুং, মুনিবিশেষ; যজ্ঞ বল্কের গুরু শ্বেতকেতু ইহার পুত্র।

উদ্দিষ্ট—বিণ, ত্রি, (উৎ—দিশ্ + ক্ত, কর্ম্ম) উপদিষ্ট, অভিপ্রেত, লক্ষ্যাকৃত।

উদ্দীপক—বিণ, ত্রি, (উৎ—দীপ্ + ণক্, কর্ত্তৃ) প্রকাশক, উদ্ভাবক।

উদ্দীপন—বি, ক্লী, (উৎ—দীপ্ + অনট্, ভাব) প্রকাশ, উত্তেজন।

উদ্দীপ্ত—বিণ, ত্রি, (উৎ—দীপ্ + ক্ত, কর্ত্তৃ) প্রকাশিত, আলোকিত।

উদ্দেশ—বি, পুং, (উৎ—দিশ্ + অল, ভাব) অনুসন্ধান, অন্বেষণ।

উদ্দেশ্য—বিণ, ত্রি, (উৎ—দিশ্ + য, কর্ম্ম) অভিপ্রেত, লক্ষ্য।

উদ্ধত—বিণ, ত্রি, (উৎ—হন্ + ক্ত, কর্ত্তৃ) অবিনীত, দুরন্ত।

উদ্ধব—বি, পুং, (উৎ—ধু + অল্ ভাব) ইনি সত্যকের পুত্র। বৃহস্পতির শিষ্য। শ্রীকৃষ্ণের সখা। যদুবংশ ধ্বংসের পর শ্রীকৃষ্ণ ইঁহাকে আত্মতত্ত্বশিক্ষাদেন; ইনি শেষে বদরিকাশ্রমে জীবন অতিবাহিত করেন।

উদ্ধার—বি, পুং, (উৎ—হৃ + ঘঞ্, ভাব) মোচন, মুক্তি।

উদ্ধৃত—বিণ, ত্রি, (উৎ—হৃ + ক্ত, কর্ম্ম) মোচিত।

উদ্ভট—বিণ, ত্রি, (উৎ—ভট্ + অল্, কর্ত্তৃ) প্রসিদ্ধ, শ্রেষ্ঠ, গ্রন্থ বহির্ভূত।

উদ্ভব—বি, পুং (উৎ—ভু+অল্, ভাব) উৎপত্তি, জন্ম।

উদ্ভাসিত—বিণ, ত্রি, (উৎ—ভাস্+ক্ত, কর্ত্তৃ) শোভিত, দীপ্ত।

উদ্ভিদ্—বিণ, ত্রি, (উৎ—ভিদ্ +ক্বিপ্ কর্ত্তৃ) যাহা ভূমি ভেদ করিয়া জন্মে।

উদ্ভিন্ন—বিণ, ত্রি, (উৎ-ভিদ্+ ক্ত কর্ত্তৃ) প্রকাশিত, অঙ্কুরিত।

উদ্ভূত—বিণ, ত্রি, (উৎ—ভূ— ক্ত, কর্ত্তৃ) জাত, উৎপন্ন।

উদ্ভেদ—বি, পুং (উৎ—ভিদ্+ ঘঞ, ভাব) ভেদ পূর্ব্বক উৎপত্তি, বিকাশ।

উদ্ভ্রান্ত—বিণ, ত্রি, (উৎ—ভ্রম+ ক্ত, কর্ত্তৃ) উচ্ছৃঙ্খল, হতবুদ্ধি।

উদ্যত—বিণ, ত্রি, (উৎ-যম+ ক্ত, কর্ত্তৃ) প্রবৃত্ত, উদ্যুক্ত।

উদ্যম—বি, পুং, উৎ—যম্+অল, ভাব) চেষ্টা, উৎসাহ।

উদ্যান—বি, ক্লী, (উৎ—যা+ অনট্, ভাব) উপবন, বাগিচা।

উদ্যান পাল—বি, পুং, উদ্যান-রক্ষক, মালী।

উদ্যাপন—বি, ক্লী (উৎ—যা+ ণিচ+অনট, ভাব) আরব্ধ ব্রতাদির সম্পাদন, সমাপন।

উদ্যুক্ত—বিণ, ত্রি, (উৎ—যুজ্+ক্ত কর্ত্তৃ) চেষ্টিত, উৎসাহশীল, যত্নবান।

উদ্যোগ—বি, পুং, (উৎ—যুজ্+ ঘঞ্, ভাব) উৎসাহ, চেষ্টা।

উদ্বেজক—বিণ, ত্রি, (উৎ—বিজ+ ণক, কর্ত্তৃ) ক্লেশদায়ক।

উদ্বেল—বিণ, ত্রি, কূলাতিক্রান্ত, সীমাতিক্রান্ত।

উধঃ—বি, ক্লী, (বহ+অস্, কর্ত্তৃ) গোপ্রভৃতির স্তন, পালান।

উনান—(দে) চুলা।

উন্নত—বিণ, ত্রি, (উৎ—নম্+ক্ত কর্ত্তৃ) উচ্চ, গৌরবান্বিত।

উন্নতি—বি, স্ত্রী, (উৎ—নম্+ক্তি ভাব) শ্রীবৃদ্ধি, উৎকর্ষ।

উন্নিদ্র—বিণ, ত্রি, নিদ্রাহীন।

উন্মত্ত—বিণ, ত্রি (উৎ—মদ্+ক্ত, কর্ত্তৃ) হিতাহিত জ্ঞান শূন্য, পাগল। [ব্যাকুল।

উন্মনা—বিণ, ত্রি, অন্যমনস্ক,

উন্মার্গ—বি, পুং, কুপথ। বিণ ত্রি, কুপথগামী।

উন্মিষিত—বিণ, ত্রি, (উৎ—মিষ্, +ক্ত, কর্ত্তৃ) বিকসিত।

উন্মীলন—বি, ক্লী, (উৎ—মীল+ অনট, ভাব) বিকাশ, চোকমেলা।

উন্মীলিত—বিণ, ত্রি,(উৎ—মীল্+ ক্ত, কর্ত্তৃ) বিকসিত, উদ্ঘটিত।

উন্মুক্ত—বিণ, ত্রি, (উৎ—মুচ্+ ক্ত, কর্ত্তৃ) যাহা খুলিয়া গিয়াছে।

উন্মূলন—বি, ক্লী, (উৎ—মূল+ অনট্, ভাব) উৎপাটন্।

উন্মেষ—বি, পুং, (উৎ—মিষ্+ অল্, ভাব) বিকাশ।

উন্মোচন—বি, ক্লী, (উৎ—মুচ্+ অনট্, ভাব) খুলিয়া দেওয়া।

উপ—ব্য, (বপ্+ক, কর্ত্তৃ) আধিক্য, হীনতা, সাদৃশ্য সামীপ্য।

উপকণ্ঠ—বিণ, ত্রি, সমীপ, নিকট।

উপকথা—বি, স্ত্রী, কল্পিতগল্প।

উপকরণ—বি, ক্লী, (উপ—কৃ+ অনট্, ভাব) সামগ্রী, কোন কার্য্যে যে সকল দ্রব্য নিতান্ত প্রয়োজন।

উপকার—বি, পুং, (উপ—কৃ + ঘঞ্, ভাব) সাহায্য, আনুকূল্য।

উপকারক—বিণ ত্রি, (উপ—কৃ+ ণক, কর্ত্তৃ) উপকার কর্ত্তা।

উপকারী—বিণ, পুং, (উপ—কৃ+ ণিন্, কর্ত্তৃ) সাহায্যকারী, আনুকূল্যকারী।

উপকুর্ব্বাণ বিণ, পুং (উপ—কৃ +শান, কর্ত্তৃ) কিয়ৎকাল ব্রহ্মচর্য্য ব্রতধারী।

উপকৃত—বিণ, ত্রি, (উপ—কৃ+ ক্ত, কর্ম্ম) যাহার উপকার করা হইয়াছে এরূপ।

উপক্রম—বি, পুং, (উপ—ক্রম্+ অল্, ভাব) আরম্ভ, উপায়।

উপক্রমণিকা—বি, স্ত্রী, ভূমিকা, প্রথম সূত্রপাত।

উপক্রান্ত—বিণ, ত্রি, (উপ+ক্রম্ +ক্ত, কর্ম্ম) আরব্ধ।

উপগত—বিণ, ত্রি, (উপ—গম্+ক্ত, কর্ম্ম) স্বীকৃত, জ্ঞাত।

উপগম—বি, পুং, (উপ—গম্+অল, ভাব) স্বীকার, প্রাপ্তি।

উপচর—বি, পুং, (উপ—চি+অল, ভাব) বৃদ্ধি, পুষ্টি, উন্নতি।

উপচার—বি, পুং, (উপ—চর্+ঘঞ, ভাব) সেবা, উপকরণ, উৎকোচ।

উপচিকীর্ষা—বি, স্ত্রী, (উপ-সন্+অ, ভাব) উপকার করিবার ইচ্ছা, পরোপকার প্রবৃত্তি।

উপচিকীর্ষু—বিণ, ত্রি, (উপ—কৃ+সন্+উ, কর্ত্তৃ) পরের উপকার করিতে ইচ্ছুক।

উপচিত—বিণ, ত্রি, (উপ—চি+ক্ত, কর্ম্ম) পুষ্ট, সঞ্চিত, বর্দ্ধিত।

উপচীয়মান—বিণ, ত্রি, (উপ—চি+শান, কর্ত্তৃ) বর্দ্ধনশীল।

উপজীবিকা—বি, স্ত্রী, (উপ—জীব্ +কন্+আপ) জীবনোপায়, আজীব।

উপজীবী—বিণ, ত্রি, (উপ—জীব +ণিন, কর্ত্তৃ) অধীন আশ্রিত।

উপঢৌকন—বি, ক্লী, (উপ—ঢৌক +অনট্, ভাব) উৎকোচ, উপহার।

উপতপ্ত—বিণ, ত্রি, (উপ—তপ্ +ক্ত, কর্ত্তৃ) সন্তপ্ত, পীড়িত কাতর।

উপতাপ—বি, পুং, (উপ—তপ+ঘঞ, ভাব) মনস্তাপ পীড়া।

উপত্যকা—বি, স্ত্রী, (উপ+ত্যকন +আপ) দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী বিস্তীর্ণ সমতল নিম্নভূমি।

উপদংশ—বি, পুং, (উপ—দন্শ+অল, কর্ত্তৃ) মেঢ্র রোগবিশেষ, গর্ম্মি।

উপদিষ্ট—বিণ, ত্রি, (উপ—দিশ্ +ক্ত, কর্ম্ম) শিক্ষিত, আদিষ্ট।

উপদেশ—বি, পুং, (উপ—দিশ্+ অল, ভাব) শিক্ষা বাক্য।

উপদেষ্টা—বিণ, পুং, (উপ—দিশ্ +তৃন্, কর্ত্ত) উপদেশ দান কর্ত্তা, শিক্ষক।

উপদ্রুত—বিণ, ত্রি, (উপ দ্রু+ ক্ত, কর্ম্ম) যাহার প্রতি উপদ্রব করা হইয়াছে।

উপধান—বি, ক্লী, (উপ—ধা+ অনট্, ভাব) শিরোধান, বালিশ।

উপনয়—বি, পুং, (উপ—না+ অল্, ভাব) উপনয়ন।

উপনয়ন—বি, ক্লী, (উপ—না+ অনট্, ভাব) দ্বিজাতির যজ্ঞসূত্র ধারণরূপ সংস্কার বিশেষ।

উপনিবেশ—বি, পুং, (উপ—নি —বিশ+অল্, ভাব) কৃষি বানিজ্যাদির জন্য লোকগণ দূরে যে স্থানে গিয়া বাস করে।

উপনাত—বিণ, ত্রি, (উপ নী+ ক্ত, কর্ত্তৃ) উপস্থিত।

উপন্যাস—বি, পুং, (উপ—নি— অস্+ঘঞ্, ভাব) মনোরঞ্জনার্থ কথিত গল্প।

উপপতি—বি, পুং, স্ত্রীলোকের বিবাহিত ভিন্ন অন্য পতি।

উপপত্তি—বি, স্ত্রী, (উপ—পদ+ +ক্তি, ভাব) যুক্তি, সঙ্গতি।

উপপন্ন—বিণ, ত্রি, (উপ—পদ্ +ক্ত, কর্ত্তৃ)যুক্তি যুক্ত, প্রমাণিত।

উপপ্লব—বি, পুং, (উপ—প্লু+ অল্, ভাব) উল্কাপাতাদি উপদ্রব, বিপদ্।

উপপ্লুত—বিণ,ত্রি, (উপ - প্লু+ক্ত, কর্ম্ম) উপদ্রুত, পীড়িত।

উপভুক্ত—বিণ, ত্রি, (উপ—ভুজ+ ক্ত, কর্ম্ম) ভক্ষিত, ব্যবহৃত।

উপভোগ—বি, পুং, (উপ—ভুজ্ +ঘঞ্, ভাব) সুখাদি ভোগ।

উপমান—বি, ক্লী, (উপ—মা + অনট্, ভাব) সাদৃশ্য।

উপমেয়—বিণ, ত্রি, (উপ - মা+ য, কর্ম্ম) উপমার বিষয়ীভূত।

উপযাচক—বিণ, ত্রি, স্বয়ংযাচক, যে নিজে কাহারও নিকট প্রার্থনা করে।

উপযাচিত—বিণ, ত্রি, (উপ—যাচ্ +ক্ত, কর্ম্ম) প্রার্থিত।

উপযুক্ত—বিণ, ত্রি, (উপ—যুজ্ + ক্ত, কর্ত্তৃ) ন্যায্য, উপযোগী।

উপযুক্ততা—বি, স্ত্রী, (উপযুক্ত + তা, ভাবার্থে) ন্যায্যতা, যোগ্যতা।

উপযোগ—বি, পুং, (উপ—যুজ্ + ঘঞ্, ভাব) আনুকূল্য, উপকার।

উপযোগী—বিণ, ত্রি, (উপ—যুজ্ ঘিন্, কর্ত্তৃ) উপকারী, অনুকূল।

উপরত—বিণ, ত্রি, (উপ—রম্ + ক্ত, কর্ত্তৃ) নিবৃত্ত, মৃত।

উপরুদ্ধ—বিণ, ত্রি, (উপ—রুধ্ + ক্ত, কর্ত্তৃ) অনুরুদ্ধ, প্রতিষিদ্ধ।

উপরোধ—বি, পুং, (উপ রুধ্ + অল্, ভাব) অনুরোধ।

উপল—বি, পুং, (উপ—লা + ড, কর্ত্তৃ) প্রস্তর।

উপলক্ষিত—বিণ, ত্রি, (উপ লক্ষ্ ক্ত, কর্ম্ম) সূচিত, অনুমিত।

উপলব্ধ—বিণ, ত্রি, (উপ—লভ্ + ক্ত, কর্ম্ম) জ্ঞাত, প্রাপ্ত।

উপলব্ধি—বি, স্ত্রী, (উপ—লভ্ + ক্তি, ভাব) জ্ঞান, অনুভূতি।

উপবন—বি, ক্লী, উদ্যান, বৃক্ষ বাটিকা।

উপবাস—বি, পুং, (উপ—বস + ঘঞ্, ভাব) অনাহার, অনশন।

উপবাসী—বিণ, পুং, (উপ—বস্ + ণিন্ কর্ত্তৃ) কৃতোপবাস, অনাহারী।

উপবিষ্ট—বিণ, ত্রি, (উপ—বিশ্ + ক্ত, কর্ত্তৃ) আসীন।

উপবীত—বি, ক্লী, (উপ—বি—ই + ক্ত, কর্ত্তৃ) বামাংশ স্থাপিত যজ্ঞসূত্র, পৈতা।

উপবেশন—বি, ক্লী, (উপ—বিশ্ + অনট্, ভাব) আসন গ্রহণ, বসা।

উপশম—বি, পুং, (উপ—শম্ +

অল্, ভাব) শান্তি, নিবৃত্তি, ইন্দ্রিয় নিগ্রহ।

উপশান্ত—বিণ, ত্রি, (উপ—শম্ + ক্ত, কর্ত্তৃ) উপশম প্রাপ্ত, নিবৃত্ত।

উপসংহার—বি, পুং, (উপ—সং হৃ + ঘঞ্, ভাব) সমাপ্তি, মৃত্যু।

উপসর্গ—বি, পুং, (উপ—সৃজ্ + ঘঞ্, ভাব) উপদ্রব, উৎপাত।

উপসর্পণ—বি, ক্লী, (উপ—সৃপ্ + অনট্, ভাব,) সমীপে উপস্থিত।

উপস্থ—বি, পুং, (উপ—স্থা + ড, কর্ত্তৃ) পুং চিহ্ন, স্ত্রীচিহ্ন।

উপস্থিত—বিণ, ত্রি, (উপ—স্থা + ক্ত, কর্ত্তৃ) আগত।

উপস্থিতি—বি, স্ত্রী, (উপ—স্থা + ক্তি, ভাব) নিকটাগমন।

উপস্বত্ব—বি, ক্লী, আয়, লাভ।

উপহাস—বি, পুং, (উপ—হস্ + ঘঞ্, ভাব) পরিহাস।

উপহার—বি, পুং, (উপ—হৃ + ঘঞ্, ভাব) উপঢৌকন।

উপাংশু—ব্য, নির্জ্জন, গোপন

উপাখ্যান—বি, ক্লী, (উপ—আ—খ্যা + অনট, ভাব) ইতিবৃত্ত কথন্।

উপাদান—বি, ক্লী, (উপ—আ—দা + অনট্, ভাব) গ্রহণ (করণ) যে বস্তু অবস্থান্তরিত হইয়া অন্য বস্তু উৎপাদন করে।

উপাদেয়—বিণ, ত্রি, (উপ—আ দা + য, কর্ম্ম) গ্রাহ্য, উৎকৃষ্ট।

উপাধান—বি, ক্লী, (উপ—আ—ধা + অনট, ভাব) শিরোধান, বালিশ।

উপাধি—বি, পুং, উপ—আ + ধা + কি, ভাব) ধর্ম্মচিন্তা। (করণ) বংশ বিদ্যাদির পরিচায়ক শব্দ।

উপানৎ—বি, স্ত্রী, (উপ—আ—নহ্ + ক্বিপ্, কর্ত্তৃ) চর্ম্ম পাদুকা, জুতা।

উপানৎকার—বি, পুং, (উপানৎ—কৃ + ঘঞ্, কর্ত্তৃ) জুতা নির্ম্মাণ কারক।

উপাধ্যায়—বি, পুং, (উপ—অধি +

ই+ঘঞ্ অপা) অধ্যাপক, বেদের কোন অংশের অধ্যাপক।

উপান্ত—বি, পুং, সমীপ, প্রান্ত।

উপায়—বি, পুং (উপ—ই+ঘঞ্ ভাব) সাম, দান, দণ্ড, ভেদ রাজাদের এই চতুর্ব্বিধ সাধন।

উপায়ন—বি, ক্লী, (উপ—ই+অনট্, করণ) উপঢৌকন।

উপার্জ্জন—বি, ক্লী, (উপ—অর্জ্জ+অনট,ভাব) অর্জ্জন, অর্থাহরণ।

উপালম্ভ—বি, পুং (উপ—আ—লভ্+ঘঞ্, অধি) তিরস্কার, সরোষ-বাক্য।

উপাসক—বিণ, ত্রি (উপ—আস্-ণক্, কর্ত্তৃ) সেবক

উপাসনা—বি, স্ত্রী, (উপ—আস্+অন্, ভাব+আপ) সেবা, আরাধনা।

উপেক্ষা—বি, স্ত্রী (উপ—ঈক্ষ্+অ ভাব+আপ) ঔদাসীন্য, অনাদর।

উপেক্ষিত—বিণ, ত্রি, (উপ—ঈক্ষ্+ক্ত, কর্ম্ম) অনাদৃত।

উপেত—বিণ, ত্রি (উপ—ই+ক্ত, কর্ত্তৃ) মিলিত, যুক্ত।

উপোষিত—বিণ, ত্রি, (উপ—বস্+ক্ত, কর্ত্তৃ) অভুক্ত।

উপ্ত—বিণ, ত্রি, (বপ্+ক্ত, কর্ম্ম) যাহা বপন করা হইয়াছে।

উভ—বিণ, ত্রি, দ্বিবচন (উভ্+অন্, কর্ত্তৃ) দুই (জন)।

উভয়—বিণ, ত্রি, একবচন, বহুবচন (উভ—যা+ড, কর্ত্তৃ) দুই (জন)।

উভয়তঃ—ব্য (উভয়+তস ৭মী স্থানে) দুই দিকে।

উভয়ত্র—ব্য (উভয়+ত্র ৭মী স্থানে) দুই স্থানে।

উভয়থা—ব্য (উভয়+থাচ্, প্রকা-বর্থে) দুই প্রকার।

উমা—বি, স্ত্রী (উ—মা+ক্বিপ্, কর্ত্তৃ) পার্ব্বতী। দক্ষ যজ্ঞে পতি নিন্দা শ্রবণ করিয়া সতী দেহ ত্যাগ করিয়া হিমালয়ের ঔরসে মেনকার গর্ভে জন্ম গ্রহণ করিয়া শিবকে পতিরূপে পাইবার জন্য

গৌরী তপস্যা করিতে আরম্ভ করেন সেই সময় মেনকা উ অর্থাৎ অয়ি গৌরি! তুমি মা অর্থাৎ তপস্যা করিও না বলিয়াছিলেন এই জন্য উহার নাম উমা হইয়াছিল।

উরোজ—বি, পুং, (উরস্—জন্+ড কর্ত্তৃ) স্তন।

উর্ব্বশী—বি, স্ত্রী, (উরু—বশ্+অল, কর্ত্তৃ+ঈপ) স্বর্বেশ্যা বিশেষ। [পৃথিবী।

উর্ব্বী—বি, স্ত্রী, (উরু+ঈপ)

উলূক—বি, পুং, (বল্+উক, কর্ত্তৃ) পেচক।

উল্কা—বি, স্ত্রী, (উল্+ক, কর্ত্তৃ+আপ্) আকাশ হইতে পতিত অগ্নিপিণ্ড।

উল্লঙ্ঘন—বি, ক্লী, (উৎ—লঙ্ঘ+অনট, ভাব) অতিক্রম, লঙ্ঘন।

উল্লঙ্ঘিত—বিণ, ত্রি, (উৎ—লঙ্ঘ+ক্ত, কর্ম্ম) অতিক্রান্ত।

উল্লাস—বি, পুং, (উৎ—লস্+ঘঞ্, ভাব) আনন্দ।

উল্লেখ—বি, পুং, (উৎ—লিখ্+অল, ভাব) কথন।

উষিত—বিণ, ত্রি, (উষ্+ক্ত, কর্ম্ম) পর্য্যুষিত।

উষ্ট্র—বি, পুং, (উষ্+ষ্ট্রন্, কর্ত্তৃ) উট্, ভারবাহী পশু।

উষ্ণীষ—বি, পুং, ক্লী, (উষ্ণ—ঈষ্+ক, কর্ত্তৃ) পাগ্ড়ি, কিরীট।

উষ্ম—বিণ, পুং, (উষ্+মক, কর্ত্তৃ) গ্রীষ্ম।

উহ্যমাণ—বিণ, ত্রি, (বহ+শান, কর্ম্ম) আকৃষ্যমান, নীয়মান, যাহা বহন করাযায়।

ঊ

ঊ—বি, পুং, (অব্+ক্বিপ্ কর্ত্তৃ) শিব, চন্দ্র। [বিবাহিত।

ঊঢ়—বিণ, ত্রি, (বহ+ক্ত, কর্ম্ম)

ঊধঃ—বি, ক্লী, (উন্দ+অস্, কর্ত্তৃ) পশু স্তন।

ঊন—বিণ, ত্রি, (ঊন+ক, কর্ত্তৃ) হীন, দুর্ব্বল।

উরু—বি, পুং (উর্ণু+কু, কর্ম্ম) জানুপরিভাগ, সক্থি।

উর্জ্জঃ—বি, ক্লী, (উর্জ্জ+অস, করণ) বল, উৎসাহ, তেজঃ।

উর্ণনাভ—বি, পুং, মর্কটক, মাকড়সা।

উর্ণা—বি, স্ত্রী, (উর্ণু+ড, কর্ত্তৃ+আপ্) মেষাদির লোম, পশম।

উর্দ্ধ, উর্দ্ধ্ব—বিণ, ত্রি, (উৎ—হা+ড, কর্ত্তৃ) উচ্চ, উপরিস্থ, উৎকৃষ্ট।

উর্দ্ধগ—বিণ, ত্রি, (উর্দ্ধ—গম্+ড, কর্ত্তৃ) উর্দ্ধগামী।

উর্ম্মি—বি, পুং, স্ত্রী, (ঋ+মি, কর্ত্তৃ) তরঙ্গ।

উর্ম্মিলা—বি, স্ত্রী, (উর্ম্মি—লা+ড, কর্ত্তৃ+আপ) লক্ষ্মণ পত্নী, ইঁহার গর্ভে অঙ্গদ ও চন্দ্র কেতু নামে দুটী পুত্র জন্ম গ্রহণ করেন।

উষর—বিণ, ত্রি, (উষ্+র, কর্ত্তৃ) ক্ষারভূমি।

উহ—বি, পুং, (উহ+অল, ভাব) বিতর্ক।

উহ্য—বিণ, ত্রি, (উহ্+ণ্যণ, কর্ম্ম) অধ্যাহার্য্য।

ঋ

ঋ—ব্য নিন্দা, পরিহাস।

ঋক্ষ—বি, পুং, (ঋষ্+সক্, কর্ত্তৃ) ভল্লুক।

ঋচ্—বি, স্ত্রী, (ঋচ্+ক্বিপ, কর্ত্তৃ) বেদমন্ত্র।

ঋজু—বি, পুং, (ঋজ্+কু, কর্ত্তৃ) [সরল।

ঋণ—বি, পুং, (ঋ+ক্ত, কর্ত্তৃ) কর্জ্জ।

ঋণী—বিণ,পুং, (ঋণ+ইন্, অস্ত্যর্থে) ঋণগ্রস্ত, অধমর্ণ।

ঋতু—বি, পুং, (ঋ+তুক, কর্ত্তৃ) হিম, শিশির।

ঋতুমতী—বিণ, স্ত্রী, (ঋতু+মতু, অস্ত্যর্থে+ঈপ্) পুষ্পবতী, রজস্বলা।

ঋতুরাজ—বি, পুং, বসন্ত।

ঋত্বিক্—বি, পুং, (ঋতু—যজ্+ক্বিপ, কর্ত্তৃ) পুরোহিত।

ঋদ্ধ—বিণ, ত্রি, (ঋধ্ + ক্ত, কর্ম্ম) সমৃদ্ধ।

ঋদ্ধি - বি, স্ত্রী, (ঋধ্ + ক্তি, ভাব) সমৃদ্ধি।

ঋষভ—বি, পুং, (ঋষ্ + অভক্, কর্ত্তৃ) বৃষ।

ঋষভধ্বজ—বি,পুং, বৃষবাহন, শিব।

ঋষি—বি, পুং, (দৃশ্ + ইক, কর্ত্তৃ) মন্ত্রদ্রষ্টা, মুনি।

এ

এ—বি, পুং, (ই + বিচ্, কর্ত্তৃ) বিষ্ণু (ব্য) স্মৃতি।

এক—বিণ, ত্রি, (ই + কন্, কর্ত্তৃ) সঙ্খ্যা, কেবল, একাকী।

একক—বিণ, ত্রি, (এক + কণ, অসহায়ার্থে) একাকী, একলা।

এককালীন—বিণ, ত্রি, (এককাল + ঈন, ভবার্থে) সমকালীন, একসময়ে উৎপন্ন।

একগুরু—বি, পুং, সতীর্থ, এক অধ্যাপকের ছাত্র।

একচক্র—বি, পুং, সূর্য্যরথ। স্ত্রী (ক্রম) নগরী বিশেষ।

একচিত্ত—বিণ, ত্রি, একমন যুক্ত।

একচেটিয়া—বিণ, একায়ত্ত, যাহাতে অন্যের অধিকার নাই।

একডৌল—(দে) একসমান।

একতঃ—ব্য, (এক + তস্ ৭মী স্থানে) একদিকে।

একতান—বি, পুং, একাগ্র, এক বিষয়াশক্ত।

একত্র—ব্য, (এক + ত্র ৭মী স্থানে) একস্থানে, একদিকে।

একতা—বি, স্ত্রী (এক্ + তা, ভাবার্থে) ঐক্য, মিলন, অভেদ।

একদন্ত—বি, পুং, গণেশ।

একদা—ব্য, (এক + দা কালার্থে) এক সময়।

একধা - ব্য, (এক + ধাচ প্রকারার্থে) একপ্রকার।

একপক্ষ—বিণ, ত্রি, সপক্ষ, সহায়। বি, পুং একদিক, কৃষ্ণ বা শুক্ল পক্ষ।

একপদী—বি, স্ত্রী, পথ, একপেয়ে।

একলা—বিণ, ত্রি, (এক—লা+ড, কর্ত্তৃ) একক।

একাকী—বিণ, ত্রি, (এক্+আকস্, অসহায়ার্থে) অসহায়, একক।

একাগ্র—বি, ত্রি, এক বিষয়াসক্ত।

একাগ্রতা—বি, স্ত্রী, (একাগ্র+ক্ত ভাবার্থে) এক বিষয়ে আষক্তি।

একাদশ—বিণ, ত্রি, একাদশন্+ডট্ পূরণার্থে) একাদশের পূরণ।

একান্ত—বিণ, ত্রি, অত্যন্ত নির্জ্জন, অবধারিত।

একান্ন—বিণ, ত্রি, একত্রঅন্ন-ভোক্তা, এক ভোজী।

একাবলী—বি, স্ত্রী, একনর মালা, হার।

একৈকশঃ - ব্য, (একৈক+চশস্) এক একটী করিয়া।

একোদ্দিষ্ট—বিণ, ক্লী, একব্যক্তির উদ্দেশে শ্রাদ্ধ।

এণ—বি, পুং, (ই+ণ, কর্ত্তৃ) হাবণ।

এতাদৃশ—বিণ, ত্রি, (এতা—দৃশ+টক, কর্ম্ম) এই প্রকার।

এতাবৎ—বিণ, ত্রি, (এতদ্+বতু, পরিমাণার্থে) এতৎ পরিমিত।

এধ—বি, পুং, (এধ + অল্, কর্ম্ম) কাষ্ঠ।

এধিত—বিণ, ত্রি, (এধ্+ক্ত, কর্ম্ম) বর্দ্ধিত।

এরণ্ড—বি, পুং (এর+অণ্ডচ্ কর্ত্তৃ) ভেরেণ্ডা গাছ।

এলা—বি, স্ত্রী (ই+অল, কর্ম্ম) এলাইচ লতা।

ঐ

ঐ—বি, পুং, দ্বাদশ স্বরবর্ণ, শিব (ব্য) স্মরণ, সম্বোধন।

ঐকমত্য—বি, ক্লী, (একমত+ষ্ণ্য ভাবার্থে) মতের ঐক্য, একই প্রকার মত।

ঐকান্তিক—বিণ, ত্রি, (একান্ত+ষ্ণিক) নিশ্চিত, দৃঢ়।

ঐক্য—বি, ক্লী, (এক+ষ্ণ্য, ভাবার্থে) একত্ব, মিল।

ঐক্ষ্বাক—বিণ, ত্রি, (ইক্ষ্বাকু+ষ্ণ, অপত্যার্থে) ইক্ষ্বাকু বংশীয়।

ঐতিহাসিক—বিণ, ত্রি, (ইতিহাস+ষ্ণিক সম্বন্ধীয়ার্থে) ইতিহাস সম্বন্ধীয়।

ঐতিহ্য—বি, ক্লী. (ইতিহ+ষ্ণ্য) পরম্পরাগত উপদেশ বাক্য।

ঐন্দ্র—বিণ, ত্রি, (ইন্দ্র+ষ্ণ, সম্বন্ধীয়ার্থে) ইন্দ্রসম্বন্ধীয়।

ঐরাবত—বি, পুং, (ইরাবৎ+ষ্ণ, অপত্যার্থে) ইন্দ্র হস্তী।

ঐশ—বিণ, ত্রি, (ঈশ+ষ্ণ, সম্বন্ধীয়ার্থে) ঈশ্বর সম্বন্ধীয়।

ঐশ্বর্য্য—বি, ক্লী, (ঈশ্বর+ষ্ণ্য, ভাবার্থে) প্রভুত্ব, অণিমাদি অষ্টবিধ ঐশ্বর্য্য।

ঐহিক—বিণ, ত্রি, (ইহ+ষ্ণিক, সম্বন্ধীয়ার্থে) ইহ কাল সম্বন্ধীয়।

ও

ও—ব্য, ১৩শ স্বরবর্ণ, সম্বোধন অতি, প্রায়।

ওকস—বি, ক্লী, (উচ+অস, অধি) ইহ, আশ্রয়।

ওঘ—বি, পুং, (উচ+অপ, কর্ম্ম) সমূহ।

ওঙ্কার—বি, পুং, প্রণব।

ওজস্বী—বিণ, ত্রি, (ওজস্+বিন্ অস্ত্যর্থে) তেজস্বী, বলবান্।

ওঝা—(দে) ভুতুড়ে, যে মন্ত্র পড়িয়া রোগ আরোগ্য করে।

ওতপ্রোত—বিণ, ত্রি, সকল স্থানে ব্যাপ্ত।

ওদন—বি, ক্লী (উন্দ্+অন্, কর্ম্ম) সিদ্ধান্ন।

ওরফে—(যা) মারফৎ।

ওলট্পালট্—(দেশজ) উল্টাপাল্টা

ওষধি—(ধী) বি, স্ত্রী, (ওষ—ধা + কি, অপা) ফলপাকান্ত বৃক্ষাদি।

ওষ্ঠ—বি, পুং, (উষ্‌+অন কর্ম্ম) ঠোঁট।

ওসার—(রে) পরিসর।

ঔ

ঔ—ব্য ১৪শ স্বরবর্ণ।

ঔচিত্য বি, ক্লী, (উচিত+ষ্ণ্য, ভাবার্থে) উপযুক্ততা, ন্যায্যতা।

ঔজ্জ্বল্য—বি, ক্লী, (উজ্জ্বল+ষ্ণ্য, ভাবার্থে) দীপ্তি।

ঔৎসুক্য—বি, ক্লী, (উৎসুক+ষ্ণ্য, ভাবার্থে) উৎকণ্ঠা, উৎসুকতা।

ঔদরিক—বিণ, ত্রি, (উদর+ষ্ণিক) পেটুক।

ঔদার্য্য—বি, ক্লী, (উদার+ষ্ণ, ভাবার্থে) মহত্ব।

ঔদাস্য—বি, ক্লী, (উদাস+ষ্ণ, ভাবার্থে) বৈরাগ্য, অমনোযোগ।

ঔদ্ধত্য—বি, ক্লী, (উদ্ধত+ষ্ণ্য, ভাবার্থে) উদ্ধতআচরণ।

ঔর্দ্ধদেহিক—বিণ, ত্রি, (ঊর্দ্ধদেহ+ষ্ণিক) ঊর্দ্ধদেহ সম্বন্ধীয়। (ক্লী) প্রেতকার্য্য।

ঔষধ—বি, ক্লী, (ওষধি+ষ্ণ, ভাবার্থে) রোগ বিনাশক বস্তু।

ক

ক—বি, পুং, (কৈ+ড, কর্তৃ) আত্মা, ব্রহ্মা, বিষ্ণু, সূর্য্য, অগ্নি, বায়ু।

কই—(দে) কোথায়, মৎস্য বিশেষ।

কএক—(দে) কতক, কিঞ্চিৎ।

কএক—(দে) আটক, বদ্ধ।

কয়েদী—বিণ, যাহাকে আবদ্ধ রাখা হইয়াছে।

কংশ (স)—বি, পুং (কম্‌+স, কর্ম্ম) অসুর বিশেষ ইহার পিতার নাম উগ্রসেন, কৃষ্ণের মাতা দেবকীর পিতৃব্য। ইনি পিতাকে কারারুদ্ধ করিয়া মথুরার রাজা হন। কৃষ্ণের সহিত যুদ্ধে ইনি বিনষ্ট হন।

কংসকার—বি, পুং (কংস—কৃ+

অন, কর্ত্তৃ) কাঁসারি, ব্রাহ্মণের ঔরসে বিবাহিত বৈশ্যা স্ত্রীর গর্ভ-জাত বণিক জাতি বিশেষ।

কংসজিৎ—বিণ, পুং, (কংস—জি+ক্বিপ্, কর্ত্তৃ) কৃষ্ণ।

ককুৎস্থ—বি, পুং, (ককুদ—স্থা+ড, কর্ত্তৃ) সূর্য্যবংশীয় রাজা বিশেষ, ইনি ভগীরথের পুত্র, ত্রেতা-যুগে অযোধ্যার রাজা ছিলেন। ইহার অপর নাম পুরঞ্জয়।

ইনি বৃষরূপী ইন্দ্রের ককুদে আরো-হণ পূর্ব্বক অসুর গণের সহিত যুদ্ধে গমন পূর্ব্বক তাহাদের বিনাশ সাধন করেন। সেইজন্য ককুৎস্থ এই নাম প্রাপ্ত হন।

ককুদ—বি, পুং, ক্লী, (ক—কু—দা+ড, কর্ত্তৃ) বৃষের স্কন্ধের ঝুঁটি, ছত্র চামরাদি রাজ চিহ্ন।

কক্ষ—বি, পুং, (কষ্+স, কর্ত্তৃ) বাহুমূল, পার্শ্ব।

কচি—(দে) কোমল, নূতন।

কজ্জল—বি, ক্লী, অঞ্জন, কাজল।

কজ্জলী—বি, স্ত্রী, পারা ও গন্ধক মিশ্রিত ঔষধ বিশেষ।

কঞ্চুকী—বি. স্ত্রী, অন্তঃপুরের নপুং-সক।

কটাক্ষ—বি, পুং, অপাঙ্গ দৃষ্টি, আড় চোখে দেখা।

কটাহ—বি, পুং, (কট—আ—হন্+ড, কর্ত্তৃ) পাত্র বিশেষ, কড়া।

কটি (টী)—বি, স্ত্রী, (কট্+ই, কর্ম্ম) কোমর।

কটু—বিণ, ত্রি, (কট্+উ, কর্ত্তৃ) তিক্ত, কষায়, সুরভি।

কটুভাষী বিণ, পুং (কটু—ভাষ্+ণিন্, কর্ত্তৃ) কটু বাক্য প্রয়োগ কারী।

কঠিন—বিণ, ত্রি, (কঠ+ইন্, কর্ত্তৃ) নিষ্ঠুর, দৃঢ়।

কঠোর—বিণ, ত্রি, (কঠ+ওরন্ কর্ত্তৃ) কঠিন।

কড়কচ—(দে) সামুদ্রিক লবণ।

কড়া—(দে) কটাহ।

কড়ার—(দে) অঙ্গীকার।

কড়মড়—(দে) কঠিন দ্রব্যের চর্ব্বন শব্দ।

কণিকা—বি, ী, কণামাত্র।

কণিষ্ঠ—বিণ,পুং (কণ+ইষ্ঠ) অপেক্ষায় ছোট।

কণ্টক—বি, পুং, ক্লী, কাঁটা।

কণ্টকিত—বি, ত্রি. (কণ্টক+ইত বিদ্যমানার্থে) রোমাঞ্চিত।

কণ্ঠ—বি, পুং, ক্লী (কণ্+ঠ, কর্তৃ) গলদেশ, কণ্ঠধ্বনি।

কণ্ঠস্থ—বিণ, ত্রি, (কণ্ঠ—স্থা+ড কর্তৃ) অভ্যস্ত।

কণ্ডূয়ন্—বি, ক্লী, (কণ্ডু+ঙ্য+অনট্, ভাব) চুলকানি।

কণ্ডূয়মান—বিণ, পুং, (কণ্ডুয়+শান, কর্তৃ) যে চুলকাইতেছে।

কণ্ব—বি, পুং, (কণ+ব, কর্তৃ) মুনি বিশেষ, দুষ্মন্ত মহিষী শকুন্তলার পালক পিতা। [প্রকার।

কথঞ্চিৎ—ব্য (কথন্+চিৎ)কোন

কথম্—ব্য (কিম্—থম্, প্রকারার্থে) কি প্রকার।

কথিত—বিণ, ত্রি, (কথ+ক্ত, কর্ম্ম) উক্ত।

কদন্ন—বি, ক্লী, কুৎসিতান্ন।

কদম্ব—বি, পুং, (কদ্+অম্বচ্, কর্তৃ) বৃক্ষ বিশেষ। ক্লী পুষ্প বিশেষ।

কদর্য্য—বিণ, ত্রি, কুৎসিত।

কদলী—বি, স্ত্রী, কলাগাছ।

কদক্ষর—বি, ক্লী, বিশ্রী লেখা।

কদা—ব্য (কিম+দা কালার্থে) সময়।

কদাকার—বিণ, পুং, যাহার আকৃতি কুৎসিত।

কদাচন—ব্য (কদা+চন, ৭মী স্থানে)

কদাচিৎ—ব্য কদা+চিৎ ৭মী) কোন সময়।

কদুষ্ণ—বিণ, ত্রি, ঈষদুষ্ণ।

কনক—বি, ক্লী (কন্+অক, কর্তৃ) সুবর্ণ।

কনিষ্ঠ—বিণ, ত্রি, (যুবন+ইষ্ঠ বহুর মধ্যে একের উৎকর্ষার্থে) অতি ছোট।

কন্দর—বি. পুং (কং—দৃ+খ, কর্ত্তৃ) গিরিগুহা৷

কন্দু (ন্দূ) ক—বি, পুং, (কন্দ্+উক, উক্, কর্ত্তৃ) গোলা।

কন্ধর—বি, পুং, (ক—ধৃ+খ, কর্ত্তৃ) কাঁধ, গ্রীবা।

কন্যা—বি, স্ত্রী, (কন্+য, কর্ত্তৃ+আপ) পুত্রী, দশ বর্ষ বয়স্ককুমারী।

কপট—বি, পুং, ক্লী, ছল, বঞ্চনা।

কপর্দ্দ, কপর্দ্দক—বি, পুং, (ক—পৃ+বিচ্, ভাব্=কপর—দৈ+ড, কর্ত্তৃ) শিব জটা বরাটক।

কপাট—(দে) দরজার আবরণ।

কপাল—বি, পুং, ক্লী (ক+পা+ণিঞ+অন্, কর্ত্তৃ) মাথার খুলি, ললাট, ভাগ্য।

কপালী—বি, পুং শিব। বিণ, ত্রি কপালধারী।

কপি—বি, পুং (কপ+ই, কর্ত্তৃ) বানর, বিষ্ণু।

কপিত্থ—বি, পুং, কদ্‌বেলের গাছ।

কপিল—বি, পুং, (কপ+ইল, কর্ত্তৃ) পিঙ্গলবর্ণ, সাঙ্খ্যদর্শন প্রণেতা মুনি বিশেষ। এই মুনি প্রজাপতি কর্দ্দমের পুত্র, ইহার মাতার নাম দেবহুতি। ইঁহারই শাপে সগরবংশ ধ্বংস প্রাপ্ত হয়।

কপিশ—বি, পুং (কপি+শ) কৃষ্ণ-পীত মিশ্রিতবর্ণ।

কপীন্দ্র—বি, পুং, সুগ্রীব।

কপোত—বি, পুং, পারাবত। স্ত্রী (তী)।

কপোল—বি, পুং, (কপ্+ওল, কর্ত্তৃ) গণ্ডস্থল।

কফ—বি, পুং, (ক—ফল্+ড কর্ত্তৃ) শ্লেষ্মা। কফ (ফো) নি—বি, পুং, স্ত্রী (ক—ফণ্+ই, কর্ত্তৃ) কনুই।

কবন্ধ—বি, পুং, ক্লী (ক—বন্ধ্+অল, কর্ত্তৃ) পুং রাহু, ধূমকেতু। রাক্ষস বিশেষের নাম, এই রাক্ষস পূর্ব্বে দৈত্য ছিলেন, স্থূল শিরা মুনির ফলমূলাদি ভক্ষণ করিলেন তাহার শাপে রাক্ষসরূপে পরিণত

হয়। কঠোর তপস্যা করিয়া ব্রহ্মার নিকট দীর্ঘায়ুবর প্রাপ্ত হন। অতঃপর ইন্দ্রের সহিত যুদ্ধে মস্তক ও জঙ্ঘাহীন হন। ইন্দ্র অনুগ্রহে যোজন বিস্তৃত বাহু ও উদরের মধ্যে দন্তযুক্ত মুখ হয়। এই অবস্থায় দণ্ডকারণ্যে ছিল; কিন্তু রাম লক্ষ্মণ দণ্ডকারণ্যে উপস্থিত হইলে কবন্ধ বাহু প্রসারিত করিয়া তাহাদিগকে ধরিলে রামচন্দ্র উহার দুটী বাহু ছেদন করিয়া দেওয়ায় শাপবিমুক্ত হইয়াছিল।

কমঠ—বি, পুং (কম্+অঠ কর্ম্ম) কচ্ছপ।

কমনীয়—বিণ, ত্রি (কম+অনীয়, কর্ম্ম) সুন্দর।

কমল—বি, ক্লী, (কম্+অল, কর্ত্তৃ) পদ্ম, জল।

কমলা—বি, স্ত্রী, লক্ষ্মী।

কমলাসন—বি, পুং, ব্রহ্মা। ক্লী পদ্মাসন।

কমলিনী—বি, স্ত্রী, (কমল+ইন্, অস্ত্যর্থে কিপ্) পদ্মিনী, পদ্ম ঝাড়।

কম্প—বি, পুং (কন্‌প+অল, ভাব) কাঁপনি।

কম্পন—বি, ক্লী, (কন্‌প+অনট্ ভাব) কাঁপনি। বিণ, ত্রি, (অন, কর্ত্তৃ) কম্পযুক্ত।

কম্পিত—বিণ, ত্রি (কন্‌প+ক্ত, কর্ত্তৃ) কম্পযুক্ত, ভীত।

কম্বল—বি, ক্লী, (কম্+বল, কর্ম্ম, নিপা) মেষাদি লোমের আসন।

কম্বু—বি, পুং, ক্লী (কন্‌ব+উ, কর্ত্তৃ) শঙ্খ।

কর—বি, পুং, (কৃ+অল, কর্ম্ম) কিরণ।

করক—বি, পুং, বর্ষোপল।

করকোষ্ঠী—বি, স্ত্রী, করতলস্থিত শুভা শুভ চিহ্ন।

করঙ্ক—বি, পুং, (কৃ+অঙ্ক, অধি) কমণ্ডলু, খুঙ্গি, কৌটা।

করজ—বি, পুং, (কর্—জন+ড কর্ত্তৃ) নখ।

করট—বি, পুং, (ক—রট্+অন্ কর্ত্তৃ) করিগণ্ড।

করণ—বি, ক্লী, (কৃ+অনট, করণ) প্রধানকারণ, ইন্দ্রিয়।

করণ্ড—বি, পুং (কৃ+অণ্ডন্, কর্ম্ম) খুঙ্গী, সাজি, কৌটা।

করদ—বিণ, ত্রি, (কর+দা+ড, কর্ত্তৃ) করদায়ী।

করপীড়ন—বি, ক্লী, বিবাহ।

করবাল—বি, পুং, খড়্গ, অসি।

করভ—বি, পুং, (কর-ভা+ড, কর্ত্তৃ) মণিবন্ধ অবধি কনিষ্ঠা পর্য্যন্ত কর বহির্ভাগ।

করভূ—বি, পুং, (কর—ভূ+ক্বিপ্ কর্ত্তৃ) নখ।

করবীর—বি,পুং পুষ্প বৃক্ষ বিশেষ।

করাত—বি, পুং, কাষ্ঠাদি বিদারক অস্ত্র বিশেষ।

করাল—বিণ, ত্রি (কর—অল্+অন, কর্ত্তৃ) বৃহৎ, উচ্চ, ভয়ঙ্কর।

করী—বি, পুং (কর+ইন্, অস্ত্যর্থে) হস্তী।

করীন্দ্র—বি, পুং ঐরাবত, করি শ্রেষ্ঠ।

করি (রী) র—বি, পুং, ক্লী (কৄ+ইরণ, ঈরণ, কর্ম্ম) বংশাঙ্কুর।

করীষ—বি, পুং, ক্লী (কৄ+ষণ, কর্ম্ম) শুষ্ক গোময়।

করুণ—বিণ ত্রি (কৃ+উনন্, কর্ম্ম) দীন, শোকার্ত্ত, দয়ালু।

করুণাময়—বিণ, ত্রি (করুণা+ময়ট্ বিকারার্থে) দয়াময়।

করেণু—বি, পুং (কৃ+এনু কর্ত্তৃ) হস্তী; স্ত্রী (ণু, ণুকা) হস্তিনী।

করোট—বি, পুং (ক—রুট+অন্, কর্ত্তৃ)।

করোটি (টী)—বি, স্ত্রী (ক—রুট্ +ই, কর্ত্তৃ) মাথার অস্থি।

কর্কট—বি, পুং (কর্ক+অটন্, কর্ত্তৃ) কাঁকড়া।

কর্কন্ধু—বি, পুং স্ত্রী (কর্ক—ধা+ডু, কর্ত্তৃ) বদরী বৃক্ষ, কুল গাছ।

কর্কশ—বিণ, ত্রি (কর্ক+শ, অস্ত্যর্থে) কঠিন, খরস্পর্শ বিশিষ্ট।

কর্ণ—বি, পুং (কর্ণ+অল, কর্ম্ম) শ্রবণেন্দ্রিয়।

কর্ণধার—বি, পুং (কর্ণ—ধৃ+খল্, কর্ত্তৃ) নাবিক, কাণ্ডারী।

কর্ণবেধ—বি, পুং, চূড়া করণ, বিধি পূর্ব্বক কার্য্য বিধান।

কর্ত্তন—বি,ক্লী (কৃৎ+অনট্, ভাব) কাটা।

কর্ত্তব্য—বিণ, ত্রি (কৃ+তব্য, কর্ম্ম) যাহা করা উচিত।

কর্ত্তব্যতা—বি, স্ত্রী (কর্ত্তব্য+তা, ভাব, কর্ম্ম) উচিততা, নিষ্ঠুরতা।

কর্ত্তা—বিণ, ত্রি (কৃ+তৃন্, কর্ত্তৃ) প্রভু।

কর্ত্তৃত্ব—বি, ক্লী (কর্ত্তৃ+ত্ব, ভাবার্থে) প্রভুত্ব।

কর্দ্দম—বি, পুং (কর্দ্দ+অম্, কর্ত্তৃ) পঙ্ক, কাঁদা।

কর্পর—বি, পুং, ক্লী (কৃপ্+অরন, কর্ত্তৃ) মাথার খুলি, কটাহ।

কর্পূর—বি, পুং, ক্লী (কৃপ+উর, করণ) গন্ধ দ্রব্য বিশেষ।

কর্ব্বু (র্ব্বূ) র—বি, পুং (কর্ব্ব+উর, উর, কর্ত্তৃ) রাক্ষস, পাপ।

কর্ম্মকর—বিণ, ত্রি (কর্ম্মন্—কৃ+ট, কর্ত্তৃ) ভৃত্য, কারিকর।

কর্ম্মকাণ্ড—বি, পুং, ক্লী, কার্য্য সকল।

কর্ম্মক্ষেত্র—বি, ক্লী, কার্য্য করিবার স্থান।

কর্ম্মচারী—বিণ, ত্রি (কর্ম্ম—চর্+ণিন্, কর্ত্তৃ) যে বেতন গ্রহণ পূর্ব্বক অন্যের কার্য্য করে।

কর্ম্মচ্যুত—বিণ, ত্রি, কার্য্য হইতে অপসৃত।

কর্ম্মঠ—বিণ, ত্রি, কর্ম্মন্+ঠ, কুশলার্থে) কার্য্যক্ষম।

কর্ম্মণ্য—বিণ, ত্রি (কর্ম্মণ্+ষ্ণ্য) কর্ম্মযোগ্য, কার্য্যের উপযুক্ত।

কর্ম্মিষ্ঠ—বিণ, ত্রি (কর্ম্মবৎ+ইষ্ঠ বহুর মধ্যে উৎকর্ষার্থে) কার্য্যক্ষম।

কর্ষণ—বি, ক্লী (কৃষ্+অনট্, ভাব) চাষ, টানন।

কল—বি, পুং (কল্+অন্, কর্ত্তৃ) মধুরাস্ফুটধ্বনি।

কলকণ্ঠ—বি, পুং কোকিল।

কল কল—বি, পুং, কোলাহল।

কলঙ্ক—বি, পুং চিহ্ন, তাম্রাদি পাত্রের দাগ।

কলঙ্কিত—বিণ, ত্রি (কলঙ্ক+ইত, অস্ত্যর্থে) দুর্নামগ্রস্ত।

কলত্র—বি, স্ত্রী (কল—ত্রৈ+ড, কর্ত্তৃ) স্ত্রী, ভার্য্যা।

কলধৌত—বি, ক্লী, সুবর্ণ, রৌপ্য।

কলভ—বি, পুং (কল+অভচ্, কর্ম্ম) ত্রিংশদ্বর্ষীয় করিশাবক, উষ্ট্র শাবক।

কলম—বি, পুং (কল+অম্, কর্ম্ম) ধান্য বিশেষ, লেখনী।

কলম্ব—বি, পুং (কড্+অম্বক, কর্ত্তৃ) বাণ, কদম্ব বৃক্ষ।

কলস—বি, পুং, ক্লী (ক—লস্+অন্, কর্ত্তৃ) ঘট।

কলহ—বি, পুং, ক্লী (কল—হন্+ড, কর্ত্তৃ) যুদ্ধ, বিবাদ।

কলহংস—বি, পুং, রাজহংস, উত্তম রাজা।

কলা—বি, স্ত্রী (কল+অন্, কর্ম্ম+আপ) চন্দ্রের ষোড়শাংশ, অংশ, কালপরিমাণ বিশেষ, নৃত্য গীতাদি ৬৪ বিদ্যা।

কলাপ—বি, পুং (কলা—আপ্+অণ্, কর্ত্তৃ) সমূহ, ময়ূর পুচ্ছ, ভূবন।

কলাপী—বি, পুং (কলাপ+ইন্, অস্ত্যর্থে) কোকিল।

কলাভৃৎ—বি, পুং (কলা—ভৃ+ক্বিপ্, কর্ত্তৃ) চন্দ্র, শিল্পী, শিব।

কলি—বি, পুং (কাল+ই, কর্ত্তৃ) কলহ যুদ্ধ, স্ত্রী (লি, লী) কোরক।

কলিঙ্গ—বি, পুং (কাঙ্গ—গম্+খ কর্ত্তৃ) দেশ বিশেষ।

কলুষ—বি, ক্লী (কল+উষন্, কর্ত্তৃ) পাপ। ত্রি, পাপী, দুঃখিত।

কলুষিত—বিণ, ত্রি (কলুষ+ইত, অস্ত্যর্থে) দূষিত, ঘোলা, পাপা।

কলেবর—বি, ক্লী দেহ।

কল্প—বি, পুং (ক্লৃপ+অল, কর্ম্ম) বেদান্তগ্রন্থ বিশেষ, শাস্ত্র, নিয়ম।

কল্পনা—বি, স্ত্রী (ক্লৃপ+অনট্, ভাব+আপ্) রচনা, আরোপ

কল্পিত—বিণ, ত্রি (ক্লৃপ্+ণিচ+ক্ত, কর্ম্ম) রচিত, সজ্জিত, সম্পাদিত।

কল্মষ—বি, ক্লী (কর্ম্ম—সো+ড, কর্ত্তৃ) পাপ, পুং নরক বিশেষ। (ত্রি) মলিন, পাপিষ্ঠ।

কল্য—বি, ক্লী (কল+যক্, কর্ম্ম) প্রত্যূষ।

কল্যাণ—বি, ক্লী (কল্য—অন্+অল, কর্ম্ম) মঙ্গল, স্বর্গ।

কল্যাণাস্পদ—বিণ, ত্রি. মঙ্গলের পাত্র।

কল্লোল—বি, পুং (কল্ল+ওল, কর্ত্তৃ) মহাতরঙ্গ, হর্ষ।

কল্লোলিনী—বি, স্ত্রী (কল্লোল+ইন্, অস্ত্যর্থে) নদী।

কবচ—বি, পুং, ক্লী (কু—বন্চ+ক, কর্ত্তৃ) সাঁজোয়া।

কবজ—(যা) দাখিলা।

কবন্ধ—বি, পুং মস্তক হীন দেহ।

কবরী—বি, স্ত্রী (কু+অরন্, কর্ত্তৃ ঈপ) কেশ বিন্যাস, খোঁপা।

কবল—বি, পুং গ্রাস।

কবলিত—বিণ, ত্রি (কবল+ণিচ+ক্ত, কর্ম্ম) ভক্ষিত, গ্রস্ত।

কবাট—(দে) দ্বারের আবরণ।

কবি—বি, পুং (কু+ইন্, কর্ত্তৃ) কাব্য কর্ত্তা, পণ্ডিত।

কবিতা—বি, স্ত্রী (কবি+তা, ভাবার্থে) কবিত্ব, শ্লোক।

কবুলতি—(যা) অঙ্গীকার, রসিদ।

কবোষ্ণ—বিণ, ত্রি অল্প গরম।

কশা—বি, স্ত্রী কশ্+অস, করণ+আপ্) চাবুক।

কশ্যপ—বি, পুং (কশ্য—পা+ড, কর্ত্তৃ) মুনি বিশেষ।

কষায় বি, পুং ক্লী (কষ্+আয়, কর্ত্তৃ) রসবিশেষ, ক্কাথ, নির্য্যাস।

কষ্ট—বি, ক্লী (কষ্+ক্ত, ভাব) ক্লেশ। (ত্রি) কর্ত্তৃ, দুঃখজনক।

কষ্টি—বি, স্ত্রী (কষ্+ক্তি, অধি) প্রস্তর বিশেষ।

কহ্লার—বি, ক্লী (ক—হ্লাদ্+অন কর্ত্তৃ) শ্বেত পদ্ম।

কাংস্য—বি, ক্লী (কংস+ষ্ণ্য) তাম্রও রাঙ্ মিশ্রিত ধাতু।

কাংস্যকার—বি, পুং (কাংস্য—কৃ+যণ, কর্ত্তৃ) কাঁসারি।

কায়েম—(যা) স্থির, অটল।

কাঁচা—(দে) অপক্ক, অপরিণত।

কাঁচী—(দে) ছেদনী অস্ত্র বিশেষ।

কাঙ্গাল, (লী)—(দে) দরিদ্র, ধনশূন্য।

কাছাকাছি—(দে) নিকটবর্ত্তী।

কাছাধরা—(দে) তোষামোদকারী

কাছারী—(যা) বিচারালয়।

কাছী—(দে) মোটা দড়ী।

কাছে—(দে) নিকটে।

কাজী—(দে) মুসলমান বিচারক।

কাঞ্চন—বি, ক্লী (কাঞ্চ+অন্ কর্ত্তৃ) স্বর্ণ।

কাঞ্চি (ঞ্চী)—বি, স্ত্রী (কান্চ্+ই, করণ) মেখলা, চন্দ্রহার, গোট।

কাঠরিয়া—(দে) যে কাঠ কাটে।

কাঠা—(দে) ধান্যাদির পরিমাণ পাত্র, দীর্ঘে ৮০ হাত প্রস্থে ৪ হাত পরিমিত স্থান।

কাঠিন্য—বি, ক্লী (কঠিন+ষ্ণ্য, ভাবার্থে) দৃঢ়তা, নির্দ্দয়তা।

কাড়া—(দে) বাদ্য বিশেষ।

কাণ্ড—বি, পুং ঘটনা, অধ্যায় বৃক্ষের মাটীর উপরের অংশ।

কাণ্ডজ্ঞান—বি, ক্লী কোন্ বিষয় কিরূপ করা বা বলা উচিত তাহার জ্ঞান, বিষয় জ্ঞান।

কাণ্ডারী—বি, পুং মাঝী, নাবিক।

কাতর—বিণ, ত্রি (কু—তৄ+অন্, কর্ত্তৃ) দুঃখিত, ভীত, চঞ্চল।

কাতর্য্য—বি, ক্লী (কাতর+ষ্ণ্য, ভাবার্থে) ভীরুতা, দুঃখ।

কাদম্ব—বি, পুং (কদ্+ণিচ+অম্বচ্, কর্ত্তৃ) কলহংস, বাণ।

কাদম্বিনী—বি, স্ত্রী (কাদম্ব+ইন্ অস্ত্যর্থে+ঈপ) মেঘ শ্রেণী।

কানন—বি, ক্লী (কন+ণিচ+অনট্, কর্ম্ম) বন, গৃহ।

কানীন—বি, পুং স্ত্রী (কন্যা+ণীন

অপত্যার্থে) অবিবাহিতার সন্তান, ব্যাসদেব, কুন্তী পুত্র কর্ণ।

কান্ত—বিণ, ত্রি (কম্+ক্ত, কর্ম্ম) কমনীয়।

কান্তা—বি, সুন্দরী, স্ত্রী ভার্য্যা।

কান্তার—বি, পুং ক্লী (কান্—তৃ) ঞি+অন্, কর্ত্তৃ) মহারণ্য, দুর্গম পথ, গর্ত্ত। •

কান্তি—বি, স্ত্রী (কম্+ক্তি, ভাব) শোভা, দীপ্তি।

কান্তিভৃৎ—বিণ, ত্রি (কান্তি—ভৃ +ক্বিপ্ কর্ত্তৃ) দীপ্তিশালী।

কান্তি লৌহ—বি, পুং, চুম্বক পাথর, অয়স্কান্ত মণি।

কাপটিক—বিণ, ত্রি (কপট+ষ্ণিক কপটাচারী।

কাপট্য—বি, ক্লী (কপট্+ষ্ণ্য ভাবার্থে) কপটতা, শাঠ্য।

কাপালিক—বি, পুং (কপাল+ ষ্ণিক) শৈব সম্প্রদায় বিশেষ।

কাপুরুষ—বি, পুং, ভীরু।

কাম—বি, পুং (কম্+ঞি+অন, কর্ত্তৃ) কন্দর্প ; ক্লী, রেতঃ। কম্ +ঘঞ্ ভাব) ইচ্ছা।

কামচার—বি, পুং (কাম—চর্+ ঘঞ্, ভাব) স্বেচ্ছাচার, যথেচ্ছাচার।

কামদ—বিণ, ত্রি, (কাম—দা+ড, কর্ত্তৃ) অভীষ্ট দাতা।

কামদুঘা—বি, (কাম—দুহ্+ক, কর্ত্তৃ+আপ্) কামধেনু, ইহার নিকট যাহা প্রার্থনা করা যায় তাহাই পাওয়া যায়।

কামধেনু—বি, স্ত্রী অভিষ্ট দায়িনী গবী।

কামনা—বি, স্ত্রী (কামি+অনট্, ভাব+আপ্) বাসনা।

কামরূপ—বি, পুং, দেশ বিশেষ, বিণ্, ত্রি স্বেচ্ছা পূর্ব্বক রূপ ধারী।

কামী—বিণ, ত্রি (কাম্+ইন্ অস্ত্যর্থে) কাম বিশিষ্ট, কামুক।

কামুক—বিণ, ত্রি, (কম্+ক্রুক্ কর্ত্তৃ) রমণাভিলাষী।

কাম্য—বিণ ক্লী (কাম+ণিঙ+য, কর্ম্ম) ভোগ্য, অভিলষণীয়।

কায়—বি, পুং, (চি+ঘঞ, কর্ম্ম) দেহ।

কায়স্থ—বি,পুং, (কায়—স্থা+ড কর্ত্তৃ) ক্ষত্রিয়ের ঔরসে শূদ্রার গর্ভজাত জাতি বিশেষ।

কায়িক—বিণ, ত্রি, (কায়+ষ্ণিক্ সম্বন্ধীয়ার্থ) শারীরিক, শরীর সম্বন্ধীয়।

কারক—বিণ, ত্রি, (কৃ+ণক কর্ত্তৃ) কর্ম্ম কর্ত্তা।

কারণ—বি, ক্লী, (কৃ—ণিঙ+অনট, ভাব) হেতু সাধন।

কারবার—(যা) ব্যবসায়।

কারাগার—বি, পুং জেলখানা।

কারু—বিণ, ত্রি, (কৃ+উন, কর্ত্তৃ) শিল্পকর, নির্ম্মাতা।

কারুণিক—বিণ, ত্রি, (করুণা+ষ্ণিক) দয়ালু।

কারুণ্য—বি, ক্লী (করুণ+ষ্ণ্য, ভাবার্থে) দয়া।

কার্কশ্য—বি, ক্লী (কর্কশ+ষ্ণ্য, ভাবার্থে) কাঠিন্য, নির্দ্দয়তা।

কার্ত্তবীর্য্য—বি, পুং, কৃতবীর্য্য+ষ্ণ, অপত্যার্থে) কৃতবীর্য্য পুত্র, নৃপ বিশেষ।

কার্ত্তিকেয়—বি, পুং, (কৃত্তিকা+ষ্ণেয়, অপত্যার্থে) ষড়ানন।

কার্পণ্য—বি, ক্লী, (কৃপণ+ষ্ণ্য, ভাবার্থে) কৃপণতা, দৈন্য।

কার্ম্মুক—বি, ক্লী, (কর্ম্মন্+উক, কর্ত্তৃ) ধনুক।

কার্য্য—বি, ক্লী, (কৃ+ঘ্যণ, কর্ম্ম) কর্ম্ম, প্রয়োজন, হেতু।

কার্শ্য—বি, ক্লী (কৃশ+ষ্ণ্য, ভাবার্থে) কৃশতা।

কার্ষাপণ—বি, পুং, ক্লী, ১৬ পণ, কাহন।

কালকূট—বি, পুং, ক্লী, বিষ বিশেষ।

কালজ্ঞ—বি, পুং, কাল—জ্ঞা+ড কর্ত্তৃ) দৈবজ্ঞ, কুক্কুট।

কালপুরুষ—বি, পুং, পুরুষাকৃতি নক্ষত্র ব্যূহ।

কালপৃষ্ঠ—বি, ক্লী, কর্ণের ধনুক।

কালরাত্রি—বি, স্ত্রী, সংহার রাত্রি, যেরাত্রিতে মৃত্যু বা বিষম বিপদ ঘটে।

কালবেলা—বি, স্ত্রী, অশুভ সময়।

কালসর্প—বি, পুং কৃষ্ণসর্প, কেউটে সাপ।

কালসার—বি, পুং, কৃষ্ণহরিণ।

কালা—বিণ, স্ত্রী, বধির, যে শুনিতে পায়না।

কালাই—(দে) আস্তর করা, রংকরা।

কালান্তক—বি, পুং, যম।

কালাশুদ্ধি—বি, স্ত্রী যে সময়ে শুভ কার্য্যাদি শাস্ত্র বিরুদ্ধ।

কালাশৌচ—বি, ক্লী, শুভকার্য্য ব্যাঘাতকর অশৌচ, মহাগুরুর বিনাশ জন্য সংবৎসর ব্যাপী অশৌচ।

কালি—বি, স্ত্রী, মসী (বা) কল্য।

কালিদাস—বি, পুং স্বনাম খ্যাত প্রসিদ্ধকবি। ইনি বিক্রমাদিত্যের নবরত্নসভার সর্ব্ব প্রধান রত্ন ছিলেন। রঘুবংশ, কুমারসম্ভব, মেঘদূত, ঋতুসংহার প্রভৃতি কাব্য শকুন্তলা বিক্রমোর্ব্বশী প্রভৃতি নাটক প্রণয়ন করিয়া স্বকীয় অসাধারণ কবিত্ব শক্তির পরিচয় প্রদান করিয়াছেন।

কালিন্দী—বি, স্ত্রী যমুনানদী।

কালিমা—বি, স্ত্রী (কাল+ইমন্, ভাবার্থে) কৃষ্ণত্ব।

কালীন—বিণ, ত্রি (কাল+ঈন্ সম্বন্ধীয়ার্থে) কাল সম্বন্ধীয়।

কাল্পনিক—বিণ,ত্রি, (কাল্পনা+ষ্ণিক জাতার্থে) কাল্পনা জনিত, আরোপিত।

কাবেরী—বিণ, স্ত্রী নদী বিশেষ।

কাব্য—বি,ক্লী (কবি+ষ্ণ্য, কৃতার্থে) রসাত্মক বাক্য, অলৌকিক আনন্দজনক রচনা।

কাশ্যপ—বি, পুং (কশ্যপ+ষ্ণ্য, অপত্যার্থে) মুনিবিশেষ, গোত্র বিশেষ বিণ, ত্রি, কশ্যপ সম্বন্ধীয়।

কাশ্যপের—বি, পুং কশ্যপ+ষ্ণেয় অপত্যার্থে) সূর্য্য, গরুড়।

কাষায়—বিণ, ত্রি কষায়+ষ্ণ রঞ্জিতার্থে) কাষায় রক্ত, অনুজ্জ্বল রক্তবর্ণ।

কাহিনী—(দে) প্রস্তাব, গল্প।

কাহিল—(যা) কাতর, দুর্ব্বল, কৃশ।

কিংবদন্তী বি, স্ত্রী জনশ্রুতি।

কিংশুক—বি, পুং পালাশ বৃক্ষ।

কিঙ্কর—বি, পুং (কিং—কৃ+ট, কর্ত্তৃ) চাকর।

কিঙ্কর্ত্তব্য—বিণ, ত্রি, কি করা উচিত।

কিঙ্কর্ত্তব্যবিমূঢ়—বিণ, ত্রি, কর্ত্তব্যাবধারণে অসমর্থ।

কিঞ্চিৎ—ব্য (কিম্+চিৎ) অল্প, কিছু।

কিঞ্চিন্মাত্র—বিণ, ক্লী, অল্প পরিমাণ।

কিড়মিড়—(দে) দন্তের ঘর্ষণ শব্দ।

কিন্নর—বি, পুং স্বর্গীয় গায়ক।

কিম্ভূত—বিণ, ত্রি, কীদৃশ।

কিয়ৎ—বিণ, ব্য (কিম+বতু পরিমাণার্থে) কত।

কিরণমালী—বি, পুং (কিরণমালা +ইন্, অস্ত্যর্থে) সূর্য্য।

কিরাত—বি, পুং (কির—অত্+অন্, কর্ত্তৃ) ব্যাধ।

কিরীট—বি, পুং, ক্লী (কৃ+কীটন, কর্ত্তৃ) মুকুট।

কিরীটী বি, পুং, (কিরীট+ইন্, অস্ত্যর্থে) অর্জ্জুন। [বনা

কিল—ব্য (কিল+ক, কর্ত্তৃ) সম্ভা-

কিল্বিষ—বি, ক্লী, (কিল্+টিষচ, কর্ত্তৃ ব"আগম) পাপ, অপরাধ, রোগ।

কিশ(স)লয়—বি, পুং, ক্লী (কিম্+শল+কয়ন্, কর্ত্তৃ) নবপল্লব।

কিশোর—বিণ, ত্রি (কশ্+ওরণ্ কর্ত্তৃ) শিশু, ১১ হইতে ১৫ বৎসর পর্য্যন্ত বয়স্ক।

কিষ্কিন্ধ্যা—বি, স্ত্রী বালির রাজ্য।

কীট—বি, পুং (কীট্+ক, কর্ত্তৃ) কৃমি।

কীটজ—বি, ক্লী (কীট—জন্+ড, কর্ত্তৃ) রেশম।

কীদৃক্, কীদৃশ—বিণ, ত্রি, কিম্ দৃশ্+ক্বিপ, টক্, কর্ম্ম) কি প্রকার।

কীর—বি, পুং (কম্—ঈর্, কর্ত্তৃ) শুক পক্ষী।

কীর্ণ—বিণ, ত্রি কৄ+ক্ত, কর্ম্ম) বিক্ষিপ্ত।

কীর্ত্তন—বি, ক্লী (কৃত্+অনট্, ভাব) বর্ণন।

কীর্ত্তনীয়—বিণ, ত্রি (কৃত্+অনীয় কর্ম্ম) কথনীয়, গণনীয়।

কীর্ত্তি—বি, স্ত্রী (কৃত্+ক্তি, ভাব) যশঃ, মৃত ব্যক্তির খ্যাতি।

কীর্ত্তিত—বিণ, ত্রি (কৃত্+ক্ত,কর্ম্ম) বর্ণিত, কথিত।

কীল—বি, পুং (কীস্+ক, করণ) শঙ্কু, গোজ, হুড়কা, খিল। স্ত্রী (লা)

কীলক—বি, পুং (কীল+কণ, স্বার্থে) গোজ, হুড়কা।

কু—ব্য (কু—ডু কর্ত্তৃ) পাপ, ঈষৎ, নিন্দা।

কুঁড়িয়া—বি, পত্রাদি নির্ম্মিত ঘর।

।, কুকুর—বি, পুং, কুত্তা।

কুক্কুট—বি, পুং (কু+ক্বিপ্, কর্ত্তৃ =কুক্—কুট্,+ক,কর্ত্তৃ) মোরগ।

কুক্ষি—বি, পুং (কুষ+ক্‌সি কর্ত্তৃ) উদর গহ্বর, কোঁক, অভ্যন্তর।

কুক্ষিজ—বিণ, ত্রি, (কুক্ষি—জন্ +ড, কর্ত্তৃ) গর্ভজাত, সন্তান্।

কুক্ষিম্ভরি—বিণ, ত্রি (কুক্ষি—ভৃ+খি, কর্ত্তৃ) পেটুক।

কুঙ্কুম—বি,ক্লী (কুক্+উমক্, কর্ম্ম) কাশ্মীর দেশজাত গন্ধদ্রব্যবিশেষ।

কুচ—বি, পুং (কুচ+ক, কর্ম্ম) যুবতীর স্তন।

কুচক্রী—বিণ, ত্রি, যে কুমন্ত্রণা দেয় বা তাহাতে লিপ্ত থাকে।

কুজ—বি, পুং, (কু—জন+ড, কর্ত্তৃ) মঙ্গল গ্রহ। [দুর্গা।

কুজা—বি, স্ত্রী, জলপাত্র বিশেষ,

কুজ্ঝটিকা—বি, স্ত্রী, (কু+ক্বিপ্ কর্ত্তৃ — ঝট্+ই, কর্ত্তৃ+আপ্) কুয়াসা।

কুঞ্চন—বি, ক্লী (কুঞ্চ্+অনট্, ভাব) সঙ্কোচন, অনাদর।

কুঞ্চিত—বিণ, ত্রি (কুঞ্চ্+ক্ত, কর্ত্তৃ) সঙ্কুচিত।

কুঞ্জ—বি, পুং, ক্লী (কু—জন্+ড কর্ত্তৃ) লতাগৃহ, হস্তিদন্ত। [হস্তী।

কুঞ্জর—বি, পুং, (কুঞ্জ + র, অস্ত্যর্থে)

কুটনী—বি, স্ত্রী, যে নায়ক নায়িকায় মিলন করাইয়া দেয়, দূতী।

কুটিল—বিণ, ত্রি (কুট্+ইল, কর্ত্তৃ) বক্র, অসাধু।

কুটি(টী)র—বি, পুং, ক্লী (কুটি,টী—রা+ড, কর্ত্তৃ) পর্ণশালা।

কুটুম্ব—বি, পুং (কুটুম্ব্+অন, কর্ত্তৃ) পোষ্য, পরিবার।

কুটুম্বী—বি, পুং (কুটুম্ব+ইন্, অস্ত্যর্থে) গৃহস্থ।

কুটুম্বিতা—বি, স্ত্রী (কুটুম্বিন্+তা, ভাবার্থে পারিবারিক সম্বন্ধ।

কুট্মল কুড্মল—বি, পুং, ক্লী (কুট, কুড্ ক্মলম কর্ত্তৃ) মুকুল, ফুলের কুড়ি।

কুঠার—বি, পুং (কুঠ্—ঋ+ষণ, কর্ত্তৃ) কুড়ালি, বাইস।

কুণ্ঠিত—বিণ, ত্রি (কুণ্ঠ্+ক্ত, কর্ত্তৃ) অলস, মূর্খ, সঙ্কুচিত, ব্যাহত।

কুণ্ডল—বি, ক্লী (কুন্ড+কলচ্, কর্ম্ম) কর্ণভূষণ, বলয় সমূহ।

কুণ্ডলী—বি, পুং (কুণ্ডল+ইন্, অস্ত্যর্থে) সর্প, ময়ূর। (ত্রি) কুণ্ডলধারী।

কুতঃ—ব্য (কিম্+তস্) কিজন্য, কোথা হইতে।

কুতুক—বি, ক্লী (কুতু—কৈ+ড, কর্ত্তৃ) কৌতুহল, ঔৎসুক্য, আনন্দ।

কুতূহল—বি, ক্লী (কুতূ—হল্+অন্ কর্ত্তৃ) কৌতূহল।

কুত্র—ব্য (কিম্+ত্র, ৭মী স্থলে) কোথায়, কোন বিষয়ে।

কুত্রচিৎ—ব্য (কুত্র+চিৎ) কোন স্থলে। [নিন্দা।

কুৎসা—বি, স্ত্রী (কুৎস্+অ, ভাব)

কুৎসিত—বিণ, ত্রি (কুৎস্+ক্ত, কর্ম্ম) নিন্দিত।

কুণ্ডল—বি, পুং (কুণ্ড—লা+ড, কর্ত্তৃ) কেশ, পান পাত্র।

কুন্দ—বি, পুং, ক্লী (কু+দ কর্ত্ত) কুঁদফুল, পুং (কু—দো+ড, কর্ত্তৃ) ভ্রমিযন্ত্র।

কুপিত—বিণ, ত্রি (কুপ্+ক্ত, কর্ত্তৃ ক্রুদ্ধ।

কুবের—বি, পুং (কুনব্+এর, কর্ত্তৃ) যক্ষরাজ।

কুব্জ—বিণ, ত্রি (কু—উব্জ+অন্, কর্ত্ত) কুঁজো।

কুমার—বি, পুং (কুমার+অন্, কর্ত্তৃ) কার্ত্তিকেয়, যুবরাজ, ৫ম বর্ষীয় শিশু। স্ত্রী, (রী) দ্বাদশবর্ষীয়া, অবিবাহিতা কন্যা, অনূঢ়াকন্যা, ঘৃতকুমারী।

কুমুদ—বি, ক্লী (কু—মুদ+ক কর্ত্তৃ) কৈরব, শ্বেতোৎপল, রক্তোৎপল।

কুমুদিনী—বি, স্ত্রী (কুমুদ্+ইন্ অস্ত্যর্থে+ঈপ)

কুমুদ্বতী—বি, স্ত্রী (কুমুদ্+বতু, অস্ত্যর্থে+ঈপ্)। কুমুদের ঝাড়।

কুম্ভ—বি, পুং (কু—উন্‌ভ+অন্, কর্ত্তৃ) ঘট, কলস, গজকুম্ভ, রাশি বিশেষ।

কুম্ভক—বি,পুং (কুম্ভ+কণ, স্বার্থে) নিশ্বাসরোধক চেষ্টা প্রাণ বায়ুর নিঃসারণ বা আকর্ষণ না করিয়া অন্তরে ধারণ।

কুম্ভকর্ণ—বি, পুং লঙ্কেশ্বর রাবণের মধ্যম ভ্রাতা বিশ্রবার ঔরসে নিক-সার গর্ভে জন্মগ্রহণ করেন। তপস্যা দ্বারা ব্রহ্মাকে সন্তুষ্ট করিয়া ছয় মাস নিদ্রাসুখ ভোগ করিয়া এক দিন মাত্র ভোজন করিবার বর প্রাপ্ত হইলেন, কিন্তু অকালে নিদ্রাভঙ্গ করিলে মৃত্যু হইবে। রাম রাবণের যুদ্ধের সময় লঙ্কেশ্বর ইহার অকালে নিদ্রাভঙ্গ করায় রামের সহিত যুদ্ধে নিধন প্রাপ্ত হন।

কুম্ভকার—বি, পুং (কুম্ভ—কৃ+ষণ্ কর্ত্তৃ) জাতি বিশেষ, কুমার।

।পাক—বি, পুং নরক বিশেষ।

।—বি, পুং (কুম্ভিন্—ইর্ +অন, কর্ত্ত) কুমীর।

কুরঙ্গ—বি, পুং (কুর+অঙ্গচ্ কর্ত্ত)

কুরঙ্গম—বি, পুং (কু—রঙ্গ—মা+ ড, কর্ত্ত) হরিণ।

কুরর—বি, পুং, (কু+ক্রর্ন্ কর্ত্ত) উৎক্রোশ পক্ষী স্ত্রী—(রী)

কুরু—বি, পুং, (কৃ+কু, অধি) দেশ বিশেষ, চন্দ্রবংশীয় রাজা বিশেষ। সম্বরণ রাজার ঔরসে সূর্য্যসুতা তপতীর গর্ভে ইঁহার জন্ম হয়। ইনি অতিশয় পরাক্রমশালী ছিলেন, ইঁহার বংশধরগণ কুরুবংশ নামে বিখ্যাত।

কুরুক্ষেত্র—বি, ক্লী, দেশ বিশেষ; ইহার আধুনিক নাম থানেশ্বর, কুরুপাণ্ডবের যুদ্ধভূমি। এইস্থানে দেহত্যাগ করিলে স্বর্গলাভ হয়।

কুর্দ্দন, কূর্দ্দন—বি,ক্লী, (কুর্দ্দ্ কূর্দ্দ্+অনট্, ভাব) ক্রীড়া, আস্ফালন।

কুল—বি, ক্লী (কুল্+ক, কর্ত্ত) বংশ।

কুলকন্যা, কুলকামিনী—বি, স্ত্রী, সদ্বংশজাত স্ত্রী।

কুলক্রমাগত—বিণ, ত্রি, কুল পরম্পরায় চলিত।

কুলক্রিয়া—বি, স্ত্রী, কুলীনে কন্যা [দান।

কুলজ—বিণ, ত্রি (কুল—জন্+ড, কর্ত্ত) সৎকুলজাত, কুলীন।

কুলট—বি, পুং, (কুল—অট+অন্, কর্ত্ত) দত্তকাদি। স্ত্রী (টা) স্ত্রী—অসতী।

কুলিশ—বি, পুং, ক্লী (কুলীন্—শো ড, কর্ত্ত) বজ্র। (কু—লিশ্+ক, কর্ত্ত) অগ্রভাগ।

কুলীন—বিণ, ত্রি, (কুল+ঈন, ভবার্থে) সদ্বংশীয়।

কুলোদ্বহ—বিণ, ত্রি (কুল—উৎ—বহ+অল, কর্ত্ত) বংশধর, কুলশ্রেষ্ঠ

কুলুপ—(যা) তালা, চাবি।

কুবলয়—বি, ক্লী—পদ্ম, নীলোৎপল, শ্বেতোৎপল।

কুবের—বি, পুং (কু+বের) ধনাধিপ, (ত্রি) কুৎসিৎ দেহযুক্ত।

কুশ—বি, পুং, ক্লী (কু শী+ড, কর্ত্তৃ) প্রসিদ্ধ তৃণ। পুং (কুশ্+ক্ত) রামপুত্র। কুশ ও লব রামচন্দ্রের যমজ পুত্র ইহাঁরা বাল্মিকীর তপোবনে ভূমিষ্ঠ হন; কিছুকাল পরে যখন অশ্বমেধ যজ্ঞ করেন সেই সময় ইহাঁদের রামায়ণ গান শ্রবণ করিয়া সকলে মোহিত হইলেন। রামচন্দ্র ইহাঁদিগকে পুত্র বলিয়া চিনিতে পারিলে সীতা দেবী অযোধ্যায় আনীতা হইলেন কিন্তু তাহার অন্তর্ধানের পর রামচন্দ্র কুশকে কুশাবতীর লবকে শ্রাবস্তীর রাজা করে।

কুশধ্বজ—বি, পুং জনক রাজার অনুজ। ইহাঁরই কন্যা মাণ্ডবী ও শ্রুতকীর্ত্তির সহিত যথাক্রমে ভরত ও শত্রুঘ্নের বিবাহ হয়। জনক রাজা সাঙ্কাশ রাজাকে বিনাশ করিলে ইনি তথাকার রাজা হন।

কুশল—বি, ক্লী (কুশ্+কলন, কর্ত্তৃ) কল্যাণ, মঙ্গল।

কুশাসন—বি, ক্লী, কুশনির্ম্মিত আসন।

কুশী(সী)দ—বি, ক্লী, সুদ।

কুশীদব্যবহার—বি, পুং সুদ কষা।

কুষ্ঠ—বি, ক্লী (কুষ্+কথন্, কর্ত্তৃ) মহাব্যাধি, স্বনামখ্যাত রোগ।

কুষ্মাণ্ড—বি, পুং (কু—উষ্মন্+অণ্ড্) কুমড়া।

কুসুম—বি, ক্লী (কুস্+উমক, কর্ত্তৃ) ফুল। [দেব।

কুসুমায়ুধ—বি, পুং, কন্দর্প কাম-

কুসুমিত—বিণ, ত্রি (কুসুম+ইত, বিদ্যমানার্থে) যাহার ফুল হইয়াছে, পুষ্পিত।

কুস্তুভ—বি, পুং (কু—স্তুনভ+কর্ত্তৃ) সমুদ্র, বিষ্ণু।

কুহক—বি, ক্লী (কুহ+ণক, কর্ত্তৃ) ইন্দ্রজাল, মায়া।

কুহকী—বিণ, ত্রি (কুহক+ইন, অস্ত্যর্থে) ইন্দ্রজালিক, মায়াবী।

কুহর—বি, ক্লী (কুহ রা+ড, কর্ত্তৃ) গহ্বর, ছিদ্র।

কুহরিত—বিণ, ত্রি (কুহর+ণিচ্+ক্ত, কর্ম্ম) ধ্বনিত।

কুহু (হূ)—বি, স্ত্রী (কুহ+কু, উ, কর্ত্তৃ) কোকিলধ্বনি, অমাবস্যা।

কূজিত—বি, ক্লী (কূজ্+ক্ত, ভাব) অব্যক্ত শব্দ।

কূট—বি, পুং, ক্লী (কূট+অন, কর্ত্তৃ) গিরিশৃঙ্গ, দম্ভ, কপট, জাল, মায়া।

কূটসাক্ষী—বি, পুং মিথ্যাসাক্ষী।

কূটাগার—বি,ক্লী প্রাসাদের সর্ব্বোপরি গৃহ।

কূপ—বি, পুং, (কু+পক, অধি) পাতকুয়া, গর্ত্ত।

কূল—বি, ক্লী (কূল+ক, কর্ত্তৃ নদ্যাদির তীর।

...হ্—বিণ, ত্রি (কূল—উৎ-বহ্+খশ্, কর্ত্তৃ) কূলবহনকারী।

কৃকলাশস—বি, পুং (কৃক—লশ (স)+অণ, কর্ত্তৃ) কাঁকলাশ (স)।

কৃচ্ছ্র—বি, ক্লী (কৃৎ+রক্, কর্ত্তৃ) কষ্ট, পাপ।

কৃত—বিণ, ক্লী, (কৃ+ক্ত, কর্ম্ম। সত্যযুগ (ত্রি) রচিত, সম্পাদিত।

কৃতকর্ম্মা—বিণ, ত্রি, কর্ম্মক্ষম।

কৃতঘ্ন—বিণ, ত্রি, (কৃত—হন্+টক, কর্ত্তৃ) উপকারকের অপকারক, যে প্রাপ্ত উপকার মানেনা।

কৃতজ্ঞ—বিণ, ত্রি, (কৃত-জ্ঞা+ড, কর্ত্তৃ) প্রত্যুপকারক, উপকার স্বীকর্ত্তা।

কৃতনিশ্চয়—বিণ, ত্রি, স্থির সংকল্প, সিদ্ধিলাভ বিষয়ে সন্দেহ শূন্য।

কৃতবিদ্য—বিণ, ত্রি, বিদ্বান, শিক্ষিত

কৃতসংকল্প—বিণ, ত্রি, দৃঢ়প্রতিজ্ঞ, ইচ্ছুক।

কৃতাঞ্জলিপুট—বিণ, ত্রি,যোড়হাত।

কৃতান্ত—বি, পুং যম।

কৃতার্থ—বিণ, ত্রি, কৃতকার্য্য।

কৃতী—বিণ, ত্রি, (কৃত+ইন্ অস্ত্যর্থে) পণ্ডিত, কুশল, কৃতার্থ।

কৃতে—(ব্য) নিমিত্তে, কার্য্যার্থে।

কৃত্তি—বি, স্ত্রী (কৃৎ+ক্তি, কর্ম্ম) চর্ম্ম, ত্বক্, ভূর্জ্জপত্র।

কৃত্য—বি, ক্লী (কৃ+ক্যপ, কর্ম্ম) কার্য্য।

কৃত্রিম—বিণ, ত্রি (কৃ+ত্রিমক, কর্ত্তৃ) ক্রিয়াদ্বারা নিষ্পন্ন।

কৃৎস্ন—বিণ, ত্রি (কৃত+স্নক, কর্ত্তৃ) সকল, সম্পূর্ণ।

কৃন্তন—বি, ক্লী, (কৃত্+অনট, ভাব) ছেদন।

কৃপণ—বিণ, ত্রি (কৃপ+অনক কর্ত্তৃ) ব্যয়কুণ্ঠ, অর্থাদি ব্যয় করিতে কাতর।

কৃপা—বি, স্ত্রী (কৃপ্+ঙ, ভাব) দয়া, করুণা।

কৃপাণ—বি, পুং (কৃপা—নুদ+ড, কর্ত্তৃ) খড়্গ, স্ত্রী (ণী ছোরা, ছুরি।

কৃপালু—বিণ, ত্রি (কৃপা+আলু অস্ত্যর্থে) দয়ালু।

কৃমি—বি, পুং (ক্রম+ই, কর্ত্তৃ) কীট।

কৃশ—বিণ, ত্রি (কৃশ+ক্ত, কর্ত্তৃ) ক্ষীণ, ক্ষুদ্র, অল্প।

কৃশাঙ্গ—বিণ, ত্রি, ক্ষীণ দেহ।

কৃশানু—বি, পুং (কৃশ্+আনুক্) অগ্নি।

কৃষক—বি, পুং (কৃষ্+ণক, কর্ত্তৃ) কর্ষক। (করণ) লাঙ্গলের ফাল।

কৃষি—বি, পুং (কৃষ্+ইক, কর্ত্তৃ) কৃষি কর্ম্ম, চাষ।

কৃষ্ট—বিণ, ত্রি (কৃষ্+ক্ত, কর্ম্ম) চাষদেওয়া ক্ষেত্রাদি।

কৃষ্ণ—বি, পুং (কৃষ্+নক্, কর্ত্তৃ) বাসুদেব ব্যাস অর্জ্জুন।

কৃষ্ণা—বি, স্ত্রী, দ্রৌপদী।

কৃষ্ণদ্বৈপায়ন—বি, পুং, বেদ ব্যাস।

কৃষ্ণপক্ষ—বি, পুং, যে পক্ষে চন্দ্রের কলা ক্ষয় হয়।

কৃষ্ণসার—বি, পুং, মৃগ বিশেষ।

কৃষ্ণাজিন—বি, ক্লী, মৃগচর্ম্ম, কৃষ্ণসার মৃগের চর্ম্ম।

কৃষ্ণবর্ত্ম—বি, পুং, অগ্নি, রাহু।

কৃষ্য—বিণ, ত্রি (কৃষ্+ক্যপ, কর্ম্ম) কর্ষণ যোগ্য

কেকা—বি স্ত্রী (কে—কৈ+ড, কর্ত্তৃ) ময়ূর ধ্বনি।

কেতক—বি, পুং, (কিত্+ণক, কর্ত্তৃ) কেয়া ফুল গাছ। (ক্লী) তৎপুষ্প।

কেতন—বি, ক্লী (কিত্+অনট, অধি) গৃহ, পতাকা।

কেতু—বি. পুং (চায়+তুন্, কর্ম্ম) নবমগ্রহ, উৎপতি বিশেষ।

কেদার—বি, পুং (ক—দৃ+ঘঞ্, কর্ম্ম) পর্ব্বত বিশেষ, শিব, ক্ষেত্র।

কেন্দ্র—বি, ক্লী, গোলাকার বস্তুর ঠিক মধ্যস্থান।

কেয়ূর—বি, ক্লী (ক—যা+উর, কর্ত্তৃ) অঙ্গদ, বাহু ভূষণ।

কেলি—বি, পুং, স্ত্রী (কিল+ই, ভাব) ক্রীড়া, পরীহাস।

কেবল—বিণ, ত্রি (কব্+কলচ, কর্ত্তৃ) এক, কৃৎস্ন। [চুল।

কেশ—বি, পুং (ক্লিশ্+অল,) কর্ম্ম

কেশ (স) র—বি, পুং, ক্লী (কে শৄ+অল, কর্ম্ম) কিঞ্জল্ক। পুং সিংহ অশ্বাদির স্কন্ধ কেশ।

কেশরী—বি, পুং (কেশর+ইন্ অস্ত্যর্থে) সিংহ, অশ্ব।

কেশব—বি, পুং (ক—ঈশ—বা+ড, কর্ত্তৃ) বিষ্ণু। ত্রি (কেশ+ব, অস্ত্যর্থে) প্রশস্তকেশ যুক্ত।

কৈকয়ী—বি, স্ত্রী (কেকয়+ষ্ণ অপত্যার্থে+ঈপ) কেকয় বংশজা বংশলা ভরতের মাতা।

কৈলাস—বি, পুং (কে—লস্+ঘঞ্, কর্ত্তৃ+ষ্ণ) পর্ব্বত বিশেষ।

কৈবর্ত্ত—বি, পুং (কে—বৃত্+অন্, কর্ত্তৃ+ষ্ণ) ধীবর।

কৈবল্য—বি. ক্লী (কেবল+ষ্ণ্য ভাবার্থে) মোক্ষ।

কৈশোর—বি, ক্লী (কিশোর+ষ্ণ, ভাবার্থে) বাল্যাবস্থা, ১৫শ বর্ষ পর্য্যন্ত।

কোচ্—বি, পুং (কুচ্+অন্, কর্ত্ত) নীচ জাতি বিশেষ।

কোণ—বি, পুং, (কুণ+অন, অধি) যেখানে দুই রেখা মিলিত হয়, গৃহের প্রান্ত।

কোপ—বি, পুং (কুপ্+ঘঞ্, ভাব) ক্রোধ।

কোপন—বি, ক্লী (কুপ্+অন, কর্ত্তৃ) ক্রুদ্ধ স্বভাব;

কোমল—বিণ, ত্রি (কু+মল, কর্ত্তৃ) মৃদু, নরম।

কোরক—বি, পুং, ক্লী (কুর+ণক কর্ত্তৃ) মুকুল, কুঁড়ি।

কোল—বি, পুং (কুল+ঘঞ্, অধি) ক্রোড়, আলিঙ্গন।

কোলাহল - বি, পুং (কোল+আ হল্+অল, কর্ম্ম) কল কল ধ্বনি।

কোবিদ—বি, পুং (কু+বিচ্, কর্ত্তৃ কো, –বিদ+ক, কর্ত্তৃ) পণ্ডিত,

কোশ (ষ)—বি, পুং, ক্লী (কুশ (ষ) অন, কর্ত্তৃ) তরবারির খাপ।

কোষবৃদ্ধি—বি, স্ত্রী অণ্ড কোষের স্ফীততা।

কোষাধ্যক্ষ—বিণ, পুং ধন রক্ষক।

কৌটিল্য—বি, পু, (কুটিল+ষ্ণ্য) চাণক্য।

কৌতুক—বি, ক্লী (কুতক+ষ্ণ) কুতূহল, উৎসব, হর্ষ, পরিহাস।

কৌতূহল—বি, ক্লী (কুতূহল+ষ্ণ, স্বার্থে) ঔৎসুক্য, অভিলাষ।

কৌন্তেয়—বি, পুং (কুন্তী+ষ্ণেয় অপত্যার্থে) কুন্তীপুত্র।

কৌপীন—বি, ক্লী (কুপ+ণীন) চীরবসন, পাপ।

কৌমার—বি, ক্লী, (কুমার+ষ্ণ, ভাবার্থে) বাল্যকাল।

কৌলিক—বিণ, ত্রি (কুল+ষ্ণিক কুলপরাম্পারাগত, কুলধমর্ম্মানুসারী।

কৌলীন্য—বি, ক্লী, (কুলীন+ষ্ণ্য ভাবার্থে) বংশ মর্য্যাদা, কুলীনত্ব।

কৌশল—বি, ক্লী (কুশল+ষ্ণ, ভাবার্থে) নৈপুণ্য, দক্ষতা।

কৌশি (বিক)—বি, পুং (কুশি, ষি, ক+ষ্ণ, অপত্যার্থে) বিশ্বামিত্রমুনি।

কৌশে (য়) য়—বিণ, ত্রি (কোশ, য+ষ্ণেয়,জাতার্থে) রেশমীবস্ত্রাদি

কৌস্তুভ—বি, পুং, (কু—স্তন্ভ+ক, কর্তৃ) বিষ্ণুবক্ষঃস্থ মণিবিশেষ।

ক্রতু—বি, পুং (কৃ+কতৃ, কর্ম্ম) সোমরস, সাধ্য যজ্ঞ।

ক্রন্দন—বি, ক্লী (ক্রন্দ+অনট, ভাব) রোদন, কাঁদা।

ক্রন্দিত—বি, ক্লী (ক্রন্দ+ক্ত, ভাব) রোদন, আহ্বান।

ক্রম—বি, পুং (ক্রম্+অল, ভাব) অবিচ্ছেদ।

ক্রমশঃ—ব্য (ক্রম+চশস্) ক্রমে-ক্রমে।

ক্রমাগত—ক্রি, বিণ, ক্লী, অনবরত।

ক্রয়—বি, পুং (ক্রী+অল, ভাব) কেনা।

ক্রব্যাদ—বি, পুং (ক্রব্য—অদ্+অন, কর্তৃ) রাক্ষস, মাংসাশী জন্তু।

ক্রান্ত—বিণ, ত্রি (ক্রম্+ক্ত, কর্ম্ম) আক্রান্ত।

ক্রিমি—বি,পুং (ক্রম+ই,কর্তৃ) কীট।

ক্রিয়মাণ—বিণ, ত্রি (কৃ+শান, কর্ম্ম) যাহা করা যায়।

ক্রিয়া—বি, স্ত্রী (কৃ+শ, ভাব) কর্ম্ম, গর্ভাধানাদি সংস্কার, শ্রাদ্ধ।

ক্রীড়ন—বি, ক্লী, (ক্রীড়+অনট্ ভাব) ক্রীড়া, অবজ্ঞা।

ক্রীত—বিণ, ত্রি (ক্রী+ক্ত, কর্ম্ম) ক্রয় করা বস্তু।

ক্রুদ্ধ—বিণ, ত্রি (ক্রুধ্+ক্ত, কর্তৃ) কুপিত।

ক্রুর—বিণ, ত্রি (কৃত্+রক, কর্তৃ) নির্দ্দয়। কঠিন, নৃশংস।

ক্রোধ—বি, পুং (ক্রুধ্+অল, ভাব) কোপ।

ক্রোধজ—বিণ, ত্রি (ক্রোধ—জন+ড, কর্তৃ) মোহ, যাহা ক্রোধ হইতে জাত।

ক্রোশ—বি, পুং (ক্রুশ্+অল, কর্ম্ম) ৮০০০ হাত। (ভাব) রোদন।

ক্রৌঞ্চ—পু (ক্রুঞ্চ+ঞ, স্বার্থে) বক বিশেষ।

ক্লম—বি, পুং (ক্লম্+অল, ভাব) শ্রম, ক্লান্তি।

ক্লান্তি—বি, স্ত্রী (ক্লম্‌+ক্তি,ভাব) শ্রম।

ক্লিন্ন—বিণ, ত্রি (ক্লম্‌+ক্ত, কর্ত্তৃ) আর্দ্র, ক্লেদযুক্ত।

ক্লীব—বি, পুং ক্লী (ক্লীব+ক, কর্ত্তৃ) নপুংসক। ক্লী, পাপ। (ত্রি) পৌরুষহীন, অক্ষম, নিষ্কাম।

ক্লেদ—বি, পুং (ক্লিদ্‌+অল, ভাব) ক্লিন্নতা। (অন, কর্ত্তৃ) জল, পূয়াদি।

ক্লেশ—বি, পুং (ক্লিশ্‌+অল, ভাব) দুঃখ, কষ্ট।

ক্লৈব্য—বি,ক্লী (ক্লীব+ষ্ণ্য, ভাবার্থে) পৌরুষহীনতা।

ক্বাথ—বি, পুং (ক্বথ+ঘঞ্‌ ভাব) অগ্নি দ্বারা পাক।

ক্ষণ—বি, পুং (ক্ষণ+অল, ভাব) উৎসব।

ক্ষণদা—বি, স্ত্রী (ক্ষণ+দা+ড, কর্ত্তৃ+আপ) রাত্রি।

ক্ষণিক—বিণ, ত্রি (ক্ষণ+ষ্ণিক) ক্ষণ মাত্র স্থায়ী।

ক্ষত—বিণ, ত্রি (ক্ষণ+ক্ত, কর্ম্ম) ভগ্ন, বিদারিত, ক্লী (ভাব) ব্রণ।

ক্ষতজ—বি, ক্লী (ক্ষত জন্‌+ড, কর্ত্তৃ) রুধির।

ক্ষতি—বি, স্ত্রী (ক্ষণ+ক্তি, ভাব) হানি।

ক্ষত্র—বি, পুং (ক্ষদ্‌+ক্বিপ=ক্ষৎ—ত্রৈ+ড, কর্ত্তৃ) ক্ষত্রিয়।

ক্ষত্রিয়—বি, পুং (ক্ষত্র+ইয়, অপত্যার্থে) দ্বিতীয়বর্ণ।

ক্ষন্তব্য—বিণ, ত্রি (ক্ষম্‌+তব্য, কর্ম্ম) ক্ষমাশীল।

ক্ষপণক—বি, পুং (ক্ষপ+অন, কর্ত্তৃ +কণ, স্বার্থে) বৌদ্ধসন্ন্যাসী।

ক্ষপা—বি, স্ত্রী (ক্ষপ্‌+অন্‌, কর্ত্তৃ +আপ) রাত্রি।

ক্ষম—বি, ক্লী (ক্ষম্‌+অল, ভাব) উপযুক্ততা। ত্রি, (অন্ কর্ত্তৃ) সমর্থ।

ক্ষমতা—বি, স্ত্রী (ক্ষম+তা, ভাবার্থে) যোগ্যতা।

ক্ষমা—বি, স্ত্রী (ক্ষম্‌+ঙ, ভাব) শান্তি।

ক্ষয়—বি, পুং (ক্ষি+অল, ভাব) হ্রাস।

ক্ষয়িত—বি, ত্রি (ক্ষি+ণিচ+ক্ত, কর্ম্ম) নাশিত।

ক্ষরণ—বি, ক্লী (ক্ষর+অনট, ভাব) দ্রব দ্রব্যের পতন।

ক্ষরিত—বিণ, ত্রি (ক্ষর্+ক্ত, কর্ত্তৃ) বিগলিত।

ক্ষর—বি, পুং (ক্ষর+অল, ভাব) নাশ।

ক্ষত্র—বি, ক্লী (ক্ষত্র+ষ্ণ, ভাবার্থে) ক্ষত্রিয়ত্ব, ক্ষত্রিয় কর্ম্ম।

ক্ষান্ত—বিণ, ত্রি (ক্ষম্+ক্ত, কর্ত্তৃ) নিবৃত্ত।

ক্ষান্তি—বি, স্ত্রী (ক্ষম্+ক্তি) নিবৃত্তি।

ক্ষাম—বিণ, ত্রি (ক্ষৈ+ক্ত, কর্ত্তৃ) দুর্ব্বল, ক্ষীণ।

ক্ষার—বি, পুং (ক্ষর্+ণ, কর্ত্তৃ) লবণ রস।

ক্ষালন—বি, ক্লী (ক্ষল্+ণিচ+অনট্ ভাব) ধৌতকরণ।

ক্ষালিত—বিণ, ত্রি (ক্ষল্+ণিচ+ক্ত, কর্ম্ম) ধৌত, পরিস্কৃত।

ক্ষিতি—বি, স্ত্রী (ক্ষি+ক্তি, অধি) পৃথিবী।

ক্ষিতিধর—বি, পুং (ক্ষিতি+ধৃ+অন, কর্ত্তৃ) পর্ব্বত, রাজা।

ক্ষিতিভৃৎ—বি, পুং (ক্ষিতি—ভৃ+ক্বিপ, কর্ত্তৃ) পর্ব্বত, রাজা, অনন্ত দেব।

ক্ষিতীশ—বি, পুং ; রাজা।

ক্ষিপ্ত—বিণ, ত্রি (ক্ষিপ্+ক্ত,কর্ম্ম) নিক্ষিপ্ত, প্রেরিত, বিকীর্ণ।

ক্ষিপ্র—বিণ, ত্রি (ক্ষিপ্+রক, কর্ত্তৃ) শীঘ্র।

ক্ষিপ্রকারী—বিণ, ত্রি, (ক্ষিপ্র—কৃ+ণিন্ কর্ত্তৃ) শীঘ্রকারী।

ক্ষীণ—বিণ, ত্রি (ক্ষী+ক্ত, কর্ত্তৃ) দুর্ব্বল।

ক্ষীর—বি, ক্লী (ঘস্+ঈরন্, কর্ম্ম) দুগ্ধ, জল, নির্য্যাস।

ক্ষীরাব্ধি—বি, পুং } ক্ষীরসমুদ্র।
ক্ষীরোদ—বি, পুং }

ক্ষুণ্ণ—বিণ, ত্রি (ক্ষুদ্ + ক্ত, কর্ম্ম) চূর্ণীকৃত, প্রহত, আহত।

ক্ষুদ্র—বিণ, ত্রি (ক্ষুদ + রক, কর্ত্তৃ) ছোট, অল্প, নীচ।

ক্ষুধ্, ক্ষুধা—বি, স্ত্রী (ক্ষুধ্ + ক্বিপ ভাব; + আপ) বুভূক্ষা, ভোজনেচ্ছা।

ক্ষুধিত—বিণ, ত্রি (ক্ষুধ্ + ক্ত, কর্ত্তৃ) বুভুক্ষিত।

ক্ষুব্ধ—বিণ, ত্রি (ক্ষুভ্ + ক্ত, কর্ত্তৃ) ক্ষোভপ্রাপ্ত, বিচলিত।

ক্ষুর—বি, পুং (ক্ষুর + রক্, কর্ত্তৃ) নাপিতাস্ত্র।

ক্ষুল্ল—বিণ, ত্রি (ক্ষুদ + ক্বিপ, ভাব—ক্ষুদ্—লা + ড, কর্ত্তৃ) ক্ষুদ্র, অল্প।

ক্ষেত্র—বি, ক্লী (ক্ষি + ষ্ট্রন, অধি) ভূমি, ক্ষেত।

ক্ষেত্রজ—বিণ, পুং (ক্ষেত্র—জন্ ড, কর্ত্তৃ) স্বস্ত্রীতে অন্যপুরুষ দ্বারা উৎপাদিত সন্তান।

ক্ষেপ—বি, পুং (ক্ষিপ + অল্, ভাব) প্রেরণ, চালন।

ক্ষেপণ—বি, ক্লী (ক্ষিপ্ + অনট্, ভাব) কর্ত্তন, যাপন।

ক্ষেপণি (ণী)—বি, স্ত্রী, (ক্ষিপ্ + অনট কর্ম্ম, স্ত্রীলিঙ্গে ঈপ) দাড়, পূজি।

ক্ষেপণীয়—বিণ ক্লী, (ক্ষিপ্ + অনীয় কর্ম্ম) ক্ষেপণীব অস্ত্র, ভিন্দি পাল।

ক্ষেম—বি, পুং, ক্লী (ক্ষি + ম, কর্ত্তৃ) কল্যাণ।

ক্ষেমঙ্কর—বিণ, ত্রি (ক্ষেম—কৃ + খ, কর্ত্তৃ) মঙ্গলজনক, সুখদায়ক।

ক্ষোদিত—বিণ, ত্রি (ক্ষুদ + ণিচ্ + ক্ত, কর্ম্ম) চূর্ণিত, পিষ্ট।

ক্ষোভ—বি, পুং (ক্ষুভ + অল, ভাব) মনস্তাপ।

ক্ষোভিত—বিণ, ত্রি (ক্ষুভ + ক্ত, কর্ম্ম) ত্রাসিত, চালিত।

ক্ষৌণি (ণী)—বি, স্ত্রী (ক্ষু + ণি, কর্ত্তৃ) পৃথিবী।

ক্ষৌম—বি, পুং ক্লী (ক্ষুমা + ষ্ণ) রেসমী কাপড় সূক্ষ্ম বস্ত্র বিশেষ।

ক্ষৌর—বি, পুং (ক্ষুর + ষ্ণ) ক্ষুরকর্ম্ম

খ

খ—বি, পুং (খন্‌+ড, অধি) ২য় ব্যঞ্জনবর্ণ (কর্ত্ত) সূর্য্য, শূন্য।

খগ—বি, পুং (খ—গম্‌+ড, কর্ত্তৃ) পক্ষী, দেবতা।

খগেশ্বর—বিণ, পুং, গরুড়।

খচিত—বিণ, ত্রি (খচ্‌+ক্ত, কর্ম্ম) রচিত, বদ্ধ।

খঞ্জ—বিণ, ত্রি খন্‌জ+অন্‌, কর্ত্তৃ) খোড়া।

খট্বা—বি, স্ত্রী (খট+ব, কর্ম্ম, আপ) শয়নার্থ খাট।

খড়—বি, পুং (খড়+অল, কর্ম্ম) তৃণ বিশেষ।

খড়্গ—বি, পুং খড়+গন, করণ) অসি, খাঁড়া।

খড়্গপানি—বিণ, ত্রি, খড়্গাধারী।

খণ্ড—বি, পুং (খন্‌ড+অল্‌, ভাব) ভেদ, ছেদ।

খণ্ডকাব্য—বি, ক্লী, এক বিষয়াত্মক ক্ষুদ্র কাব্য, মেঘ দুতাদি।

খণ্ডন—বি, ক্লী (খণ্ড্‌+অনট, ভাব) ভঞ্জন, ছেদন, নিরাকরণ।

খণ্ডিত—বিণ, ত্রি (খণ্ড+ক্ত, কর্ম্ম) দ্বিধাকৃত।

খৎ.খত—(যা) ঋণ, পত্র।

খতান—(যা) গণন, সংখ্যাকরণ।

খতিয়ান—(যা) হিসাবের খাতা।

খদির—বি, পুং (খদ+কির, কর্ত্তৃ) খয়েব গাছ।

খদ্যোত—বি, পুং জোনাকী।

খনক—বি, পুং (খন+ষক, কর্ত্তৃ) মূষিক। (ত্রি) খনন কর্ত্তা।

খনন—বি, ক্লী (খন+অনট্‌ ভাব) খাত করণ।

খনি (নী)—বি, স্ত্রী (খন্‌+ইন কর্ম্ম) আকর, গর্ত্ত।

খনিত্র—বি, ক্লী (খন্‌+ইত্র করণ) খন্তা।

খর—বিণ, ত্রি (খ—রা+ড কর্ত্তৃ) উষ্ণ, তীক্ষ্ণ, কর্কশ। পুং গর্দ্দভ।

খরিদ—(যা) ক্রয়।

খরিদ্দার—(যা) যে কেনে।

খরিদা—(যা) ক্রীত, কেনা।

খর্জ্জুর—বি, পুং খর্জ্জ+উর, কর্ত্তৃ) খেজুর গাছ।

খর্পর বি, পুং (ক্লপ্+অরন, কর্ত্তৃ) চোর, ধূর্ত্ত, মাথার খুখি।

খর্ব্ব—বিণ, ত্রি (খর্ব্ব+অন, কর্ত্তৃ) বামন, বেটে। ক্লী) সংখ্যা-বিশেষ।

খল - বিণ, ত্রি (খল+অন্, কর্ত্তৃ) দুর্জ্জন,নীচ ক্রূঢ়। (অধি) মর্দ্দন পাত্র।

খলতা—বি, স্ত্রী (খল+তা ভাবার্থে, ছালনা, কুটিলতা।

খলু—ব্য, নিশ্চয়।

খসড়া—(যা) পাণ্ডুলিপি, মুসাবিধা।

খাঁচা—(দে) পিঞ্জর।

খাইদ—(যা) মালা, পাইন।

খাজাঞ্চী—(যা) যে কর্ম্মচারার নিকট টাকা পয়সা থাকে।

খাজানা—(যা) কর, ভূমি ভোগ করার জন্য যাহা দিতে হয়।

খাট—(দে) ছোট।

খাটি—(টী) (দে) শুদ্ধ, অকৃত্রিম

খাড়া—(দে) দণ্ডায়মান, সোজা।

খাণ্ডব—বি, পুং (খন্ড্+অন, কর্ত্তৃ+ষ্ণ+ব) বন বিশেষ। এই বন ইন্দ্রপ্রস্থের নিকটে অবস্থিত। অর্জ্জুন বহ্নিদেবের পরিতৃপ্তির জন্য এই বন দগ্ধ করেন। ইন্দ্রাদি দেবগণ অর্জ্জুনের বিরুদ্ধে উপস্থিত হইয়াছিলেন কিন্তু অর্জ্জুন তাঁহা-দিগকে পরাস্ত করিয়াছিলেন।

খাত—বি, ক্লী (খন+ক্ত, কর্ম্ম) পুষ্করিণী, খাই।

খাতক—বি, পুং (খাত—কৈ+ড কর্ত্তৃ) অধমর্ণ, খনক।

খাদক—বি, ক্লী, (খাদ+ণক, কর্ত্তৃ) ভক্ষক।

খাদিত—বিণ, ত্রি (খাদ্+ক্ত, কর্ম্ম) ভক্ষিত।

খাদ্য—বি(ত্রি (খাদ্+য, কর্ম্ম) ভক্ষ্য, খাওয়ার যোগ্য।

খানকী—(যা) বেশ্যা।

খানা—(যা) মুসলমানদিগের ভোজ।

খানেস্থমারী—(যা) গ্রাম বাড়ী জন সংখ্যা ইত্যাদির বিবরণ বহি।

খাপ—(দে) আচরণ।

খামার—(দে) শস্য মর্দ্দন স্থান।

খারাপ—(যা) মন্দ।

খালাস—(যা) মুক্ত হওয়া।

খালাসী—(যা) জাহাজের মুসলমান নাবিক।

খালিত্য—বি, ক্লী (খলতি+ষ্ণ্য) টাক।

খাসখামার—(যা) যে জমি প্রজার নিকট পত্তন না করিয়া নিজে ভোগ দখল করে।

খাসমহাল—(যা) যে স্থান রাজার কর্ত্তৃত্বাধীনে রাখা হয়।

খিন্ন—বিণ, ত্রি (খিদ্+ক্ত, কর্ত্তৃ) শ্রান্ত, দুঃখিত।

খিল—(দে) হুড়কা।

খিলান—(দে) ইষ্টকাদির গ্রন্থন বিশেষ।

খুঁটা—(দে) গোজ।

খুঁটী—(দে) স্তম্ভ, থাম।

খুজরা—(যা) সামান্য, অল্প

খুন—(যা) মারিয়া ফেলা।

খুর—বি, পুং (খুর্+রক, করণ) ক্ষৌর কর্ম্মের অস্ত্র।

খুল্ল—বিণ, স্ত্রী (খু+ক্বিপ=খুৎ—লা+ড, কর্ত্তৃ) ক্ষুদ্র, অল্প।

খুল্লতাত—বিণ, ত্রি, (পিতার কনিষ্ঠ ভ্রাতা।

খেচর—বি পুং (খে চর্+টক, কর্ত্তৃ) বিদ্যাধর, সূর্য্যাদিগ্রহ। বিণ, ত্রি, আকাশচর।

খেদান—(দে) দূরকরণ, তাড়ান।

খেসারৎ—(দে) ক্ষতি, হানি।

খোঁয়ার—(দে) পশুরক্ষণ স্থান।

খোকা—(দে) শিশু, ছোট ছেলে

খোঁজা—(দে) নপুংসক।

খোরাক—(দে) খাদ্যদ্রব্য।

খ্যাত—বি, স্ত্রী, (খ্যা+ক্ত, কর্ম্ম) প্রসিদ্ধ।

খ্যাতি—বি, স্ত্রী, (খ্যা+ক্তি, ভাব) প্রসিদ্ধি, যশঃ।

খ্যাপন—বি, ক্লী (খ্যা+ণি+অনট্, ভাব) জ্ঞাপন, কথন।

গ

গ—বি, ক্লী (গৈ+ড, কর্ত্তৃ) আকাশ।

গগন—বি, ক্লী (গম্+অন্, কর্ম্ম) আকাশ।

গঙ্গা—বি, স্ত্রী (গম+গন্, কর্ত্তৃ আপ) প্রসিদ্ধ নদী।

গঙ্গাপ্রাপ্তি—বি, স্ত্রী, গঙ্গাগর্ভে মৃত্যু।

গঙ্গাযাত্রা—বি, স্ত্রী মুমূর্ষু ব্যক্তির প্রাণত্যাগার্থে গঙ্গাতীরে যাত্রা।

গচ্ছিত—(দে) জিম্মাকরিয়া রাখা।

গজ—বি, পুং (গজ্+অন, কর্ত্তৃ) হস্তী, দুই হাত।

গজানন—বি, পুং, গণেশ।

গঞ্জ—বি, পুং (গন্‌জ+ঘঞ, ভাব) যে স্থলে নানাবিধ দ্রব্য আসিয়া বিক্রয় করে, হাট, আড্ডা।

গঞ্জনা—বি, স্ত্রী (গন্‌জ+অন, ভাব+আপ)ভর্ৎসনা, যাতনা

গড়—বি, পুং (গড+অন, কর্ত্তৃ) পরিখা।

গণ—বি, পুং (গণ+অল, কর্ম্ম) সমূহ, প্রমথগণ।

গণক—বি, পুং (গণ+ণক, কর্ত্তৃ) দৈবজ্ঞ, গণিতজ্ঞ।

গণন—বি, ক্লী (গণ+অনট্,ভাব)। সংখ্যাকরণ।

গণনীয়—বিণ, ত্রি (গণ্+অনীয় গ্রাহ্য।

গণিকা—বি, স্ত্রী (গণ+ণিক+আপ) বেশ্যা।

গণিত—বিণ, ত্রি (গণ+ক্ত, কর্ম্ম) সংখ্যাত, যাহা গণনা করা হইয়াছে। (কর্ম্ম) অঙ্ক শাস্ত্র।

গণিতজ্ঞ—বিণ, ত্রি (গণিত—জ্ঞা ড, কর্ত্তৃ) অঙ্ক শাস্ত্র বেত্তা, গণনা বিষয়ে দক্ষ।

গণ্ড—বি, পুং (গন্‌ড+অল, কর্ম্ম) কপোল, হস্তি কপোল।

গণ্ডক—বি, পুং (গণ্ড+কণ) গণ্ডা, সংখ্যা বিশেষ।

গণ্ডূষ—বি, পুং (গণ্ড+উষন্, এককোষ জল, হস্তিশুণ্ডাগ্র।

গণ্য—বিণ, স্ত্রী (গণ+য, কর্ম্ম) গণনীয়, গ্রাহ্য।

গত—বিণ, ত্রি (গম+ক্ত কর্ত্তৃ) প্রাপ্ত, অতীত, মৃত।

গতানুশোচন—বি, ক্লী (গত-অনু শুচ্+অনট, ভাব) আক্ষেপ, পরিতাপ, গত বিষয়ের জন্য পরিতাপ।

গতি—বি, স্ত্রী (গম্+ক্তি, ভাব) গমন উপায়, আশ্রয়, অবস্থা।

গত্যন্তর—বি, ক্লী অন্য উপায়।

গদা—বি, স্ত্রী (গদ্+আপ) লৌহাদি মুদ্গর, মোটা লাঠি।

গদাধর—বি, পুং গদা+ধৃ+অন্, কর্ত্তৃ) শ্রীকৃষ্ণ। ইনি বঙ্গ দেশের মধ্যে ন্যায় শাস্ত্রে অতিশয় দক্ষ ছিলেন। ইনি মিথিলায় গিয়া শিক্ষা সমাপ্ত করিয়া নবদ্বীপে প্রত্যাবৃত হইয়া ন্যায় শাস্ত্রের অধ্যাপনা করিতে আরম্ভ করিলেন। অতঃপর বঙ্গদেশ হইতে আর কেহ মিথিলার শিক্ষার্থে গমন করিতেন না। সকলে ইহাঁরই নিকট ন্যায় দর্শন শিক্ষা করিতে লাগিলেন।

গদ্গদ—বি, পুং (গদ্+ক্বিপ, কর্ম্ম, +গদ+অল,কর্ম্ম) হর্ষ শোকাদির আতিশয্যবশতঃ বাক্য রোধ হওয়ার জন্য অব্যক্ত কণ্ঠ ধ্বনি।

গদ্য—বি, ক্লী (গদ্+য, কর্ম্ম) ছন্দরহিত বাক্য।

গন্তব্য—বিণ, ত্রি, (গম্+তব্য কর্ম্ম) যেখানে যাওয়া আবশ্যক।

গন্ধ—বি, পুং (গন্ধ+অন্, কর্ত্তৃ) ঘ্রাণেন্দ্রিয় গ্রাহ্য পদার্থ, ঘ্রাণ।

গন্ধক—বি, পুং (গন্ধ+কণ, স্বার্থে) স্বনাম খ্যাত উপধাতু বিশেষ।

গন্ধমাদন—বি, পুং (গন্ধ—মদ+ণিচ—অন, কর্ত্তৃ) পর্ব্বত বিশেষ, লক্ষ্মণ রাবণের শক্তিশেল বাণে বিদ্ধ হইয়া হতচেতন হইলে হনুমান ঔষধ আনয়নার্থে এই

পর্ব্বতে গমন করেন কিন্তু ঔষধ চিনিতে না পারায় শৃঙ্গ উৎপাটন করিয়া আনিয়াছিলেন। সুষেণ উক্ত শৃঙ্গ হইতে বিশল্যকরণী লইয়া, তদ্বারা লক্ষ্মণকে পুনর্জ্জীবিত করেন।

গন্ধমাল্য—বি, ক্লী, চন্দনাদি সুগন্ধ দ্রব্য ও পুষ্পের মালা।

গন্ধর্ব্ব—বি, পুং (গন্ধ+অর্ব+অন কর্ত্তৃ) স্বর্গ গায়ক।

গন্ধবহ (বাহ)—বিণ, ত্রি (গন্ধ—বহ+অন্, ষণ, কর্ত্তৃ) গন্ধ বহন কারী। বি, পুং বায়ু।

গভীর—বিণ, ত্রি, (গম্+ঈরণ, কর্ম্ম) অতিনিম্ন, দুর্গম, দুষ্প্রবেশ।

গম বি, পুং (গম্—অল, ভাব) গমন। (অধি) পথ, গোধূমের অপভ্রংশ।

গমন—বি, ক্লী, (গম্+অনট, ভাব) গতি, চলন।

গয়—বি, পুং (গে+ডয়, কর্ত্তৃ) স্বনামখ্যাত অসুর বিশেষ। ইনি বিষ্ণু কর্ত্তৃক নিহত হন। ইনিই গয়াপুরী স্থাপন করেন।

গর—বি, ক্লী (গৃ+অল, কর্ম্ম) বিষ, উপবিষ, রোগ।

গরদ—বিণ, ত্রি (গর—দা+ড, কর্ত্তৃ) বিষ প্রযোক্তা ব্যাধিকর (দে) রেশমী বস্ত্র।

গরল—বি, ক্লী (গৃ+অলচ, কর্ম্ম) বিষ।

গরিমা—বি, পুং (গুরু+ইমন্ ভাবার্থে) গৌরব, মহিমা, গর্ব্ব, আত্মাভিমান।

গরিষ্ঠ—বিণ, ত্রি, (গুরু+ইষ্ঠ, অতিশয়ার্থে) গুরুতর, পূজ্যতম, অতিমহান্।

গরীয়সী—বিণ, স্ত্রী (গুরু+ঈয়স্ উৎকর্ষার্থে+ঈপ) শ্রেষ্ঠা।

গরুড়—বি, পুং (গরুৎ+ডী+ড, কর্ত্তৃ) পক্ষিরাজ, বিষ্ণুবাহন। ইনি কশ্যপ মুনির ঔরসে বিনতার গর্ভে জন্ম গ্রহণ করেন। ইনি বিমাতা কদ্রুর আদেশে সুধা

আনিতে স্বর্গে গমন করিয়া, তথা হইতে সুধা গ্রহণ পূর্ব্বক পান না করিয়া নিয়া আসিতেছেন দেখিয়া বিষ্ণু তাহার প্রতি অতিশয় সন্তুষ্ট হইয়া অজর অমর বর প্রদান করেন। এদিকে গরুড় বিষ্ণুকে বর দিতে চাহিলে তিনি উঁহাকেই বাহনরূপে পাইতে চাহিলেন। সেই হইতে গরুড বিষ্ণুর বাহন। ইনি সুধা আনয়ন পূর্ব্বক বিমাতাকে দাসীত্ব হইতে মুক্ত করেন।

গরুড়ধ্বজ—বি, পুং বিষ্ণু।

গরুৎ—বি, পুং (গৃ+উৎ, কর্ত্তৃ) পক্ষ, শাখা।

গরুত্মতী—বিণ, স্ত্রী (গরুৎ+মতু, অস্ত্যর্থে+ঈপ) পক্ষবিশিষ্ট, পাইলযুক্ত।

গর্জ্জন—বি, ক্লী (গর্জ্জ+অনট, ভাব) সিংহ ব্যাঘ্রাদির শব্দ বিশেষ।

গর্ত্ত—বি, পুং (গৄ+তন্, কর্ত্তৃ) গহ্বর, ছিদ্র, রন্ধ্র।

গর্ভ—বি, পুং (গৃ+ভ, অধি) গর্ভাশয়স্থ শুক্র শোণিতময় পিণ্ড, ভ্রূণ, শিশু।

গর্ভজ—বিণ, ত্রি (গর্ভ—জন্+ড, কর্ত্তৃ) গর্ভ হইতে জাত।

গর্ভদোহদ—বি, ক্লী, গর্ভ হইলে যাহা খাইতে ইচ্ছা হয়।

গর্ভবতী—বি, স্ত্রী (গর্ভ+বতু অস্ত্যর্থে+ঈপ্ অন্তঃসত্বা, গর্ভিণী

গর্ভস্রাব—বি, পুং, গর্ভপাত।

গর্ভাগার—বি, ক্লী, বাসগৃহ, অন্তর্গৃহ, সূতিকাগৃহ।

গর্ভাধান—বি, ক্লী, গর্ভজন্য প্রথম সংস্কার।

গর্ভাশয়—বি, ক্লী, গর্ভের আধার, জরায়ূঃ।

গর্ভিণী—বি, স্ত্রী (গর্ভ+ইন্ অস্ত্যর্থে+ঈপ) গর্ভবতী, অন্তঃসত্বা।

গর্ব্ব—বি, পুং (গর্ব্ব+অল্, ভাব) দর্প, অহঙ্কার, বিদ্যা ও রূপাদি হেতু অন্যের প্রতি অবজ্ঞা।

গর্ব্বিত—বিণ, ত্রি, (গর্ব্ব+ইত যুক্তার্থে) অহঙ্কৃত, দেমাক।

গর্হিত—বিণ, ত্রি (গর্হ+ক্ত, কর্ম্ম) অনুচিত, অকর্ত্তব্য।

গলকম্বল—(দে) গরুর গলার নীচের গলগণ্ড।

গলগ্রহ—বি, পুং গলার বোঝা অকারণে ও অনিচ্ছার সহিত যাহার ভার লইতে হয়।

গলৎ—বিণ, ত্রি, (গল+শতৃ, কর্ত্তৃ) যাহা গলিয়া পড়িতেছে।

গলদশ্রু—বি, ত্রি, যাহা হইতে অশ্রুপাত হইতেছে।

গলন—বি, ক্লী, (গল+অনট্ ভাব) ক্ষরণ, দ্রবহওয়া।

গললগ্নীকৃতবাস—বিণ, ত্রি, গলবস্ত্র।

গলহস্ত—বি, পুং, অর্দ্ধচন্দ্র, গলা-
।

গলিত—বিণ, ত্রি (গল্+ক্ত, কর্ত্তৃ) ক্ষরিত, দ্রবীভূত।

গবয়—বি, পুং (গো—যা+ড, কর্ত্তৃ) বনগব, বানর বিশেষ।

গবাক্ষ—বি, পুং, জানালা, খিড়কি।

গবী—বি, স্ত্রী বাণী, ধেনু।

গবেষণা—বি, স্ত্রী (গবেষ্+অন, আপ্ ভাব) সবিশেষ অনুসন্ধান, আলোচনা।

গবেষিত—বিণ, ত্রি (গবেষ্+ক্ত, কর্ম্ম) অন্বেষিত, আলোচিত।

গব্য—বিণ, ত্রি (গো+ষ্য, সম্বন্ধীয়ার্থে) গোসম্বন্ধীয় দুগ্ধঘৃতাদি।

গহন—বি, ক্লী (গহ+অনট্, ভাব) বন

গহ্বর—বি, ক্লী (গাহ্+ম্বরচ্, কর্ম্ম) গর্ত্ত, গুহা, গহন।

গা—(দে) দেহ, শরীর।

গাঁজা (দে) মাদক দ্রব্য বিশেষ।

গাঙ্গেয়—বিণ, ত্রি (গঙ্গা+ঞেয় অপত্যার্থে) গঙ্গাজাত (বি, পুং ভীষণ, কার্ত্তিকেয়, ইলিশমাছ।

গাড়ী—(দে) শকট, রথ।

গাঢ়—বিণ, ত্রি (গাহ+ক্ত, কর্ত্তৃ) দৃঢ়, ঘন, অতিশয়।

গাণ্ডি (ণ্ডী) ব—বি, পুং, ক্লী (গাণ্ডি, (ণ্ডা) +ব, অস্ত্যর্থে)

অর্জ্জুনের ধনুক। এই ধনু ব্রহ্মা নির্ম্মাণ করিয়া চন্দ্রকে চন্দ্র, বরুণকে পরিশেষ খাণ্ডব বন দাহসময় বরুণ অগ্নির প্রার্থনানুসারে অর্জ্জুনকে প্রদান করেন।

গাণ্ডিবধন্বা—বি, পুং, অর্জ্জুন।

গাত্র—বি, ক্লী (গম্+ষ্ট্রন্, কর্ত্তৃ) দেহ, অঙ্গ।

গাথক—বিণ, ত্রি (গৈ+থক, কর্ত্তৃ) গায়ক।

গাথা—বি, স্ত্রী (গৈ+থন্ কর্ম্ম+আপ) শ্লোক, গীত।

গাধ—বি, পুং (গাধ্+ইন্, কর্ম্ম) তালস্পর্শ স্থান।

গাধি—বি, পুং (গাধ্+ইন্, কর্ত্তৃ) বিশ্বামিত্রের পিতা।

গাধিসুত—বি, পুং, বিশ্বামিত্র।

গান—বি, ক্লী (গৈ+অনট্, ভাব) গীতি।

গান্ধর্ব্ব—বিণ ত্রি (গন্ধর্ব্ব+ষ্ণ ইদমর্থে) গন্ধর্ব্ব সম্বন্ধীয়। বি, পুং বিবাহ বিশেষ, বরকন্যা পরস্পরের প্রতি অনুরক্ত হইয়া গোপনে যে পরিণয় পাশে আবদ্ধ হয় তাহা।

গান্ধর্ব্ব—বি, পুং (গন্ধ—ধৃ+ষণ, কর্ত্তৃ) দেশবিশেষ, কান্দাহার।

গাম্ভীর্য্য—বি, ক্লী (গম্ভীর+ষ্ণ্য ভাবার্থে) গভীরতা, অচাঞ্চল্য, হর্ষ ক্রোধাদিতে অধীর না হওয়া।

গায়ক—বিণ, ত্রি (গৈ+ণক্, কর্ত্তৃ) গান কারক।

গায়ত্রী—বি, স্ত্রী (গায়ৎ—ত্রৈ+ড, কর্ত্তৃ, ঈপ) মন্ত্রবিশেষ।

গারুড়—বি, ক্লী (গরুড়+ষ্ণ, ইদমর্থে) বিষমন্ত্র।

গার্হস্থ্য—বিণ, ত্রি (গৃহস্থ+ষ্ণ্য ইদমর্থে) গৃহস্থ সম্বন্ধীয়। বি, ক্লী গৃহস্থ ধর্ম্ম।

গালিচা—(দে) মেষ লোমাদি নির্ম্মিত কম্বল বিশেষ।

গিরি—বি, পুং (গৃ+কি কর্ত্তৃ) সন্ন্যাসী, পর্ব্বত।

গিরিজ—বি, ক্লী (গিরি—জন+ড

কর্তৃ অভ্রক, গৈরিক, শিলাজতু) শ্রী (জা) পার্ব্বতী।

গিরিশ—বি, পুং (গিরি—শী+ড, কর্তৃ) শিব।

গিরিসার—বি, পুং, লৌহ, রাঙ্।

গিরীশ—বি, পুং, শিব, হিমালয় পর্ব্বত।

গিলিত—বিণ, ত্রি (গৄ+ক্ত, কর্ম্ম) ত্রস্ত।

গীত—বি,ক্লী (গৈ+ক্ত,ভাব) গান।

গীতি—বি, স্ত্রী (গৈ+ক্তি, ভাব) গান।

গীর্ব্বাণ—বি, পুং দেবতা।

গীষ্পতি—বি, পুং, বৃহস্পতি,পণ্ডিত।

গুঞ্জ—বি, পুং (গুনৃজ+অল, অধি) কুঞ্জ।

গুঞ্জা—বি, স্ত্রী (গুনৃজ+অন, কর্ত্তৃ) কুঁচ, পরিমাণ বিশেষ।

গুঞ্জন—বি, ক্লী (গুঞ্জ্+অনট্, ভাব) শব্দ।

গুণ—বি, পুং (গুণ+অল, ভাব) উৎকর্ষ,প্রকৃতি সম্বন্ধীয়—সত্ত্ব, রজঃ, তমঃ। মন্ সম্বন্ধীয়—দয়া দাক্ষিণ্যাদি আত্ম সম্বন্ধীয়—জ্ঞান, বিদ্যাদি, শরীর সম্বন্ধীয় রূপ লাবণ্যাদি।

গুণক—বি, পুং (গুণ+ণক্, কর্তৃ) যে অঙ্ক দ্বারা গুণ করা যায়।

গুণকীর্ত্তন—বি, ক্লী, অন্যের গুণের প্রশংসা করা।

গুণগ্রাহী—বিণ, পুং (গুণ—গ্রহ্+ণিন্, কর্ত্তৃ) গুণজ্ঞ, যে অন্যের গুণ গ্রহণ করে।

গুণজ্ঞ—বিণ, ত্রি (গুণ—জ্ঞা—ড, কর্তৃ) গুণগ্রাহী।

গুণধর—বিণ, ত্রি (গুণ—ধৃ+অন্, কর্তৃ) গুণশালী, গুণী।

গুণন—বি, ক্লী (গুণ+অনট্, ভাব) আবৃত্তি, পূরণ।

গুণপণা—বি, স্ত্রী নিপুণতা, কারিকরী।

গুণবত্তা—বি, স্ত্রী (গুণবৎ+তা, ভাবার্থে) গুণশালিতা।

গুণবান—বি,পুং(গুণ+বতু,অস্ত্যর্থে) যাহার গুণ আছে, নিপুণ, বিজ্ঞ।

গুণী – বিণ, ত্রি (গুণ+ইন, অস্ত্যর্থে) গুণবান।

গুণীভূত—বিণ, ত্রি (গুণ+চ্বি—ভূ+ক্ত, কর্ত্তৃ) প্রধানীভূত।

গুণ্ঠন—বি, ক্লী (গুণ্ঠ+অনট, ভাব) আবরণ।

গুণ্য—বিণ, ত্রি (গুণ—য, কর্ম্ম) যে অঙ্ককে গুণ করা যায়।

গুদাম—(হা) ভাণ্ডার, যে গৃহে দ্রব্য থাকে।

গুপ্ত—বিণ, ত্রি (গুপ্‌+ক্ত, কর্ম্ম) রক্ষিত, গূঢ়।

গুপ্তি—বি, শ্রী (গুপ্‌+ক্তি, ভাব) গোপন, পাহারা।

গুম্ফ—বি, পুং (গুন্‌ফ+অল, ভাব) গ্রহণ। (কর্ম্ম) শশ্রু, গোপ।

গুম্ফন—বি, ক্লী (গুন্‌ফ+অনট, ভাব) গ্রন্থন।

গুরু—বি, পুং (গৄ+কু, কর্ত্তৃ) অধ্যাপক, ধর্ম্মোপদেষ্টা।

গুর্ব্বঙ্গনা—বি, স্ত্রী, গুরুপত্নী।

গুর্ব্বিণী—বি, স্ত্রী (গর্ব্ব+ইন্‌, কর্ত্তৃ ঈপ) গর্ভিনী।

গুল্ম—বি, পুং (গুড়্‌+মক, কর্ত্তৃ) প্লীহা, রোগ বিশেষ, স্তম্ব, তৃণাদির ঝাড়।

গুহ—বি,পুং (গুহ্‌+ক,কর্ত্তৃ) কার্ত্তিকেয়, বিষ্ণু, চণ্ডাল বিশেষ, গুহক চণ্ডাল। স্ত্রী (হা) পর্ব্বত গহ্বর।

গুহ্য—বিণ ত্রি (গুহ+ক্যপ, কর্ম্ম) গোপনীয়, দুর্ব্বোধ্য। বি, ক্লী মল দ্বার।

গূঢ় – বিণ, ত্রি (গুহ+ক্ত, কর্ম্ম) গুপ্ত অজ্ঞাত, যাহা সহজে হৃদয়ঙ্গম হয় না।

গৃধ্র—বি, পুং (গৃধ+রক, কর্ত্তৃ) শকুনি পক্ষী।

গৃহ—বি, পুং, ক্লী (গ্রহ্‌+ক, কর্ত্তৃ) ঘর, গৃহস্থাশ্রম, কলত্র, ভার্য্যা।

গৃহস্থ—বি+পুং (গৃহ—স্থা+ড, কর্ত্তৃ) সংসারী।

গৃহাগত—বি, পুং অতিথি, বিণ, ত্রি, যে বাড়ী আসিয়াছে।

গো—বি, পুং (গম্‌, + ডো, কর্ত্তৃ) পশু, বৃষ, যাগবিশেষ, সূর্য্য, পুং, স্ত্রী, স্বর্গ, কিরণ, বজ্র, বাণ। (বহুবচন) জল, কেশ।

গোকুল—বি, ক্লী গোসমূহ, মথুরার অন্তর্গত যমুনানদীর তীরস্থ গ্রাম বিশেষ।

গোচর—বি, পুং, গো—চর+অল, কর্ত্তৃ) ইন্দ্রিয়ের বিষয় আশ্রয় স্থান।

গোচারণ—বি, ক্লী (গো—চর+ণিচ+অনট, ভাব) গরু রাখিবার স্থান।

গোতম—বি,পুং ন্যায় শাস্ত্র প্রণেতা মুনি বিশেষ।

গোত্র-বি, ক্লী (গো—ত্রৈ+ড কর্ত্তৃ) কুল, কুলপ্রবর্ত্তক ঋষি।

গোত্রভিদ্—বি, পুং (গোত্র—ভিদ্‌ +ক্বিপ্‌, কর্ত্তৃ) ইন্দ্র।

গোত্রপ্রধান—বি, ক্লী, হিমালয়।

গোধা—বি, স্ত্রী (গুধ্‌+অন্‌, কর্ত্তৃ+আপ) গোসাপ।

গোধূম—বি, পুং (গুধ্‌+উম, কর্ত্তৃ) গোমশস্য।

গোধূম চূর্ণ-বি, পুং, ক্লী, ময়দা।

গোধূলি—বি, পুং সায়ংকাল, গো সকলের গৃহে আগমন কাল।

গোপ—বি, পুং (গো—পা ড, কর্ত্তৃ) গোয়ালাজাতি, ভূপতি।

গোপন—বি, ক্লী (গুপ্‌+অনট্‌, ভাব) লুকান।

গোপনীয়—বিণ, ত্রি (গুপ্‌+অনীয়, কর্ম্ম) যাহা অন্যের নিকট প্রকাশ করা যায় না।

গোময়—বি, পুং, ক্লী (গো+ময়ট, পুরীষার্থে) গোচর।

গোমস্তা—(যা) জমীদারের খাজানা আদায়কারী কর্ম্মচারী, মহাজনের গদির প্রধান কর্ম্মচারী।

গোরচনা-বি, স্ত্রী, গোজাত উজ্জ্বল পীতবর্ণ পদার্থ বিশেষ।

গোল—বি, পুং, (গুড়+অন্‌, কর্ত্তৃ) বর্ত্তুলাকার বস্তু।

গোলোক—বি, পুং,স্বর্গ, বৈকুণ্ঠ।

গোবর্দ্ধন—বি, ক্লী বৃন্দাবনস্থ পর্ব্বত বিশেষ।

গোবর্দ্ধনধারী—বি,পুং (গোবর্দ্ধন—ধৃ+ণিন্, কর্ত্তৃ) শ্রীকৃষ্ণ। শ্রীকৃষ্ণ স্বকীয় ঐশ্বরিক শক্তি দেখাইবার জন্য ভয়ানক ঝড়ের সময় এক অঙ্গুলি দ্বারা উক্ত পর্ব্বত উত্তোলন পূর্ব্বক গোপাল সকলকে রক্ষা করিয়াছিলেন।

গোবিন্দ—বি, পুং (গো—বিন্দ্+শ, কর্ত্তৃ) শ্রীকৃষ্ণ।

গোশালা—বি, স্ত্রী গোয়ালঘর।

গোষ্ঠ—বি, পুং, ক্লী (গো—স্থা+ড, অধি) গোস্থলে, গোঠ।

গোষ্ঠী—বি, স্ত্রী (গোষ্ঠ+ঈপ্) সভা, সংলাপ।

গোষ্ঠীপতি—বি,পুং সভাপতি, পরিবার বা বংশের প্রধান ব্যক্তি।

গোষ্পদ—বি, ক্লী, গরুর খুরখোদিত গর্ত্ত।

গোস্বামী—বি, পুং, গোসমূহের অধিকারী বাচস্পতি।

গোহত্যা—বি, স্ত্রী (গো—হন্+ক্যপ্, ভাব+আপ) গরুর প্রাণনাশ।

গৌড়—বি, পুং (গুড়+ষ্ণ) দেশবিশেষ।

গৌণ—বিণ, ত্রি (গুণ+ষ্ণ) অপ্রধান।

গৌরব—বি, ক্লী (গুরু+ষ্ণ, ভাবার্থে) গুরুত্ব, মহত্ত্ব, উৎকর্ষ, সম্মান আদর।

গৌরী—বি, স্ত্রী পার্ব্বতী, অষ্টবর্ষীয়া কন্যা।

গ্রথিত—বিণ, ত্রি (গ্রন্থ+ক্ত, কর্ম্ম,) রচিত, আক্রান্ত।

গ্রন্থি—বি, পুং (গ্রন্থ+ইন্, ভাব) দেহসন্ধি, গাইট।

গ্রন্থিল—বিণ, ত্রি (গ্রন্থি+ল, অস্ত্যর্থে) গ্রন্থিযুক্ত।

গ্রস্ত—বিণ, ত্রি (গ্রস্+ক্ত, কর্ম্ম) ভক্ষিত, গিলিত, আক্রান্ত।

গ্রহ—বি, পুং (গ্রহ্+অল, ভাব) সূর্য্যাদি নবগ্রহ।

গৃহীতা—বিণ, পুং (গ্রহ্+তৃন্; কর্ত্তৃ) গ্রহণ কর্ত্তা, গ্রাহক।

গ্রামণী—বি, পুং, গ্রামের প্রধান লোক।

গ্রাস—বি, পুং (গ্রস্+ঘঞ্, ভাব) গিলন, ভক্ষণ।

গ্রাহক—বিণ, ত্রি (গ্রহ্+ণক, কর্ত্তৃ) যে গ্রহণ করে।

গ্রাহিত—বিণ ত্রি, (গ্রহ্+ণি+ক্ত কর্ত্তৃ কর্ম্ম) যাহা গ্রহণ করা গিয়াছে।

গ্রাহী—বিণ, ত্রি (গ্রহ্—ণিন্, কর্ত্তৃ) গ্রহণকারী।

গ্রীবা—বি, স্ত্রী (গৃ+বন, করণ) কন্ধ বা ঘাড়।

গ্রীষ্ম—বি, পুং (গ্রস্+মক, কর্ত্ত) উষ্ণঋতু, উষ্ণ।

গ্লানি—বি, স্ত্রী (গ্লৈ+ক্তি, ভাব) শ্রান্তি, ক্লান্তি।

গ্লৌ—বি, পুং (গ্লৈ+ডৌ কর্ত্তৃ) চন্দ্র, কর্পূর।

ঘ।

ঘ—বি, পুং (হন্+ড, কর্ম্ম) ৪র্থ ব্যঞ্জন বর্ণ; ধ্বনি, বৎসর

ঘট—বি, পুং (ঘট+অল, কর্ম্ম) কলস, কুম্ভ।

ঘটক—বিণ, ত্রি (ঘট+ণক, কর্ত্তৃ) দূত, যোজক।

ঘটা—বি, স্ত্রী (ঘট+ক্ত, ভাব) সঙ্ঘটন, আড়ম্বর।

ঘটিকা—বি, স্ত্রী (ঘট+ণি+ণক, কর্ত্তৃ, আপ) যোজন কারিণী, মুহূর্ত্ত, আড়াইদণ্ড পরিমিত কাল।

ঘটিত—বিণ, ত্রি (ঘট+ক্ত, কর্ম্ম) সঙ্ঘটিত, রচিত।

ঘটোৎকচ—বি, পুং ভীমের ঔরসে হিড়িম্বার গর্ভজাত পুত্র।

ঘন—বি, পুং (হন+অল, ভাব) মেঘ। বিণ, ত্রি, নিবিড়, গাঢ়।

ঘনত্ব—বি, ক্লী (ঘন+ত্ব, ভাবার্থে) কাঠিন্য।

ঘনকাল—বি, পুং, বর্ষাকাল।

ঘর্ম্ম—বি, পুং (ঘৃ+ম, কর্ত্তৃ) গ্রীষ্ম রৌদ্র, স্বেদ জল। (ত্রি) উষ্ণ।

ঘাতন—বি, ক্লী (হন+অনট, ভাব) আঘাত।

ঘাতসহ—বিণ, ত্রি, সামান্য আঘাতে যাহা ভগ্ন হয় না বরং বাড়িয়া যায়।

ঘাতুক—বিণ, ত্রি (হন+ঞুক্, কর্ত্তৃ) হিংস্র।

ঘানি—(দে) তৈলযন্ত্র।

ঘাস—বি, পুং (ঘস্+ঘঞ, কর্ম্ম) দূর্ব্বাদি তৃণ।

ঘুণাক্ষর—বি, ক্লী, ঘুণকৃত অক্ষর, যাহা করিব বলিয়া মনঃস্থ করা যায় তাহা যদি দৈবাৎ কোন কারণে ঘটে তাহা হইলে তাহাকে ঘুণাক্ষর বলে।

ঘূর্ণন—বি, ক্লী,(ঘূর্ণ+অনট্, ভাব) ঘুরণ, ভ্রমণ, ঘোরা।

ঘূর্ণায়মান—বিণ,ত্রি, (ঘূর্ণ+শাণ কর্ত্তৃ) যাহা ঘুরিতেছে।

ঘৃণা—বি, স্ত্রী (ঘৃ+ণক, কর্ত্তৃ+আপ) অবজ্ঞা, অনাদর।

ঘৃণিত—বিণ, ত্রি (ঘৃণ্—ক্ত, কর্ম্ম) জুগুপ্সিত অবজ্ঞাত, জঘন্য, কুৎসিত।

ঘৃত—বি, ক্লী (ঘৃ+ক্ত, কর্ম্ম) হবিঃ, ঘি।

ঘৃতাহুতি—বি, স্ত্রী, অগ্নিতে মন্ত্র পূত ঘৃত দান।

ঘৃষ্ট—বিণ, ত্রি (ঘৃষ্+ক্ত, কর্ম্ম) মর্দ্দিত।

ঘোটক—বি, পুং (ঘুট+ণক, কর্ত্তৃ) ঘোড়া।

ঘোটন—(দে) অন্বেষণ।

ঘোমটা—(দে) মুখাচ্ছাদন।

ঘোর—বিণ, ত্রি (ঘুর+অন্, কর্ত্তৃ) ভয়ঙ্কর। বি, পুং, শিব।

ঘোল—বি, পুং, ক্লী (ঘুর+অন্, কর্ম্ম) মাখন তোলা দধি।

ঘোষ—বি, পুং (ঘুষ+অল, অধি) আভীরপল্লী, কায়স্থাদির পদবী।

ঘোষণা—বি, স্ত্রী (ঘুষ+অনট ভাব+আপ) চারিদিকে প্রচার।

ঘ্রাণ—বি, ক্লী (ঘ্রা+অনট্, করণ) নাসিকা (ভাব) গন্ধ গ্রহণ।

ঘ্রাণ তর্পণ বিণ, ত্রি, সুগন্ধ।

ঘ্রাণশক্তি—বি, স্ত্রী, গন্ধ লইবার ক্ষমতা।

ঘ্রাত—বিণ, ত্রি (ঘ্রা+ক্ত, কর্ম্ম) যাহা ঘ্রাণ করা হইয়াছে।

চ।

চ—ব্য (চি+ড, কর্ত্তৃ) সমাহার, পক্ষান্তর, অবধারণ, পাদপূরণ।

চকাশিত—বিণ, ত্রি (চকাস্—ক্ত, কর্ম্ম) শোভিত, দীপ্ত।

চকিত—বিণ, ত্রি (চক+ক্ত, কর্ত্তৃ) ভীত, তৃপ্ত।

চকোর—বি, পুং (চক্+ওরন্, কর্ত্তৃ) প্রসিদ্ধ পক্ষী।

চক্র—বি, পুং (কৃ+ক, কর্ত্তৃ দ্বিত্ব) চক্রবাক,চকাপাখী।

চক্রধর—বি, পুং (চক্র—ধৃ+অন্, কর্ত্তৃ) বিষ্ণু, সর্প।

চক্রনেমি—বি, স্ত্রী, চাঁকার পার্শ্ব।

চক্রবর্ত্তী—বি, পুং (চক্র+বৃৎ+ণিন্, কর্ত্তৃ) সম্রাট।

চক্রবাক্—বি, পুং (চক্র—বচ্+ঘঞ্, ভাব) প্রসিদ্ধ পক্ষী।

চক্রান্ত—বি, পুং, কুমন্ত্রণা, ষড়যন্ত্র।

চক্রী—বিণ, ত্রি (চক্র+ইন্, অস্ত্যর্থে) কুমন্ত্রণাদায়ক, শ্রীকৃষ্ণ।

চক্ষুঃ—বি, ক্লী (চক্ষ+উস্ করণ) নয়ন, নেত্র।

চক্ষুষ্মান্—বিণ, ত্রি (চক্ষুস্+মতু অস্ত্যর্থে) যাহার দর্শন শক্তি নিতান্ত প্রবল।

চটুল—বিণ, ত্রি (চট্+উল, কর্ত্তৃ) চঞ্চল, অস্থির।

চড়া—(দে) উঠা, আরোহণ, নদীর মধ্যস্থ দ্বীপ।

চনক—বি, পুং (চণ+অল কর্ম্ম+কণ) ছোলা, বুট, মুনিবিশেষ।

চণ্ড—বি, পুং (চণ্ড+অল, কর্ত্তৃ) যমদূত, দৈত্য বিশেষ। ক্লী,তীক্ষ্ণতা, উষ্ণ।

চণ্ডাল—বি, পুং, (চন্ড+আলঞ কর্ত্তৃ) নিষাদ, চাড়াল, শূদ্রের ঔরসে ব্রাহ্মণীর গর্ভজাত, অতি হীনবর্ণ। সঙ্করজাতি।

চণ্ডিকা—বি, স্ত্রী (চণ্ড+ঈপ= চণ্ডী+কণ,স্বার্থে+আপ্) দর্পণ।

চণ্ডীমণ্ডপ—বি,পুং দুর্গাদি দেবতার পূজাগৃহ।

চতুঃশাল—বি,ক্লী, চকমিলান বাড়ী।

চতুর—বিণ, ত্রি (চত্+উর, কর্ত্তৃ) কার্য্যদক্ষ, নিপুণ, শঠ।

চতুরঙ্গ—বিণ, ত্রি, চারি অঙ্গ যুক্ত। বিণ, ক্লী, হস্তী, অশ্ব, রথ পদাতি এই চারি অঙ্গ বিশিষ্ট সৈন্য।

চতুরতা—বি, স্ত্রী (চতুর+তা ভাবার্থে) কার্য্যদক্ষতা চাতুর্য্য নৈপুণ্য।

চতুরশ্র—বিণ, ত্রি, চতুষ্কোণ, চারি-কোণা।

চতুরানন—বি, পুং, ব্রহ্মা।

চতুরালি—(দে) চতুরতা প্রকাশ করা।

চতুর্দ্দোল—বি, ক্লী চারিজনে বহনীয় যান বিশেষ।

চতুর্ধা—ব্য (চতুর+ধাচ্, প্রকা-রার্থে) চারি প্রকার।

চতুর্ব্বেদ—বি, পুং, ঋক্, যজুঃ, সাম, অথর্ব্ব এই চারি বেদ।

চতুষ্পদ—বিণ,ত্রি, চারি পদ বিশিষ্ট, বি, পুং, পশু।

চতুষ্পদী—বি, স্ত্রী চারি চরণ বিশিষ্ট, পদ্য, চৌপদী।

চতুষ্পাঠী—বি, স্ত্রী, যেখানে চারি শাস্ত্রের অধ্যাপনা হয়।

চত্বর—বি, ক্লী (চত্+ষ্বরচ্ কর্ম্ম) অঙ্গন, উঠান, রঙ্গ স্থান।

চন্দন—বি,পুং (চন্দ্+অন, কর্ত্তৃ) স্বনাম প্রসিদ্ধ বৃক্ষ।

চন্দন চর্চ্চিত—বিণ, ত্রি, চন্দনলিপ্ত, চন্দনের গন্ধ বিশিষ্ট।

চন্দ্রক—বি, পুং (চন্দ্র—কৈ+ড, কর্ত্তৃ) ময়ূর পুচ্ছের চন্দ্রাকার চিহ্ন।

চন্দ্রচূর, চন্দ্রাপীড়—বি, পুং, শিব। চন্দ্রমৌলি, চন্দ্রশেখর।

চন্দ্রাতপ – বি, পুং চাঁদোয়া।

চপল—বিণ, ত্রি, (চপ্ + অল, কর্ত্তৃ) চঞ্চল।

চমৎকার—বি, পুং (চমৎ—কৃ + ঘঞ, ভাব) বিস্ময়।

চমর – বি, পুং (চম্ + অরন্, কর্ত্তৃ) মৃগবিশেষ।

চম্পট—(দে) পলায়ন, প্রস্থান।

চয়—বি, পুং (চি + অল, কর্ম্ম) সমূহ রাশি।

চয়ন—বি, ক্লী (চি + অনট্, ভাব) সংগ্রহ।

চর—বি, পুং (চর্ + অন্, কর্ত্তৃ) গুপ্তদূত।

চরক—বি, পুং (চর + ণক্, কর্ত্তৃ) বৈদ্য গ্রন্থকার মুনিবিশেষ।

চরণ—বি, ক্লী (চর্ + অনট্, করণ) পাদ চরণগ্রন্থি—বি, পুং গুল্ফ।

চরণামৃত—বি, ক্লী পাদোদক।

চরণাম্বুজ—বি, ক্লী পাদপদ্ম।

চরম – বিণ, ত্রি (চর্ + অম, কর্ত্তৃ) অন্তিম, পশ্চিম।

চরাচর—বিণ, ত্রি, স্থাবর জঙ্গম।

চরিত—বিণ, ত্রি (চর্ + ক্ত, কর্ম্ম) সিদ্ধ, সফল, অনুষ্ঠিত, (ভাব) আচরণ।

চরিতার্থ – বিণ, ত্রি, কৃতার্থ, সফল কার্য্য।

চরিত্র—বি, ক্লী (চর্ + ইত্র, করণ) আচরণ, চরিত।

চরিত্রবান্—বিণ, পুং (চরিত্র + বতু, অস্ত্যর্থে) সচ্চরিত্র।

চরিষ্ণু—বিণ, ত্রি (চর্ + ইষ্ণু, শীলার্থে) গমণশীল।

চরু—বি, পুং (চর্ + উ, কর্ম্ম) যজ্ঞীয় পায়সান্ন।

চর্চ্চা—বি, স্ত্রী (চর্চ্চ্ + ঙ, ভাব, আপ্) অনুশীলন, আলোচনা, বিচার।

চর্চ্চিত—বিণ, ত্রি (চর্চ্চ্ + ক্ত, কর্ম্ম) অনুশীলিত, আলোচিত।

চর্ম্ম—বি, ক্লী (চর + মন্, করণ) চাম, ছাল, ত্বক্।

চর্ম্মকার—বি, পুং (চর্ম্ম—কৃ + ষণ, কর্ত্তৃ) চামার, মুচি।

চর্ম্মপাদুকা—বি,স্ত্রী, জুতা, উপনৎ।

চর্ব্বণ—বি, ক্লী (চর্ব্ব+অনট্, ভাব) দন্ত দ্বারা পেষণ, চিবান।

চর্ব্বিত—বিণ, ত্রি (চর্ব্ব+ক্ত, কর্ম্ম) ভক্ষিত, স্বাদিত।

চর্ব্ব্য—বিণ, ত্রি, (চর্ব্ব+য, কর্ম্ম) চর্ব্বণীয়।

চল—বিণ, ত্রি (চল্+অন্, কর্ত্তৃ) চঞ্চল, অস্থির। বি, পুং (ভাব) চাঞ্চল্য।

চলন—বি, ক্লী (চল+অনট, ভাব) গমন, প্রস্থান, অনুষ্ঠান।

চাউনি—(দে) দৃষ্টি।

চাচর—(দে) কোঁকড়া চুল।

চাঁদোয়া—বি, সায়বানা, চন্দ্রাতপ।

চাকন—(দে) আস্বাদন।

চাকর—(যা) ভৃত্য।

চাকচক্য—বি, ক্লী (চক্+অন্, কর্ত্তৃ দ্বিত্ব+ষ্ণ্য ভাবে) উজ্জ্বলতা, দীপ্তি।

চাক্ষুষ—বিণ, ত্রি (চক্ষুস+ষ্ণ ইদমর্থে) চক্ষুদ্বারা নিষ্পন্ন, চক্ষু-গোচর।

চাঞ্চল্য—বি, (চঞ্চল+ষ্ণ্য, ভাবর্থে) চঞ্চলতা, চপলতা।

চাটন—(দ) জিহ্বা দ্বারা লেহন।

চাটনি—(দে) মুখরোচক অম্ল দ্রব্য।

চাটু—বি,পুং,ক্লী (চট্+ঞুণ, করণ) মিথ্যাপ্রিয় বাক্য, খোসামোদ।

চাটুকার—বিণ, ত্রি (চাটু—কৃ+ষণ্, কর্ত্তৃ) প্রিয় বাক্যকার, নিজ স্বার্থ সিদ্ধির জন্য অনুচিত প্রশংসায় আসক্ত।

চাটুকারিতা—বি, স্ত্রী (চাটুকারী+তা, ভাবার্থে) তোসামোদ করা।

চাটূক্তি—বি,স্ত্রী, মিথ্যাস্তুতি বাক্য, প্রিয় বাক্য।

চাণক্য—বি, পুং (চণক+ষ্ণ্য, অপত্যার্থে) মুনি বিশেষ। ইনি অতিশয় কুটিল রাজনীতি বিশারদ ছিলেন, ইহারই কৌশলে নন্দবংশ ধ্বংস হইয়াছিল।

চাতক—বি, পুং (চত্+ণক, কর্ত্তৃ) পক্ষী বিশেষ, প্রবাদ আছে যে

এই পক্ষী বৃষ্টির জল ভিন্ন অন্য জল পান করে না।

চাতুর্য্য—বি, ক্লী - (চতুর+ষ্ণ্য, ভাবার্থে) চতুরতা, শঠতা।

চাপ—বি, পুং (চপ্+ঘঞ, ভাব) ধনুক।

চাপন—(দে) টিপন, ভার দেওন।

চাপল্য—বি, ক্লী (চপল+ষ্ণ্য ভাবার্থে) ঔদ্ধত্য।

চাপকান –(যা) পোষাক বিশেষ।

চাবী—(যা) ছোড়ান।

চামচা—বি, হাতা, দর্ব্বী।

চামর—বি, ক্লী (চমর+ষ্ণ্য ইদমর্থে) চমর পশুর পুচ্ছ লোম নির্ম্মিত ব্যজন।

চামরী—বি, স্ত্রী, ঘোটক, অশ্ব।

চামুণ্ডা—বি, স্ত্রী, দুর্গা, ইনি চণ্ড ও মুণ্ড নামক অসুরকে বিনাশ করিয়াছিলেন বলিয়া এই নাম প্রাপ্ত হন।

চারণ বিণ, পুং (চর্+ণিঞ+অন্ কর্ত্তৃ,) ধূর্ত্ত, স্তুতিপাঠক।

চারা—(দে) ক্ষুদ্র বৃক্ষ।

চারু—বিণ, ত্রি (চর্+ঞুণ্, কর্ত্তৃ) সুন্দর, মনোহর।

চারুতা—বি, স্ত্রী (চারু+তা, ভাবার্থে) সৌন্দর্য্য।

চাল—বি, পুং (চল্+ণ, কর্ত্তৃ) গৃহাচ্ছদন, ছাদ।

চালন—বি, ক্লী (চল্+ণিঞ+অনট, ভাব) স্থানান্তরে প্রেরণ, শস্যাদি চালিবার জন্য বহু ছিদ্র পাত্র।

চাষ (স)—বি, পুং (চষ্+ঘঞ, ভাব) কৃষি, ভূমি কর্ষণ। (কর্ত্তৃ) নীল কণ্ঠ পক্ষী।

চিকিৎসা—বি,স্ত্রী, কিত্+সন+অ, ভাব+আপ) রোগ দূরকরার চেষ্টা।

চিকিৎসক—বিণ,পুং (কিত্+সন্+ণক, কর্ত্তৃ) রোগদূরকারী, ডাক্তর কবিরাজ ইত্যাদি।

চিকিৎসিত—বিণ—ত্রি (কিত্+সন্+ক্ত, কর্ম্ম) যাহার চিকিৎসা করা হইয়াছে।

চিকীর্ষা—বি, স্ত্রী (কৃ+সন্+অ, ভাব +আ) করিবার ইচ্ছা।

চিকীর্ষু—বিণ, ত্রি (কৃ+সন্+উ, কর্ত্তৃ) করিতে ইচ্ছু।

চিকুর—বি, পুং (চি—কৃ+কু, কর্ত্তৃ) কেশ, পর্ব্বত।

চিক্কণ—বিণ, ত্রি (চিত্+কণ, কর্ম্ম স্নিগ্ধ, চক্‌চকে।

চিঠা—(যা) ভূমি জরিপ করার পত্র অর্থাৎ যে পত্রে ভূমির বিবরণ লিখিত থাকে।

চিড়িয়াখানা—(যা) পক্ষী রাখিবার স্থান।

চিতা—বি, শবদাহ স্থান।

চিত্ত—বি, ক্লী (চিত্+ক্ত, করণ) মনঃ, অন্তঃকরণ।

চিত্তজ্ঞ—বিণ, ত্রি (চিত্ত—জ্ঞা+ড, কর্ত্তৃ) ভাবজ্ঞ।

চিত্ত প্রসাদ—বি, পুং মনের সন্তোষ।

চিত্তবিকার—বি, পুং, মনের পরিবর্ত্তন।

চিত্তবিক্ষেপ—বি, পুং মনের ব্যাকুলতা।

চিত্তবিভ্রম—বি, পুং, বুদ্ধিভ্রংশ, উন্মাদ।

চিত্তবৃত্তি—বি, স্ত্রী, মনের অবস্থা, মনোগত ভাব।

চিত্র—বি, ক্লী (চিত্+ত্রৈ+ড, কর্ত্তৃ) আশ্চর্য্য

চিত্রকর—বিণ, ত্রি (চিত্র—কৃ+ট, কর্ত্তৃ) আলেখ্য কারক।

চিত্রকূট—বি, পুং পর্ব্বত বিশেষ, এইপর্ব্বত বুন্দেলখণ্ডে অবস্থিত।

চিত্রপট—বি, পুং আলেখ্যপট, যে বস্ত্রখণ্ডের উপর চিত্র অঙ্কিত করা যায়।

চিত্রফলক—বি, পুং যাহার উপর চিত্র আঁকা যায়।

চিত্রভানু—বি, পুং সূর্য্য।

চিত্ররথ—বি, পুং, গন্ধর্ব্ব বিশেষ।

চিত্রশালা (লিকা)—বি,স্ত্রী, যে গৃহে বহু সংখ্যক চিত্র থাকে।

চিত্রাঙ্গদ—বি, পুং শান্তনু রাজার পুত্র। শান্তনু রাজার মৃত্যু হইলে ভীষ্ম রাজ পদ গ্রহণে অসম্মতি প্রকাশ করায় ইনি সিংহাসনে আরোহণ করেন। একদিন তিনি মৃগয়ার জন্য বহির্গত হইয়া সরস্বতী নদীর তীরে এক গন্ধর্ব্বের সহিত যুদ্ধেমৃত্যু মুখে পতিত হন।

চিত্রাঙ্গদা—বি, স্ত্রী রাবণ মহিষী অর্জ্জুনপত্নী।

চিত্রার্পিত—বিণ, ত্রি, চিত্রফলকে লিখিত।

চিত্রিত—বিণ, ত্রি (চিত্র + ক্ত, কর্ম্ম) চিত্রপটে অঙ্কিত।

চিদাভাস—বি, পুং জীবাত্মা।

চিনা—(দে)—পরিচিত।

চিনি—(দে)—শর্করা।

চিন্তন—বি, ক্লী (চিন্ত্+অনট্, ভাব) ভাবনা, ধ্যান।

চিন্তামণি—বি, পুং, স্পর্শমণি, ব্রহ্মা।

চিন্তিত—বিণ,ত্রি, (চিন্ত্+ক্ত কর্ম্ম) আলোচিত।

চিন্ময়—বিণ, ত্রি (চিৎ+ময়, বিকারার্থে) জ্ঞানময়।

চির—বি, ক্লী (চি+রক্, কর্ত্তৃ) দীর্ঘকাল।

চিরকর্ম্মা, চিরক্রিয়—বিণ, ত্রি দীর্ঘসূত্রী।

চিরন্তন—বিণ, ত্রি (চির+তন, ভাবার্থে) চিরকালীন।

চিবুক—বি, ক্লী (চিব্+কু, কত্তৃ+কণ, স্বার্থে দাড়ী, থুতনি।

চিহ্ন—বি, ক্লী (চিহ্ন+অল, কর্ম্ম) দাগ, লক্ষণ।

চীর—বি, ক্লী (চি+রক, কর্ম্ম) বস্ত্রখণ্ড, নেকড়া।

চীর্ণ—বিণ, ত্রি (চর্+ণক্, কর্ম্ম) সঞ্চিত, বিদীর্ণ।

চুচুক, চুচুক—বি, পুং, ক্লী (চুচূ—কৈ+ড, কর্ত্তৃ) কুচক্রি।

চুম্ব—বি, পুং (চুম্ব্+অল, ভাবে) মুখে মুখস্পর্শ, চুমা।

চূড়া—বি, স্ত্রী (চুল+ঙ, কর্ম্ম+আপ) সংস্কার বিশেষ, পর্ব্বতের শৃঙ্গ।

চূড়ান্ত—বি, পুং, শেষ সীমা।

চূড়ামণি—বি, পুং, শিরোরত্ন, শিরোভূষণ।

চূত—বি, পুং (চুষ্+ক্ত, কর্ম্ম) আম্রবৃক্ষ ক্লী, (চূত+ষ্ণ) আম্র।

চূয়া—বি, স্ত্রী, ঘন তৈলবৎ এক প্রকার সুগন্ধি দ্রব্য।

চূর্ণ—বি, পুং (চূর্ণ—ঘঞ্, ভাব) ধূলি, আবীর, চূর্ণ।

চূর্ণিত—বিণ, ত্রি (চূর্ণ+ক্ত, কর্ম্ম) যাহা গুড়া হইয়াছে।

চেতন—বি, ক্লী (চিত্+অন, করণ) আত্মা, জীব।

চেলা—(নে) সন্ন্যাসীদের পরিচারক।

চেলী—বি, স্ত্রী পট্টবস্ত্র বিশেষ।

চেষ্টা—বি, স্ত্রী (চেষ্ট্+ঙ, ভাব+আ) যত্ন, উদ্যোগ।

চৈতন্য—বি, ক্লী (চেতন+ষ্ণ্য, ইদমর্থে) চেতনা, সংজ্ঞা।

চৈত্ররথ—বি, ক্লী (চিত্ররথ+ষ্ণ, ইদমর্থে) কুবেরের উদ্যান।

চোনা—(বি) গরুর মূত।

চোখা—(যা) তীক্ষ্ণ, ধারাল।

চোকষ—বিণ, ত্রি, যাহার সকল দিকে দৃষ্টি থাকে।

চৌকি—বি, কাষ্ঠাদি নির্ম্মিত আসন বিশেষ।

চৌকিদার—বি, পুং, প্রহরী, পাহারাওয়ালা।

চৌপাড়ী—বি, চতুষ্পাঠী, টোল।

চৌর—বি, ক্লী (চুরি+ষ্ণ, স্বার্থে) চোর।

চৌর্য্য—বি, ক্লী (চোর+ষ্ণ্য, ভাবার্থে) তস্করতা, চুরি।

চ্যুত—বিণ, ত্রি (চ্যু+ক্ত, কর্ত্তৃ) ভ্রষ্ট, স্খলিত।

চ্যুতি—বি, স্ত্রী (চ্যু+ক্তি, ভাব) পতন, নাশ।

ছ

ছ—বিণ, ত্রি (ছো+ড, কর্তৃ) নির্ম্মল, তরল।

ছটা—বি, স্ত্রী (ছো+অনট, কর্ত্তৃ +আপ) দীপ্তি, শোভা, সমূহ।

ছত্র (ত্র)—বি, ক্লী (ছদ্+ত্র, করণ) ছাতা। (ভাব) আচ্ছাদন।

ছত্রভঙ্গ—বি, পুং, অরাজকতা, বৈধব্য।

ছদ্ম—বি, ক্লী (ছদ্+ণিচ+মন্, করণ) ছল, কপট।

ছন্দ—বি, পুং (ছন্দ —অল, ভাব) অভিপ্রায়, অভিলাষ।

ছন্ন—বিণ, ত্রি (ছদ্+ণিচ+ক্ত, কর্ম্ম) আচ্ছাদিত, নির্জ্জন, প্রচ্ছন্ন।

ছন্নমতি—বিণ, ত্রি, যাহার বুদ্ধি ভ্রংশ হইয়াছে।

ছল—বি, ক্লী (ছো+কল, ভাব) কপট, শঠতা, প্রতারণা।

ছলন—বি, ক্লী (ছল্+অনট্, ভাব) প্রতারণা।

ছবি—বি, স্ত্রী (ছো+ইন্, করণ) চিত্র, প্রতিমূর্ত্তি।

ছাউনি—বি, সৈন্যদিগের থাকিবার স্থান।

ছাওয়াল, ছাবাল—(দে) ছোট ছেলে।

ছাকন—(দ) বস্ত্রাদিদ্বারা তরল বস্তুর নিঃসারণ।

ছাঁটন—(দে) কর্ত্তন।

ছাঁদ—(দে) গঠন, আকৃতি।

ছাতু—(দে) যবাদি চূর্ণ।

ছাত্র—বি, পুং (ছত্র+ঞ্চ, শীলার্থে) অন্তেবাসী, শিষ্য।

ছাত্রবৃত্তি—বি, স্ত্রী, ছাত্রের পুরস্কার স্বরূপ মাসে মাসে যাহা দেওয়া যায়।

ছাদ—বি, পুং (ছদ্+ঘঞ, ভাব) চাল, দালানের উপরিভাগ।

ছাদিত—বিণ, ত্রি (ছদ্+ণিচ+ক্ত কর্ম্ম) আবৃত।

ছানা—(দে) শাবক, দুগ্ধবিকার।

ছানি—(যা) পুনর্বিচার, দৃষ্টির প্রতিবন্ধক, চক্ষুর আবরণ।

ছাপান—বি মুদ্রাঙ্কন।

ছায়া—বি, স্ত্রী (ছো+য, কর্ত্তৃ+আপ্) অনাতপ, প্রতিবিম্ব, কান্তি।

ছায়াপথ—বি, পুং, জ্যোতিশ্চক্র মধ্যবর্ত্তী মণ্ডলাকার নক্ষত্র।

ছিদ্র—বি, ক্লী (ছিদ্+রক, কর্ম্ম) রন্ধ্র, অবকাশ।

ছিন্ন—বিণ, ত্রি, (ছিদ্+ক্ত, কর্ম্ম) খণ্ডিত, ছেড়া।

ছিন্নমস্তা—বি, স্ত্রী মহাবিদ্যা মূর্ত্তি বিশেষ।

ছুরিত—বিণ, ত্রি (ছুচ+ক্ত, কর্ম্ম) লিপ্ত, ব্যাপ্ত।

ছেদ—বি, পুং (ছিদ +ঘঞ, ভাব) ছেদন।

ছেদক—বিণ, ত্রি (ছিদ্+ণক, কর্ত্তৃ) ছেদনকারী।

ছেদন—বি, ক্লী (ছিদ্+অনট্, ভাব) কর্ত্তন।

ছেদ্য—বিণ, ত্রি (ছিদ্+য, কর্ম্ম) ছেদন যোগ্য।

ছেপ—(দে) থুথু।

ছেলে—(দে) শিশু।

ছোট—(দে) ক্ষুদ্র, কনিষ্ঠ।

ছোলা—বি, বুট, চণক।

জ

জ—বি, পুং (জি+ড, কর্ত্তৃ) শিব, বিষ্ণু।

জক্ষ্ম, জক্ষ্মা—বি, পুং (জক্ষ্+মন্ কর্ত্তৃ) ক্ষয়রোগ।

জগৎ—বি, ক্লী (গম্+ক্বিপ্, কর্ত্তৃ) বিশ্ব, লোক, ভুবন।

জগৎপ্রাণ—বি, পুং, বায়ু।

জগদম্বা—বি, স্ত্রী, দুর্গা।

জগদীশ—বি, পুং জগৎপ্রভু, বিষ্ণু।

জগদ্ধাত্রী—বি, স্ত্রী, দুর্গা।

জগন্নাথ—বি, পুং বিষ্ণু, জগতের কর্ত্তা।

জঘন—বি, ক্লী (হন্+যঙ্ লুক্+অন্, কর্ত্তৃ) স্ত্রীলোকের নিতম্বের সম্মুখ ভাগ।

জঘন্য—বিণ, ত্রি (জঘন + ষ্ণ্য) নীচ, গর্হিত।

জঙ্গম—বিণ, ত্রি (গম্ + যঙ্ লুক্ + অন্ কর্ত্তৃ)গমনশীল, অস্থাবর।

জঙ্গল—বি. ক্লী (জঙ্গম্ —লা + ড. কর্ত্তৃ) বন, নির্জ্জন।

জঙ্ঘা—বি, স্ত্রী (জন্ + অন্, কর্ত্তৃ + আপ)গুল্ফাবধি জানু পর্য্যন্ত

জটা—বি, স্ত্রী (জট্ + অন্, কর্ত্তৃ, + আপ্) সংহত কেশ।

জটাজূট—বি,পুং জটা সমূহ।

জটাধর —বি, পুং (জটা —ধৃ + অন্, কর্ত্তৃ) শিব। বিণ, ত্রি, (জটাধারী।

জটায়ু—বি, পুং পক্ষি বিশেষ। ইহাঁর পিতা অরুণ। মাতা শ্যেনী সম্পাতিও ইহাঁর জ্যেষ্ঠ ভ্রাতা উভয়ে মিলিত হইয়া ইন্দ্রকে পরাজয় পূর্ব্বক সূর্য্যেকে আক্রমণ করিবার জন্য তাহার অনুসরণ করেন। কিন্তু সূর্য্যাত্তাপে হতচৈতন্য হইয়া ভূপতিত হইলে সম্পাতি স্বকীয় পক্ষ ছায়া প্রদান পূর্ব্বক ইহাঁর প্রাণ রক্ষা করেন। রাবণ যখন সীতাকে হরণ করিয়া নিয়া যান, তখন ইনি রাবণের সহিত যুদ্ধ করিয়া মৃতপ্রায় হইয়া ভূপতিত হন। রামচন্দ্র ভার্য্যা অন্বেষণ করিতে করিতে ইহাঁর নিকট উপস্থিত হইলেন ইহাকে সমস্ত সংবাদ জ্ঞাপন পূর্ব্বক মৃত্যুমুখে পতিত হন।

জটিল—বিণ. ত্রি (জটা + ইল, অস্ত্যর্থে) জটাধারী. দুর্ব্বোধ।

জঠর—বি, পুং ক্লী (জন্ + অরন্, অধি) কুক্ষি, পেট।

জঠরাগ্নি—বি, পুং যদ্দ্বারা ভুক্ত দ্রব্য পরিপাক হয়।

জড় - বিণ, ত্রি (জন্ + অন্, কর্ত্তৃ) অচেতন স্পন্দহীন, মূর্খ।

জড়তা—বি, স্ত্রী (জড় + তা, ভাবার্থে) মূর্খতা।

জড়ত্ব—বি, ক্লী (জড় + ত্ব, ভাবার্থে) যে গুণ বশতঃ বস্তু আপনা হইতে চলিতে পারে না, চালিত হইলে

আপনা হইতে স্থির হইতে পারে না।

জড়পদার্থ—বি, পুং অচেতন বস্তু।

জড়িত—বিণ. ত্রি. বেষ্টিত।

জড়ীভূত—বিণ, ত্রি (জড়+চ্বি—ভূ+ক্ত. কর্ত্তৃ) যাহার বুদ্ধি লোপ পাইয়াছে।

জনক—বি, পুং (জনি+ণক. কর্ত্তৃ) পিতা. মিথিলাধিপতি।

জনতা—বি. স্ত্রী (জন+তা সম্হার্থে) লোক সমূহ।

জনন—বি, ক্লী (জন+অনট. ভাব) উৎপত্তি।

জনপদ—বি. পুং, দেশ।

জনয়িতা—বি, পুং (জনি+তৃন্. কর্ত্তৃ) জনক, পিতা।

জনয়িত্রী—বি, স্ত্রী (জনয়িতৃ+ঈপ্) মাতা।

জনরব—বি, পুং কিংবদন্তী. লোক প্রবাদ, যে কথা লোক পরম্পরায় শুনা যায়।

জনশ্রুতি—বি, স্ত্রী, জনরব।

জনস্থান—বি, ক্লী. লোকালয়।

জনান্তিক—বি, ক্লী. অন্য লোকের সমক্ষে পরস্পর গোপনে কথপোকথন।

জনার্দ্দন—বি, পুং (জন্—অর্দ্দ্+অনট, ভাব) বিষ্ণু।

জনাশ্রয় বি, পুং, মণ্ডপ, কোন কার্য্যের জন্য নির্ম্মিত গৃহ।

জন্তু—বি, (জন্+তুন্, কর্ত্তৃ) প্রাণী, জীব।

জন্ম—বি, ক্লী (জন্+মন্. ভাব) উৎপত্তি।

জন্মপত্রিকা—বি. স্ত্রী, কোষ্ঠী।

জন্মান্তরীণ—বিণ, ত্রি (জন্মান্তর+ঈন্ ভবার্থে) যাহা পূর্ব্বজন্মে ঘটিয়াছে বা পরজন্মে ঘটিবে।

জন্মাবচ্ছিন্ন—বি, পুং যাবজ্জীবন।

জন্মাষ্টমী—বি, স্ত্রী. কৃষ্ণের জন্ম তিথি, ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমী।

জপ—বি, পুং (জপ+অল, ভাবে) মন্ত্রাদির পুনঃ পুনঃ উচ্চারণ।

জমদগ্নি—বি. পুং পরশুরামের পিতা

ইনি মহামুনি ঋচিকের পুত্র, ইহাঁর মাতা সত্যবতী ইনি রাজকন্যা রেণুকাকে বিবাহ করেন, রেণুকার গর্ভে ইহাঁর ৫টী পুত্র জন্মে তন্মধ্যে পরশুরাম সর্ব্ব কনিষ্ঠ।

জমা—(যা) মোট সংখ্যা, আয়।

জমাওয়াশীলবাকী—(যা) কত আদায় কতবাকী তাহার হিসাব।

জমাগুজস্তা—(যা) প্রজার গত সনের খাজানা।

জমাবন্দী—(যা) জমি জমা নির্ণায়ক হিসাব।

জমীদার—(যা) ভূম্যধিকারী।

জম্বু (ম্বূ)—বি, স্ত্রী (জম্‌+কু (কূ), কর্ত্তৃ) জাম গাছ। ক্লী, ক্লী জম্বুফল, জাম।

জয়—বি, পুং (জি+অল, ভাব) শত্রু পরাজয়।

জয়দ্রথ—বি, পুং সিন্ধুদেশের রাজা, দুর্য্যোধনের ভগিনীপতি। অভিমন্যু বধের দিন জয়দ্রথ ব্যূহদ্বার রক্ষা করায়, পাণ্ডবেরা কেহ ব্যূহ মধ্যে প্রবেশ পূর্ব্বক তাহার সাহায্য করিতে পারে নাই বলিয়া অর্জ্জুন পুত্র নিধন জনিত দুঃখে মর্ম্মাহত হইয়া প্রতিজ্ঞা করিয়া চতুর্দ্দশ দিবসীয় যুদ্ধে ইহাঁকে বিনষ্ট করেন।

জয়পতাকা—বি, স্ত্রী, জয় সূচক নিশান।

জয়লক্ষ্মী—বি, স্ত্রী, যে দেবী অনুকুল হইলে জয়লাভ হয়।

জয়ী—বিণ, ত্রি (জি+ণিন্, কর্ত্তৃ) জয়শীল।

জরা—বি, স্ত্রী (জৃ+অ, ভাব) বাৰ্দ্ধক্য।

জরায়ু—বি, পুং (জরা—ই+ঞুণ, কর্ত্তৃ) গর্ভাশয়।

জরীপ—(যা) জমীর পরিমাণ নির্ণয় করা।

জরিমানা—(যা) অর্থদণ্ড।

জল—বি, ক্লী (জল্+অল্, কর্ত্তৃ) সলিল। বিণ, ত্রি, জড়, শীতল।

জলকর—বি, পুং (জল—কৃ+ট, কর্ত্তৃ) জল হইতে যে কর পাওয়া যায়।

জলচর—বিণ, ত্রি (জল—চর্+টক, কর্ত্তৃ) যাহারা জলে বিচরণ করে।

জলছত্র—বি, পথিকদের জল দান করিবার স্থান।

জলজ—বি, ক্লী (জল—জন্+ড, কর্ত্তৃ) পদ্ম।

জলদ—বি, পুং (জল—দা+ড, কর্ত্তৃ) মেঘ।

জলদাগম—বি, পুং, বর্ষাকাল।

জলধর—বি, পুং, (জল—ধৃ+অন্, কর্ত্তৃ) মেঘ।

জলধি—বি, পুং, (জল—ধা+কি, কর্ত্তৃ, অধি) সমুদ্র।

জলধিজ—বি, পুং, (জলধি—জন্ +ড, কর্ত্তৃ) লক্ষ্মী।

জলপ্রপাত—বি, পুং, নির্ঝর, ঝরণা।

জলজান—বি, ক্লী, নৌকা, জাহাজ।

জলরুহ—বি, ক্লী, (জল—রুহ্+ক, কর্ত্তৃ) পদ্ম। বিণ, ত্রি, জলজাত।

জলহস্তী—বি, পুং, হস্তীর ন্যায় জল জন্তু বিশেষ। [জল।

-বি, পুং, এক

জলোচ্ছ্বাস—বি, পুং প্রবল বেগে জল ফুলিয়া উঠা, জোয়ার।

জল্পনা—বি, স্ত্রী (জল্প+অন, ভাব+আপ) কথন, বলা, অনর্থক বেশী কথা বলা।

জল্লাদ—বি, পুং হত্যাকারী, যে ফাঁসী দেয়। [মুসলমান।

জবন—বি, পুং (জু+অন্, কর্ত্তৃ)

জবনিকা—বি, স্ত্রী, পর্দ্দা।

জবর—(যা) ক্ষমতা, বল।

জবর দস্তী—(যা) অত্যাচার

জবান—(যা) ভাষা।

জব্দ—(যা) পরাজিত, অসম্মানিত।

জাঁক—(দে) সমারোহ।

জাঁকাল—(দে) ধূমধামযুক্ত।

জাঁহাপনা—(যা) সম্রাট।

জাগরণ—বি, ক্লী (জাগ্+অনট, ভাব) নিদ্রাভঙ্গ।

জাগরিত—বিণ, ত্রি (জাগৃ+ক্ত, কর্ত্তৃ) বিনিদ্র, যে জাগিয়াছে।

জাগরূক—বিণ, ত্রি (জাগৃ+উক, কর্ত্তৃ) জাগরণশীল, অপ্রমত্ত।

জাগ্রৎ—বিণ, ত্রি (জাগৃ+শতৃ, কর্ত্তৃ) যে জাগিতেছে।

জাজ্বল্যমান—বিণ, ত্রি (জল+যঙ্+শান্, কর্ত্তৃ) দেদীপ্যমান, অত্যুজ্জ্বল।

জাড়—বি, শীত, হিম।

জাত—বিণ, ত্রি (জন+ক্ত, কর্ত্তৃ) যাহা জন্মিয়াছে। বি, পুং, সমূহ।

জাতিস্মর—বিণ, ত্রি, যাহার পূর্ব্ব জন্মের বৃত্তান্ত স্মরণ আছে।

যাদু—(যা) কুহক, ভেল্কী।

জান—(বি) প্রাণ।

জানকী—বি, স্ত্রী (জনক+ষ্ণ, অপত্যার্থে+ঈপ) জনকরাজ কন্যা, সীতা।

জানপদ—বিণ, ত্রি (জনপদ+ষ্ণ, হিতার্থে) দেশস্থ, জনপদবাসী।

জানানা—(যা) স্ত্রী জাতি।

জানালা—(যা) খিড়কি, গবাক্ষ।

জাবরকাটা—(দে) একবার খাওয়া জিনিষ আবার মুখে তুলিয়া চাবান।

জামা—(যা) কুর্ত্তি, পিরাণ।

জামিন—(যা) প্রতিভূ।

জায়—(যা) তালিকা, বিবরণ।

জায়গা—(যা) ভূমি।

জায়গীর—(যা) রাজা পারিতোষিক স্বরূপ যে ভূমি দেন।

জায়দাদ—(যা) সম্পত্তি।

জায়া—বি, স্ত্রী জন্+যক, অধি+আপ্) পত্নী, যাহাতে পতি অপত্যরূপে জন্ম গ্রহণ করেন।

জার—বি, পুং (জৄ+ঘঞ, ভাব) উপপতি।

জাল—বি, ক্লী, (জল+ণ, কর্ত্তৃ) মৃগ বা মৎস্যাদি ধরিবার সূত্র, ফাঁদ সমূহ। (যা) কৃত্রিম।

জালা—বি, স্ত্রী, মাটীর বৃহৎ জল পাত্র।

জালিক—বিণ, ত্রি (জাল+ষ্ণিক)

জাল দ্বারা জীবিকা নির্ব্বাহ কারী, প্রতারক।

জাল্ম—বিণ, ত্রি, (জল+মক, কর্ত্তৃ) পামর, মূর্খ, জড়।

জাহ্নবী—বি, স্ত্রী (জহ্নু+ষ্ণ, অপত্যার্থে+ঈপ্) জহ্নুকন্যা, গঙ্গা। ভগীরথ গঙ্গাসহ জহ্নুমুনির আশ্রম দিয়া আসিবার সময় তাঁহার তপস্যার জিনিষ ভাসাইয়া নেওয়ায় গঙ্গাকে পান করেন। পরে নানা প্রকার অনুনয় বিনয় করিলে, মুনিবর নিজ জানুদেশ বিদীর্ণ করিয়া গঙ্গাকে বাহির করিয়া দেন বলিয়া গঙ্গার নাম জাহ্নবী হইল।

জিগমিষা—বি, স্ত্রী (গম্—সন্—অ ভাব+আপ) গমনেচ্ছা।

জিগমিষু—বিণ, ত্রি, (গম্—সন্ +উ, কর্ত্তৃ) গমনেচ্ছু।

জিগীষা—বি, স্ত্রী (জি+সন্+অ ভাব+আপ) জয়েচ্ছা, উদ্যম।

জিগীষু—বিণ, ত্রি (জি—সন্+উ কর্ত্তৃ) জয়েচ্ছু।

জিঘাংশা—বি, স্ত্রী, (হন্+সন্+অ, ভাব+আপ্) ভোজনেচ্ছা, হননেচ্ছা।

জিঘাংসু—বিন্, ত্রি, (হন্+সন্+উ, কর্ত্তৃ) হননেচ্ছু, শত্রু।

জিঘৃক্ষা—বি, স্ত্রী (গ্রহ্+সন্+অ, ভাব) গ্রহণেচ্ছা।

জিজ্ঞাসা—বি, স্ত্রী (জ্ঞা+সন্+অ, ভাব+আপ্) জানিতে ইচ্ছা, প্রশ্ন।

জিজ্ঞাসু—বিণ্, ত্রি, (জ্ঞা+সন্+উ, কর্ত্তৃ) জানিতে ইচ্ছু, মুমুক্ষু।

জিজীবিষু—বিণ্, ত্রি (জীব+সন্ +উ, কর্ত্তৃ) জীবনেচ্ছু।

জিত—বিণ, ত্রি (জি+ক্ত, কর্ম্ম) বশীকৃত, ক্লী (ভাব) জয়।

জিতেন্দ্রিয়—বিণ, বিণ, যে ইন্দ্রিয় বশ করিয়াছে।

জিতেন্দ্রিয়তা—বি, স্ত্রী (জিতেন্দ্রিয় +তা) কাম ক্রোধাদি রিপু সকলের জয় করা।

জিনিষ—(যা) দ্রব্য।

জিরান— যা) বিশ্রাম করা।

জিলাপি—(যা) মিষ্ট দ্রব্য বিশেষ।

জিষ্ণু—বিণ্, ত্রি (জি+স্নুক, কর্ত্তৃ) জয়শীল।

জীমূত—বি, পুং, (জীবন+মূ+ক্ত) ইন্দ্র, মেঘ, পর্ব্বত।

জীমূত বাহন—বি, পুং, ইন্দ্র।

জীর্ণ—বিণ্, ত্রি (জৃ+ক্ত, কর্ত্তৃ) পুরাতন, যাহা পরিপাক হইয়াছে।

জীর্ণসংস্কার-বি, পুং মেরামত।

জীব—বি, পুং (জীব্+ক, কর্ত্তৃ) প্রাণী।

জীবদ্দশা—বি, স্ত্রী যত কাল বাঁচিয়া থাকাযায়।

জীবন—বি, ক্লী (জীব্+অনট্ ভাব) প্রাণ, জল, বায়ু।

জীবন চরিত—বি, ক্লী, জীবিত কালের ঘটনা।

জীবনী শক্তি—বি, স্ত্রী, যে শক্তি প্রভাবে প্রাণিসকল বাঁচিয়া থাকে।

জীবন্মুক্ত—বিণ্, ত্রি (জীবৎ+মুক্ত) জীবিত কালের মধ্যে যাহার তত্ত্ব জ্ঞান জন্মে নাই।

জীবন্ন্যাস—বি, পুং, প্রাণ প্রতিষ্ঠার মন্ত্র।

জীবলোক—বি, পুং, সংসার।

জীবাণু—বি, পুং, অতি ছোট পোকা।

জীবাত্মা—বি, পুং, দেহের মধ্যাবীস্থ পদার্থ।

জীবিকা—বি, স্ত্রী জীব+কণ্+আপ্) জীবনোপায়, যে উপায় দ্বারা প্রাণ ধারণ করা যায়।

জীবিতকাল—বি, পুং, আয়ুঃ।

জীবিতেশ-বি, পুং, যম, (ত্রি) প্রাণেশ্বর।

জুগুপ্সা—বি, স্ত্রী (গুপ্—সন্+অ, ভাব+আপ্) নিন্দা।

জুগুপ্সিত—বিণ্, ত্রি (গুপ্—সন্+ক্ত, কর্ম্ম) নিন্দিত।

জুজু—(দে) কাল্পনিক ভূত বিশেষ।

জুড়ান—ঠাণ্ডা করণ।

জুতা—(দে) চর্ম্ম পাদুকা।

জূট—বি, পুং (জট্+ক, কর্ত্তৃ) জটা সমূহ।

জূষ—বি, পুং, ক্লী (জূষ্+অরাল্, করণ) ক্বাথ, ঝোল।

জৃম্ভণ—বি, ক্লী (জৃন্ভ+অনট্, ভাব) মুখ বিকাশ, হাই তোলা।

জৃম্ভক—বিণ, ত্রি (জৃন্ভ+ণক, কর্ত্তৃ) নিদ্রাকারক।

জৃম্ভিত—বিণ, ত্রি (জৃন্ভ+ক্ত, কর্ত্তৃ) স্ফুটিত, প্রকাশিত।

জেতা—বিণ, ত্রি (জি+তৃন, কর্ত্তৃ) জয়কারী।

জেরবার—(যা) নিতান্ত জর্জ্জরিত হওয়া।

জৈমিনি—বি, পুং, মীমাংসা, দর্শন প্রণেতা মুনি।

জোখা—(দে) পরিমাণ করা।

জোত—(যা) প্রজার দখলের আবাদীয় জমী।

জোষিৎ—বি, স্ত্রী (জুষ্+ইৎ, কর্ত্তৃ) নারী।

জ্ঞাত—বিণ, ত্রি (জ্ঞা+ক্ত, কর্ম্ম) বিদিত।

জ্ঞাতি—বি, পুং (জ্ঞা+ক্তিন্, কর্ত্তৃ) দায়াদ, সগোত্র।

জ্ঞান—বি, ক্লী (জ্ঞা+অনট্, ভাব) বোধ।

জ্ঞানযোগ—বি, পুং ব্রহ্ম প্রাপ্তির উপায়।

জ্ঞানবান—বিণ, পুং, (জ্ঞান+বতু, অস্ত্যর্থে) বুদ্ধিমান্।

জ্ঞানবৃদ্ধ—বিণ, ত্রি, অতিশয় জ্ঞানী।

জ্ঞানী—বিণ, ত্রি, (জ্ঞান+ইন্, অস্ত্যর্থে) বুদ্ধিমান্।

জ্ঞানেন্দ্রিয়—বি, ক্লী, চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ ও মনঃ।

জ্ঞাপন—বি, ক্লী (জ্ঞা+ণিচ্+অনট্, ভাব) জানান।

জ্ঞেয়—বিণ, ত্রি (জ্ঞা+য, কর্ম্ম) জানিবার যোগ্য।

জ্যা—বি, স্ত্রী (জ্যা+ক্বিপ্, কর্ত্তৃ) ধনুকের ছিলা।

জ্যায়সী—বি, স্ত্রী (বৃদ্ধ+ঈয়াস্ উৎকর্ষার্থে +ঈপ) অতি বৃদ্ধা।

জ্যেষ্ঠ—বিণ, ত্রি (প্রশস্য +ইষ্ঠ, উৎকর্ষার্থে অগ্রজ, শ্রেষ্ঠ।

জ্যেষ্ঠতাত— বি. পুং, পিতার জ্যেষ্ঠভাই।

জ্যোতির্ব্বিদ্—বিণ, পুং (জ্যোতিস্ বিদ্ ক্বিপ্, কর্ত্তৃ) জ্যোতিঃ শাস্ত্রজ্ঞ পণ্ডিত।

জ্যোতিশ্চক্র—বি. ক্লী. রাশিচক্র।

জ্যোতিষ—বি, ক্লী (জ্যোতিস্ + ষ্ণ) জ্যোতিশাস্ত্র।

জ্যোতিষ্ক—বি. পুং (জ্যোতিস্+কণ, অস্ত্যর্থে) গ্রহ নক্ষত্রাদি।

জ্যোতিষ্মান্—বিণ, পুং (জ্যোতিস্ + মতু, অস্ত্যর্থ) জ্যোতির্ম্ময় দীপ্তি-বিশিষ্ট।

জ্যোৎস্না—বি, স্ত্রী (জ্যোতিস্+ন, ভাব, আপ) চন্দ্রিকা, কান্তি।

জ্বর বি, পুং (জ্বর্+অস্, কর্ত্তৃ) গাত্রতাপ। [কর্ত্তৃ) জ্বরনাশক।

জ্বরঘ্ন—বিণ, ত্রি (জ্বর—হন্+টক্,

জ্বলন—বি, ক্লী (জ্বল্ +অনট্, ভাব দীপন, অগ্নি।

জ্বালিত—বিণ, ত্রি (জ্বল্+ক্ত, কর্ত্তৃ। প্রকাশিত, দীপ্ত।

জ্বালা—বি, স্ত্রী (জ্বল্+অন্, কর্ত্তৃ +আপ্) অগ্নিশিখা।

জ্বালামুখী—বি, স্ত্রী এইস্থানে পার্ব্বতীর জিহ্বা পতিত হয়—এই তীর্থ ভারতের উত্তর পশ্চিম প্রদেশের অন্তর্গত কাঙ্গরা জেলার অন্তর্গত

ঝ

ঝ—বি, পুং (ঝট+ড, কর্ত্তৃ ঝঞ্ঝাবাত, ধ্বনি।

ঝঙ্কার—বি, পুং (ঝন্—কৃ+ঘঞ্, ভাব, ভ্রমরাদির গুঞ্জন।

ঝঞ্ঝা—বি, স্ত্রী (ঝম্—কট্+ড, কর্ত্তৃ +আপ) ঝড়, বৃষ্টি।

ঝটিতি—ব্য (ঝট্+কিতিচ্, কর্ত্তৃ) শীঘ্র।

ঝম্প—বি, পুং (ঝম্—পত+ট, অধি) লম্ফ,ঝাপ।

ঝর—বি, পুং (ঝৄ+অল, করণ) নির্ঝর। [মৎস্য।

ঝষ—বি, পুং (ঝষ্+অন্, কর্ত্তৃ)

ঝাঁক—(দে) দল সমূহ।

ঝাঁকা—(দে) বংশ নির্ম্মিত পাত্র বিশেষ।

ঝাঁঝা—(দে) সূর্য্য কিরণেব তীক্ষ্ণতা।

ঝাঁটা—(দে) পিছা।

ঝাপা—(দে) বেত্র নির্ম্মিত পেটারা।

ঝাড়—(দে) স্ফটিক নির্ম্মিত আলোকাধার গুচ্ছ।

ঝাল—(দে) কটু, তীক্ষ্ণ।

ঝালর—(দে) চন্দ্রাতপাদির প্রান্তস্থ শোভাসম্পাদক বস্ত্র।

ঝিউড়ী, ঝিয়ারী—(দে) কন্যা।

ঝিনুক—(দে) শুক্তি।

ঝিল—(দে) জলাশয় বিশেষ।

ঝী—(দে) কন্যা

ঝুম্—(দে) নীরব হওয়া।

ঝুম ঝুম্—(দে) অলঙ্কারাদির শব্দ।

ঝুলি—(দে) আধার পাত্র।

ট

ট—বি, পুং (টক+ড, কর্ত্তৃ) নাদ।

টক—বিণ, অম্ল, খাট্টা।

টঙ্ক—বি, পুং (টনক্+অল্, করণ) প্রস্তর ভেদন অস্ত্র।

টঙ্কণ—বি, পুং (টন্‌ক+অন্, কর্ত্তৃ) পার্ব্বতীর অশ্ব, সোহাগা।

টটাটিটী—(দে) অতিতুচ্ছ।

টপ্—(দে) জলের ফোটা পতনেব শব্দ।

টপ্পা—(যা) গীত বিশেষ।

টাঙ্গান—(দে) ঝুলান।

টানন——(দে) আকর্ষণ।

টীকা—বি, স্ত্রী (টীক+অ, ভাব্ আপ্) ব্যাখ্যা।

টানাটানি—(দে) অভাব।

টুক্‌রা—(দে) খণ্ড, অংশ।

টুক্‌রী—(দে) বাঁশের পাত্র বিশেষ, ঝুড়ী।

টুপী—(দে) মস্তকাবরণ।

টোল—(দে) চতুষ্পাঠী।

ঠ

ঠ—বি, পুং, মণ্ডপ।

ঠক, ঠগ—(দে) যে পরের গ্লানি করে।

ঠকান—(দে) প্রতারণা করা।

ঠন—(দে) অব্যক্ত শব্দ বিশেষ।

ঠমক—(দে) ছটা।

ঠাকুর ঝী—(দে) শ্বশুরের কন্যা।

ঠাক্‌রুণ—(দে) শাশুরী।

ঠাট—(দে) ভঙ্গী।

ঠাট্টা—(দে) উপহাস।

ঠাণ্ডা—(দে) শীতল, শান্ত।

ঠিক—(দে) যথার্থ. নিশ্চয়।

ঠিকানা—(দে) নির্দ্দিষ্টস্থান।

ঠুলি—(দে)গরু ঘোড়ার চক্ষুর আবরণ।

ঠেশ—(দে) ধাক্কালাগা।

ঠেশাঠেশি—(দে) গায় গায় লাগা।

ঠোকর—(দে) আঘাতলাগা।

ঠোঙ্গা—(দে) পত্রাদি নির্ম্মিত পাত্র বিশেষ।

ঠ্যাটা—(দে) শঠ, বঞ্চক।

ড

ড—বি, পুং (ডপ্‌+ড, কর্ত্তৃ) শব্দ, শিব, বাড়বাগ্নি।

ডগমগ—(দে) ডুবিয়া যাওয়া।

ডঙ্কা—বি, স্ত্রী (ডম্‌—কৈ+ড, কর্ত্তৃ+আপ্‌) দুন্দুভিধ্বনি, টিকারা।

ডর—(যা) ভয়, ত্রাস।

ডাইন—(দে) দক্ষিণ।

ডাইনী—বি, স্ত্রী, মায়াবিনী।

ডাকিনী—বি, স্ত্রী, পিশাচী বিশেষ।

ডাঙ্গা—(দে) উচ্চস্থান।

ডাল, ডালা—(দে) বৃক্ষশাখা।

ডালি (দে) উপহার, ভেট।

ডাব—(দে) অপক্ক নারিকেল।

ডিক্রী—(ইং) বাদীর প্রার্থনা অগ্রাহ্য করিয়া আদালতের হুকুম।

ডিঙ্গা—(দে) লম্ফ দিয়া পার হওয়া।

ডিঙ্গা—(দে) ছোট নৌকা।

ডিপথরিয়া—(ইং) গলনালীর রোগ।

ডিসমিস্—(ইং) প্রতিবাদীর প্রার্থনা নামঞ্জুর করিয়া আদালতের হুকুম।

ডিম্ব—বি, পুং (ডিনব্+অন,+কর্ত্তৃ) শিশু, অণ্ড।

ডিহি—(যা) কতিপয় গ্রামের সমষ্টি।

ডুবন—(দে) জলে নিমজ্জন।

ডোঙ্গা—(দে) ক্ষুদ্র নৌকা।

ডোরা—(দে) নানাবর্ণে চিহ্নিত রেখা।

ডোল—(দে) ধান্যাদি রক্ষণ পাত্র।

ডোবা—(দে) জলে মগ্ন হওয়া।

ঢ

ঢ—বি, পুং ঢক, কুক্কুর।

ঢক্কা—বি, স্ত্রী, ঢাক।

ঢপ—(দে) গান বিশেষ। [জল।

ঢল—(দে) পর্ব্বতাদি হইতে নির্গত

ঢাকন—(দে) আচ্ছাদন।

ঢিপী—(দে) উচ্চভূমি।

ঢুকন—(দে) মধ্যে প্রবেশ করণ।

ঢেঁকি—(দে) চাউল তৈয়ার করিবার যন্ত্র।

ঢের—(দে) বহু, অনেক।

ঢোলন—(দে) ঝিমান।

ত

ত—বি,পুং (তক্+ড, কর্ত্তৃ) ক্রোড়, পুচ্ছ।

তক্র—বি, ক্লী—(তক্+রক্, কর্ত্তৃ) পাদাম্বু, ঘোল।

তক্ষক—বি, পুং (তক্ষ+ণক,কর্ত্তৃ) সর্প বিশেষ।

তঙ্কা—বি, স্ত্রী, টাকা, রৌপ্য মুদ্রা।

তজবীজ—(যা) বিচার।

তঞ্চকতা—বি, স্ত্রী (তঞ্চক+তা, ভাবার্থে) শঠতা, ছল।

তট—বি, পুং, ক্লী (তট+অন, কর্ত্তৃ কূল, তীর।

তটস্থ—বিণ, ত্রি(তট+স্থা+ড, কর্ত্তৃ) তীরস্থ, উদাসীন।

তটিনী—বি, স্ত্রী (তট+ইন্,অস্ত্যর্থে) নদী।

তড়াগ—বি, পুং, ক্লী (তড়+আগ, কর্ত্তৃ, নিপা) বৃহৎ পুষ্করিণী।

তড়িৎ—বি, স্ত্রী (তড়+ইৎ, কর্ত্তৃ) বিদ্যুৎ।

তড়িত্বান—বি, পুং (তড়িৎ+বতু, অস্ত্যর্থে) মেঘ, বিণ, ত্রি, বিদ্যুৎ-যুক্ত।

তণ্ডুল—বি, পুং (তনড+উল, কর্ত্তৃ) চাউল।

ততঃ—ব্য, (তদ্+তস্) তদনন্তর।

তৎকালীন—বিণ, ত্রি (তৎকাল+ঈন ভবার্থে) সেই সময় জাত।

তৎকালোচিত—বিণ, ত্রি, সেই-সময়ের উপযুক্ত।

তৎক্ষণাৎ—ত্রি বিণ্ তখনই, সেই-সময়।

তত্ত্ব—বি, ক্লী (তদ্+ত্ব, ভাবার্থে) ব্রহ্ম, যাথার্থ্য।

তত্ত্বজিজ্ঞাসু—বিণ, ত্রি (তত্ত্ব—জ্ঞা+সন্+উ, কর্ত্তৃ) যে ব্রহ্ম বিষয় জানিতে ইচ্ছুক।

তত্ত্বজ্ঞ—বিণ, ত্রি (তত্ত্ব—জ্ঞা+ড, কর্ত্তৃ) যাঁহার ঈশ্বর সম্বন্ধে জ্ঞান জন্মিয়াছে।

তত্ত্বজ্ঞান—বি, ক্লী, ঈশ্বর বিষয়ক জ্ঞান।

তত্ত্বদর্শী—বিণ, ত্রি (তত্ত্ব—দৃশ্+ণিন্, কর্ত্তৃ) জ্ঞানী, পরমাত্ম বিষয় অভিজ্ঞ।

তত্ত্বপরায়ণ—বিণ, ত্রি, ঈশ্বর চিন্তায় লিপ্ত।

তত্ত্বাবধান—বি, ক্লী (তত্ত্ব—অব—ধা+অনট্, ভাব্) কোন বিষয় রীতিমত নির্ব্বাহ হইতেছে কিনা তাহা দেখা।

তত্ত্বাবধারন—বি, ক্লী (তত্ত্ব—অব ধৃ+ণিচ্+অনট্ ভাব্) তত্ত্ব নির্ণয়, প্রকৃত বিষয় জানা।

তৎপর—বিণ, ত্রি, যত্নবান, আসক্ত।

তৎপরতা—বি, স্ত্রী (তৎপর+তা ভাবার্থে) সচেষ্টতা, যত্ন, শতর্কতা।

তৎপরায়ণ—বিণ, ত্রি, তদাসক্ত।

তত্রত্য—বিণ, ত্রি (তত্র+ত্য, ভবার্থে) সেই স্থানস্থ।

তৎসংক্রান্ত—বিণ, ত্রি (তৎ—সং—ক্রম্+ক্ত, কর্ত্তৃ) তৎ সম্বন্ধীয়।

তথা—ব্য—(তদ্+থাচ) প্রকারার্থে) সেই প্রকার।

তথাস্তু—ব্য, তাহাই হউক।

তথ্য—বি, ক্লী (তথা+ষ্ণ্য, ভাবার্থে) যাথার্থ্য।

তথ্যানুসন্ধান—বি, ক্লী (তথ্য—অনু—সং—ধা+অনট্, ভাব) প্রকৃত বিষয়ের অনুসন্ধান, প্রকৃতপক্ষে ব্যাপার কি তাহা জানা।

তদতিরিক্ত—বিণ, ত্রি, তাহা হইতে বেশী।

তদন্ত—বি, তত্ত্বাবধান, তদারক।

তদানীন্তন—বিণ, ত্রি (তদানীন্+তন, ভবার্থে) তৎকালীন।

তদ্গত—বিণ, ত্রি, তদাসক্ত, ত ন্নিষ্ঠ।

তনয়—বি, পুং (তন+কয়ন, ক[illegible]) পুত্র।

তনু—বি, স্ত্রী (তন্+উ, করণ) শরীর, মূর্ত্তি। বিণ, ত্রি, কৃশ, কোমল, সূক্ষ্ম।

তনুজ—বি, পুং (তনু—জন্+ড, কর্ত্তৃ) পুত্র।

তন্তু—বি, পুং (তন্+তু, কর্ত্তৃ) সূত্র।

তন্তুবায়—বি, পুং (তন্তু—বে+ষণ কর্ত্তৃ) তাঁতি, মাকড়সা।

তন্ত্র বিণ, ক্লী (তন্+ষ্ট্রন্, কর্ত্তৃ) শাস্ত্র বিশেষ। শিব ও শক্তির উপাসনা বিষয়ক শাস্ত্র।

তন্দ্রা—বি, স্ত্রী (তন্দ্র+অ, ভাব) অনিদ্রা, আলস্য।

তন্নতন্ন—ক্রি, বিণ পুঙ্খানুপুঙ্খ।

তন্বী—বিণ, স্ত্রী (তনু+ঈপ্) কৃশাঙ্গী।

তপ—বি, পুং (তপ্+অন্, কর্ত্তৃ) গ্রীষ্মঋতু।

তপন—বি, পুং (তপ্+অন্, কর্ত্তৃ) সূর্য্য।

তপসীল—(যা) বিবরণ।

তপস্যা—বি, স্ত্রী (তপস্+ক্য+অ ভাব্, আপ্) তপশ্চরণ।

তপাত্যয়—বি, পুং, বর্ষাকাল।

তপস্বী—বিণ, ত্রি (তপস্+বিন্, অস্ত্যর্থে) তাপস, ধার্ম্মিক।

তপোধন—বি, পুং, তপস্বী।

তপোবন—বি, ক্লী, তপস্যার বন।

তপ্তকাঞ্চন—বি, ক্লী, অগ্নিসংযোগে বিশুদ্ধ স্বর্ণ।

তফাৎ—(যা) পৃথক, দূর।

তমঃ—বি, ক্লী (তম্+অসচ্, করণ) অন্ধকার।

তমিস্র—বি, ক্লী (তমস্+র অস্ত্যর্থে) অন্ধকার, ক্রোধ, অজ্ঞান।

তমোময়—বিণ, ত্রি (তম্স+ময়ট, বিকারার্থে) অন্ধকারাচ্ছন্ন।

তমোপহ—বি, পুং (তম্স্—অপ-হন্+ড, কর্ত্তৃ) সূর্য্য, চন্দ্র, অগ্নি, প্রদীপ, জ্ঞান।

তর—বি, পুং (তৃ+অল, ভাব) পারগমন।

তরণ্ড—বি, টোম, মৎস্যধরিবার সূত্রমধ্যে বদ্ধ ফাতা।

তরঙ্গ—বি, পুং (তৃ+অঙ্গচ্, কর্ত্তৃ) ঊর্ম্মি, ঢেউ।

তরঙ্গিণী—বি, স্ত্রী (তরঙ্গ+ইন, অস্ত্যর্থে+ঈপ) নদী।

তরঙ্গিত—বিণ, ত্রি (তরঙ্গ+ইত, বিদ্যমানার্থে) তরঙ্গযুক্ত।

তরণি—বি, পুং (তৃ+অনি, করণ) ভেলা, নৌকা।

তরপণ্য—বি, ক্লী, খেয়ার কড়ি।

তরফ—(যা) এক এক তহসীল-দারের অধীন স্থান।

তরল—বিণ, ত্রি (তৃ+অল্, কর্ত্তৃ) চঞ্চল, পাতলা।

তরবারি—বি, পুং, খড়্গ, তরবার।

তরসা—ব্য (তৃ+অসাচ্, করণ) শীঘ্র।

তরু—বি, পুং, (তৃ+উ, কর্ত্তৃ) বৃক্ষ।

তরুণ—বি, পুং (তৃ+উনন্, কর্ত্তৃ) যুবা।

তর্ক—বি, পুং (তর্ক+অল্ ভাব) বাদানুবাদ, বিচার।

তর্জন—বি, ক্লী (তর্জ+অনট্, ভাব) ভৎর্সনা, আস্ফালন, ভয় প্রদর্শন।

তর্পণ—বি, ক্লী (তৃপ্+অনট, ভাব) পিতৃলোকের উদ্দেশে জল দান। বিণ, ত্রি, তৃপ্তিকর।

তলব বাকী—(যা) বাকী যায়।

তলবানা—(যা) প্যাদার পারিশ্রমিক।

তহশীল—(যা) আদায় উশুল।

তা—বি, স্ত্রী, অণ্ডের উপর বসিয়া তাপ দেওয়া, এক খানি কাগজ।

তাচ্ছল্য—(দে) অবহেলা।

তাড়ন—বি, ক্লী (তড়্+ণিচ+অনট, ভাব) প্রহার।

তাড়িত—বিণ, ত্রি (তড়্+ণিচ+ক্ত, কর্ম্ম) বিদ্ধ।

তাড়িত পদার্থ—বি, পুং, পদার্থে পদার্থে ঘর্ষণে যে অতি উজ্জ্বল জ্যোতির্ম্ময় পদার্থ নির্গত হয়।

তাড়িত বার্ত্তাবহ—বি, পুং, যে যন্ত্র বিদ্যুতের সাহায্যে অতি শীঘ্র সংবাদ বহন করে।

তাড়িত পরিচালক—বি, পুং, যে সকল বস্তু দ্বারা তাড়িত পদার্থ এক স্থান হইতে অন্য স্থানে সত্বর পরিচালিত হয়।

তাত—বি, পুং (তন্+ক্ত, কর্তৃ) পিতা পূজ্য, স্নেহ পাত্র, পুত্র।

তাৎকালিক—বিণ, ত্রি (তৎকাল+ষ্ণিক, ভবার্থে) তৎকাল জাত, সেই সময় সম্বন্ধীয়।

তাৎপর্য্য—বি, ক্লী (তৎপর+ষ্ণ্য, ভাবার্থে) মর্ম্ম, অভিপ্রায়।

তান—বি, পুং (তন+ঘঞ, কর্ম্ম) গানের অঙ্গ স্বর বিশেষ।

তান্তব—বিণ, ত্রি (তন্তু+ষ্ণ, বিকারার্থে)সূত্র নির্ম্মিত।

তান্ত্রিক—বিণ, ত্রি (তন্ত্র+ষ্ণিক, সম্বন্ধীয়ার্থে) তন্ত্র শাস্ত্রাবলম্বী।

তাপ বি, পুং (তপ্+ঘঞ, ভাব) জ্বর, উষ্ণতা।

তাপস—বিণ, ত্রি (তাপস্+ষ্ণ) তপস্বী।

তাপিত—বিণ, ত্রি (তপ্+ণিচ্+ক্ত, কর্ম্ম) ক্লেশিত, সন্তাপিত।

তামরস বি, ক্লী (তামর—সস্+ড, কর্ত্তৃ) পদ্ম, তাম্র, স্বর্ণ।

তামসিক—বিণ, ত্রি (তমস্+ষ্ণিক) তমোগুণ প্রধান।

তামিল—(যা) পালন।

তাম্বু—(দে) তাবু, শিবির।

তার—বি, পুং (তৄ+ঘঞ, ভাব) উচ্চস্বর, আস্বাদ। [নক্ষত্র।

তারকা—বি, স্ত্রী, চক্ষুর তারা,

তারকিত - বিণ, ত্রি (তারকা+ইত, অস্ত্যর্থে) তারকা বিশিষ্ট।

তারণ—বিণ, ত্রি (তৄ+ণিচ+অন্, কর্ত্তৃ) ত্রাণকর্ত্তা।

তারিণী—বিণ, স্ত্রী (তৄ+ণিচ+ণিন্, কর্ত্তৃ, ঈপ্) দুর্গা, উদ্ধারকারিণী।

তার্কিক—বিণ, ত্রি (তর্ক+ষ্ণিক, জ্ঞাতার্থে বা অধ্যয়নার্থে) তর্কশাস্ত্রজ্ঞ, তর্কশাস্ত্রাধ্যায়ী।

তাল—বি,পুং (তল্+ঘঞ্, ভাব) গীতবাদ্য বিষয় কাল ক্রিয়ার পরিমাণ।

তালবৃন্ত—বি, ক্লী, পাখা, ব্যজন।

তালুক—(যা) ভূসম্পত্তি, জমিদারী।

তালেবর - (যা) ধনী।

তিক্ত—বি, পুং (তিজ্+ক্ত, কর্ত্তৃ) তিক্তরস্ বিণ, ত্রি, তিক্তরসযুক্ত।

তিতিক্ষা—বি, স্ত্রী (তিজ্+সন্+অ, ভাব, আপ্) ক্ষমা, সহিষ্ণুতা।

তিতিক্ষু—বিণ, ত্রি (তিজ্+সন্+উ, কর্ত্তৃ) সহিষ্ণু।

তিতীর্ষু—বিণ, ত্রি (তৄ+সন্+উ, কর্ত্তৃ) তরণেচ্ছু।

তিনকাল—বি, পুং, বাল্য, যৌবন, প্রৌঢ়। সত্য, ত্রেতা, দ্বাপর। ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান।

তিমির—বি, ক্লী (তম্+কির, করণ, নিপা) অন্ধকার।

তিরশ্চীন—বিণ, ত্রি (তির্য্যচ্+ঈন, ভবার্থে) বক্র, কুটিল।

তিরস্কার—বি, পুং (তিরস্—কৃ+ঘঞ, ভাব) ভৎর্সনা।

তিরস্ক্রিয়া—বি, স্ত্রী, অবজ্ঞা, নিন্দা।

তিরস্কৃত—বিণ, ত্রি (তিরস্—কৃ+ক্ত, কর্ম্ম) নিন্দিত, ভৎর্সিত।

তিরোধান—বি, ক্লী, (তিরস্—ধা+অনট্ ভাব) অন্তর্ধান।

তিরোহিত—বিণ, ত্রি (তিরস্—ধা+ক্ত, কর্ত্তৃ) অন্তর্হিত, আচ্ছাদিত।

তির্য্যক—ব্য (তিরস্—অঞ্চ্+ক্বিপ্, কর্ত্তৃ) বক্র।

তিল—বি, পুং (তিল্+ক, কর্ত্তৃ) শস্য বিশেষ, তদাকার দেহস্থ চিহ্ন।

তীক্ষ্ণ—বিণ, ত্রি (তিজ্+ক্স্ন, কর্ত্তৃ) শাণিত, ধারাল। [উত্তীর্ণ।

তীর্ণ-বিণ, ত্রি (তৄ+ক্ত, কর্ম্ম)

তীর্থ—বি, পুং, ক্লী (তৄ+থক, কর্ম্ম) পুণ্যক্ষেত্র, গুরু, উপাধ্যায়।

তীব্র—বিণ, ক্লী (তীব্+রক্, ভাবে) তীক্ষ্ণতা, আধিক্য।

তুঙ্গ—বিণ, ত্রি (তুন্‌জ্+ঘঞ, ভাব) উন্নত, বৃহৎ, শ্রেষ্ঠ।

তুচ্ছ-বিণ, ত্রি (তুদ+ছ, কর্ম্ম) শূন্য, অসার, হীন। [মুখ।

তুণ্ড—বি, ক্লী। তুন্‌ড্+অন, কর্ত্তৃ)

তুফান—(যা) প্রবলবায়ু।

তুমুল—বিণ, ত্রি (তু+মুলক, অধি) ভয়ানক, উৎকট।

তুম্ব—বি, পুং (তুন্‌ব+অন্, কর্ত্তৃ) অলাবু, লাউ।

তুরগ—বি, পুং (ত্বরা-গম্+ড, কর্ত্তৃ) অশ্ব।

তুরি (রী)—বি, স্ত্রী (তুর্+ই, কর্ত্তৃ) তন্তুবায়ের মাকু।

তুলনা—বি, স্ত্রী, (তুল্+অন, ভাব আপ্) সাদৃশ্য।

তুলিত—বিণ, ত্রি, (তুল্+ক্ত কর্ম্ম) চালিত, উৎক্ষিপ্ত।

তুষ—বি, পুং (তুষ্+ক, কর্ত্তৃ) ধানের উপরি ভাগের খোষা।

তুষার—বি, পুং (তুষ্+আরক্, কর্ত্তৃ) হিম, জলকণা।

তুষ্ট—বিণ, স্ত্রী (তুষ্+ক্ত, কর্ত্তৃ) তৃপ্ত, আহ্লাদিত।

তুহিন—বি, ক্লী (তুহ্‌+ইন্‌, কর্ত্তৃ) হিম্।

তুহিনাংশু—বি, পুং, চন্দ্র।

তুণ—বি, পুং (তূন্‌+ক, কর্ম্ম) যাহার মধ্যে বাণ রাখা যায়।

তূণীর—বি, পুং (তূন+ইরণ, কর্ম্ম) যাহার মধ্যে বাণ রাখা যায়, শরধি।

তূর্ণ—বিণ, ত্রি (তূর্ণ্‌+ক, কর্ত্তৃ) সত্বর।

তৃণ—বি, ক্লী (তৃহ্‌+ক্ন, কর্ত্তৃ) ঘাস, খড় প্রভৃতি।

তৃপ্ত—বিণ, ত্রি (তৃপ্‌+ক্ত, কর্ত্তৃ)

তৃপ্তি—বি, স্ত্রী (তৃপ্‌+ক্তি, ভাব)

তৃষ্ণা—বি, স্ত্রী (তৃষ্‌+নক, ভাব্‌ আপ্‌) পিপাসা, ইচ্ছা।

তৃষিত—বিণ, ত্রি (তৃষ্‌+ক্ত, কর্ত্তৃ) পিপাসু।

তেউর—(দে) কলা গাছের চারা।

তেজঃ—বি, ক্লী তিজ্‌+অস্‌, ভাব) দীপ্তি, তীক্ষ্ণতা, পৌরুষ, শক্তি।

তেজস্কর—বিণ, ত্রি (তেজস্‌—কৃ +ট, কর্ত্তৃ) পুষ্টিকর, বলকারক।

তেজস্বী—বিণ, ত্রি (তেজস্‌+বিন্‌ অস্ত্যর্থে) প্রভাবশালী, বলবান।

তেজীয়ান—বিণ, ত্রি (তেজস্‌+ ঈয়সু, উৎকর্ষার্থে,) অতি তেজস্বী।

তেজোময়—বিণ, ত্রি (তেজস্‌+ ময়ট, বিকারার্থে) জ্যোতির্ম্ময়, তেজঃপূর্ণ।

তেরিজ—(যা) যোগ করা।

তৈজস—বিণ, ত্রি (তেজস্‌+ষ্ণ, বিকারার্থে) তেজোধিকার বি, ক্লী, ধাতু নির্ম্মিত দ্রব্য।

তৈলঙ্গ—বি, পুং কর্ণাটের পূর্ব্ব-দিকস্থ দেশ বিশেষ।

তৈলিক—বি, পুং (তৈল+ষ্ণিক) তৈলকার, কলু।

তোপ—(যা) কামান, আগ্নেয়াস্ত্র।

তোয়দ—বি, পুং (তোয়—দা+ড, কর্ত্তৃ) মেঘ। বিণ, ত্রি জলদাতা।

তোরণ—বি, পুং, ক্লী (তুর্ + অন, অধি) বহির্দ্বার, গেট।

তোষাখানা—(যা) বস্ত্র ও অন্যান্য গৃহ সামগ্রী রাখিবার ঘর।

তোষিত—বিণ, ত্রি (তুষ্ + ণিচ + ক্ত, কর্ম্ম) সন্তোষিত।

তৌজি—(যা) প্রজার নাম বাসস্থান খাজানা ইত্যাদির হিসাব।

ত্যক্ত—বিণ, ত্রি (ত্যজ্ + ক্ত, কর্ম্ম) যাহা ত্যাগ করা গিয়াছে।

ত্যাগ—বি, পুং (ত্যজ্ + ঘঞ্, ভাব) বর্জ্জন।

ত্যাগী—বিণ, ত্রি (ত্যজ্ + ঘিনুন্, কর্ত্তৃ) দাতা, দানশীল।

ত্যাজ্য—বিণ, ত্রি (ত্যজ্ + ঘ্যণ, কর্ম্ম) বর্জ্জনীয়।

ত্রপা—বি, স্ত্রী (ত্রপ্ + ঙ, ভাব) লজ্জা।

ত্রস্ত—বিণ, ত্রি (ত্রস্ + ক্ত, কর্ত্তৃ) ভীত, চকিত।

ত্রাণ—বি, ক্লী (ত্রৈ + অনট্, ভাব) রক্ষা, উদ্ধার।

ত্রাতা—বিণ, ত্রি (ত্রৈ + তৃণ, কর্ত্তৃ) রক্ষাকর্ত্তা। [শঙ্কা।

ত্রাস—বি, পুং (ত্রস্ + ঘঞ্, ভাব)

ত্রাসিত—বিণ, ত্রি (ত্রস্ + ণিচ + ক্ত কর্ম্ম) যাহাকে ভয় দেখান হইয়াছে।

ত্রাহি—ক্রি বিণ, বাঁচাও, রক্ষাকর।

ত্রিকটু—বি, ক্লী, শুণ্ঠী, পিপুল, মরিচ।

ত্রিকাল—বি, পুং, ভূত, ভবিষ্যৎ বর্ত্তমান।

ত্রিদশ—বি, পুং, দেবতা।

ত্রিদশালয়—বি, পুং, স্বর্গ।

ত্রিদিব—বি, পুং, ক্লী, স্বর্গ, আকাশ।

ত্রিদোষ—বি, পুং, বাত, পিত্ত, কফের দোষ।

ত্রিধা—ব্য (ত্রি + ধাচ্, প্রকারার্থে) তিন প্রকার।

ত্রিনেত্র—বি, পুং, শিব।

ত্রিপুর—বি, পুং, অসুর বিশেষ। ক্লী, ময়দানব নির্ম্মিত পুরত্রয়।

ত্রিপুরারি—বি, পুং, শিব।

ত্রিফলা—বি. স্ত্রী, হরীতকী, আমলকী ও বয়েড়া।

ত্রিবলি (লী)—বি, স্ত্রী, উদর ও কণ্ঠে মাংস সঙ্কোচন জনিত রেখাত্রয়।

ত্রিভুবন—বি, ক্লী, স্বর্গ, মর্ত্ত্য ও পাতাল। [মধু।

ত্রিমধু—বি, ক্লী, ঘৃত, চিনি ও

ত্রিমার্গগা—বি, স্ত্রী (ত্রিমার্গ—গম্+ড, কর্ত্তৃ, আপ্) গঙ্গা, ত্রিপথগা।

ত্রিযামা—বি, স্ত্রী, রাত্রি, রজনী।

ত্রিলোকী—বি, স্ত্রী, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল। [সূর্য্য।

ত্রিলোকেশ—বি, পুং, শিব, বিষ্ণু

ত্রিবর্গ—বি, পুং, ধর্ম্ম অর্থ, কাম এই তিন। আয়, ব্যয়, বৃদ্ধি এই তিন, ত্রিকাল, ত্রিকটু।

ত্রিবিক্রম—বি, পুং, বামন রূপী বিষ্ণু।

ত্রিবিধ—বিণ, ত্রি, তিন প্রকার।

ত্রিবেণী—বি, স্ত্রী, যমুনা, সরস্বতী সঙ্গতা গঙ্গা।

ত্রিবেদী—বি,পুং, তেওয়ারী, যাহারা তিন বেদ জানে।

ত্রিশঙ্কু—বি, পুং, ইনি সূর্য্য বংশে জন্ম গ্রহণ করিয়া যথাসময় অযোধ্যার সিংহাসনে অধিরোহণ করিয়া ছিলেন। ইনি স্বশরীরে স্বর্গে যাইবার বাসনায় বিশ্বামিত্র মুনিদ্বারা যজ্ঞ করান, তাহার ফলে নক্ষত্র সমূহ পরিবৃত অন্তরীক্ষে অবস্থিতি করেন। হরিশ্চন্দ্র নামে ইঁহার একটী খ্যাতনামা পুত্র ছিল।

ত্রুটি(টী)—বি,স্ত্রী (ত্রুট্+কি, কর্ম্ম) ন্যূনতা, হানি।

ত্রেতা—বি, স্ত্রী (ত্র+ইত, আপ্) দ্বিতীয় যুগ।

ত্রৈরাশিক—বি, ক্লী (ত্রি-রাশি+কণ্) তিনরাশি সম্বন্ধীয় অঙ্ক সংস্থান।

ত্রৈলোক্য—বি, ক্লী (ত্রিলোকী+ষ্ণ্য স্বার্থে) স্বর্গ, মর্ত্ত্য, পাতাল।

ত্রৈবার্ষিক—বিণ, ত্রি, (ত্রিবর্ষ+ ষ্ণিক) তিন বর্ষব্যাপী।

ত্র্যম্বক—বি, পুং (ত্রি--অম্বক) শিব।

ত্র্যহস্পর্শ—বি, পুং, তিন তিথি যুক্ত দিন।

ত্বক্—বি, স্ত্রী (ত্বচ+ক্বিপ, কর্ত্তৃ) যাহা দ্বারা স্পর্শ করাযায়।

ত্বিট্—বি, স্ত্রী (ত্বিষ্+ক্বিপ্, কর্ত্তৃ) তেজঃ, কান্তি।

থ

থক্ থক্—(দে) গাঢ়।

থর থর—(দে) কম্পিত।

থলিয়া, থলি—(দে) বেগ।

থল্ থল—(দে) মোটা, স্থূল।

থাকন—(দে) বাস করা।

থাক্—(দে) শ্রেণী, পংক্তি।

থানা—বি, আড্ডা।

থাম—(দে) ক্ষান্ত হও।

থাবড়া, থাবা—(দে) চাপড়, কুকুর বিড়ালাদির পায়ের পাতা।

থুইল—ক্রি, রাখিল।

থুত্নি—(দে) ওষ্ঠের নিম্নভাগ।

থুত্কার—(দে) থুথু ফেলান।

থোক—(দে) মোট।

থোকে থাকে—(দে) একত্রে।

থোড়—(দে) কলাগাছের মধ্য-ভাগ।

দ

দ—বি, পুং (দা+ড, কর্ত্তৃ) পর্ব্বত।

দই—(দে) দধি।

দংশক—বি, পুং (দন্শ+ণক, কর্ত্তৃ) ডাঁশ।

দংশন—বি, ক্লী, (দন্শ+অনট্, ভাব) দন্তাঘাত।

দংষ্ট্রা-বি, স্ত্রী, (দন্শ+ষ্ট্রন, কর্ত্তৃ, আপ) বড় দাঁত।

দক্ষ—বি, পুং, (দক্ষ+অন্, কর্ত্তৃ) ব্রহ্মার পুত্র, প্রজাপতি বিশেষ। বিণ, ত্রি, সমর্থ, পটু।

দক্ষতা—বি, স্ত্রী (দক্ষ+তা ভা-বার্থে) পটুতা।

দক্ষিণ—বিণ, ত্রি, (দক্ষ+ইন, কর্ত্তৃ) অনুকূল, বামেতর, যাম্য-দিক।

দক্ষিণা—বি, স্ত্রী, পুরোহিতের প্রাপ্য

দক্ষিণাচল—বি, পুং, মলয় পর্ব্বত।

দক্ষিণাবর্ত্ত—বিণ, ত্রি, ডাইন দিকে আবর্ত্ত বিশিষ্ট।

দগ্ধ—বিণ, ত্রি, (দহ্+ক্ত, কর্ম্ম) ভস্মীকৃত। (কর্ত্তৃ) সন্তপ্ত।

দণ্ড—বি, পুং, ক্লী (দম্+ক্ত, কর্ত্তৃ) লগুড়; পুং (ভাব) দমন।

দণ্ডক—বি, পুং (দণ্ড—কৈ+ড, কর্ত্ত) রাজা বিশেষ। ক্লী, বন বিশেষ।

দণ্ডকারণ্য—বি, ক্লী, শুক্রাচার্য্যের শাপে দণ্ডক নামক রাজার রাজ্য অরণ্যে পরিণত হইয়া "দণ্ডকারণ্য" নামে বিখ্যাত হইয়াছে।

দণ্ডধর—বি, পুং (দণ্ড—ধৃ+অন্, কর্ত্তৃ) যম, রাজা। [বিশেষ।

দণ্ডনীতি—বি, স্ত্রী, রাজনীতি শাস্ত্র

দণ্ডনীয়—বিণ, ত্রি (দণ্ড+অনীয়, কর্ম্ম) দণ্ডদানের যোগ্য।

দণ্ডবিধি—বি, পুং দণ্ড বিষয়ক আইন।

দণ্ডায়মান—বিণ, ত্রি (দণ্ড—ক্যঙ +শান, কর্ত্তৃ) যে দাঁড়াইয়া আছে।

দণ্ডিত—বিণ, ত্রি (দণ্ড+ক্ত, কর্ম্ম) দণ্ড প্রাপ্ত, শাসিত।

দণ্ডী—বি, পুং (দণ্ড+ইন্, অস্ত্যর্থে) সন্ন্যাসী, নৃপ বিশেষ, যম।

দত্ত—বিণ, ত্রি (দা+ক্ত, কর্ম্ম) ত্যক্ত, বিসৃষ্ট, যাহা দেওয়া হইয়াছে।

দত্তক—বি, পুং (দত্ত+কণ) পোষ্য পুত্র।

দত্তাপহারী—বিণ, ত্রি (দত্ত—অপ—হৃ+ণিন, কর্ত্তৃ) যে দান করিয়া পুনঃ অপহরণ করে।

দধি—বি, ক্লী, (ধা+কি, কর্ত্তৃ) দুগ্ধ বিকার।

দধীচি—বি, পুং, এই মুনি বৃত্রাসুর বধের জন্য, ইন্দ্রের প্রার্থনানুযায়ী স্বকীয় অস্থিদান করিয়া ছিলেন

দনুজ—বি, পুং (দনু—জন্+ড, কর্ত্তৃ) দানব।

দন্তী—বি, পুং (দন্ত+ইন্, অস্ত্যর্থে) হস্তী।

দন্ত্য—বিণ, ত্রি, (দন্ত+ষ্ণ্য ভবার্থে) দন্ত দ্বারা উচ্চারিত বর্ণ।

দপ্তর—(যা) হিসাবের পুস্তক।

দপ্তরখানা—(যা) হিসাব বহি রাখিবার স্থান।

দপ্তরী—(যা) যে বই বাঁধে।

দমকল—(দে) জলউত্তোলনার্থ যন্ত্রবিশেষ।

দমঘোষ—বি, পুং, শিশুপালের পিতা।

দম্পতি—বি, পুং, স্ত্রী, পুরুষ।

দম্ভ—, পুং, (দন্ভ+ঘঞ্, ভাব) শঠতা, ছল।

দম্ভোলি—বি, পুং (দন্ভ+ওলি, কর্ত্তৃ) বজ্র।

দয়া—বি, স্ত্রী—(দয়+ঙ,ভাব,আপ) কৃপা, পরদুঃখ নিবারণেচ্ছা।

দয়ালু—বিণ, ত্রি, (দয়া+আলু, অস্ত্যর্থে) দয়াবান্।

দয়িত—বিণ ত্রি, (দয়্+ক্ত, কর্ম্ম) প্রিয়, কমনীয়।

দরিদ্র—বিণ, ত্রি (দরিদ্রা+অন্, কর্ত্তৃ) নির্ধন, দীন।

দর্দ্দুর—বি, পুং (দৃ+উর, কর্ত্তৃ) ভেক। [গর্ব্ব।

দর্প—বি, পুং (দৃপ্+অল, ভাব)

দর্পণ—বি, পুং, (দৃপ্+অন্, কর্ত্তৃ) আদর্শ, আর্শি।

দর্শক—বিণ, ত্রি (দৃশ+ণক, কর্ত্তৃ) দৃষ্টিকর্ত্তা।

দর্শক—বি, ক্লী, (দৃশ্+ণক্, কর্ত্তৃ) অবলোকন।

দর্শনীয়—বিণ, ত্রি (দৃশ্+অনীয় কর্ম্ম) সুন্দর।

দল—বি, ক্লী, (দল+অল্, কর্ম্ম) পত্র খণ্ড।

দলন—বি, ক্লী (দল+অনট্ ভাব) মর্দ্দন, ভেদন।

দলাদলি—(দে) দুইপক্ষের পরস্পর সমাজ সম্বন্ধীয় কলহ।

দলিল—(যা) কোন বিষয়ের লিখিত প্রমাণ।

দব—বি, পুং (দু+অন্, কর্ত্তৃ) বন, বনাগ্নি।

দশকণ্ঠ—বি, পুং, রাবণ।

দশন—বি, ক্লী (দন্‌শ+অনট, ভাব) দন্ত।

দশমহাবিদ্যা—বি, স্ত্রী, কালী, তারা ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধুমাবতী, বগলা, মাতঙ্গী, কমলা এই দশ দেবী।

দশা—বি, স্ত্রী, (দন্‌শ+ঙ, ভাব) অবস্থা, বাল্যাদি। প্রদীপের শলিতা।

দষ্ট—বিণ, ত্রি (দনশ্+ক্ত, কর্ম্ম) যাহাকে দংশন করা গিয়াছে।

দস্তখত—(যা) স্বাক্ষর।

দস্তুরি—(যা) অন্যের জিনিষ ক্রয় করার সময় বিক্রেতার নিকট যাহা পাওয়া যায়।

দস্যু—বি, পুং (দস্+যু, কর্ত্তৃ) শত্রু, ডাকাইত।

দস্যুবৃত্তি—বি, স্ত্রী, ডাকাইতি।

দহন—বি, ক্লী (দহ্+অনট্, ভাব) অগ্নি।

দহ্যমান—বিণ, ত্রি (দহ্+শান, কর্ত্তৃ) যাহা দগ্ধ হইতেছে।

দাই—(যা) যে সন্তান প্রসব করায়।

দাক্ষায়ণী—বি, স্ত্রী (দক্ষ+ষ্ণায়ন্, অপত্যার্থে, ঈপ্) দক্ষকন্যা, সতী।

দাক্ষিণাত্য—বিণ, ত্রি (দক্ষিণ+ত্যণ, ভাবার্থে) দক্ষিণ দিকস্থ।

দাক্ষিণ্য—বি, ক্লী (দক্ষিণ+ষ্ণ্য, ভবার্থে) আনুকূল্য, পরচ্ছন্দানুবর্ত্তিত্ব, সরলতা।

দাখিল—(যা) অর্পণ করা, দেওয়া।

দাখিলা—(যা) খাজনা আদায়ের রসিদ।

[পাইয়াছে।

দাগী—(যা) যে দোষ করিয়া দণ্ড

দাড়িম—বি, পুং (দল্+ইমন্, কর্ত্তৃ)

দাড়িম্ব—বি, পুং (দা+ডিম্ব, কর্ত্তৃ) দাড়িম গাছ, (ক্লী) তৎফল।

দাতব্য—বিণ, ত্রি (দা+তব্য) কর্ম্ম) দেয়।

দাতৃ—বিণ, ত্রি (দা+তৃন, কর্ত্তৃ) দানকর্ত্তা।

দাদন—(যা) অগ্রিম বেতন।

দান—বি, ক্লী (দা+অনট্, ভাব) বিতরণ।

দানব—বি, পুং (দনু+ষ্ণ, অপত্যার্থে) দৈত্য।

দানশীল—বিণ, ত্রি, যে অকাতরে দান করিতে পারে।

দানসাগর—বি, পুং, ষোলটী ষোড়শ।

দান্ত—বিণ, ত্রি (দম্+ক্ত, কর্ত্তৃ) যে ইন্দ্রিয় বশ করিয়াছে।

দাম—বি, পুং (দো+মন; কর্ম্ম) রজ্জুগুচ্ছ। (যা) মূল্য।

দামোদর—বি, পুং, কৃষ্ণ।

দাম্ভিক—বিণ, ত্রি (দম্ভ+ষ্ণিক) অহঙ্কারী।

দায়—বি, পুং (দা+ঘঞ, কর্ম্ম) পৈতৃক ধন।

দায়ভাগ—বি, পুং, পৈতৃক ধন বিভাগ।

দায়াদ—বি, পুং (দায়-আ-দা +ড, কর্ত্তৃ) পুত্র, জ্ঞাতি।

দায়ী—বিণ, ত্রি (দা+ণিন্, কর্ত্তৃ) দাতা, ক্ষতিপূরণকারী।

দারণ—বি, ক্লী (দৃ+ণিচ+অনট্, ভাব) বিদারণ।

দারিদ্র্য—বি, ক্লী (দরিদ্র+ষ্ণ্য, ইদমর্থে) নির্ধনতা, অকিঞ্চনত্ব।

দারু বি, পুং, ক্লী (দৃ+ঞুণ কর্ম্ম) কাষ্ঠ। বিণ, ত্রি, বিদারক।

দারুণ—বিণ, ত্রি (দৃ+ণিচ+উনন্, কর্ত্তৃ) ভয়াবহ, দুঃসহ, কঠিন।

দার্ঢ্য—বি, ক্লী (দৃঢ়+ষ্ণ্য, ভাবার্থে) দৃঢ়তা।

দাশরথি—বি, পুং (দশরথ+ষ্ণি অপত্যার্থে) রামচন্দ্র।

দাস—বি, পুং (দাস্+অল, সমগ্র) ধীবর, জেলে।

দাস—বি, পুং (দাস+অল, সম্প্র) ভৃত্য, চাকর।

দাস্য—বি, ক্লী (দাস+ষ্ণ্য, ভাবার্থে) দাসত্ব, ভৃত্যত্ব।

দাহ—বি পুং (দহ+ঘঞ, ভাব) ভস্মীকরণ, পোড়ান।

দাহক—বিণ, কর্তৃ (দহ্+ণক, কর্তৃ) যে দাহ করে।

দাহ্য—বিণ, ত্রি (দহ্+ঘ্যণ কর্ম্ম) দাহযোগ্য। [পালক।

দিকপতি—বি, পুং, দিক সমূহের

দিকশূল—বি, ক্লী, গমনবার নিষিদ্ধ দিক।

দিগ্ধ—বিণ, ত্রি (দিহ্+ক্ত, কর্ম্ম) লিপ্ত, মিশ্রিত।

দিগ্বিজয়—বি, পুং, যুদ্ধ বা বিদ্যা প্রদর্শন পূর্ব্বক নানা দিকে প্রাধান্য বিস্তার করা।

দিগ্‌ভ্রম—বি, পুং, একদিককে অন্য দিক বলিয়া জ্ঞান।

দিতিজ—বি, পুং (দিতি+জন্+ড, কর্ত্তৃ) দৈত্য।

দিৎসা—বি, স্ত্রী (দা+সন্+অ, ভাব, আপ) দানেচ্ছা।

দিদৃক্ষু—বিণ, ত্রি (দৃশ্+সন+উ, কর্ত্তৃ) দর্শনেচ্ছু।

দিন—বি, ক্লী (দো+ডিন, কর্ত্তৃ) দিবাভাগ।

দিনকর—বি, পুং (দিন—কৃ+ট, কর্ত্তৃ) সূর্য্য।

দিনপাত—বি, পুং (দিন—পত্ ঘঞ, ভাব) দিনযাপন, সময় কাটান।

দিনান্ত—বি, পুং, সায়ংকাল।

দিলীপ—বি, পুং, ইনি সূর্য্যবংশীয় রাজা, ইহাঁর স্ত্রীর নাম সুদক্ষিণা, অপুত্রকতা নিবন্ধন ইহাঁরা কুল-গুরু বশিষ্ঠের উপদেশানুযায়ী কাম্‌-ধেনু নন্দিনীর সেবায় নিযুক্ত হন ইহাদের রঘুনামে এক দিগ্বিজয়ী পুত্র জন্ম গ্রহণ করে।

দিব—বি, ক্লী (দিব্+ক, কর্তৃ) স্বর্গ। (অধি) আকাশ।

দিবস—বি, পুং, ক্লী (দিব্+অসচ্ অধি) দিন।

দিবা—ব্য (দিব্+ডা, অধি) দিন।

দিব্য—বিণ, ত্রি (দিব্+ষ্ণ্য, ভবার্থে) স্বর্গীয়।

দিশ্ (শা)—বি, স্ত্রী (দিশ্+ক্বিপ্, কর্ম্ম, আপ) পূর্ব্বাদিদিক্।

দিষ্ট—বি, ক্লী (দিশ্+ক্ত, কর্ম্ম) ভাগ্য। (ত্রি) আদিষ্ট।

দীক্ষা—বি, স্ত্রী (দীক্ষ্+অ, ভাব +আপ্) মন্ত্রাদিগ্রহণ।

দীক্ষিত—বিণ, ত্রি (দাক্ষ+ক্ত, কর্ম্ম) যজ্ঞাদি কর্ম্মে সংকল্প পূর্ব্বক কৃত সংযম।

দীধিতি—বি, স্ত্রী (দীধী+ক্তি, ভাব) কিরণ।

দীন-বিণ, ত্রি, (দী+ক্ত, কর্ত্তৃ) দরিদ্র, দুঃখিত।

দীনার—বি, পুং (দান—ঋ+ঘঞ, কর্ম্ম) স্বর্ণ মুদ্রা।

দীপ—বি, পুং, (দীপ্+ক, কর্ত্তৃ) প্রদীপ।

দীপক—বিণ, ত্রি, (দীপি+ণক্, কর্ত্তৃ) উজ্জ্বল, উত্তেজক।

দীপন—বিণ, ত্রি, (দীপ+ণিঃ+অন, কর্ত্তৃ) উদ্দীপক। (অনট ভাব) উদ্দীপন।

দীপিত—বিণ, ত্রি, দীপ্+ণিঃ+ক্ত, কর্ম্ম) প্রজ্বলিত, প্রকাশিত।

দীপান্বিতা—বি, স্ত্রী, কার্ত্তিকী অমাবস্যা।

দীপ্ত—বিণ, ত্রি, (দীপ্+ক্ত, কর্ত্তৃ) জ্বলিত।

দীপ্তি—বি, স্ত্রী, (দীপ্+ক্তি, ভাব) তেজঃ, শোভা

দীপ্তিমান—বিণ, ত্রি (দীপ্তি+মতু, অস্ত্যর্থে) উজ্জ্বল, শোভা বিশিষ্ট।

দীপ্যমান্—বিণ, ত্রি, (দীপ্+শান, কর্ত্তৃ) শোভমান।

দীয়মান—বিণ, ত্রি, (দা+শান, কর্ম্ম) যাহা দেওয়া হইয়াছে।

দীর্ঘজীবী—বিণ, ত্রি, (দীর্ঘ—জীব্ +ণিন্, কর্ত্তৃ) যে অধিক দিন জীবিত থাকে।

দীর্ঘসূত্র—বি, ক্লী, বহুকাল সাধ্য যজ্ঞ। (ত্রি,) দীর্ঘকাল সাধ্য যজ্ঞাকারী।

দীর্ঘসূত্র—বিণ, ত্রি, চিরক্রিয়।

দীর্ঘসূত্রতা—বি, স্ত্রী, (দীর্ঘসূত্র+

তা,+ভাবার্থে) করিব বলিয়া কার্য্য রাখিয়া দেওয়া।

দীর্ঘিকা—বি, স্ত্রী (দীর্ঘ+কণ আপ) দীঘী, বৃহৎ পুষ্করিণী।

দীর্ণ—বিণ, ত্রি, (দৄ+ক্ত, কর্ম্ম) বিদারিত। (কর্ত্তৃ) ভগ্ন।

দুঃখ—বি, ক্লী, (দুঃখ্+অল, ভাব) ক্লেশ, কষ্ট।

দুঃখিত—বিণ, ত্রি, (দুঃখ+ইত, বিদ্যমানার্থে) দুঃখী, ক্লিষ্ট।

দুঃখত্রয়—বি, ক্লী, আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই তিন প্রকার দুঃখ।

দুঃশাসন—বি, ক্লী, (দুর্—শাস্ +অন, কর্ম্ম) দুর্য্যোধনের ভ্রাতা, ইনি সর্ব্বদা জ্যেষ্ঠ ভ্রাতা দুর্য্যোধনকে পাণ্ডবদের বিরুদ্ধে মন্ত্রণা দিতেন। ইনি কেশাকর্ষণ পূর্ব্বক দ্রৌপদীকে রাজ সভায় আনয়ন করেন। ভগবানের অনুগ্রহে তাহাতে অপারগ হন। এই দুরাচরণ হেতু ভীম দুঃশাসনের বক্ষ বিদারণ পূর্ব্বক তাহার রুধির পান করেন।

দুঃশীল—বিণ, ত্রি, দুশ্চরিত্র।

দুঃসময়—বি, পুং, দুঃখের অবস্থা দুর্ভিক্ষ।

দুঃসহ—বিণ,ত্রি, (দুর্+সহ+খল, কর্ম্ম) অসহ্য, যাহা সহ্য করা কষ্টকর।

দুঃসাহসিক—বিণ, ত্রি, যাহাতে সাহস করিয়া প্রবৃত্ত হওয়া উচিত নহে।

দুঃসাহসিকতা—বি, স্ত্রী, (দুঃসাহসিক+তা, ভাবার্থে) অনুচিত সাহস। দুঃসাহসিকের ভাব।

দুঃস্থ—বিণ, ত্রি, (দুর্—স্থা+ড, কর্ত্তৃ) দুর্দ্দশা গ্রস্ত, দরিদ্র।

দুঃস্বপ্ন—বি, পুং, অশুভসূচক স্বপ্ন, যে স্বপ্ন দেখিলে অমঙ্গল ঘটিবে বলিয়া শঙ্কা করা যায়।

দুকূল—বি, ক্লী, (দুর্—কূল+ক, কর্ত্তৃ) ক্ষৌমবস্ত্র, শুভ্রবস্ত্র।

দুগ্ধ—বি,ক্লী, (দুহ+ক্ত,কর্ম্ম) ক্ষীর।

দুগ্ধপোষ্য—বিণ, ত্রি, দুগ্ধ দ্বারা প্রতিপাল্য। বি, পুং, শিশু।

দুন্দুভি—বি, পুং (দুন্দু—ভা+ডি, কর্ত্তৃ) বৃহৎঢক্কা, বৃহৎ নাগরা।

দুরতিক্রম—বি, পুং (দুর—অতি—ক্রম্+খল্ কর্ম্ম) দুর্লঙ্ঘ্য, যাহা অতিক্রম করা কষ্টকর।

দুরধিগম—বিণ, ত্রি, (দুর্—অধি—গম্+অল্, কর্ম্ম) দুষ্প্রাপ্য, দুর্জ্ঞেয়।

দুরন্ত—বিণ, ত্রি, দুর্দ্দান্ত।

দুরপনেয়—বিণ, ত্রি, (দুর্—অপ-নী+য, কর্ম্ম) দুঃসাধ্য, যাহা অপনয়ন করা কষ্টকর।

দুরবগাহ—বিণ, ত্রি, দুর্—অব—গাহ্+অল্, কর্ম্ম) দুষ্প্রবেশ্য, দুর্বোধ।

দুরাকাঙ্ক্ষ—বি ত্রি, কিছুতে যাহার আকাঙ্ক্ষার নির্ব্বাণ হয় না।

দুরাকাঙ্ক্ষা—বি, স্ত্রী, দুষ্প্রাপ্য বিষয় প্রাপ্তির ইচ্ছা।

দুরাচার—বিণ, ত্রি, দুর্ব্বৃত্ত।

দুরাত্মা—বিণ, ত্রি, দুষ্ট স্বভাব।

দুরারোহ—বিণ, ত্রি (দুর্—আ—রুহ্+অল্, কর্ম্ম) যাহাতে আরোহণ করা অতিশয় কষ্টকর।

দুরাশয়—বিণ, ত্রি, যাহার উদ্দেশ্য মন্দ।

দুরাশা—বি, স্ত্রী, মন্দ অভিলাষ।

দুরাসদ—বিণ, ত্রি (দুর্—আ—সদ্+খল্, কর্ম্ম) দুষ্প্রাপ্য, দুর্দ্ধর্ষ।

দুরিত—বি, ক্লী (দুর্+ই+ক্ত, ভাব) পাপ, অনিষ্ট।

দুরূহ—বিণ, ত্রি (দুর্—রুহ্+ক, কর্ম্ম) কঠিন, দুর্বোধ।

দুর্গ—বি, ক্লী (দুর্—গম্+ড, কর্ত্তৃ) গড়, কেল্লা।

দুর্গত—বিণ, ত্রি (দুর্—গম্—ক্ত কর্ত্তৃ) দুর্দ্দশাগ্রস্ত, দরিদ্র।

দুর্গতি—বি, স্ত্রী (দুর্—গম্+ক্তি, ভাব) দুরবস্থা, দুর্দ্দশা, দারিদ্র্য।

দুর্গম—বি, পুং (দুর্—গম্+খল্, কর্ম্ম) দুষ্প্রবেশ্য, দুর্লভ।

দুর্ঘটনা—বি, স্ত্রী. অশুভঘটনা, বিপৎপাত।

দুর্জ্জন—বি, পুং দুষ্টলোক।

দুর্জ্ঞেয়—বিণ, ত্রি (দুর্—জ্ঞা+য, কর্ম্ম) যাহা অতিশয় কষ্টে জানা যায়।

দুর্দ্দমনীয়—বিণ, ত্রি (দুর্—দম্+অনীয়, কর্ম্ম) যাহা সহজে দমন করা যায়না।

দুর্দ্দম্য—বিণ, ত্রি (দুর্—দম্+য, কর্ম্ম) কষ্টে দমনীয়।

দুর্দ্দান্ত—বিণ, ত্রি (দুর্—দম্+ক্ত, কর্ত্তৃ) যাহাকে দমন করা কষ্ট কর।

দুর্দ্দিন—বিণ.ক্লী, মন্দদিন. মেঘাচ্ছন্ন দিন।

দুর্দ্দৈব—বিণ, ক্লী, দুর্ভাগ্য, দুর্ঘটনা।

দুর্দ্ধর্ষ—বিণ, ত্রি (দুর্—ধৃষ্—খল কর্ম্ম) যাহাকে কোনরকম অবমান করা যায়না, অসহনীয়, অতি প্রবল, পরাক্রান্ত।

দুর্নয়—বি, পুং, দুষ্টনীতি।

দুর্নীতি—বি, স্ত্রী, কুরীতি, অন্যায়।

দুর্ভাবনা—বি, স্ত্রী, দুশ্চিন্তা, উৎকণ্ঠা।

দুর্ভিক্ষ—ব্য, দেশে খাদ্য জিনিষের অভাব।

দুর্ভেদ্য—বিণ. ত্রি, (দুর্—ভিদ্+ঘ্যণ, কর্ম্ম) অতিকঠিন, যাহা ভেদ করা কষ্টকর।

দুর্ম্মনায়মান—বিণ, ত্রি, (দুর্ম্মনস্+ক্যঙ্+শান্, কর্ত্তৃ) উদ্বিগ্ন চিত্ত।

দুর্ম্মুখ—বিণ, ত্রি, কটুভাষী।

দুর্ম্মূল্য—বিণ, ত্রি, মহার্ঘ, যাহা ক্রয় করা কষ্টকর।

দুর্যোগ—বিণ. পুং, দুর্দ্দিন, দুঃসময়।

দুর্য্যোধন—বিণ, পুং, (দুর্-যুধ্+অন, কর্ম্ম) ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠ পুত্র। ইনি গান্ধারীর গর্ভে জন্ম গ্রহণ করেন, যুধিষ্ঠিরকে রাজপদে সমাসীন দেখিয়া হিংসায় একেবারে জ্ঞানশূন্য হইয়া নানা অসদুপায়ে রাজ্য আত্মসাৎ করেন। ভারতযুদ্ধে ভীমসেন

গদাঘাতে ইহার উরু ভঙ্গ করিয়াছিলেন।

দুর্লক্ষ্য—বিণ, ত্রি (দুর্—লক্ষ্+য, কর্ম্ম) দুর্ণিরীক্ষ্য, অদৃশ্য।

দুর্লঙ্ঘ্য—বিণ, ত্রি (দুর্—লঙ্ঘ্+য, কর্ম্ম) যাহা লঙ্ঘন করা যায় না, অলঙ্ঘ্য।

দুর্লভ—বিণ, ত্রি (দুর্—লভ্+খল, কর্ম্ম) দুষ্প্রাপ্য, বহুমূল্য।

দুলাল—বিণ, আদরের পাত্র।

দুর্ব্বহ—বিণ, ত্রি (দুর্—বহ্+খল্, কর্ম্ম) যাহা বহন করা কষ্টকর।

দুর্ব্বাক্য—বি, ক্লী, কটুবাক্য।

দুর্ব্বার—বিণ, ত্রি (দুর্—বৃ+ঞি+খল্, কর্ম্ম) যাহা অতি দুঃখে নিবারণ করা যায়, অনিবার্য্য।

দুর্ব্বিষহ—বিণ, ত্রি, (দুর্—বি—সহ্+খল্, কর্ম্ম) যাহা সহ্য করা যায় না, অসহ্য

দুর্ব্বুদ্ধি, দুর্ম্মতি—বিণ, ত্রি, দুশ্চরিত্র।

দুর্ব্বৃত্ত—বিণ, ত্রি, দুশ্চরিত্র, উদ্ধত।

দুষ্কর—বিণ, ত্রি (দুর্—কৃ+খল্ কর্ম্ম) যাহা কষ্টে করা যায়।

দুষ্কুল—বি, ক্লী, অসৎবংশ।

দুষ্কৃত—বিণ, ত্রি (দুর্—কৃ+ক্ত, কর্ম্ম) দুষ্কর্ম্ম।

দুষ্ট—বিণ, ত্রি (দুষ্+ক্ত কর্ত্তৃ) দোষযুক্ত, দুর্জ্জন, অধম।

দুষ্পরিহর—বিণ, ত্রি (দুর্—পরি—হৃ+অন্, কর্ম্ম) যাহা পরিত্যাগ করা কষ্টজনক।

দুষ্প্রবৃত্তি—বি, স্ত্রী (দুর্—প্র—বৃৎ+ক্তি, ভাব) মন্দইচ্ছা।

দুষ্প্রবেশ—বিণ, ত্রি (দুর্—প্র—বিশ্+অল, কর্ম্ম) যাহাতে প্রবেশ করা কষ্ট জনক।

দুষ্প্রাপ্য—বিণ, ত্রি (দুর্—প্র—আপ্+য, কর্ম্ম) দুর্লভ।

দুষ্মন্ত—বি, পুং, চন্দ্রবংশীয় ঐতিরাজের পুত্র, ইনি মৃগয়ার্থ কণ্ব মুনির আশ্রমে গমনপূর্ব্বক, তাহার প্রতিপালিত শকুন্তলাকে

বিবাহ করেন। শকুন্তলার গর্ভে, ইহাঁর ভরতনামে এক পুত্র জন্ম গ্রহণ করিয়াছিলেন। কুমার ভরত বয়ঃপ্রাপ্ত হইলে তাহাকে রাজপদে অভিষিক্ত করিয়া অবশিষ্ট জীবন ধর্ম্মকার্য্যে অতিবাহিত করেন।

দুস্তর—বিণ, ত্রি, দুর তৄ+খল্ কর্ম্ম) যাহা পাওয়া দুঃসাধ্য, দুরতিক্রম।

দুহিতা—বি, স্ত্রী (দুহ্+তৃচ্, কর্ত্তৃ) কন্যা।

দূত—বি, পুং (দূ+ক্ত, কর্ত্তৃ) বার্ত্তাবহ।

দূর - বিণ, ত্রি (দুর্—ই+রক, নিপা) অসন্নিকৃষ্ট, অত্যন্ত দীর্ঘ।

দূরদর্শন—বি, ক্লী (দূর—দৃশ্+অনট্, ভাব) পণ্ডিত, দূরবীক্ষণ যন্ত্র।

দূরদর্শিতা—বি, স্ত্রী (দূরদর্শিন্+তা ভাবার্থে) পরিণাম ভাবিয়া কার্য্য করা।

দূরদর্শী—বিণ, ত্রি (দুর্—দৃশ্+ণিন্, কর্ত্তৃ) বহুদর্শী, বিজ্ঞ, যে ভবিষ্যৎ ভাবিয়া কার্য্য করে।

দূরবর্ত্তী—বিণ, ত্রি (দূর—বৃৎ+ণিন্, কর্ত্তৃ) যাহা দূরে আছে।

দূরবীক্ষণ—বি, ক্লী (দূর—অবি—ব—ঈক্ষ্+অনট্, ভাব) যে যন্ত্রদ্বারা চক্ষুর অগোচর দূরস্থিত বস্তু সমূহ দেখিতে পাওয়া যায়।

দূরস্থ—বিণ, ত্রি,—(দূর—স্থা +ড কর্ত্তৃ)দূরবর্ত্তী।

দূরীকরণ—বি, ক্লী (দূর—চ্বি - কৃ +অনট্, ভাব) বহিষ্কৃত করা, তাড়াইয়া দেওয়া।

দূরীকৃত—বিণ, ত্রি, (দূর—চ্বি—কৃ + ক্ত, কর্ম্ম) দূরীভূত, বিতাড়িত।

দূর্ব্বাষ্টমী—বি, স্ত্রী, ভাদ্র মাসের শুক্লাষ্টমী।

দূষণ—বি, ক্লী (দূষ+ণিচ+অনট্, ভাব) দোষ দেওয়া। [নিন্দিত।

দূষিত—বিণ, ত্রি (দূষ্+ক্ত, কর্ম্ম)

দূষ্য—বিণ, ত্রি, (দূষ+য, কর্ম্ম) নিন্দনীয়, ত্যক্ত।

দৃকপাত—বি, পুং, দৃষ্টি নিক্ষেপ।

দৃঢ়—বিণ, ত্রি (দৃহ্+ক্ত, কর্ম্ম) কঠিন, গাঢ়।

দৃঢ়নিশ্চয়—বিণ, ত্রি, স্থির প্রতিজ্ঞ।

দৃঢ়প্রতিজ্ঞ—বিণ, ত্রি, যাহার প্রতিজ্ঞা কখন অন্যথা হয় না।

দৃঢ়ব্রত—বিণ, ত্রি, অবলম্বিত কার্য্য সাধনে যাহার দৃঢ়তর যত্ন আছে।

দৃপ্ত—বিণ, ত্রি, (দৃপ্+ক্ত, কর্ত্তৃ) গর্ব্বিত, উদ্ধত, দুষ্ট।

দৃশ্য—বিণ, ত্রি, (দৃশ্+ক্যপ, কর্ম্ম) দর্শনীয়, সুন্দর।

দৃষ্ট—বিণ, ত্রি. (দৃশ্+ক্ত, কর্ম্ম) যাহা দেখাগিয়াছে।

দৃষ্টান্ত—বি, পুং, উদাহরণ।

দৃষ্টি—বি, স্ত্রী (দৃশ্+ক্তি, ভাব) দর্শন।

দৃষ্টিগোচর—বিণ, ত্রি, নয়নপথবর্ত্তী, যাহা চক্ষে দেখা যায়।

দেউড়ী—(যা) বহির্দ্বার।

দেউলিয়া—(দে) যাহার টাকা কড়ি কিছুই নাই, গত সর্ব্বস্ব।

দেওয়ান—(যা) জমিদার, বা রাজার প্রধান কর্ম্মচারী।

দেওয়াল—(যা) প্রাচীর।

দেওয়ালী—(দে) দীপান্বিতা।

দেড়ি—(যা) বিলম্ব, গৌণ।

দেদীপ্যমান—বিণ, ত্রি, (দীপ+যঙ্ + শান, কর্ত্তৃ) অতিশয় দীপ্তিমান।

দেনাদার—(যা) অধমর্ণ।

দেনা—(যা) ধার, কর্জ্জ।

দেমাক—(যা) অহঙ্কার।

দেব—বি, পুং (দিব্+অল, কর্ত্তৃ) দেবতা।

দেবকী—বি, স্ত্রী, কৃষ্ণ জননী।

দেবখাত—বি, ক্লী, স্বাভাবিকখাত, হ্রদ।

দেবত্ব—বি, ক্লী (দেব+ত্ব ভাবার্থে) দেবতাদের গুণ বা ধর্ম্ম।

দেবর—বি, পুং, স্বামীর কনিষ্ঠ ভ্রাতা।

দেবোত্তর—বি, ক্লী, দেবসেবার জ ` নর্দ্দি ।

দেশান্তরী—বিণ,স্ত্রী, অন্য দেশবাসী ।

দেহ—বি, পুং, (দিহ্ + অল্, ভাব) শরীর ।

দেহতত্ত্ব—বি, ক্লী, শরীর সংস্থান, শরীর জ্ঞান ।

দেহযাত্রা—বি, স্ত্রী, জীবন ধারণো-পযোগা কার্য্য ।

দেহী—বিণ, পুং, (দেহ + ইন্, অস্ত্যর্থে) প্রাণী, আত্মা, জীব ।

দেহুড়ী—(যা) দরজা ।

দৈত্য—বি, পুং (দিতি + ষ্ণ্য) অসুর।

দৈনন্দিন—বিণ, ত্রি, প্রাত্যহিক

দৈনিক—বিণ, ত্রি (দিন + ষ্ণিক ভবার্থে) দিনভব, প্রাত্যহিক ।

দৈন্য—বি, ক্লী (দীন + ষ্ণ্য, ভাবার্থে দারিদ্র্য, কাতরতা ।

দৈর্ঘ্য—বি, ক্লী (দীর্ঘ + ষ্ণ্য, ভা-বার্থে) দীর্ঘতা

দৈব—বি, ক্লী (দেব + ষ্ণ, ভাবার্থে) ভাগ্য, অদৃষ্ট ।

দৈবঘটনা—বি, স্ত্রী, অভাবনীয় ব্যাপার ।

দৈবজ্ঞ—বিণ, পুং (দৈব – জ্ঞা + ড, কর্ত্তৃ) গণক, ভাগ্য কথয়িতা, যে গণনা করিয়া শুভাশুভ নির্দ্দেশ করিতে পারে ।

দৈবদুর্ব্বিপাক—বি, পুং, দৈবের প্রতিকূলতা, ভাগ্য বিপর্য্যয় ।

দৈববাণী—বি, স্ত্রী, দেববাক্য, দেবতারা গোপনে থাকিয়া যে আদেশ দেন । [কূলতা ।

দৈববিড়ম্বনা—বি,স্ত্রী, দৈবের প্রতি-

দৈবাৎ—ব্য, হঠাৎ, সহসা ।

দৈবায়ত্ত—বিণ, ত্রি, যাহা মানুষের ইচ্ছাধীন নহে, দৈবাধীন ।

দৈহিক – বিণ, ত্রি (দেহ + ষ্ণিক, ইদমর্থে) দেহ সম্বন্ধীয়, শারীরিক।

দোকান— (যা) দ্রব্যাদি ক্রয়বিক্রয় স্থান ।

দোদুল্যমান—বিণ, ত্রি (দুল + যঙ, + শান, কর্ত্তৃ) যাহা পুনঃ পুনঃ দুলিতেছে, কম্পমান ।

দোয়া—(যা)আশীর্ব্বাদ।

দোয়াবর—(যা)কল্যাণীয়।

দোলায়মান—বিণ, ত্রি (দোলি+শান, কর্ত্তৃ) যাহা দুলিতেছে, সন্দিহান।

দোষ—বি, পুং (দুষ্+ঘঞ্, ভাব) অপরাধ, পাপ, অনিষ্ট, কুকর্ম্ম।

দোষগ্রাহী—বিণ, ত্রি (দোষ—গ্রহ্+ণিন্, কর্ত্তৃ) দুর্জ্জন, যে দোষ গ্রহণ করে।

দোষজ্ঞ—বিণ, ত্রি (দোষ—জ্ঞা+ড, কর্ত্তৃ) পণ্ডিত, চিকিৎসক।

দোষাবহ—বিণ, ত্রি (দোষ—আ—বহ্+অন্, কর্ত্তৃ) দোষযুক্ত, দোষজনক।

দোষী—বিণ, ত্রি (দুষ্+ণিন্, কর্ত্তৃ) পাপী, অপরাধী।

দোসর—বিণ (দ্বিতীয় শব্দজ) সহচর, সঙ্গী।

দোস্ত—(যা) বন্ধু।

দোহদ—বি, ক্লী (দোহ-দা+ড কর্ত্তৃ) গর্ভিণীর ইচ্ছা, সাধ।

দৌত্য—বি,ক্লী (দুত+ষ্ণ্য ভাবার্থে) দূতের কর্ম্ম, দূতের ব্যবসায়।

দৌরাত্ম্য—বি, ক্লী (দুরাত্মন্+ষ্ণ্য ভাবার্থে) উপদ্রব, অত্যাচার।

দৌর্ভাগ্য—বি, ক্লী (দুর্ভাগ্য+ষ্ণ্য, ভাবার্থে)দুরদৃষ্ট, হতভাগ্য।

দৌলত—(যা) ধন সম্পত্তি।

দৌবারিক—বি, পুং (দ্বার+ষ্ণিক হিতার্থে) দ্বারপাল, দারওয়ান।

দৌর্ব্বল্য—বি, ক্লী (দুর্ব্বল+ষ্ণ্য ভাবার্থে)দুর্ব্বলতা।

দৌহিত্র—বি, পুং (দুহিতৃ+ষ্ণ, অপত্যার্থে)দুহিতারপুত্রকন্যা।

দ্যু—বি, ক্লী (দিব্+কিপ, কর্ত্তৃ) আকাশ, স্বর্গ।

দ্যুতি—বি, স্ত্রী (দিব্+ক্ত, ভাবে) দীপ্তি, প্রকাশ, শোভা।

দ্যুতক্রীড়া—বি, স্ত্রী, পাশক্রীড়া।

দ্যো—বি, স্ত্রী (দ্যুত্+ডো, অধি) স্বর্গ, আকাশ।

দ্রব—বিণ, ত্রি (দ্রু+অল, ভাব) গলিত, তরল।

দ্রবণ—বি, ক্লী (দ্রু+অনট্, ভাব) ক্ষরণ, গতি।

দ্রবত্ব—বি, ক্লী (দ্রব+ত্ব, ভাবে) তরলত্ব।

দ্রবিণ—বি, ক্লী (দ্রু+ইন, কর্ত্তৃ) বিত্ত, কাঞ্চন।

দ্রবীভূত—বিণ, ত্রি (দ্রব+চি+ভূ+ক্ত, কর্ত্তৃ) যাহা দ্রব হইয়াছে, গলিত।

দ্রব্য—বি, ক্লী (দ্রু+য, কর্ম্ম) বস্তু, জিনিষ।

দ্রষ্টব্য—বিণ, ত্রি (দৃশ্+তব্য, কর্ম্ম) দর্শনীয়, দেখিবার যোগ্য।

দ্রাক্ষা—বি, স্ত্রী, আঙ্গুর।

দ্রাঘিমা—বি, পুং (দীর্ঘ+ইমন্, ভাবার্থে) দৈর্ঘ্য, নিরক্ষ রেখাকে লম্বভাবে ছেদিত অর্দ্ধ বৃত্তাকার রেখা।

দ্রাবক—বিণ, ত্রি (দ্রু+ণক্, কর্ত্তৃ) দ্রবকারক।

দ্রুত—বিণ, ত্রি (দ্রু+ক্ত, কর্ত্তৃ) শীঘ্র, ধাবিত।

দ্রুতগামী—বিণ, ত্রি, (দ্রুত—গম্+ণিন্, কর্ত্তৃ) যে শীঘ্র গমন করে।

দ্রুপদ—বি, পুং, দ্রৌপদীর পিতা। ইনি চন্দ্রবংশে জন্ম গ্রহণ করিয়াছেন।

দ্রোণাচার্য্য—বি, পুং, কুরুপাণ্ডবদের অস্ত্রগুরু, ভরদ্বাজ মুনির পুত্র। ঘৃতাচী নাম্নী অপ্সরাকে দেখিয়া ইহাঁর রেতঃ স্খলিত হয় তাহা এক দ্রোণী (পাত্র বিশেষ) মধ্যে রক্ষিত হয়। সেই দ্রোণীতে জন্ম গ্রহণ করেন বলিয়া দ্রোণ নামে বিখ্যাত হন। কুরুপাণ্ডবদের পঞ্চদশ দিবসীয় যুদ্ধে স্বীয়পুত্র অশ্বত্থামাহত হইয়াছে এই জনরব শুনিয়া পুত্রশোকে অধীর হইয়া অস্ত্রত্যাগ করিলে ধৃষ্টদ্যুম্ন খড়্গাঘাতে ইহার মস্তক ছেদন করেন। এইরূপে ৮৫ বৎসর বয়সে দ্রোণাচার্য্য লোকান্তরিত হন।

দ্রোণি (ণী)—বি, স্ত্রী, (দ্রু+নি নী, কর্ত্তৃ) ডোঙ্গা, জলসেচনী।

দ্রোহ—বি, পুং (দ্রুহ+অল, ভাব) অনিষ্টচিন্তা, অনিষ্টাচরণ।

দ্রৌপদী—বি, স্ত্রী (দ্রুপদ+ষ্ণ, অপত্যার্থে স্ত্রী ঈ) দ্রুপদ কন্যা।

দ্বন্দ্ব—বি, ক্লী (দ্বি—দ্বি, নিপা) যুগ্ম, স্ত্রী পুরুষ, মিথুন।

দ্বন্দ্বযুদ্ধ—বি, ক্লী, মল্লযুদ্ধ, দুই ব্যক্তির পরস্পর যুদ্ধ।

দ্বয়—বি, ক্লী, (দ্বি+তয়ট্) দুই সংখ্যা, উভয়।

দ্বার—বি, ক্লী (দৃ+ণিচ+অন, কর্ত্তৃ) দুয়ার, উপায়।

দ্বারকা—বি, স্ত্রী (দ্বার—কৈ+ড, কর্ত্তৃ+আপ্) কৃষ্ণেরনগর, (এই স্থান গুজরাট প্রদেশের অন্তর্গত)।

দ্বারপাল—বিণ, ত্রি (দ্বার+পা+ণিচ+অন, কর্ত্তৃ) দ্বাররক্ষক।

দ্বারকা, দ্বারিকা—বি, স্ত্রী, কৃষ্ণের-পুরী।

দ্বারবান্—বিণ, ত্রি (দ্বার+বতু, অস্ত্যর্থে) যে দ্বার রক্ষা করে।

দ্বারস্থ—বিণ, ত্রি (দ্বার—স্থা+ড, কর্ত্তৃ) দ্বারস্থিত শরণাগত।

দ্বারী—বিণ, ত্রি (দ্বার্+ইন, অস্ত্যর্থে) দ্বার রক্ষক।

দ্বিজ—বি, পুং (দ্বি—জন্+ড, কর্ত্তৃ) ব্রাহ্মণ।

দ্বিজরাজ—বি, পুং, ব্রাহ্মণ, চন্দ্র।

দ্বিজিহ্ব—বি, পুং, সর্প, খল।

দ্বিতল—বিণ, দোতালা।

দ্বিধা—ব্য, (দ্বি+ধাচ্, প্রকারার্থে) দুই প্রকার, সন্দেহ।

দ্বিধাকৃত—বিণ, ত্রি, (দ্বিধা+কৃ+ক্ত, কর্ম্ম) যাহাকে দুইভাগে বিভক্ত করা হইয়াছে। [হস্তী।

দ্বিপ—বি, পুং (দ্বি-পা+ড, কর্ত্তৃ)

দ্বিপদ—বি, পুং, মনুষ্য, দেবতা, পক্ষী, রাক্ষস।

দ্বিমাতৃক—বি, পুং, জরাসন্ধ, গণেশ।

দ্বিরদ—বি, পুং, হস্তী।

দ্বিরাগমন—বি, ক্লী, বিবাহের পর কন্যার পতিগৃহে দ্বিতীয়বার আগমন।

দ্বিরুক্ত—বিণ, ত্রি, দুইবার কথিত।

দ্বিষৎ—বিণ, ত্রি (দ্বিষ্+শতৃ, কর্ত্তৃ দ্বেষকারী (বি) শত্রু।

দ্বীপ—বি, পুং, ক্লী, চতুর্দ্দিকে জল বেষ্টিত স্থল ভাগ, দ্বিবর্ণ বিশিষ্ট চর্ম্ম।

দ্বীপী—বি, পুং, (দ্বীপ+ ইন্, অস্ত্যর্থে) ব্যাঘ্র।

দ্বেষী—বিণ, ত্রি দ্বিষ্+ণিন্, কর্ত্তৃ) দ্বেষকারী। [কর্ম্ম) শত্রু।

দ্বেষ্য—বিণ, ত্রি, (দ্বিষ্+ঘ্যণ

দ্বৈতবাদী—বিণ, ত্রি, যাহারা জীবাত্মা ও পরমাত্মা ভিন্ন বলিয়া স্বীকার করেন।

দ্বৈধ—বিণ, ত্রি, (দ্বিধা+ষ্ণ) সংশয়, সন্দেহ।

দ্বৈপায়ন—বি, পুং, (দ্বীপ+ষ্ণায়ন) ব্যাসদেব।

দ্ব্যর্থ—বিণ, ত্রি, দুই অর্থ বিশিষ্ট।

দ্ব্যহিক—বিণ, ত্রি, (দ্বি—অহন্ +ষ্ণিক, ভবার্থে) যাহা দ্বিতীয় দিনে হয়।

ধ

ধ—বি, পুং, (ধা+ড, কর্ত্তৃ) ধনেশ্বর, বিধাতা।

ধড়—(দে) পা অবধি স্কন্ধ পর্য্যন্ত দেহ।

ধনঞ্জয়—বি, পুং (ধন—জি+খণ্, কর্ত্তৃ) অর্জ্জুন, অগ্নি। যোগেশ্বর নামক শিবের পূজা লইয়া কুন্তী ও গান্ধারীর মধ্যে বিবাদ উপস্থিত হইলে অর্জ্জুন কুন্তীর পূজার জন্য কুবেরকে জয় করিয়া তাঁহার ভাণ্ডার হইতে সুবর্ণ চম্পক আনিয়াছিলেন বলিয়া "ধনঞ্জয়" এই আখ্যা প্রাপ্ত হইয়াছিলেন।

ধনপতি—বি,পুং, ধনাধিপ, কুবের।

ধনবান—বি, পুং, (ধন+বতু, অস্ত্যর্থে) ঐশ্বর্য্যশালী, ধনী।

ধনাগম—বি, পুং, আয়।

ধনাগার—বি, পুং, টাকাকড়ি রাখিবার স্থান, ভাণ্ডার।

ধনী—বিণ, ত্রি, (ধন+ইন্, অস্ত্যর্থে) ঐশ্বর্য্যশালী।

ধনুঃ—বি, ক্লী, (ধন্+উস্, কর্তৃ) ধনুক, কার্ম্মুক, যাহা দ্বারা বাণ-নিক্ষেপ করাযায়। রাশিবিশেষ।

ধনুর্গুণ—বি, পুং, ধনুকের ছিলা, জ্যা।

ধনুর্দ্ধর—বি, ত্রি, (ধনুস্—ধৃ+অন্, কর্তৃ) যে ধনু ও বাণ লইয়া যুদ্ধ করে, ধনুর্ধারী।

ধনুর্ব্বেদ—বি, পুং, ধনুর্ব্বাণ বিষয়ক শাস্ত্র।

ধনুষ্পাণি—বিণ, ত্রি, ধনুর্ধর।

ধনেশ্বর—বি, পুং, কুবের।

ধন্য—বিণ, ত্রি (ধন+যণ্য) শ্লাঘ্য, প্রশংসনীয়।

ধন্যবাদ—বি, পুং, গুণকীর্ত্তন, প্রশংসাবাদ।

ধন্বন্তরি—বি, পুং (ধন্বন্ত—ঋ+ই, কর্তৃ) দেব চিকিৎসক। ইনি সমুদ্র মন্থন সময় উৎপন্ন হন, ইনি ভাস্করের নিকট আয়ুর্ব্বেদ শাস্ত্র শিক্ষা করেন; ও বিক্রমাদিত্যের নবরত্ন সভার একটী রত্ন ছিলেন।

ধন্বী—বিণ, ত্রি (ধনু+ইন, অস্ত্যর্থে) ধনুর্ধারী। (পুং) অর্জ্জুন।

ধপধপ—শাদা বর্ণ।

ধমক—(দে) ভয় দেখান।

ধর—বি, পুং (ধৃ+অন্, কর্তৃ) পর্ব্বত।

ধরণি (ণী)—বি, স্ত্রী (ধৃ+অনি, কর্তৃ) পৃথিবী।

ধরা—বি, স্ত্রী (ধৃ+অন, কর্তৃ+আপ) পৃথিবী।

ধরিত্রী—বি, স্ত্রী (ধৃ+ইত্র, কর্তৃ, ঈপ) পৃথিবী।

ধর্ত্তব্য—বিণ, ত্রি (ধৃ+তব্য, কর্ম্ম) ধারণ যোগ্য, গ্রাহ্য।

ধর্ম্ম—বি, পুং (ধৃ+মন্, কর্তৃ) পুণ্য, সৎকর্ম্ম।

ধর্ম্মক্ষেত্র—বি, ক্লী, ধর্ম্ম স্থান, কুরুক্ষেত্র।

ধর্ম্মঘট—বি, পুং, ধর্ম্ম রক্ষার্থ ঘট। (দে) সকলে একমত হইয়া

কোন কার্য্য করিতে বা না করিতে প্রতিজ্ঞা বদ্ধ হওয়া।

ধর্ম্মচারী—বিণ, ত্রি (ধর্ম্ম—চর্+ণিন্, কর্ত্তৃ) ধার্ম্মিক।

ধর্ম্মজ্ঞ—বিণ, ত্রি (ধর্ম্ম—জ্ঞা+ড, কর্ত্তৃ) যে ধর্ম্ম জানে। [সাবে।

ধর্ম্মতঃ—ব্য (ধর্ম্ম+তস্) ধর্ম্মানু-

ধর্ম্মতত্ত্ব—বি, ক্লী, ধর্ম্মের গূঢ় মর্ম্ম।

ধর্ম্মনিষ্ঠ—বিণ, ত্রি, যাহার ধর্ম্মের প্রতি আন্তরিক শ্রদ্ধা আছে, ধার্ম্মিক।

ধর্ম্মনিষ্ঠা—বি, স্ত্রী, ধর্ম্মে আস্থা, ধর্ম্মের প্রতি শ্রদ্ধা।

ধর্ম্মনীতি—বি, স্ত্রী, যে শাস্ত্র অধ্যয়ন করিলে কর্ত্তব্যাকর্ত্তব্য নির্ণয় করা যায়।

ধর্ম্মপত্নী—বি, স্ত্রী, বিবাহিতা স্ত্রী।

ধর্ম্মভীরু—বিণ, ত্রি, পাপ কার্য্য করিলে শাস্তি পাইতে হইবে বলিয়া যাহার ভয় আছে।

ধর্ম্মশাস্ত্র—বি, ক্লী, ধর্ম্ম সম্বন্ধীয় গ্রন্থ, স্মৃতি শাস্ত্র।

ধর্ম্মাধিকরণ—বি, ক্লী (ধর্ম্ম—অধি কৃ+অনট্, অধি) বিচারালয়, আদালত।

ধর্ম্মাবতার—বি, পুং, মূর্ত্তিমানধর্ম্ম, সাক্ষাৎ ধর্ম্ম।

ধর্ম্মাসন—বি, ক্লী, বিচারাসন।

ধর্ম্মিষ্ঠ—বিণ, ত্রি (ধর্ম্ম+ইষ্ঠ) উৎকর্ষার্থে) অতিশয় ধার্ম্মিক।

ধর্ষণ—বি, ক্লী (ধৃষ্+অনট্, ভাব) পরাভব।

ধবল—বি, পুং (ধাব+কলচ্, কর্ম্ম) শুক্লবর্ণ, কর্পূর বিশেষ, শ্বেত কুষ্ঠ। বিণ, ত্রি, শুক্লবর্ণ যুক্ত, সুন্দর।

ধবলিত—বিণ, ত্রি (ধবল+ইত, অস্ত্যর্থে) শুভ্রীকৃত।

ধাতু—বি, পুং (ধা+তুন, কর্ত্তৃ) স্বর্ণাদি অষ্ট ধাতু, শরীরস্থ বাত, পিত্ত, কফ, শুক্র ও শোণিতাদি, ব্যাকরণের ভূ, স্থা প্রভৃতি।

ধাতুঘটিত—বিণ, ত্রি, যাহা স্বর্ণ রৌপ্যাদি ধাতু দ্বারা প্রস্তুত হইয়াছে।

ধাতুময়—বিণ, ত্রি (ধাতু+ময়ট্, বিকারার্থে) ধাতু নির্ম্মিত।

ধাতা—বি, পুং (ধা+তৃন্, কর্ত্তৃ) বিধাতা, বিষ্ণু। বিণ, ত্রি, ধারণ—কর্ত্তা, রক্ষাকর্ত্তা।

ধানুষ্ক—বিণ, ত্রি (ধনুস+কণ, অস্ত্যর্থে) ধনুর্ধর।

ধান্য—বি, ক্লী (ধা+য, কর্ত্তৃ নিপা) সতুষতণ্ডুল, ধান।

ধার—বি, পুং (ধৃ+ঘঞ্, কর্ম্ম) প্রাপ্ত (ধারা+ষ্ণ) অবিচ্ছিন্ন পতিত জল।

ধারণ—বি, ক্লী (ধৃ+ণিঞ+অনট্, ভাব) গ্রহণ, অবলম্বন।

ধারণা—বি, স্ত্রী, (ধৃ+ণিঞ+অন, ভাব, আপ) মনেরাখা, চিত্তের একাগ্রতা।

ধার্ম্মিক—বিণ, ত্রি (ধর্ম্ম+ষ্ণিক) ধর্ম্ম পরায়ণ, ধর্ম্মশীল।

ধার্য্য—বিণ, ত্রি (ধৃ+ণ্যৎ, কর্ম্ম) ধারণ যোগ্য।

ধাবন—বি, ক্লী (ধাব্+অনট্ ভাব) ধৌত করণ, শীঘ্রগমন।

ধাবমান—বিণ, ত্রি (ধাব্+শান্, কর্ত্তৃ) দ্রুতগমনশীল।

ধাবিত—বিণ, ত্রি (ধাব্+ক্ত, কর্ম্ম) অনুসৃত। (কর্ত্তৃ) যে দৌড়াইয়াছে।

ধিক্—ব্য (ধক্ক+ডিক, কর্ম্ম) নিন্দা, ভৎর্সনা, অবজ্ঞা।

ধিক্কার—বি, পুং (ধিক্—কৃ+ঘঞ্, ভাব) অবজ্ঞা, নিন্দা।

ধিকিধিকি—ক্রি—বিণ, ক্রমে ক্রমে, ধীরে ধীরে। [বুদ্ধি, জ্ঞান।

ধী—বি, স্ত্রী (ধ্যৈ+ক্বিপ্, করণ)

ধীমান—বিণ, ত্রি, (ধী+মতু, অস্ত্যর্থে) বুদ্ধিমান, জ্ঞানী।

ধীর—বিণ, ত্রি (ধী—রা+ড, কর্ত্তৃ) ধৈর্য্যশালী, পণ্ডিত, জ্ঞানী।

ধীরতা—বি, স্ত্রী (ধীর+তা, ভাবার্থে) সুস্থির, বিনীত।

ধীশক্তি—বি, স্ত্রী (বুদ্ধির ক্ষমতা।)

ধুচ্নী—(দে) বাঁশের বে ডালা।

ধুরন্ধর—বিণ, স্ত্রী (ধুর-ধৃ+খ, কর্ত্তৃ) ভার বাহক, শ্রেষ্ঠ, প্রধান।

ধূপ—বি, পুং, (ধূপ—অল্, কর্ত্তৃ) গন্ধ দ্রব্য বিশেষ।

ধূম—বি, পুং, (ধূ+মক, কর্ত্তৃ) ধুঁয়া।

ধূমাবতী—বি, স্ত্রী (ধূম+তাচ্+বতু, ঈপ্) মহাবিদ্যা, দেবী বিশেষ।

ধূম্র—বি, পুং (ধূম্—রা+ড, কর্ত্তৃ) ধূমলবর্ণ—বিণ, ত্রি, ধূমজবর্ণ। বিণ, ত্রি, ধূমল বর্ণ যুক্ত।

ধূর্ত্ত—বিণ, ত্রি (ধুর্ব্ব+তন্, কর্ত্তৃ) শঠ, বঞ্চক।

ধূলি (লী)—বি, পুং স্ত্রী (ধূ+লিক, কর্ত্তৃ) রেণু, ধূলা।

ধূসর—বি, পুং (ধূ+সরক্, কর্ত্তৃ) ঈষৎ পাংশুবর্ণ। বিণ্, ত্রি, ধূসর-বর্ণ বিশিষ্ট।

ধৃত—বিণ, ত্রি, (ধৃ+ক্ত, কর্ম্ম) অবলম্বিত, গৃহীত।

ধৃতরাষ্ট্র—বি, পুং, পাণ্ডুরাজের জ্যেষ্ঠ ভ্রাতা, ইনি ব্যাস দেবের ঔরসে বিচিত্রবীর্য্যের ক্ষেত্রে জন্মগ্রহণ করেন।

ধৃতি—বি, স্ত্রী (ধৃ+ক্তি, ভাব) ধৈর্য্য, সন্তোষ, সুখ, উৎসাহ।

ধৃষ্ট—বিণ, ত্রি (ধৃষ+ক্ত, কর্ত্তৃ) প্রগল্ভ।

ধৃষ্টতা—বি, স্ত্রী (ধৃষ্ট+তা, ভাবার্থে) নির্লজ্জতা।

ধেনু—বি, স্ত্রী (ধে+নু, কর্ত্তৃ) সদাপ্রসূতা গো।

ধৈর্য্য—বি, ক্লী (ধীর+ষ্ণ্য, ভাবার্থে) ধীরতা।

ধৌত—বিণ, ত্রি (ধাব্+ক্ত, কর্ম্ম) ক্ষালিত, মার্জ্জিত, শাণিত।

ধ্যাত—বিণ, ত্রি, (ধ্যৈ+ক্ত, কর্ম্ম) চিন্তিত।

ধ্যান—বি, ক্লী (ধ্যৈ+অনট্, ভাব) চিন্তা, স্মৃতি।

ধ্রুব—বি, পুং (ধ্রু+অল্, কর্ত্তৃ) নিশ্চল নক্ষত্র বিশেষ, উত্তানপাদ রাজার পুত্র, ইনি সুনীতির গর্ভে জন্ম গ্রহণ করেন। বিমাতার

কঠোর বাক্যে প্রপাড়িত হইয়া, রাজসুখ পরিত্যাগপূর্ব্বক বহুবর্ষ তপস্যা করিয়া সিদ্ধিলাভ করতঃ স্বনাম খ্যাত ধ্রুবলোকে গমন করিয়াছেন।

ধ্রুবলোক—বি, পুং, ধ্রুবের বাস জন্য বিষ্ণু নির্ম্মিত স্বর্গ।

ধ্বংস—বি, পুং (ধ্বন্‌স্‌+অল্‌, ভাবে) নাশ, পতন।

ধ্বজ—বি, পুং, ক্লী (ধ্বজ্‌+অল্‌ কর্ত্তৃ) পতাকা। (স্ত্রী) (জা)

ধ্বন—বি, পুং (ধ্বন্‌+অল, ভাব) শব্দ।

ধ্বস্ত—বিণ, ত্রি (ধ্বন্‌স+ক্ত, কর্ম্ম) নষ্ট, পতিত।

ধ্বান্ত—বি, ক্লী (ধ্বন্‌+ক্ত, অধি) অন্ধকার।

ন

ন—ব্য (নী+ড, কর্ত্তৃ) নিষেধ, অভাব।

নকুল—বি, পুং, বেজী, শিব, ৪র্থ পাণ্ডব।

নক্ত—বি, (নজ্‌+তন্‌, কর্ত্তৃ) রাত্রি।

নক্র—বি, পুং (ন—ক্রম্‌+ড, কর্ত্তৃ

নক্ষত্র—বি, ক্লী (নক্ষ্‌+অত্রন্‌, কর্ত্তৃ) তারকা।

নখ—বি, পুং, ক্লী (ন+খ, কর্ত্তৃ) অঙ্গুলির অগ্রভাগস্থ উপাঙ্গ বিশেষ।

নখর—বি, পুং ক্লী (নখ—রা+ড, কর্ত্তৃ) নখ।

নগ—বি, পুং (ন—গম্‌+ড,কর্ত্তৃ) পর্ব্বত, বৃক্ষ।

নগজ—বিণ, ত্রি (নগ—জন্‌+ড, কর্ত্তৃ) পর্ব্বতজাত।

নগর—বি, ক্লী (নগ+র, অস্ত্যর্থে) সহর, নানাজাতি ও নানাশিল্প বাণিজ্যাদির স্থান।

নগর পাল—বি, পুং, নগররক্ষক চৌকিদার।

নগর বাসী—বিণ, ত্রি (নগর—বস্‌ +ণিন্‌ কর্ত্তৃ) যাহারা নগরে বাস করে।

নগ্ন—বিণ, ত্রি (নজ্ + ক্ত, কর্ত্তৃ) উলঙ্গ।

নজর—(যা) সম্মান ও ভক্তির সহিত যাহা দেওয়া যায়, দৃষ্টি।

নজীর—(যা) দৃষ্টান্ত।

নট—বি, পুং (নট্ + অন্, কর্ত্তৃ) নর্ত্তক স্ত্রী (টী)

নটবর—বিণ, ত্রি, নর্ত্তকদিগের মধ্যে শ্রেষ্ঠ। [প্রণত।

নত—বিণ, ত্রি (নম্ + ক্ত, কর্ত্তৃ)

নদ—বি, পুং (নদ্ + অন্, কর্ত্তৃ) ব্রহ্মপুত্র, সিন্ধু ইত্যাদি পুং বাচক জল প্রবাহ।

নদীমাতৃক—বিণ, ত্রি, যে দেশে নদীর জলে শস্যাদি জন্মে।

ননদ, ননদিনী—বি, স্ত্রী, স্বামীর ভগিনী।

নন্দন—বি, পুং (নন্দ্ + ণিচ + অন্, কর্ত্তৃ) পুত্র। ক্লী ইন্দ্রোদ্যান। (ত্রি) আনন্দজনক।

নন্দিত—বিণ, ত্রি (নন্দ্ + ণিচ + ক্ত, কর্ম্ম) আনন্দিত, তোষিত।

নন্দিনী—বি, স্ত্রী (নন্দ + ণিচ + ণিন্, কর্ত্তৃ, ঈপ) কন্যা, বশিষ্ঠের ধেনু।

নপুংসক—বি, পুং, ক্লী, ক্লীব, খোজা।

নপ্তা—বি, পুং (ন—পত্ + তৃন, কর্ত্তৃ) পুত্র বা কন্যার পুত্র। (স্ত্রী) প্ত্রী।

নভ—বি, পুং (নভ্ + অন্, কর্ত্তৃ) শ্রাবণ মাস। ক্লী, আকাশ।

নভঃ—বি, ক্লী (নভ্ + অস্, কর্ত্তৃ) আকাশ। পুং, শ্রাবণ মাস।

নভোমণি—বি, পুং, সূর্য্য।

নমন—বি, ক্লী (নম্ + অনট্, ভাব) নত হওন।

নমনীয়—বিণ, ত্রি (নম্ + অনীয়, কর্ম্ম) নমনের যোগ্য।

নমঃ—ব্য (নম্ + অস্, কর্ত্তৃ) নমস্কার।

নমস্কার—বি, পুং (নমস্—কৃ + ঘঞ্, ভাব) প্রণাম।

নমস্য—বিণ, ত্রি (নমস্ + য, কর্ম্ম) পূজনীয়।

নম্রিত—বিণ, ত্রি (নম+ণিচ্+ক্ত, কর্ম্ম) বক্রীকৃত।

নম্র—বিণ, ত্রি (নম্+র, কর্ত্তৃ) নত, প্রণত।

নম্রতা—বি, স্ত্রী (নম্র+তা, ভাবার্থে) বিনয়।

নয়—বি, পুং (নী+অল্, ভাব) নীতি।

নয়ন—বি, ক্লী (নী+অনট্, করণ) নেত্র।

নয়বিদ্—বিণ. (নয়—বিদ্+ক্বিপ্. কর্ত্তৃ) নীতিশাস্ত্রজ্ঞ।

নর—বি, পুং (নৃ+অন্, কর্ত্তৃ) মনুষ্য, অর্জ্জুন, বিষ্ণু।

নরক—বি, পুং (নৃ+অক্, অধি) দুঃখ ভোগ স্থান।

নরকান্তক—বি, পুং বিষ্ণু।

নরনারায়ণ—বি, পুং কৃষ্ণার্জ্জুন।

নরপতি—বি, পুং, রাজা, ভূপতি।

নরসিংহ—বি, বিষ্ণুর চতুর্থ অবতার, এই অবতারে বিষ্ণু অর্দ্ধ সিংহ ও অপরার্দ্ধ মনুষ্য মূর্ত্তিতে বহির্গত হইয়া হিরণ্যকশিপুনামক দৈত্যকে বিনাশ করেন।

নরাধম—বিণ, ত্রি, যার স্বভাব অতিশয় মন্দ।

নরোত্তম—বি, পুং, পুরুষোত্তম, নারায়ণ, রাজা।

নর্ত্তক—বিণ, ত্রি, (নৃত+ষক্, কর্ত্তৃ) নৃত্যকারক।

নর্ত্তন (নৃত্+অনট, ভাব) নাচ।

নর্দ্দমা (দে) পয়োনালা।

নলিন—বি, ক্লী (নল+ইন কর্ত্তৃ) পদ্ম।

[নূতন।

নব—বিণ, ত্রি, (নু+অল্, কর্ম্ম)

নবগ্রহ—বি, পুং, সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু, কেতু এই নয়টী।

নবরত্ন—বি, ক্লী, মণি মাণিক্যাদি নয় প্রকার রত্ন। কালিদাস, ধন্বন্তরি, ক্ষপণক, অমরসিংহ, শঙ্কু, বেতালভট্ট, বররুচি, ঘটকর্পর ও বরাহ মিহির এই নয়জন বিক্রমাদিত্যের সভা পণ্ডিত।

নবরস—বি, পুং, আদি, করুণ অদ্ভুত, হাস্য, ভয়ানক, বীভৎস রৌদ্র, বীর ও শান্ত এই নয়টী কাব্যগত ধর্ম্ম।

নবীন—বিণ, ত্রি (নব+ঈন্ ভাবার্থে) নূতন, তরুণ।

নবোঢ়া—বি, স্ত্রী, নূতন বিবাহিতা

নব্য—বিণ, ত্রি (নু+য, কর্ম্ম) নূতন।

নশ্বর—বিণ, ত্রি) নশ্+ক্ব্র্প, কর্ত্তৃ) নাশশীল, অনিত্য।

নষ্ট—বিণ, ত্রি (নশ্+ক্ত, কর্ত্তৃ) ধ্বস্ত, তিরোহিত, দুষ্ট।

নষ্টমতি— যিণ, ত্রি, কুস্বভাব।

নস্য—বিণ, ত্রি (নস্+য, হিতার্থে) নাসিকার হিত জনক চূর্ণ বিশেষ।

নহুষ—বি, পুং (নহ+উষন্ কর্ত্তৃ) যযাতির পিতা, ইনি ইন্দ্রত্ব লাভ করিয়া ছিলেন।

নাক—বি, পুং স্বর্গ, আকাশ।

নাগ—বি, পুং, সর্প, হস্তী।

নাগাধিপ—বি, পুং অনন্ত ঐরাবত।

নাজীর—(দে) আদালতের কর্ম্মচারী।

নাটক—বি, ক্লী (নট+ণক, কর্ত্তৃ) দৃশ্য কাব্য।

নাট্য—বি, ক্লী (নট+ষ্ণ্য, ইদমর্থে) নৃত্য, গীত, বাদ্য এই তিনটী।

নাথ—বি, পুং (নাথ+অল্, অপা) প্রভু, স্বামী।

নাদ—বি, পুং (নদ্ +ঘঞ, ভাব) ধ্বনি।

নান্দী—বি, স্ত্রী (নন্দ+ঞি+ই, কর্ত্তৃ, ঈপ) সমৃদ্ধি, নাটকাদির আদিস্থ মঙ্গলাচরণ।

নান্দীমুখ— বিণ, ত্রি, বৃদ্ধিশ্রাদ্ধ ভোক্তা মাতা পিতৃগণ। বি, পুং বিবাহ বা শুভ কর্ম্মের পূর্ব্বে করণীয় শ্রাদ্ধ বিশেষ।

নাপিত—বি, পুং (ন—আপ্+ক্ত, কর্ত্তৃ) ক্ষৌরকার জাতি।

ন্াভি—বি, পুং (নহ+ইঞ, কর্ম্ম) প্রধান, ক্ষত্রিয়, সম্রাট্।

নাম—ব্য (নম্+ঘঞ্, করণ) সম্ভাবনা, বিতর্ক, নিশ্চয়, বিস্ময়, প্রসিদ্ধি।

নাম করণ—বি, ক্লী (নাম—কৃ +অনট্, ভাব,) বিধি পূর্ব্বক সন্তানের প্রথম নাম রাখা।

নায়ক—বি, পুং (নী+ণক্, কর্ত্তৃ) গ্রন্থের প্রধান বর্ণনীয় পুরুষ। বিণ, ত্রি, নেতা, শ্রেষ্ঠ।

নারদ—বি, পুং (নার—দা+ড, কর্ত্তৃ) দেবর্ষি বিশেষ।

নারাচ—বি, পুং (নার—আ—চম্ +ড, কর্ত্তৃ) লৌহময় বাণ।

নারায়ণ—বি, পুং, বিষ্ণু।

নাবিক—বি, পুং (নৌ+ষ্ণিক্) নৌকা চালক, কর্ণধার।

নাব্য—বিণ, ত্রি (নৌ+ষ্ণ্য) নৌকা দ্বারা উত্তরণ যোগ্য, নৌকায় করিয়া যাতায়াতের বা বাণিজ্য দ্রব্যাদি বহনের উপযুক্ত।

নাশ—বি, পুং (নশ+ঘঞ্, ভাব) ধ্বংস, পলায়ন, অদর্শন।

নাশক—বিণ, ত্রি (নশ্+ণি+ণক, কর্ত্তৃ) নাশকারী।

নাসা—বি, স্ত্রী (নাস+অন্, কর্ত্তৃ, আপ) নাসিকা, নাক।

নাস্তি—ব্য, নাই, অবিদ্যমানতা।

নাস্তিক—বিণ, ত্রি (নাস্তি+কন্) ঈশ্বরের অস্তিত্ব বা পরলোকে অবিশ্বাস কারী।

নাস্তিকতা—বি, স্ত্রী (নাস্তিক+তা, ভাবার্থে) ঈশ্বর আছে বলিয়া স্বীকার নাকরা।

নিঃশঙ্ক—বিণ, ত্রি, নির্ভয়।

নিঃশেষ—বিণ, ত্রি, শেষ রহিত।

নিঃসঙ্গ—বিণ, ত্রি, সম্পর্কশূন্য, বিষয়ানু রাগ রহিত।

নিঃসরণ—বি,ক্লী (নিঃ—সৃ+অনট্, ভাবী, (নির্গম, গালিয়া পড়ন।

নিস্পৃহ—বিণ, ত্রি, বাসনা শূন্য, অনিচ্ছুক।

নিঃস্ব—বিণ, ত্রি, নির্ধন, দরিদ্র।

নিকট—বিণ, ত্রি (নি+কট+অন্, কর্ত্তৃ) সমীপ।

নিকটবর্ত্তী—বিণ, ত্রি, (নিকট—বৃৎ+ণিন্, কর্ত্তৃ) সমীপবর্ত্তী, যে নিকটে আছে।

নিকর—বি, পুং (নি - কৃ + অন্, কর্ম্ম) সমূহ।

নিকষ—বি, পুং (নি—কষ্, কস্ +অল্ ; কর্ম্ম) কষ্টিপাথর, শান।

নিকষা—বি, স্ত্রা (স্ত্রী) ব', রাবণের মাতা (ব্য)—নিকটে।

নিকুঞ্জ—বি, পুং, ক্লী, কুঞ্জ,লতা গৃহ।

নিকুম্ভিলা—বি, স্ত্রী (নিকুম্ভ+ইল্ অস্ত্যর্থে+আপ্) লঙ্কাস্থ গুহা বিশেষ।

নিকৃষ্ট—বিণ, ত্রি (নি—কৃষ্+ক্ত, কর্ম্ম) অপকৃষ্ট, খারাপ, নীচ।

নিকেতন—বি, ক্লী (নি+কিত্+অনট্, ভাব) আলয়, গৃহ।

নিক্ষিপ্ত—বিণ, ত্রি (নি—ক্ষিপ্+ক্ত, কর্ম্ম) যাহা ফেলিয়া দেওয়া গিয়াছে, পরিত্যক্ত।

নিক্ষেপ—বি, পুং (নি—ক্ষিপ্+অল্, ভাব) ত্যাগ, অর্পণ।

নিখিল—বিণ, ত্রি (নি—খ—লা+ড, কর্ত্ত) সমস্ত, সমগ্র, সম্পূর্ণ।

নিগড়—বি, পুং ক্লী (নি—গড়+অন্, কর্ত্তৃ) শৃঙ্খল, শিকল।

নিগড়িত—বিণ, ত্রি (নিগড়+ইত অস্ত্যর্থে) যাহার পা শৃঙ্খল দিয়া বাঁধা হইয়াছে।

নিগম—বি, পুং (নি—গম্+অল্, কর্ম্ম) বেদাদি শাস্ত্র। (অধি) পথ।

নিগূঢ়—বিণ, ত্রি (নি—গুহ্+ক্ত, কর্ম্ম) গুপ্ত, অপ্রকাশিত, আচ্ছাদিত।

নিগৃহীত—বিণ, ত্রি (নি—গ্রহ+ক্ত, কর্ম্ম) দণ্ডিত, পীড়িত, লাঞ্ছিত।

নিগ্রহ—বি, পুং (নি—গ্রহ+অল, ভাবী) বিড়ম্বনা, শাসন।

নিচয়—বি, পুং (নি—চি+অল্, ভাব) সমূহ।

নিজজোত—(যা) প্রজা যে জমি নিজ ব্যবহারের জন্য চাষ করে।

নিড়ন, নিড়ান (দে) তৃণ উঠান।

নিড়ানী—(দে) নিড়াইবার যন্ত্র

নিতম্ব বি, পুং (নি—তম্+ব, কর্ম্ম) স্ত্রীলোকের কটির পশ্চাদ্ভাগ, পর্ব্বতের পার্শ্বদেশ।

নিত্য—বিণ, ত্রি (নি+ত্য, ভবার্থে) সতত, অহরহঃ, চিরস্থায়ী, অবিনশ্বর।

নিদর্শন—বি, ক্লী (নি—দৃশ+অনট্, ভাব) উদাহরণ, দৃষ্টান্ত।

নিদাঘ—বি, পুং (নি—দহ+ঘঞ্, অধি) গ্রীষ্মকাল, (করণ) উষ্ম।

নিদান—বি, ক্লী (নি—দা+অনট্ করণ) রোগ নির্ণয়াক গ্রন্থ।

নিদেশ—বি, পুং (নি—দিশ্+অল্, ভাব) আজ্ঞা, উক্তি।

নিদ্রা—বি, স্ত্রী (নি—দ্রা+ঙ, ভাব) ঘুম, নিমীলন, আলস্য।

নিদ্রিত—বিণ, ত্রি (নিদ্রা+ইত যুক্তার্থে) সুপ্ত।

নিধন—বি, পুং, ক্লী (নি—ধন+অল্, ভাব) মৃত্যু, নাশ।

নিধান—বি, ক্লী, (নি—ধ+অনট্, অধি) আধার। (ভাব) স্থাপন, অর্পণ।

নিধি—বি, পুং (নি—ধা+কি, কর্ম্ম) অস্বামিক ধন, কুবেরের সম্পত্তি বিশেষ। (অধি) সমুদ্র, আধার।

নিন্দক—বিণ, ত্রি (নিন্দ্+ণক, কর্ত্তৃ) দূষক।

নিন্দ্য—বিণ, ত্রি (নিন্দ্+য, কর্ম্ম) অপ্রশংসনীয়, দূষণীয়।

নিন্দা—বি, স্ত্রী (নিন্দ+অ, ভাব+আপ) কুৎসা, অপবাদ।

নিন্দিত—বিণ, ত্রি (নিন্দ্+ক্ত, কর্ম্ম) গর্হিত, দূষিত।

নিপাতত— , ত্রি (নি—পত্+ক্ত, কর্ত্তৃ) সম্যক পতিত।

নিপান—বি, (নি—পা+অনট্, অধি) পশুপক্ষী ইত্যাদির জল পানের সুবিধার জন্য কূপ সমীপে নির্ম্মিত জলাশয়।

নিপাড়ন—বি, ক্লী (নি—পীড়্+ অনট্, ভাব) উৎপীড়ন, ক্লেশ প্রদান।

নিপীড়িত—বিণ, ত্রি (নি—পীড়্ +ক্ত, কর্ম্ম) নিষ্পীড়িত, মর্দ্দিত।

নিপুণ—বিণ, ত্রি (নি—পুণ্+ক, কর্ত্তৃ) দক্ষ।

নিবদ্ধ—বিণ, ত্রি (নি—বন্ধ+ক্ত, কর্ম্ম) নিবেশিত, গ্রথিত।

নিবন্ধন—বি, ক্লী (নি—বন্ধ+ অনট্, কর্ত্তৃ) হেতু, কারণ।

নিভ—বিণ, ত্রি (নি—ভা+ড, কর্ত্তৃ) সদৃশ।

নিভৃত—বিণ, ত্রি (নি—ভৃ+ক্ত, কর্ত্তৃ) নিশ্চল, নির্জ্জন।

নিমজ্জন—বি, ক্লী (নি—মস্জ্+ অনট্, ভাব) মগ্ন হওয়া, অব-গাহন, মধ্যে প্রবেশ।

নিমন্ত্রন—বি, ক্লী (নি—মন্ত্র্+ অনট্, ভাব) ভোজনার্থ আহ্বান।

নিমিত্ত—বি, ক্লী (নি—মি+ক্ত, করণ) কারণ, হেতু।

নিমীলিত—বিণ, ত্রি (নি—মীল্ +ক্ত, কর্ম্ম) মুদ্রিত, সঙ্কুচিত।

নিম্ন—বিণ, ত্রি (নি—ম্না+ড, কর্ত্তৃ) নীচ, অধঃ, গভীর।

নিম্নগ—বিণ, ত্রি (নিম্ন—গম্+ড কর্ত্তৃ) অধোগামী।

নিয়ত—বিণ, ত্রি (নি—যম্+ক্ত, কর্ত্তৃ) বশীকৃত, অবশ্যম্ভাবী, অবিশ্রান্ত।

নিয়তি—বি, স্ত্রী (নি—যম্+ক্তি ভাব) ভাগ্য, অদৃষ্ট।

নিয়ন্তা—বিণ, ত্রি (নি—যম+তৃন্, কর্ত্তৃ) নিয়ম কর্ত্তা, শাশন কর্ত্তা।

নিয়ন্ত্রিত—বিণ, ত্রি (নি+যন্ত্র্+ক্ত, কর্ত্তৃ) দমিত, নিবারিত।

নিয়ম—বি, পুং (নি—যম্+অল্ ভাব) বিধি, ব্যবস্থা, রীতি, ব্রত উপবাসাদি।

নিয়মন—বি, ক্লী (নি—যম্+ অনট, ভাব) দমন, ব্যবস্থাপন।

নিয়ামক—বিণ, ত্রি (নি—যম+ ণিচ্+ণক, কর্ত্তৃ) নিয়ন্তা, ব্যবস্থা-পক, শাসন কর্ত্তা।

নিযুক্ত—বিণ, ত্রি (নি—যুজ্+ক্ত, কর্ম্ম) ব্যাপৃত, অধিকৃত।

নিয়োগ—বি, পুং (নি—যুজ্+ ঘঞ্, ভাব) আজ্ঞা, ভারার্পণ, নিযুক্ত করা। [নিশ্চয়, নিষেধ।

নির্—ব্য (নৄ+ক্বিপ্, কর্ত্তৃ)

নিরঙ্কুশ—বিণ, ত্রি, অনিবার্য্য, যথেচ্ছাচারী।

নিরঞ্জন—বি, ক্লী, (নির্+অঞ্জ্+ অনট্, ভাব) নির্ম্মল।

নিরত—বিণ, ত্রি (নি—রম্+ক্ত, কর্ত্তৃ) আসক্ত, ব্যাপৃত।

নিরন্তর—বিণ, ত্রি, অবিরত, ঘন।

নিরপেক্ষ—বিণ, ত্রি,অপেক্ষা রহিত, স্বতন্ত্র।

নিরর্থক—বিণ, ত্রি (নির্—অর্থ +কণ) ব্যর্থ, নিষ্প্রয়োজন।

নিরবগ্রহ—বিণ, ত্রি, স্বতন্ত্র, নিষ্প্রতি বন্ধক।

নিরবচ্ছিন্ন—বিণ, ত্রি (নির—অব —ছিদ্+ক্ত, কর্ম্ম) নিরন্তর।

নিরবদ্য—বিণ, ত্রি, (নির—নঞ্—বদ্+য, কর্ম্ম) নির্দ্দোষ, উৎকৃষ্ট।

নিরবলম্বন, (ম্বন)—বি, পুং, ক্লী, নিরাশ্রয়, অসহায়।

নিরস্ত—বিণ, ত্রি (নির—অস+ ক্ত, কর্ম্ম) নিক্ষিপ্ত, পরিত্যক্ত, নিরাকৃত।

নিরাকরণ—বি, ক্লী (নির—আ— কৃ+অনট্ ভাব) নিবারণ, প্রত্যাখ্যান, অবধারণ।

নিরাকরিষ্ণু—বিণ, ত্রি (নির – আ— কৃ+ইষ্ণু,কর্ত্তৃ) প্রত্যাখ্যান কারী।

নিরাকৃত—বিণ, ত্রি (নির—আ— কৃ+ক্ত, কর্ম্ম) নিবারিত, প্রত্যাখ্যাত।

নিরালম্ব—বি, পুং নিরাশ্রয়।

নিরালা—(দে) গুপ্ত, নিভৃত।

নিরাশ—বিণ, ত্রি, আশা রহিত।

নিরাশ্রয়—বিণ, ত্রি, অসহায়, অশরণ।

নিরীক্ষণ—বি, ক্লী (নির—ইক্ষ্ + অমট্, ভাব) দর্শন।

নিরীক্ষিত—বিণ, ত্রি (নির—ইক্ষ্ + ক্ত, কর্ম্ম) দৃষ্ট।

নিরীহ—বিণ, ত্রি, নিশ্চেষ্ট, নিস্পৃহ।

নিরুক্ত—বি, ক্লী, বেদাঙ্গ গ্রন্থ বিশেষ।

নিরুত্তর-বিণ, ত্রি, যাহার উত্তর দিবার ক্ষমতা নাই;

নিরুৎসাহ—বি, পুং, উৎসাহ শূন্য।

নিরুদ্ধ—বিণ, ত্রি, (নি—রুধ্ + ক্ত, কর্ম্ম) নিবারিত, প্রীতিবদ্ধ।

নিরুপদ্রব—বিণ, ত্রি, উৎপাত শূন্য।

নিরুপম্—বিণ, ক্রি। তুলনা রহিত।

নিরেট—বিণ্, ছিদ্র শূন্য।

নিরোধ—বি, পুং (নি—রুধ্ + অল্ ভাব) প্রতিরোধ, নিগ্রহ।

নির্গত—বিণ, ত্রি (নির্—গম্ + ক্ত, কর্ত্তৃ) বহির্গত, নিসৃত।

নির্গুণ—বিণ, ত্রি, গুণহীন, সত্ত্ব, রজঃ, তমোগুণহীন পরমাত্মা।

নির্ঘণ্ট—বি, পুং (নির্—ঘণ্ট্ + অল্, করণ) অনুক্রমণিকা,গ্রন্থের সূচীপত্র।

নির্ঘাত—বি, পুং (নির্—হন্ + ঘঞ্, ভাব) প্রবল বায়ুর পরস্পর আঘাত জনিত শব্দ।

নির্ঘৃণ—বিণ, ত্রি, নির্দ্দয়, নির্লজ্জ।

নির্ঘোষ—বি, পুং, (নির্—ঘুষ্ + অল্, কর্ম্ম) ধ্বনি কারক।

নির্জ্জন—বিন, ত্রি, জনশূন্য, নিভৃত।

নির্জর—বি, পুং, দেবতা। বিণ, ত্রি, জরাশূন্য।

নির্ঝর—বি, পুং, (নির্—ঝৃ + অল্, করণ) ঝরণা, জল প্রবাহ।

নির্ঝরিণী—বি, স্ত্রী (নির্ঝর + ইন্, অস্ত্যর্থে) নদী।

নির্ণয়—বি, পুং (নির্—নী + অল্, ভাব) নিশ্চয়, অবধারণ।

নির্ণীত—বিণ, ত্রি (নির্—নী + ক্ত, কর্ম্ম) অবধারিত।

নির্ণেয়—বিণ, ত্রি (নির্—নী + য, কর্ম্ম) নির্ণয় করিবার যোগ্য।

নির্দ্দয়—বিণ, ত্রি, নিষ্ঠুর।

নির্দ্দিষ্ট—বিণ, ত্রি (নির্—দিশ্+ক্ত, কর্ম্ম) নির্দ্ধারিত, উল্লিখিত, প্রদর্শিত।

নির্দ্দেশ—বি, পুং (নির্—দিশ্+অল্, ভাব) আদেশ, উল্লেখ, বর্ণন।

নির্দ্ধারণ—বি, ক্লী (নির্—ধৃ+ণিচ্+অনট্, ভাব) নির্ণয়, স্থিতি করণ।

নির্দ্ধারিত—বিণ, ত্রি (নির্—ধৃ+ণিচ্+ক্ত, কর্ম্ম) নিশ্চিত।

নির্দ্বন্দ্ব—বিণ, ত্রি, শীতোষ্ণাদি বা রাগ দ্বেষাদি রহিত।

নির্বন্ধ—বি, পুং (নির্—বন্ধ্+অল্, ভাব) অতিশয় যত্ন, আগ্রহ অভিনিবেশ।

নির্বাধ—বিণ, ত্রি, বাধারহিত, প্রতিবন্ধকতা শূন্য।

নির্ভর—বি, পুং (নির্—ভৃ+অল্, ভাব,) আশ্রয়।

নির্ম্মল—বিণ, ত্রি, ময়লা শূন্য, শুদ্ধ।

নির্ম্মাণ—বি, ক্লী, (নির্—মা+অনট্, ভাব) রচনা, প্রস্তুত করণ।

নির্ম্মাল্য—বি, ক্লী, দেবনিবেদিত পুষ্পাদি।

নির্ম্মুক্ত—বিণ, ত্রি (নির্—মুচ্+ক্ত, কর্ত্তৃ) বন্ধনমুক্ত, যে উদ্ধার পাইয়াছে। বি, পুং নির্ম্মোকহীন সর্প।

নির্যাতন—বি, ক্লী (নির্—যত্+ণিচ্+অনট্, ভাব) প্রতি হিংসা, নিগ্রহ, বধ।

নির্যাস—বি, পুং (নির—যস্+ঘঞ্, ভাব) নিস্যন্দ, আঠা, ক্বাথ।

নির্লজ্জ—বিণ, ত্রি, লজ্জাহীন।

নির্লিপ্ত—বিণ, ত্রি, (নির্—লিপ্+ক্ত, কর্ত্তৃ) যে কোন বিষয়ে লিপ্ত নহে, সম্বন্ধ শূন্য।

নির্ব্বন্ধ—বি, পুং (নির্—বন্ধ্+অল্, ভাব) আগ্রহ, অতি যত্ন, জেদ।

নির্ব্বাচন—বি, ক্লী (নির্—বচ্+ ণিচ্+অনট্, ভাব) নির্দ্ধারণ, স্থিরকরণ।

নির্ব্বাণ—বি, ক্লী (নির্—বা+ক্ত, ভাব) মুক্তি, নাশ। বিণ, ত্রি শান্ত, বিশ্রান্ত।

নির্ব্বাত—বিণ, ত্রি, (নির্—বা+ক্ত, কর্ত্তৃ) বায়ুশূন্য, স্থির।

নির্ব্বাসন—বি, ক্লী (নির—বস্+ ণিচ্+অনট্, ভাব) অপরাধ হেতু দেশ হইতে নিষ্কাশন, দূরী করণ।

নির্ব্বাসিত—বিণ, ত্রি (নির্—বস্, ণিচ্+ক্ত, কর্ম্ম) দেশ হইতে তাড়িত।

নির্ব্বাহ—বি, পুং (নির্—বহ+ ঘঞ্, ভাব) সম্পাদন, সমাপ্তি।

নির্ব্বিকার—বিণ, ত্রি, বিকারহীন।

নির্ব্বেদ—বি, পুং (নির্—বিদ্+ অল্, ভাব) বৈরাগ্য, আপনাকে ধিক্কার দেওয়া, অনুতাপ।

নির্ব্যূঢ়—বিণ, ত্রি (নির্—বি—বহ্ +ক্ত, কর্ম্ম) প্রমাণ দ্বারা নির্ণীত, স্থিরীকৃত।

নির্হ্রাদ—বি, পুং (নির্—হ্রাদ্+ অল্, ভাব) শব্দ।

নিলয়—বি, পুং (নি—লী+অল্, ভাব) বাসস্থান, আলয়।

নিলীন—বিণ, ত্রি (নি—লী+ক্ত, কর্ত্তৃ) লগ্ন, বেষ্টিত।

নিবন্ধন—বি, ক্লী (নি—বন্ধ্+ অনট্, ভাব) হেতু, জন্য।

নিবর্ত্তন—বি, ক্লী (নি—বৃৎ+ অনট্, ভাব) দমন, ফিরাইয়া আনা।

নিবহ—বি, পুং (নি—বহ্+অল্, ভাব) সমূহ, সকল।

নিবাপ—বি, পুং (নি—বপ্+ ঘঞ্, ভাব) পিতৃ লোকের উদ্দেশ্যে দান, শ্রাদ্ধ তর্পণাদি।

নিবারণ—বি, ক্লী (নি—বৃ+ণিচ্ +অনট্, ভাব) নিষেধ, মানা।

নিবাস—বি, পুং (নি—বস্+ঘঞ্, ভাব) বাসস্থান, আধার।

নিবিড়—বিণ, ত্রি (নি—বিড়+ক, কর্ত্তৃ) দৃঢ়, পুরু, গহন।

নিবিষ্ট—বিণ, ত্রি (নি—বিশ্+ক্ত, কর্ত্তৃ) প্রবিষ্ট, প্রাপ্ত।

নিবৃত্তি—বি, স্ত্রী (নি—বৃৎ+ক্তি ভাব) বিরক্তি, বিশ্রাম।

নিবেদন—বি, ক্লী (নি—বিদ্+অনট্, ভাব) বর্ণন, সমর্পণ।

নিবেশ—বি, পুং (নি—বিশ্+অল্, অধি) শিবির, স্থান, প্রবেশ।

নিশা—বি, স্ত্রী (নি—শো+ক, কর্ত্তৃ+আপ্) রাত্রি।

নিশান—(যা) পতাকা।

নিশাপতি—বি, পুং (নিশা—পা+ডতি, কর্ত্তৃ) চন্দ্র।

নিশিত—বিণ, ত্রি (নি—শো+ক্ত, কর্ম্ম) শাণিত, তীক্ষ্ণীকৃত।

নিশীথ—বি, পুং (নি—শী+থক অধি) অর্দ্ধ রাত্রি।

নিশ্চয়—বি, পুং (নির—চি+অল্, ভাব) নির্ণয়। বিণ, ত্রি স্থির।

নিশ্চল—বিণ, ত্রি (নির—চল্+অন্, কর্ত্তৃ) স্থির।

নিশ্চিন্ত—বিণ, ত্রি, চিন্তাশূন্য।

নিশ্চেষ্ট—বিণ, ত্রি, চেষ্টা রহিত, গতিশক্তি হীন।

নিশ্চেষ্টতা—বি, স্ত্রী, যে গুণ বশতঃ আপনা হইতে চলিতে পারেনা, একবার চালিত হইলে আপনা হইতে স্থির হইতে পারেনা।

নিশ্বাস—বি, পুং (নি—শ্বস্+ঘঞ্, ভাব) নাসিকা দ্বারা বায়ু গ্রহণ।

নিষঙ্গ—বি, পুং (নি—সন্জ্+ঘঞ্, অধি) তূণীর।

নিষণ্ণ—বিণ, ত্রি (নি—সদ্+ক্ত, কর্ত্তৃ) উপবিষ্ট, শায়িত, স্থিত।

নিষা(শা)দ—বি, পুং (নি—সদ্, শদ+ঘঞ্, ভাব) চণ্ডাল, ধীবর।

নিষিদ্ধ—বিণ, ত্রি (নি—সিধ্+ক্ত, কর্ম্ম) নিবারিত, যাহা মানা করা হইয়াছে।

নিষেধ—বি, পুং (নি—সিধ+অল্ ভাব) নিবারণ, মানা।

নিষ্কণ্টক—বিণ, ত্রি, কণ্টক শূন্য, শত্রু শূন্য।

নিষ্কাশি (সি) ত—বিণ, ত্রি (নির—কশ, কস্+ক্ত, কর্ম্ম) নিঃসারিত, দূরীকৃত, বহিষ্কৃত।

নিষ্কৃতি—বি, স্ত্রী (নির্—কৃ+ক্তি ভাব) নিস্তার, মুক্তি।

নিষ্ক্রমণ—বি, ক্লী (নির - ক্রম্+অনট্, ভাব) বহির্গমন।

নিষ্ক্রয়—বি, পুং (নির্—ক্রী+অল্, ভাব) বিনিময়, মূল্য, ভাড়া।

নিষ্ক্রান্ত—বিণ, ত্রি (নির্—ক্রম্+ক্ত, কর্ত্তৃ) নির্গত।

নিষ্ক্রিয়—বিণ, ত্রি, কার্য্যশূন্য, অলস।

নিষ্ঠা—বি, স্ত্রী (নি—স্থা+ঙ, ভাব) দৃঢ়তা, ভক্তি, শ্রদ্ধা, ব্যবস্থা।

নিষ্ঠীবন—বি, ক্লী (নি—ষ্ঠীব+অনট্, ভাব) থুথুফেলা।

নিষ্ঠুর—বিণ, ত্রি (নি—স্থা+ডুর কর্ত্তৃ) ক্রূর, নির্দ্দয়, কঠিন।

নিষ্ঠুরতা—বি, স্ত্রী (নিষ্ঠুর+তা, ভাবার্থে) নির্দ্দয়তা।

নিষ্পত্তি—বি, স্ত্রী (নির—পদ্+ক্তি, ভাব) সমাপ্তি, মীমাংসা।

নিষ্পন্ন—বিণ, ত্রি (নির—পদ্+ক্ত কর্ত্তৃ) সমাপ্ত।

নিষ্পাদন—বি, ক্লী (নির—পদ্+ণিচ্+অনট্, ভাব) সম্পাদন।

নিষ্পীড়ন—বি, ক্লী (নির—পীড়্+অনট্, ভাব) নিপীডন নিংড়ন।

নিষ্পেষ—বি, পুং (নির্—পিষ্+অল্, ভাব) মর্দ্দন, ঘর্ষণ।

নিষ্প্রতিভ—বিণ, ত্রি, প্রতিভাশূন্য।

নিষ্প্রয়োজন—বি, ক্লী (নির্—প্র যুজ্+অনট্, ভাব) অকারণ, নিরর্থক। [রহিত।

নিষ্ফল—বিণ, ত্রি, ফলশূন্য, ফল

নিসর্গ—বি, পুং (নি—সৃজ্+ঘঞ্, ভাব) স্বভাব, সৃষ্টি।

নিস্থদন—বি, ক্লী (নিং সূদ্+অনট্), ভাব। নাশন, বধ। বিণ, ত্রি. বধকারী।

নিস্তব্ধ—বিণ, ত্রি (নি—স্তন্‌ভ্+ ক্ত, কর্ত্তৃ) নীরব, স্থির।

নিস্তার—বি, পুং (ণি—তৄ+ঘঞ্ ভাব) উদ্ধার, মুক্তি।

নিস্ত্রিংশ—বি, পুং, ত্রিশৎ অঙ্গুলির অধিক পরিমাণ অস্ত্র, খড়্গ, নির্দ্দয়; ক্রূর।

নিস্পন্দ—বিণ, ত্রি (নির—স্পন্দ্ +অন, কর্ত্তৃ) যাহা নড়িতে চড়িতে পারেনা। [কাঙ্ক্ষ।

নিস্পৃহ—বিণ, ত্রি, স্পৃহাশূন্য, নিরা-

নিস্রব—বি, পুং (নি—স্রু+অল্, ভাব) ক্ষরণ, গলন।

নিস্বন—বি, পুং (নি—স্বন্+অল্, ভাব্) শব্দ, রব।

নিহত—বিণ, ত্রি (নি হন্+ক্ত,কর্ম্ম) বিনাশিত।

নিহন্তা—বিণ, ত্রি (নি—হন্+, তৃন্, কর্ত্তৃ) হননকর্ত্তা, ঘাতক।

নিহিত—বিণ, ত্রি (নি—ধা+ক্ত, কর্ম্ম) নিক্ষিপ্ত, স্থাপিত, দত্ত, গুপ্ত।

নিহ্নব—বি, পুং (নি—হ্নু+অল্, ভাব) অপহ্নব, অপলাপ।

নীচ—বিণ, ত্রি (ন—ঈ - চি+ড, কর্ত্তৃ) নিম্ন, বামন, ক্ষুদ্র, অপকৃষ্ট।

নীড়—বি, পুং ক্লী (নি—ইল+ক, অধি) কুলায়।

নীত—বিণ, ত্রি (নী+ক্ত, কর্ম্ম) যাপিত, প্রাপিত, অতিবাহিত।

নীতি—বি, স্ত্রী (নী+ক্তি, করণ) শুক্রাচার্য্যাদি প্রণীতশাস্ত্র, রীতি, নিয়ম।

নীতিজ্ঞ—বিণ, ত্রি (নীতি—জ্ঞা+ ড, কর্ত্তৃ) নীতি শাস্ত্র বেত্তা।

নীপ—বি, পুং (নী+পক, করণ) কদম্ব বৃক্ষ [জল, রস।

নীর—বি, ক্লী (নী+রক, কর্ত্তৃ)

নীরজ—বিণ, ত্রি (নীর—জন্+ড, কর্ত্তৃ) জল জাত, বি, ক্লী, পদ্ম বি, পুং উদ্‌বিড়াল।

নীরদ—বি,পুং (নীর—দা+ড, কর্ত্তৃ) মেঘ।

নীরধি—বি, পুং (নীর—ধা+কি, অধি) সমুদ্র।

নীল—বি, পুং (নীল্+ক, করণ) বর্ণ বিশেষ।

নীলকণ্ঠ—বি, পুং, শিব, ময়ুর, খঞ্জন পাখী।

নীলকান্ত, নীলমণি— বি, পুং, ইন্দ্রনীল মণি।

নীলাভ—বিণ, ত্রি, নীলবর্ণ।

নীলিমা—বি, পুং (নীল+ইমন্ অস্ত্যর্থে) নীলত্ব, শ্যামত্ব।

নীবার—বি, পুং (নি—বৃ+ঘঞ্, কর্ম্ম) উড়িধান্য।

নীহার—বি, পুং, (নি—হৃ+ঘঞ্, ভাব) হিম, বরফ।

নূতন—বিণ, ত্রি (নব+তন, ভবার্থে) অভিনব, নবীন।

নূপুর—বি, পুং, ক্লী (নু+ক্কিপ্, কর্ম্ম, পুর+ক, কর্ত্তৃ) পদ ভূষণ বিশেষ।

নৃত্য—বি, ক্লী (নৃত্+ক্যপ, ভাব) নর্ত্তন, অভিনয়।

নৃপ—বি, পুং (নৃ—পা+ড, কর্ত্তৃ) রাজা, ভূপতি।

নৃযজ্ঞ—বি, পুং, অতিথি পূজা।

নৃশংস—বিণ, ত্রি (নৃ—শন্স্+অন্, কর্ত্তৃ) ক্রূর, পরদ্রোহী, পরের অনিষ্ট কারী।

নেত্র—বি, ক্লী (নী+ত্র, করণ) চক্ষুঃ।

নেপথ্য—বি ক্লী, (নী+বিচ্, করণ, পথ্+য, কর্ম্ম) সজ্জা গৃহ সাজঘর।

নেমি (মী)—বি, স্ত্রী (নী+মি, করণ) চক্রের প্রান্ত।

নৈপুণ্য—বি, ক্লী (নিপুন+ষ্ণ্য, ভাবার্থে, দক্ষতা, পটুতা।

নৈমিত্তিক—বিণ, ত্রি (নিমিত্ত+ষ্ণিক) প্রয়োজনার্থ কর্ত্তব্য।

নৈয়ায়িক—বিণ, ত্রি (ন্যায়+ষ্ণিক অধ্যয়নার্থে) ন্যায় শাস্ত্রজ্ঞ, ন্যায়াধ্যায়ী।

নৈরাশ্য—বি, ক্লী (নিরাশ+ ষ্ণ্য, ভাবার্থে) হতাশ হওয়া।

নৈশ—বিণ, ত্রি (নিশা+ষ্ণ ভবার্থে) রাত্রি কালীন।

নৈষধ—বি, পুং (নিষধ+ষ্ণ অধিপত্যর্থে) নলরাজা।

নৈষ্ঠীক—বি, পুং (নিষ্ঠা+ষ্ণিক) যে দ্বিজ ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক যাবজ্জীবন গুরুগৃহে থাকিয় অধ্যয়ন করে।

নৈসর্গিক—বিণ, ত্রি (নিসর্গ+ ষ্ণিক, ভবার্থে) স্বাভাবিক।

নোঙ্গর—(যা) নৌকাবদ্ধ করণের লোহযন্ত্র বিশেষ।

নোড়া—(দে) পেষণার্থ প্রস্তরখণ্ড।

নৌ—বি, স্ত্রী (নুদ+ডৌ, কর্ম্ম)

নৌকা—বি, স্ত্রী (নৌ+কণ্, স্বার্থে + আপ্) তরণি, জল যান।

ন্যগ্রোধ—বি, পুং, বট গাছ।

ন্যস্ত—বিণ, ত্রি (নি—অস্+ক্ত, কর্ম্ম) নিক্ষিপ্ত, অর্পিত।

ন্যায়—বি, পুং (নি—অয়্+ঘঞ, ভাব) নীতি, যাথার্থ্য, নীতি তর্কশাস্ত্র।

ন্যায্য—বিণ, ত্রি (ন্যায়+ষ্ণ্য) ন্যায় সঙ্গত, যথার্থ, উচিত।

ন্যাস—বি, পুং (নি—অস্+ঘঞ, ভাব) নিক্ষেপ, অর্পণ।

ন্যূন—বিণ, ত্রি (নি—ঊন+ ক, কর্ত্তৃ) অল্প, নীচ, ক্ষুদ্র।

ন্যূনতা—বি, স্ত্রী (ন্যূন+তা ভাবার্থে) অল্পতা, ক্ষুদ্রতা।

প

প—বি, পুং (পত+ড কর্ত্তৃ) অণ্ড, পত্র। (পা+ড কর্ত্তৃ) রাজা।

পক্ব—বিণ, ত্রি (পচ্+ক্ত, কর্ত্তৃ) পরিণত, পাক নিষ্পন্ন, সিদ্ধ।

পক্বতা—বি, স্ত্রী (পক্ব+তা, ভাবার্থে) নৈপুণ্য।

পক্ষ—বি, পুং (পক্ষ+অন্, কর্ত্তৃ)

ডানা, পনর দিনে এক পক্ষ, সহায়, সখা।

পক্ষদ্বার—বি, ক্লী, খিড়কী দ্বার।

পক্ষপাত—বি, পুং, অনুগ্রহ, আসক্তি।

পক্ষপাতিতা—বি, স্ত্রী (পক্ষপাতিন্+তা, ভাবার্থে) সাহায্য করণ, একদিকে অনুগ্রহ করা।

পক্ষপুট—বি, পুং, উভয় পাখা।

পক্ষাঘাত—বি, পুং, যে রোগে শরীরের এক অংশ অবশ হইয়া যায়।

পক্ষান্ত—বি,পুং, পূর্ণিমা, আমাবস্যা

পক্ষিরাজ—বি, পুং, গরুড়।

পক্ষিন্ - বি,ক্লী(পক্ষ+ইন্,) অস্ত্যর্থে নেত্র লোম, পক্ষীর পাখা, পুষ্প কেশর।

পঙ্ক—বি, পু, ক্লী (পন্‌চ+ঘঞ কর্ত্তৃ) কর্দ্দম, পাপ।

পঙ্কজ—বি, ক্লী (পঙ্ক—জন্+ড, কর্ত্তৃ) পদ্ম পুং, সারস পক্ষী। বিণ, ত্রি কর্দ্দম, জাত।

পঙ্কিল—বিণ, ত্রি (পঙ্ক+ইল, অস্ত্যর্থে) পঙ্কযুক্ত, কর্দ্দমযুক্ত।

পঙ্‌ক্তি—বি, স্ত্রী (পন্‌চ+ক্তি, ভাব) সারি, শ্রেণী।

পঙ্গু—বিণ, ত্রি (খন্‌জ্+কু, কর্ত্তৃ, নিপা) পদ বিকল।

পঞ্চগব্য—বি, ক্লী, দধি, দুগ্ধ ঘৃত, গোময়, গোমূত্র এই পাঁচ।

পঞ্চত্ব—বি, ক্লী (পঞ্চন্+ত্ব, ভাবার্থে) মৃত্যু।

পঞ্চধা—ব্য (পঞ্চন্+ধাচ, প্রকারার্থে) পঞ্চ প্রকার।

পঞ্চনদ—বি, পুং, শতদ্রু প্রভৃতি পঞ্চ নদযুক্ত দেশ. পঞ্জাব।

পঞ্চপিতা—বি, পুং, অন্নদাতা, ভয়ত্রাতা, জন্মদাতা, উপনয়ন কর্ত্তা, শ্বশুর এই পাঁচ।

পঞ্চপ্রাণ—বি, পুং, প্রাণ, অপান সমান, উদান, ব্যান শরীরস্থ এই পঞ্চ বায়ু।

পঞ্চভূত—বি,ক্লী, ক্ষিতি,অপ্,তেজঃ, মরুৎ, ব্যোম এই পঞ্চ পদার্থ।

পঞ্চ মকার—বি, পুং, মৎস্য, মাংস, মদ্য, মুদ্রা, মৈথুন এই পাঁচ।

পঞ্চমহাযজ্ঞ – বি, পুং, বেদাধ্যয়ন, হোম, পিতৃতর্পণ, পূজা, অতিথি সেবা এই পঞ্চ।

পঞ্চরত্ন—বি, ক্লী, হীরক, মুক্তা, পদ্মরাগ, স্বর্ণ, বিদ্রুম।

পঞ্চবটী—বি, স্ত্রী, অশ্বত্থ, বিল্ব, বট, আমলকী, অশোক এই পঞ্চ।

পঞ্চবাণ—বি, পুং, কন্দর্প, কামদেব

পঞ্চামৃত—বি, ক্লী, দধি, দুগ্ধ, ঘৃত মধু, চিনি এই পঞ্চ।

পঞ্চেন্দ্রিয়—বি, ক্লী, চক্ষুঃ, শ্রোত্র, ঘ্রাণ, রসনা, ত্বক এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়। বাক্ পাণি, পাদ পায়ু, উপস্থ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয়।

পঞ্জর—বি, পুং, ক্লী (পিনৃজ্ + অরন্, অধি) পিঞ্জর, (কর্ত্তৃ) পাঁজরা

পট—বি, পুং, ক্লী (পট্ + অল্ করণ) বস্ত্র, (অন্, কর্ত্তৃ) ছবি।

পটমণ্ডপ—বি, পুং, ক্লী, বস্ত্রগৃহ, তাঁবু।

পটল—বি, ক্লী (পট্ + কলন্ করণ)) ছাদ, সমূহ, সকল।

পটহ—বি, পুং, ক্লী (পট—হা + ড, কর্ত্তৃ) ঢকা, ঢাক, নাগরা।

পটু—বিণ, ত্রি. (পট্ + উ, কর্ত্তৃ) নিপুণ, দক্ষ, চতুর।

পটোল—বি, পুং (পট্ + ওল, কর্ত্তৃ) পলতা গাছ। ক্লী, পলতা গাছের ফল।

পট্ট—বি, পুং (পট্ + ক্ত, কর্ম্ম) শিল, পেষণ প্রস্তর, রেসম।

পঠন—বি, ক্লী (পঠ্ + অনট্, ভাব) অধ্যয়ন, পাঠ।

পঠিত—বিণ, ত্রি (পঠ্ + ক্ত, কর্ম্ম) অধীত।

পণ—বি, পুং (পণ্ + অল্ কর্ম্ম) প্রতিজ্ঞা, বাজিরাখা, কুড়িগণ্ডা (করণ) বেতন, মূল্য।

পণ্ড—বিণ, ত্রি (পণ্ + ড, কর্ম্ম) নিষ্ফল, স্ত্রী—তীক্ষ্ণবুদ্ধি, শাস্ত্রজ্ঞান।

পণ্ডিতম্মন্য—বিণ, ত্রি (পণ্ডিত-মন্ খ, কর্ম্ম) পণ্ডিতাভিমানী।

পণ্য—বিণ, ত্রি (পন + য, কর্ম্ম) বিক্রেয় দ্রব্য।

পণ্যবীথিকা. পণ্যবীথী—বি, স্ত্রী দোকান, বিপণি।

পতগ, (ঙ্গ), (ঙ্গম) —বি, পুং (পত—গম্ + ড, খ, কর্ত্তৃ) ফড়িঙ্, প্রজাপতি, পক্ষী।

পতঞ্জলি—বি, পুং, পাতঞ্জল দর্শন প্রণেতা মুনি।

পতত্র—বি, ক্লী (পত—ত্রৈ + ড, কর্ত্তৃ) পক্ষীর ডানা।

পতত্রী—বি, পুং (পতত্র + ইন, অস্ত্যর্থে) পক্ষী।

পতন—বি, ক্লী (পত + অনট, ভাব) স্খলন।

পতাকা—বি, স্ত্রী (পত্ + আক, কর্ম্ম, আপ্) নিশান।

পতাকী—বিণ, ত্রি (পতাকা + ইন্ অস্ত্যর্থে) পতাকাধারী। বি, পুং, রথ।

পতিত—বিণ, ত্রি (পত্ + ক্ত, কর্ত্তৃ) চলিত, গলিত, অধোগত।

পতিত জমি—(দে) যে জমিতে চাষ হয় নাই।

[সতী।

পতিব্রতা—বি, স্ত্রী, পতিপরায়ণা,

পত্নী—বি, স্ত্রী (পতি + ঈপ) ভার্য্যা

পত্র—বি, ক্লী (পত্ + ষ্ট্রন্, করণ) পাতা, পক্ষ, পালক, চিঠী।

পত্রিকা—বি, স্ত্রী (পত্র + ঈপ) লিপি চিঠী।

পথ—বি, পুং (পথ + অল, করণ) রাস্তা, উপায়।

পথিক—বিণ, ত্রি (পথিন্ + কণ্ সাধনার্থে) ভ্রমণকারী। বি, পুং পান্থ।

পথ্য—বিণ, ত্রি (পথ + য, কর্ম্ম) রোগীর উপযুক্ত ভোজ্য। হিতকর।

পদ—বি, ক্লী (পদ্ + অল, করণ) চরণ।

পদবি (বী)—বি, স্ত্রী (পদ + অবি, করণ) পথ, ব্যবসায়। উপনাম।

পদাতি—বি, পুং (পাদ—অত্ + ইণ, কর্ত্তৃ) পাদচারি সৈনিক

পদ্ধতি—বি, স্ত্রী (পদ—হন্+ক্তি কর্ম্ম) পথ, শ্রেণী, রীতি, আচার গ্রন্থ, পদবী।

পদ্মনাভ—বি, পুং, বিষ্ণু।

পদ্মা—বি, স্ত্রী (পদ্ম+অ, অস্ত্যর্থে আপ্) লক্ষ্মী, মনসাদেবী, নদী বিশেষ।

পদ্মালয়া—বি, স্ত্রী, লক্ষ্মী।

পদ্মাসন—বি, ক্লী, যোগাসন বিশেষ

পদ্য—বি, ক্লী (পদ+ষ্ণ্য, ভবার্থে) ছন্দোবদ্ধ বাক্য, শ্লোক।

পন্নগ—বি, পুং (পন্ন—গম+ড, কর্তৃ) সর্প।

পন্নগারি }
পন্নগাশন } গরুড়

পয়ঃ—বি, ক্লী (পয়্+অস, কর্তৃ) দুগ্ধ, জল।

পয়স্বিনী—বি, স্ত্রী, (পয়স্+বিন্, অস্ত্যর্থে) দুগ্ধবতী গবী।

পয়ার—(দে) চতুর্দ্দশ অক্ষর বিশিষ্ট কবিতা

পয়োদ—বি,পুং(পয়স্—দা+ড, কর্তৃ) মেঘ।

পয়োধর—বি,পুং (পয়স্+ধৃ+অন্, কর্তৃ) মেঘ, স্ত্রী, স্তন, নারিকেল।

পয়োধি—বি,পুং (পয়স্—ধা+কি, অধি।

পয়োনিধি—বি,পুং (পয়স্—নি-ধা কি, কর্তৃ) সমুদ্র।

পর—বিণ, ত্রি (পৃ+অল্, করণ) অন্য, ভিন্ন, শ্রেষ্ঠ, প্রধান।

পরওয়ানা—(যা) আজ্ঞাপত্র

পরকীয়—বিণ, ত্রি (পর+কণ+নায়) পর সম্বন্ধীয়, অন্যের, অপরের।

পরগণা—(য) এক এক অধিকারের মৌজা সকল।

পরচ্ছন্দানুবর্ত্তী—বিণ, ত্রি (পরচ্ছন্দ—অনু+বৃত্+ণিন্, কর্ত্তৃ) অন্যের অভিপ্রায়ানুযায়ী কার্য্যকারী, পরাধীন।

পরতন্ত্র—বি—বিণ, ত্রি, পরাধীন।

পরত্র—ব্য (পর+ত্র, সপ্তমী স্থানে স্থল, পরকালে।

পরদা—(যা) আবরণ।

পরদার—বি,পুং, পরপত্নী, পরস্ত্রী।

পরন্তপ—বিণ+ (পর— তপ্+খ, কর্ত্তৃ) শত্রুর ক্লেশ দায়ক।

পরপুষ্ট—বিণ, ত্রি, অন্য পুষ্ট, বি, পুং, কোকিল।

পরভূৎ—বি, পুং (পর—ভৃ+ক্বিপ কর্ত্তৃ) কাক

পরভৃত—বিণ, ত্রি (পর—ভৃ+ক্ত কর্ম্ম) পরপালিত।

পরম্—ব্য (পৃ+অম্, কর্ত্তৃ) কেবল, অনন্তর, নিশ্চয়।

পরম—বিণ, ত্রি (পর—মা+ড, কর্ত্তৃ) শ্রেষ্ঠ, প্রধান, অত্যন্ত, মহৎ।

পরমহংস—বি, পুং, পরম যোগী।

পরমাণু—বি, পুং, অতি সূক্ষ্ম পদার্থ বিশেষ।

পরমান্ন—বি, ক্লী, পায়সান্ন।

পরমার্থ—বি, পুং, যাথার্থ্য, শ্রেষ্ঠ

পরমার্থ-বিদ্—বিণ,ত্রি(পরমার্থ-বিদ্ ক্বিপ্, কর্ত্তৃ) যাথার্থ্যবেত্তা,

পরমেষ্ঠী—বি, পুং (পরম—স্থা +ডিন্, কর্ত্তৃ) ব্রহ্মা।

পরম্পরা—বি, স্ত্রী, ধারা, অনুক্রম।

পরলোক—বি, পুং, পরকাল, লোকান্তর, মৃত্যু।

পরশু—বি, পুং (পর—শৃ+াড়ু, কর্ত্তৃ) কুঠার।

পরস্পর—বিণ, ত্রি, অন্যোন্য, ইতরেতর।

পরস্ব—বি, ক্লী, ধন।

পরাকাষ্ঠা—বি, স্ত্রী, শেষ সীমা

পরাক্রম—বি, পুং (পরা—ক্রম্+অল্, ভাব) শক্তি, প্রতাপ।

পরাক্রান্ত—বিণ, ত্রি (পরা—ক্রম্ +ক্ত, কর্ত্তৃ) বিক্রমশালী, শক্তিশালী।

পরাগ—বি, পুং (পরা—গম্+ড, কর্ত্তৃ) ধুলি, পুষ্পরেণু, চন্দন।

পরাঙ্মুখ—বিণ, ত্রি, নিবৃত্ত, বিমুখ।

পরাজয়—বি,পুং (পরা—জি+অল্, ভাব) পরাভব, অসহন।

পরাজিত—বিণ, ত্রি (পরা—জি+

ক্ত, কর্ত্তৃ) যে হারিয়া গিয়াছে, পরাভূত।

পরান্ন—বিণ, ত্রি. পর পিণ্ড ভোজী, বি. ক্লী. পরকীয় অন্ন।

পরাভূত—বিণ. ত্রি (পরা-ভূ+ক্ত, কর্ত্তৃ) পরাজিত. তিরস্কৃত।

পরামর্শ—বি. পুং (পরা—মৃশ্+অল্, ভাব) মন্ত্রণা. যুক্তি, বিবেচনা।

পরায়ণ—বিণ. ত্রি. অত্যাসক্ত।

পরায়ত্ত—বিণ, ত্রি (পর-আ-যত্+ক্ত, কর্ত্তৃ) পরাধীন. পরবশ।

পরার্থপরতা—বি. স্ত্রী (পরার্থপর+ভাবার্থে তা) পরোপকারিতা।

পরাস্ত বিণ. ত্রি (পরা—অস্+ক্ত, কর্ত্তৃ) পরাজিত।

পরাহ্ন বি, পুং. পরদিন।

পরাহত—বিণ ত্রি (পর—আ+হন্+ক্ত) পরাভূত. তিরস্কৃত, ব্যাহত।

পরিকর বি. পুং (পরি—কৃ+অল্, ভাব) কোমর বাধা, সমূহ।

পরিকল্পিত—বিণ. ত্রি (পরি+কৢপ+ণিচ+ক্ত, কর্ম্ম) অনুষ্ঠিত, রচিত সজ্জিত

পরিকীর্ণ—বিণ. ত্রি (পরি—কৄ+ক্ত) বিস্তৃত, ব্যাপ্ত।

পরিকীর্ত্তিত—বিণ. ত্রি (পরি+কৃৎ+ক্ত, কর্ম্ম)। কথিত, গীত, উচ্চারিত।

পরিক্রম—বি. পুং (পরি—ক্রম্+অল্, ভাব। পদ দ্বারা গমন।

পরিক্ষিৎ—বি. পুং (পরি—ক্ষি+ক্বিপ্, কর্ত্তৃ। অর্জ্জুনের পৌত্র, ইনি মাতৃগর্ভে অবস্থান কালে অশ্বত্থমার ব্রহ্মাস্ত্র প্রহারে মৃত হইয়া কৃষ্ণের যোগ বলে পুনর্জীবন লাভ করিয়া ছিলেন বলিয়া এই নামে বিখ্যাত হন। ইনি মৃগয়ার্থ বহির্গত হইয়া শমীক নামক মুনির আশ্রমে উপস্থিত হন। তিনি মৌনব্রতাবলম্বন করিয়া ছিলেন বলিয়া মৃগয়াক্লান্ত রাজার সঙ্গে কোন কথা বলেন নাই, এই জন্য রাজা তাহার

গলদেশে এক মৃত সর্প লম্বিত করিয়া যান। শমীক মুনির পুত্র শৃঙ্গী পিতার ঐরূপ দুদ্দশা দেখিয়া ১ সপ্তাহ মধ্যে অবমাননাকারী তক্ষক কর্ত্তৃক দষ্ট হইবে বলিয়া শাপ দিলেন; তদনুসারে তক্ষকের দংশনে ইনি মৃত্যুমুখে পতিত হন।

পরিখা—বি. স্ত্রী (পরি—খন্ +ড, কর্ম্ম+আপ) চতুর্দ্দিকে খাত, গড়খাই।

পরিগৃহীত—বিণ. ত্রি (পরি—গ্রহ্ +ক্ত, কর্ম্ম) উপাত্ত, স্বীকৃত।

পরিগ্রহ—বি. পুং (পরি—গ্রহ + অল্, কর্ম্ম) পত্নী. পরিজন। (ভাব) আয়ত্তী করণ।

পরিচয়—বি.পুং (পরি—চি+অল, ভাব) আলাপ. জানা শুনা।

পরিচর্য্যা—বি. স্ত্রী (পরি—চর+ক্যপ, ভাব, আপ) সেবা, পূজা।

পরিচারক—বিণ, ত্রি (পরি—চর+ণিচ্+ণক্, কর্ত্তৃ) দাস. ভৃত্য।

পরিচালক—বিণ, ত্রি (পরি+চল +ণিচ্+ণক. কর্ত্তৃ) যে পরিচালনাকারে।

পরিচিত—বিণ ত্রি (পরি—চি+ক্ত) কর্ম্ম) জ্ঞাত. অভ্যস্ত. যাহার সহিত জানা শুনা আছে এরূপ।

পরিচ্ছদ—বি. পুং (পরি—ছদ্ + ণিচ্+ঘঞ্,করণ) বেশ.পোষাক।

পরিচ্ছন্ন—বিণ. ত্রি (পরি—ছদ্+ণিচ্+ক্ত.কর্ম্ম) সজ্জিত, ভূষিত।

পরিচ্ছেদ—বি, পুং. (পরি—ছিদ +অল্, ভাব) অবধারণ. নির্ণয়। (কর্ম্ম) অংশ, গ্রন্থাদির ভাগ।

পরিজন—বি, পুং. পরিবার।

পরিণত—বিণ ত্রি (পরি-নম্ +ক্ত, কর্ত্তৃ) পক্ক, অবস্থান্তর প্রাপ্ত, নদীতীরাদিতে বক্রভাবে প্রহারকারী গজাদি।

পরিণয়—বি,পুং পরি—নী+অল, ভাব) বিবাহ।

পরিণাম—বি, পুং (পরি—নম্+ঘঞ্, ভাব) শেষ, চরম, বার্দ্ধক্য

পরিণীত—বিণ, ত্রি (পরি—নী+ক্ত, কর্ম্ম) বিবাহিত।

পরিণেতা—বিণ,পুং (পরি—নী+তৃন্‌, কর্ত্তৃ) বিবাহকারী। [দিকে।

পরিতঃ—অ (পরি+তস্‌ সকল

পরিতাপ—বি, পুং (পরি—তপ্‌+ঘঞ্‌, ভাব) উত্তাপ। (করণ) দুঃখ শোক।

পরিতুষ্ট—বিণ, ত্রি (পরি—তুষ+ক্ত, কর্ত্তৃ) সন্তুষ্ট, তৃপ্ত।

পরিতোষ—বি—পুং (পরি—তুষ্‌+অল্‌, ভাব) সন্তোষ, তৃপ্তি।

পরিত্যক্ত—বিণ, ত্রি (পরি—ত্যজ্‌+ক্ত, কর্ম্ম) বর্জ্জিত, যাহা ত্যাগ করা হইয়াছে।

পরিত্যাগ—বি,পুং (পরি—ত্যজ্‌+ঘঞ্‌, ভাব) বর্জ্জন, ত্যাগ।

পরিত্রাণ—বি, ক্লী (পরি—ত্রৈ+অনট্‌, ভাব) রক্ষা, উদ্ধার।

পরিদেবন—বি, ক্লী(পরি—দিব্‌+অনট, ভাব) বিলাপ, খেদোক্তি, অনুতাপ।

পরিধান—বি, ক্লী (পরি—ধা+অনট্‌, ভাব) আচ্ছাদন। (কর্ম্ম) পরিবার কাপড়।

পরিধি—বি, পুং (পরি—ধা+কি, কর্ম্ম) চন্দ্র সূর্য্যের মণ্ডল, পরিবেষ্টন, বৃত্তের চতুর্দ্দিকস্থ রেখা।

পরিপন্থী—বিণ, পুং (পরি—পন্থ্‌+ণিন্‌, কর্ত্তৃ) প্রতিকূল, বিরোধী, শত্রুভাবাপন্ন।

পরিপাক—বি, পুং (পরি—পচ্‌+ঘঞ্‌, ভাব) পরিণাম, শেষাবস্থা

পরিপাটি (টী)—বি, স্ত্রী (পরি—পট্‌+ণিচ্‌+ইন্‌, ভাব) সুশৃঙ্খলা

পরিপূর্ণ—বিণ, ত্রি (পরি—পূর্‌+ক্ত, কর্ম্ম) সম্পূর্ণ, ব্যাপ্ত।

পরিপ্লুত—বিণ, ত্রি (পরি—প্লু+ক্ত, কর্ত্তৃ) মগ্ন, কম্পমান।

পরিভব—বি, পুং (পরি—ভূ+অল্‌, ভাব) পরাজয়, অবজ্ঞা, তিরস্কার।

পরিভ্রমণ—বি, ক্লী (পরি—ভ্রম্‌+অনট্‌, ভাব) সর্ব্বত্র ভ্রমণ, পর্য্যটন।

পরিভ্রষ্ট—বিণ, ত্রি (পরি—ভ্রস্‌জ্‌ +ক্ত, কর্ত্তৃ) অধঃপতিত, চ্যুত।

পরিমল—বি, পুং (পরি—মল্‌+ অল্‌, কর্ম্ম) সুগন্ধ।

পরিমাণ—বি, ক্লী(পরি—মা+অনট্‌, ভাব) হস্তাদিদ্বারা পরিচ্ছেদ মাপ।

পরিমিত—বিণ ত্রি (পরি—মা+ ক্ত, কর্ম্ম) পরিচ্ছিন্ন, যথাযোগ্য পরিমাণ যুক্ত।

পরিমেয়—বিণ, ত্রি (পরি—মা+ য, কর্ম্ম) পরিমাণের যোগ্য।

পরিম্লান—বিণ, ত্রি (পরি—ম্লৈ+ ক্ত, কর্ত্তৃ) সম্যক্‌ ম্লান, বিশুষ্ক।

পরিরক্ষিত—বিণ, ত্রি (পরি—রক্ষ্‌ ক্ত, কর্ম্ম) সম্যক রক্ষিত।

পরিবর্জ্জন—বি, ক্লী (পরি—বর্জ্জ্‌+ অনট্‌, ভাব) ত্যাগ।

পরিবর্ত্ত —বি, পুং (পরি—বৃৎ+ অল্‌, ভাব)

পরিবর্ত্তন— ক্লী (পরি—বৃৎ+ অনট্‌, ভাব) বিনিময়, বদল।

পরিবর্দ্ধিত—বিণ, ত্রি (পরি—বৃধ্‌+ +ণিচ্‌+ক্ত, কর্ম্ম) যাহা বাড়ান গিয়াছে, বৃদ্ধিপ্রাপ্ত।

পরি (রী) বাদ—বি—পুং (পরি —বদ্‌+ঘঞ্‌, ভাব) নিন্দা, গ্লানি

পরি (রী)বার—বি, পুং (পরি—বৃ +ঘঞ্‌, ভাব) পোষ্য, পরিজন।

পরিবৃত—বিণ, ত্রি(পরি—বৃ+ক্ত, কর্ম্ম) বেষ্টিত, আবৃত।

পরিবেদনা—বি, স্ত্রী (পরি—বিদ্‌+ ণিচ্‌+অন, ভাব+আপ)পরিতাপ বিবেচনা।

পরিবেশ—বি পুং (পরি—বিশ্‌+ অল, অধি) চন্দ্রমণ্ডল,পরিধি, সূর্য্য মণ্ডল।

পরিবেষণ—বি, ক্লী (পরি—বিষ্‌+ অনট্‌, ভাব) ভক্ষ্য বস্তু বিভাগ পূর্ব্বক অর্পণ।

পরিবেষ্টিত—বিণ, ত্রি (পরি—বেষ্ট্‌ +ক্ত, কর্ম্ম) কৃত প্রদক্ষিণ, যাহার চারিদিক বেষ্টন করা হইয়াছে।

পরিব্রাজক—বিং পুং (পরি—ব্রজ্ + ণক্, কর্ত্তৃ) ভিক্ষু, চতুর্থাশ্রমী।

পরিশুদ্ধ—বিণ, ত্রি (পরি—শুধ্ + ক্ত, কর্ম্ম) সংশোধিত, পরিষ্কৃত।

পরিশেষ—বি, পুং (পরি—শিষ্ + অল, ভাব) উপসংহার, অবসান।

পরিশোধ—বি, পুং (পরি—শুধ্ + অল, ভাব) ঋণাপনয়ন, শোধ দেওয়া।

পরিষদ—বি, স্ত্রী (পরি—সদ্ + ক্বিপ্, অধি) সংসদ, সভা।

পরিষ্কার—বি, পুং (পরি—কৃ + ঘঞ্, ভাব) নির্ম্মলী করণ, শোধন, সজ্জীতকরণ।

পরিষ্কৃত—বিণ,—ত্রি (পরি—কৃ + ক্ত, কর্ম্ম) শোভিত, ভূষিত।

পরিষ্বঙ্গ—বি, পুং (পরি—স্বন্জ + ঘঞ্, ভাব) আলিঙ্গন।

পরিসর—বি, পুং (পরি—সৃ + অল, অধি) বিস্তার, প্রদেশ।

পরিস্রুত—বিণ, ত্রি (পরি—স্রু + ক্ত, কর্ম্ম) ক্ষরিত, চোয়ান।

পরি (রী) হার—বি, পুং (পরি—হৃ + ঘঞ্, ভাব) পরিত্যাগ, ছাড়িয়া যাওয়া।

পরিহার্য্য—বিণ, ত্রি (পরি—হৃ + ণ্যৎ, কর্ম্ম) ত্যাজ্য, পরিহার করিবারযোগ্য।

পরি (রী) হাস—বি, পুং (পরি—হস্ + ঘঞ্, ভাব) কেলি, কৌতুক, তামাসা।

পরিহিত—বিণ, ত্রি (পরি—ধা + ক্ত, কর্ম্ম) আচ্ছাদিত, যাহাপরিধান করা হইয়াছে।

পরিহীন—বিণ, ত্রি (পরি—হা + ক্ত কর্ম্ম) পরিত্যক্ত, ক্ষয়প্রাপ্ত, ক্ষীণ।

পরীক্ষক—বিণ, ত্রি (পরি—ঈক্ষ্ + ণক, কর্ত্তৃ) যে দোষ গুণের বিচার করে।

পরীক্ষিত—বিণ, ত্রি (পরি—ঈক্ষ্ + ক্ত, কর্ম্ম) যাহার পরীক্ষা করা হইয়াছে।

পরীত—বিণ, ত্রি (পরি—ই + ক্ত, কর্ম্ম) পরিবৃত, পরিবেষ্টিত।

পরুষ—বিণ, ত্রি (পৄ+উষন্‌,ক- র্ত্তৃ), কর্কশ, নিষ্ঠুর।

পরোপকার—বি, পুং (পর—উপ —কৃ+ঘঞ্‌, ভাব) পরের মঙ্গল সাধন, অন্যের হিত করণ।

পর্জন্য—বি, পুং (পৃষ্‌+অন্য, কর্ত্তৃ) মেঘ, ইন্দ্র।

পর্ণ—বি, ক্লী (পর্ণ+অণ, কর্ত্তৃ) পত্র, তাম্বুল।

পর্ণশালা—বি, স্ত্রী, পাতার ঘর, কুটীর।

পর্য্যঙ্ক—বি, পুং, খট্টা।

পর্য্যটন—বি, ক্লী (পরি—অট্+ +অনট্, ভাব) ইতস্ততঃ ভ্রমণ।

পর্য্যবসিত—বিণ, ত্রি, (পরি—অব —সো+ক্ত, কর্ত্তৃ) সমাপ্ত, পরিণত।

পর্য্যবষিত—বিণ, ত্রি (পরি—অব সো+ক্ত, কর্ত্তৃ) সমাপ্ত, পরিণত

পর্য্যবেক্ষণ—বি, ক্লী (পরি—অব —ঈক্ষ্‌+অনট, ভাব) মনোযোগ পূর্ব্বক দেখা

পর্য্যাকুল—বিণ, ত্রি (পরি—আ— কুল্‌+ক, কর্ত্তৃ) ব্যতিব্যস্ত।

পর্য্যাণ—বি, ক্লী (পরি—যা+অনট্‌, করণ, নিপা) পশুর পৃষ্ঠাসন।

পর্য্যাপ্ত—বিণ, ত্রি (পরি—আপ+ ক্ত, কর্ম্ম) প্রচুর, পরিমিত, সমর্থ

পর্য্যায়—বি, পুং (পরি—অয় বা ইন্‌ +ঘঞ, ভাব) অনুক্রম, পালা।

পর্য্যালোচনা—বি, স্ত্রী (পরি—আ লুচ +ণিচ+অন, ভাব+ আপ্‌) বিশেষরূপে চর্চ্চা।

পর্য্যুদস্ত—বিণ, ত্রি (পরি—উৎ-অস্‌ +ক্ত, কর্ম্ম) নিবারিত, নিষিদ্ধ। পরাভূত।

পর্য্যুষিত—বিণ, ত্রি (পরি—বস্‌+ ক্ত, কর্ম্ম) বাসি, পূর্ব্বদিবসীয়।

পর্ব্ব—বি, ক্লী (পৄ+বনিপ্‌, কর্ত্তৃ) গ্রন্থি, পাব, প্রস্তাব, অধ্যায়।

পর্ব্বত—বি, পুং (পর্ব্বন্‌+ত, অস্ত্যর্থে) প্রস্তরময়স্থান।

পর্ব্বতীয়—বিণ, ত্রি (পর্ব্বত+ঈয়) পর্ব্বতবাসী।

পর্ব্বাহ—বি, ক্লী, পর্ব্বদিন, উৎসব দিন।

পলটন—(ইং) সৈন্যদল।

পলল—বি, ক্লী (পল+কল, কর্ত্তৃ) মাসে পণ্ডক।

পলস্তারা—(ইং) লেপনীয় দ্রব্য।

পলাণ্ডু—বি, পুং (পল+অণ্ডু, কর্ত্তৃ) পেঁয়াজ।

পলান্ন—বি, ক্লী, মাংসান্ন, পোলাও।

পলায়ন—বি, ক্লী (পরা—অয়্+অনট্, ভাব) প্রস্থান, গমন।

পলায়মান—বিণ, ত্রি (পরা-অয়+শান্, কর্ত্তৃ) যে পলায়ন করিতেছে।

পলাশ—বি, ক্লী (পল—অশ+অন্, কর্ত্তৃ) পত্র। পুং-কিংশুক বৃক্ষ।

পলিত—বি, ক্লী (পল+ক্ত, করণ) বার্দ্ধক্য হেতু কেশাদির শুক্লতা, বিণ, ত্রি, বৃদ্ধ।

পল্লব—বি, ক্লী (পদ্—লূ+অল, কর্ম্ম) নূতন পত্র, ছোট ডাল।

পল্লি (ল্লী)—বি, স্ত্রী (পল্ল+ই) গ্রাম খণ্ড, পাড়া।

পল্বল—বি, পুং ক্লী (পল্+বল, কর্ত্তৃ) ক্ষুদ্র জলাশয়, ডোবা।

পবন—বি, পুং (পূ+অন, কর্ত্তৃ) বায়ু।

পবন নন্দন—বি, পুং, হনুমান, ভীম। [বিশুদ্ধ।

পবিত্র—বিণ, ত্রি পুং (পূ+ইত্র, কর্ত্তৃ

পশম—(যা) উর্ণা।

পশু—বি, পুং (দৃশ্+কু, কর্ত্তৃ নিপা) লোম লাঙ্গল বিশিষ্ট বস্তু

পশুপতি—বি, পুং, মহাদেব।

পাইক—(যা) পেয়াদা, লাঠিয়াল।

পাইকস্তা (যা) যে প্রজা এক গ্রাম হইতে অন্য গ্রামে চলিয়া যায়।

পাইট—(য)মাটি খোড়া, ঢেলাভাঙ্গা

পাংশু—বি, পুং (পশ্, পনস্+কু, করণ) চিরসঞ্চিত গোময়, পাপ, [ভস্ম]

পাক—বি, পুং (পচ্+ঘঞ, ভাব) বন্ধন।

পাকশাসন—বি, পুং (পাক—শাস্+অন্, কর্ত্তৃ) ইন্দ্র।

পাকস্থলী—বি. স্ত্রী, উদরের যে অংশে ভুক্ত দ্রব্য জীর্ণ হয়।

পাচক—বিণ. ত্রি (পচ+ণক, কর্ত্তৃ) পাককর্ত্তা, জীর্ণ কারক।

পাঞ্চজন্য—বি, পুং (পঞ্চজন+ষ্ণ, ভবার্থে) বিষ্ণুরশঙ্খ, অগ্নি।

পাঞ্চভৌতিক—বিণ, ত্রি (পঞ্চভূত+ষ্ণিক, ভবার্থে) ক্ষিতি ইত্যাদ পঞ্চমূল পদার্থ হইতে উৎপন্ন।

পাটল—বি, পুং (পট+ণিচ+কলচ, কর্ত্তৃ) শ্বেত রক্ত মিশ্রিত বর্ণ।

পাটব—বি, ক্লী (পটু+ষ্ণ, ভাবার্থে নৈপুণ্য, দক্ষতা

পাঠ—বি পুং (পঠ+ঘঞ, ভাব) আবৃত্তি।

পাঠক—বিণ. ত্রি (পঠ+ণক, কর্ত্তৃ) পাঠকর্ত্তা, ছাত্র।

পাঠ্য—বিণ, ত্রি (পঠ+ঘ্যণ, কর্ম্ম) পঠনীয়।

পাণিগ্রহণ—বি, ক্লী, বিবাহ।

পাণ্ডিত্য—বি. ক্লী (পণ্ডিত+ষ্ণ্য, ভাবার্থে) পণ্ডিতেরধর্ম্ম, বিচক্ষণতা।

পাণ্ডু—বি,পুং (পন্ড+কু, কর্ত্তৃ) চন্দ্র বংশীয় নৃপ বিশেষ, শ্বেত পীতবর্ণ।

পাণ্ডুলিপি—বি, স্ত্রী মুসাবিধা, খসড়া।

পাত—বি, পুং (পত+ঘঞ+ভাব) পতন।

পাতক—বি, ক্লী (পত+ণিচ+ণক, কর্ত্তৃ) পাপ।

পাতকী—বিণ, ত্রি (পাতক+ইন, অস্ত্যর্থে) পাপী।

পাতাল—বি. ক্লী (পত+আল-ঞ অধি) অধোভুবন, অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল ও পাতাল এই সপ্ত-নরক

পাতিত—বিণ, ত্রি (পত+ণিচ+ক্ত, কর্ম্ম) নিক্ষিপ্ত, অধঃকৃত।

পাত্র—বি, ক্লী (পা+ত্র, কর্ত্তৃ) বিষয়, বর, যোগ্যব্যক্তি।

পাথার—(দে) অকুল সমুদ্র।

পাথেয়—বিণ, ত্রি (পথিন্+ঞেয়, প্রয়োজনার্থে) পথের জন্য আবশ্যক।

পাদ—বি, পুং (পদ+ঘঞ্, করণ) চরণ, পা, বৃক্ষমূল, শ্লোকের চতুর্থাংশ।

পাদচারী—বিণ, ত্রি (পাদ—চর+ণিন্, কর্ত্তৃ) পাদদ্বারা গমনকারী। পুং, বি, পদাতি।

পাদদেশ—বি, পুং, নিম্নদেশ।

পাদজ—বি, পুং (পাদ—জন+ড, কর্ত্তৃ) শূদ্রজাতি।

পাদপ—বি, পুং (পাদ—পা+ড, কর্ত্তৃ) বৃক্ষ।

পাদপীঠ—বি, ক্লী, চরণ স্থাপনার্থ চৌকি।

পাদাত—বি, পুং (পাদ—অত+অন্, কর্ত্তৃ) পদাতি।

পাদুকা—বি, স্ত্রী (পদ্+ণিচ্+উ, করণ+কণ, স্বার্থে+আপ) উপানৎ, জুতা।

পাদ্য—বিণ, ত্রি (পাদ+যঞ্য) পদপ্রক্ষালনার্থ জল।

পান—বি, ক্লী (পা+অনট্, ভাব) দ্রবদ্রব্যেবগলাধঃকরণ, রক্ষণ।

পানীয়—বি, ক্লী (পা+অনীয়, কর্ম্ম) জল, বিণ, ত্রি, পানযোগ্য।

পান্থ—বি, পুং (পথিন্+ষ্ণ, সাধু অর্থে) পথিক।

পান্থনিবাস—বি, পুং, পথিক দিগের আহারাদি করিবার গৃহ।

পাপ—বি, ক্লী (পা+প, অপা) দুষ্কৃত—বিণ, ত্রি পাপিষ্ঠ, পাপজনক

পাপঘ্ন—বিণ, ত্রি (পাপ—হন্+টক্, কর্ত্তৃ) পাপনাশক।

পাপিষ্ঠ—বিণ, ত্রি (পাপিন্+ইষ্ঠ, উৎকর্ষার্থে) অতিশয় পাপী।

পামর—বি, ত্রি (পামন্—রা+ড, কর্ত্তৃ) মূর্খ, নীচ।

পার—বি, ক্লী (পর+ষ্ণ) নদীর অপর তীর, উদ্ধার।

পারগ—বিণ, ত্রি (পার—গম্+ড, কর্ত্তৃ) সমর্থ।

পারতন্ত্র্য—বি, ক্লী (পরতন্ত্র+ষ্ণ্য, ভাবার্থে) পরাধীনতা।

পারত্রিক—বিণ, ত্রি (পরত্র+ষ্ণিক) পরলোক সম্বন্ধীয়।

পারদর্শী—বিণ, ত্রি (পার—দৃশ্+ণিন্, কর্ত্তৃ)বিচক্ষণ, দক্ষ।

পারদারিক—বিণ, পুং (পরদার+ষ্ণিক) পরস্ত্রীতে আসক্ত।

পারমার্থিক—বিণ, ত্রি (পরমার্থ+ষ্ণিক) মঙ্গল জনক, অভীষ্ট।

পারলৌকিক—বিণ, ত্রি (পরলোক+ষ্ণিক) পরলোক সম্বন্ধীয়।

পারাপার, পারাবার—বি, পুং, সমুদ্র

পারিতোষিক—বিণ, ত্রি (পরিতোষ+ষ্ণিক) পরিতোষ হেতু পুরস্কার।

পারিপাট্য—বি, ক্লী (পরিপাটী+ষ্ণ্য, ভাবার্থে) শৃঙ্খলা।

পারিষদ—বি, পুং (পরিষদ+ষ্ণ, কুশলার্থে) সভাসদ, সভ্য।

পারুষ্য—বি, ক্লী (পরুষ+ষ্ণ্য,+ভাবার্থে কার্কশ্য, কটুবাক্য প্রয়োগ

পার্থ—বি, পুং (পৃথা+ষ্ণ, অপত্যার্থে) পৃথা পুত্র, অর্জ্জুন।

পার্থক্য—বি, ক্লী (পৃথক+ষ্ণ্য, ভাবার্থে) বিভিন্নতা।

পার্থিব—বি, পুং (পৃথিবী+ষ্ণ, অধিপতি অর্থে) রাজা। বিণ, ত্রি, পৃথিবী সম্বন্ধীয়।

পার্ব্বণ—বি, ক্লী (পর্ব্বন+ষ্ণ, ভবার্থে) অমাবস্যাদিতে কর্ত্তব্য শ্রাদ্ধ।

পার্শ্ব—বি, পুং ক্লী (স্পৃশ+শ্বন্, কর্ম্ম) প্রান্ত, একদেশ, সমীপ।

পার্শ্বগ—বিণ, ত্রি (পার্শ্ব—গম+ড, কর্ত্তৃ) পার্শ্ববর্ত্তী, সমীপস্থ।

পার্শ্বচর—বিণ, ত্রি (পার্শ্ব—চর+টক্, কর্ত্তৃ) অনুচর, পার্শ্ববর্ত্তী।

পালক—বিণ, ত্রি (পা+ণিচ্+ণক, কর্ত্তৃ) রক্ষক, প্রতিপালক।

পালন—বি, ক্লী (পা+ণিচ্+অনট্, ভাব) রক্ষণ, পোষণ।

পাবক—বি, পুং (পূ+ণক, কর্ত্তৃ) অগ্নি, বিণ, ত্রি, পবিত্র কারক।

পাবন—বিণ, ত্রি (পূ+ণিচ্+অন, কর্তৃ) শোধক।

পাশ—বি, পুং (পশ্+ঘঞ্, করণ) রজ্জু, ফাঁদ। (অঙ্গ শব্দের পরে থাকিলে) কুৎসিত।

পাশক—বি, পুং (পশ্+ণক, কর্তৃ) অক্ষ, পাশা।

পাষণ্ড— [illegible] (পা [illegible] কর্তৃ) সদাচার ভ্রষ্ট, অধার্মিক নাস্তিক।

পাষাণ—বি, পুং (পিষ+আন, অধি) প্রস্তর

পিক—বি, পুং (অপি—কৈ+ড কর্তৃ) কোকিল।

পিকদানি—(দে) থুথু ছেপ ফেলিবার পাত্র।

পিঞ্জর—বি, পুং (পিন্জ+অর, করণ) দেহাস্থিপুঞ্জ, স্বর্ণ, পিঙ্গল বর্ণ।

পিণ্ড—বি, পুং (পিণ্ড+অল্, কর্ম্ম) পিতৃ লোককে প্রদেয় গোলাকার ভক্ষ্যবস্তু, গ্রাস।

পিণ্ডদ—বিণ, ত্রি (পিণ্ড—দা+ড, কর্তৃ) পিণ্ডদাতা, অন্নদাতা।

পিতামহ—বি, পুং (পিতৃ+ডামহ) পিতার পিতা।

পিতা—বি, পুং (পা+তৃচ, কর্তৃ) জনক। কার্য্য।

পিতৃকৃত্য—বি, ক্লী, শ্রাদ্ধ তর্পণাদি

পিতৃযজ্ঞ—বি, পুং, শ্রাদ্ধ, তর্পণ।

পিতৃবৎসল—বিণ, ত্রি, পিতার প্রতি স্নেহবান্।

পিতৃব্য—বি, পুং (পিতৃ+ব্য) পিতৃভ্রাতা, খুড়া, জেঠা।

পিতৃষ্বসা—বি, স্ত্রী, পিতার ভগিনী।

পিতৃষ্বস্রীয়—বি, পুং পিতৃষ্বসৃ+ঈয়, অপত্যার্থে; পিশতুত ভাই।

পিত্ত—বি, ক্লী (অপি—দো+ক্ত, কর্তৃ) শরীরস্থ ধাতু বিশেষ।

পিত্তল—বি, ক্লী (পিত্ত—লা+ড, কর্তৃ) তাম্র দস্তা মিশ্রিত ধাতু বিশেষ

পিধান—বি, ক্লী (অপি—ধা+অনট্, ভাব) আচ্ছাদন, ঢাকনি

পিনদ্ধ বিণ, ত্রি (অপি—নহ্ + ক্ত, কর্ত্তৃ) পরিহিত, বদ্ধ, আবৃত।

পিনাকী—বি, পুং (পিনাক + ইন্ অস্ত্যর্থে) শিব।

পিপাসা—বি, স্ত্রী (পা + সন্ + অ, ভাব) পানেচ্ছা, তৃষ্ণা।

পিপাসু—বিণ, ত্রি (পা + সন্ + উ, কর্ত্তৃ) পানেচ্ছু, তৃষিত।

পিপীলিকা—বি. স্ত্রী (পীল্ + যঙ্ লুক্ + অন, কর্ত্তৃ + আপ) পিপীড়া

পিশাচ—বি, পুং (পিশিত—অশ্ + অন্, কর্ত্তৃ) দেব যোনি বিশেষ।

পিশিত—বি. ক্লী (পিশ্ + ক্ত, কর্ম্ম) মাংস।

পিশুন—বিণ ত্রি (পিশ্ + উনন্, কর্ত্তৃ) খল, ক্রূর।

পিষ্ট—বিণ, ত্রি (পিষ্ + ক্ত, কর্ম্ম) মর্দ্দিত, চূর্ণিত।

পিষ্টক—বি, পুং ক্লী (পিষ্ট + কণ্ স্বার্থে) পূপ, রুটি প্রভৃতি।

পিহিত—বিণ, ত্রি (অপি—ধা + ক্ত, কর্ম্ম) আচ্ছাদিত, অবরুদ্ধ।

পীঠ—বি, ক্লী (পীট্ + ক, অধি) বসিবার আসন, পীড়ি

পীঠস্থান—বি, ক্লী, যে স্থানে সতী দেহাংশ পড়িয়াছে

পীড়ন—বি, ক্লী (পীড় + অনট্ ভাব) দুঃখ দেওয়া।

পীড়া—বি, স্ত্রী (পীড় + ঙ, ভাব) ব্যথা, দুঃখ, রোগ।

পীড়িত—বিণ, ত্রি (পীড় + ক্ত, কর্ম্ম) ব্যথিত, দুঃখিত।

পীত—বি পুং (পা + ক্ত, কর্ম্ম) হরিদ্রা বর্ণ।

পীন—বিণ, ত্রি (প্যায় + ক্ত, কর্ত্তৃ) স্থূল, প্রবৃদ্ধ।

পীযূষ—বি, ক্লী (পীয় + উষন্, কর্ম্ম) অমৃত। পুং, ক্লী, গোদুগ্ধ।

পীবর—বিণ, ত্রি (পৈ্য + ষ্বরচ্, কর্ত্তৃ) স্থূল, বলিষ্ঠ।

পুঙ্গব—বি, পুং, (অন্য শব্দের পরে থাকিলে) শ্রেষ্ঠ।

পুঞ্জ—বি, পুং (পুম্স—জন্ + ড, কর্ত্তৃ) রাশি, সঙ্ঘ।

পুট—বি, পুং, ক্লী (পুট+ক, কর্ম্ম) আবরণ, খাপ, অঞ্জলি।

পুটপাক—বি, পুং, গোময়াদির ঠুসীতে ঔষধাদি পাক।

পুণ্ডরীক—বি, পুং (পুন্‌ড+অরীক্, কর্ত্তৃ) অগ্নিকোণের হস্তী। ক্লী, শ্বেতপদ্ম।

পুণ্ডারীকাক্ষ—বি, পুং, বিষ্ণু।

পুণ্য—বি, ক্লী (পূ+ডুণ্য, কর্ত্তৃ) ধর্ম্ম, সুকৃত। বিণ, ত্রি, নির্ম্মল, পবিত্র।

পুণ্যবান—বিণ, পুং (পুণ্য+বতু, অস্ত্যর্থে) ধার্ম্মিক।

পুণ্যশ্লোক বিণ, ত্রি, পবিত্র চরিত্র।

পুণ্যাত্মা—বিণ, পুং, ধার্ম্মিক।

পুণ্যাহ—বি, ক্লী, পবিত্র দিন।

পুত্র—বি, পুং (পুৎ—ত্রৈ+ড, কর্ত্তৃ) তনয়, সুত। [বিশেষ।

পুত্রেষ্টি—বি, স্ত্রী, পুত্র জননার্থ যজ্ঞ

পুনরাগত—বিণ, ত্রি, যে পুনরায় আসিয়াছে।

পুনর্জনন—বি, ক্লী, সংসারে পুনর্ব্বার জন্ম গ্রহণ।

পুন্নাগ—বি, পুং, নাগকেশরবৃক্ষ, শ্বেতোৎপল।

পুরঞ্জয়—বি, পুং (পুর—জি+খশ্, কর্ত্তৃ) শিব, সূর্য্যবংশীয় নৃপতি বিশেষ।

পুরন্দর—বি, পুং (পুর—দৄ+খশ্, কর্ত্তৃ) ইন্দ্র।

পুরন্ধ্রি (ন্ধ্রী)—বি, স্ত্রী (পুর—ধৃ +খ, কর্ত্তৃ+ঈপ্) পতিপুত্রবতী স্ত্রী, গৃহিণী।

পুরবাসী—বিণ, পুং (পুর্—বস +ণিন্, কর্ত্তৃ) নগরবাসী।

পুরশ্চরণ—বি, ক্লী (পুরস্—চর্ +অনট্, ভাব) নিয়ম পূর্ব্বক জপ দ্বারা মন্ত্রাদি চৈতন্য করণ।

পুরস্কার—বি, পুং (পুরস্—কৃ+ ঘঞ্, ভাব)পারিতোষিক, সম্মান।

পুরস্কৃত—বিণ, ত্রি (পুরস্—কৃ+ ক্ত, কর্ম্ম) আদৃত, সম্মানিত।

পুরাণ—বি, ক্লী (পুরা—নী+ড, কর্ত্তৃ) ব্যাসাদি মুনি প্রণীত শাস্ত্র বিশেষ। বিণ, ত্রি, প্রাচীন।

পুরাতন—বিণ, ক্লী (পুরা+তন, ভবার্থে) প্রাচীন।

পুরাবিৎ—বিণ, পুং (পুরা-বিদ্+ক্বিপ্, কর্ত্ত্) পূর্ব্বজ্ঞ, পূর্ব্বদর্শী, পণ্ডিত।

পুরাবৃত্ত—বি, ক্লী (পুরা-বৃৎ+ক্ত, কর্ত্তৃ) পূর্ব্ববৃত্তান্ত, ইতিহাস।

পুরী—বি, স্ত্রী (পুর+ঈপ) নগরী।

পুরু—বিণ, ত্রি (পৃ+কু, কর্ত্তৃ) প্রচুর। বি, পুং,যযাতির কনিষ্ঠ পুত্র।

পুরুষ—বি,পুং (পুর,+কুষন্, কর্ত্তৃ) পুংজাতীয় জীব, বিষ্ণু।

পুরুষকার—বি, পুং (পুরুষ—কৃ+ঘঞ্, ভাব্) উৎসাহ, পৌরুষ।

পুরুষত্ব—বি, ক্লী, মনুষ্যত্ব, সাহস, বীর্য্য।

পুরুষোত্তম—বি, পুং, বিষ্ণু।

পুরোধাঃ—বি, পুং (পুরস্—ধা+অস্, কর্ম্ম) পুরোহিত।

পুরোহিত—বি, পুং (পুরস্—ধা+ক্ত, কর্ম্ম) শ্রাদ্ধ যজ্ঞাদি কারয়িতা।

পুলক—বি, পুং (পুল্+ক, কর্ত্তৃ) রোমাঞ্চ।

পুলকিত—বিণ, ত্রি, (পুলক+ইত, বিদ্যমানার্থে) রোমাঞ্চিত, আনন্দিত।

পুলস্ত্য—বি, পুং, (পুল-স্ত্যৈ+ক, কর্ম্ম) ব্রহ্মার মানসপুত্র, সপ্তর্ষির একজন।

পুলহ—বি, পুং, (পুল, হা+ড, কর্ম্ম) সপ্তর্ষির একজন।

পুলিন—বি, ক্লী (পুল্+ইন্,কর্ত্তৃ) সৈকত, চড়া, বালুকাময় তীরের যে অংশ পর্য্যন্ত জোয়ারের জল উঠে।

পুলোমা—বি, পুং, ঋষিবিশেষ, শচী দেবীর পিতা।

পুষিত—বিণ, ত্রি, (পুষ্+ক্ত, কর্ম্ম) প্রতিপালিত।

পুষ্কর—বি, ক্লী, (পুষ্+করণ কর্ত্তৃ) পদ্ম, জল, তীর্থ বিশেষ।

পুষ্করিণী—বি, স্ত্রী, (পুষ্কর+ইন্, অস্ত্যর্থে,+ঈপ) পদ্মিনী, সরসী, পুকুর।

পুষ্কল—বিণ, ত্রি, (পুষ্‌+কল কর্ত্তৃ) শ্রেষ্ঠ, অত্যধিক।

পুষ্ট—বিণ, ত্রি, (পুষ্‌+ক্ত, কর্ম্ম) পালিত।

পুষ্টি—বি, স্ত্রী (পুষ্‌+ক্তি, ভাব) পোষণ, বৃদ্ধি।

পুষ্টিকর—বিণ, ত্রি, (পুষ্টি—কৃ+ট, কর্ত্তৃ) বৃদ্ধিকারক, স্থূলতা-জনক।

পুষ্প—বি, ক্লী, (পুষ্‌+অন্‌, কর্ত্তৃ) ফুল, স্ত্রীরজঃ, কুবেরের রথ।

পুষ্পক—বি, ক্লী, (পুষ্প+কণ, স্বার্থে) কুবেরের রথ।

পুষ্পকেতন } বি, পুং, কন্দর্প,
পুষ্পকেতু } কামদেব।

পুষ্পনির্য্যাস—বি, পুং, (পুষ্প—নির্‌-যস্‌+ঘঞ্‌, ভাব্‌) পুষ্পমধু।

পুষ্পপুর—বি, ক্লী, পাটলিপুত্রনগর।

পুষ্পরেণু—বি, পুং, পরাগকেশরের অগ্রভাগস্থ ধূলির ন্যায় পদার্থ বিশেষ।

পুষ্পসার—বি, পুং, ফুলমধু।

পুষ্পাঞ্জলি—বি, পুং, এক আজল ফুল।

পুষ্পিত—বিণ, ত্রি, (পুষ্প্‌+ক্ত, কর্ত্তৃ) কুসুমিত, ঋতুমতী।

পুষ্য—বি, পুং (পুষ্‌+ক্যপ্‌, কর্ত্তৃ) নক্ষত্র বিশেষ। স্ত্রী—পুষ্যা।

পুষ্যলক—বি, পুং (পুষ্‌+ই, ভাব =পুষি,—আল্‌+অন্‌, কর্ত্তৃ+কণ্‌, স্বার্থে) কস্তুরীমৃগ।

পুস্তক—বি, ক্লী (পুস্ত্‌+অল্‌, কর্ম্ম,+কণ্‌, স্বার্থে) গ্রন্থ, বই।

পূগ—বি, পুং, (পূ+গক্‌, করণ) সমূহ, গুবাকবৃক্ষ।

পূজক—বিণ, ত্রি, (পূজ্‌+ণক্‌, কর্ত্তৃ) পূজাকারক।

পূজন—বি, ক্লী, (পূজ্‌+অনট্‌, ভাব্‌) পূজা, অর্চ্চনা, বন্দনা।

পূজনীয়—বিণ, ত্রি, (পূজ্‌+অনীয়, কর্ম্ম) আরাধ্য, অর্চ্চনীয়।

পূজা—বি, স্ত্রী, (পূজ্‌+ঙ, ভাব +আপ্‌) উপাসনা, অর্চ্চনা।

পূজার্হ—বিণ, ত্রি (পূজা—অর্হ্‌ +অণ্‌, কর্ত্তৃ) পূজার যোগ্য।

পূজিত—বিণ, ত্রি (পূজ্‌+ক্ত, কর্ম্ম) সেবিত, আদৃত, প্রশংসিত, যাহাকে পূজা করা হইয়াছে এরূপ।

পূজ্য—বিণ, ত্রি (পূজ্‌+ঘ্যণ্‌, কর্ম্ম) পূজনীয়, সংস্কৃত।

পূত—বিণ, ত্রি, (পূ+ক্ত, কর্ম্ম) পবিত্র। পরিষ্কৃত!

পূতচরিত—বিণ, পুং, বিশুদ্ধ স্বভাব।

পূতনা—বি, স্ত্রী, (পূত+ণি+অন্‌, কর্ত্তৃ+আপ্‌) বকাসুরের ভগিনী। মহারাজ কংস কৃষ্ণকে বিনাশ করিবার মানসে ইহাকে ব্রজধামে প্রেরণ করেন। উক্ত দানবী নিজ স্তনে বিষ মাখিয়া কৃষ্ণকে পান করিতে দিয়াছিলেন; কিন্তু তিনি এতাদৃশ বলে দুগ্ধ আকর্ষণ করিলেন যে তাহাতেই উক্ত রাক্ষসী বিনষ্ট হইল।

পূতি—বি, স্ত্রী, (পূ+ক্তি, ভাব) দুর্গন্ধ, পবিত্রতা।

পূতিগন্ধ—বি, পুং, দুর্গন্ধ।

পূপ—বি, পং, (পূ+পক্‌; করণ) পিঠা, পিষ্টক।

পূর—বি, পুং, (পূর্‌+ক, করণ) জলরাশি, সমূহ, পূরী।

পূরক—বিণ, ত্রি, (পূর্‌+ণক, কর্ত্তৃ) পূর্ণকারক (পুং) গুণক।

পূরণ—বি, ক্লী, (পূর্‌+অনট্‌ ভাব) গুণন, পূর্ণকরা।

পূরিত—বিণ, ত্রি, (পূর্‌+ক্ত, কর্ম্ম) পূর্ণ, ভরা, গুণিত।

পূর্ণকাম—বিণ, ত্রি, সফল মনোরথ।

পূর্ণ—বিণ, ত্রি, (পূর্‌+ক্ত, কর্ম্ম, নিপা) সম্পূর্ণ, সফল, সমর্থ।

পূর্ণকুম্ভ—বি, পুং, জলপূর্ণ কলস।

পূর্ণিমা—বি, স্ত্রী, (পূর্ণি—মা+ড, কর্ত্তৃ+আপ্‌) শুক্লপক্ষের শেষ তিথি।

পূর্ত্ত—বি, ক্লী (পৃ+ক্ত, ভাব্‌) সাধারণের উপকারার্থ জলাশয়াদি খনন।

পূর্ত্তি—বি, স্ত্রী, (পূর্ + ক্তি, ভাব) পূর্ণতা, পূরণ।

পূর্ব্ব—বিণ, ত্রি, (পূর্ব্ব + অন্, কর্ত্তৃ) জ্যেষ্ঠ, পুরাকালীন, প্রাচ্য দেশীয়, পূর্ব্বকালীন।

পূর্ব্বতন—বিণ, ত্রি, (পূর্ব্ব + তন, ভবার্থে) পুরাকালীন, আগে-কার।

পূর্ব্বপক্ষ—বি, পুং, প্রশ্ন, অভিযোগ

পূর্ব্বরঙ্গ—বি, পুং, নাট্য ক্রিয়ার আরম্ভ সময়ের সঙ্গীতাদি, প্রস্তাবনা।

পূর্ব্বরাগ—বি, পুং, প্রথম অনুরাগ।

পূর্ব্বরূপ—বি, ক্লী, ভাবী বিষয়ের প্রথম চিহ্ন।

পূর্ব্বাপর—বিণ, ত্রি, অগ্র পশ্চাৎ।

পৃক্ত—বিণ, ত্রি, (পৃচ্ + ক্ত, কর্ত্তৃ) মিশ্রিত। সংলগ্ন, যুক্ত।

পৃচ্ছা—বি, স্ত্রী, (প্রছ্ + ঙ, ভাব + আপ) জিজ্ঞাসা, প্রশ্ন।

পৃথক—ব্য (পৃথ + কক্, কর্ম্ম) ভিন্ন, ইতর।

পৃথগ্বিধ—বিণ, ত্রি, বিভিন্ন প্রকার।

পৃথা—বি,স্ত্রী, (প্রথ + অন, কর্ত্তৃ, + আপ) কুন্তী, যুধিষ্ঠিরাদির মাতা।

পৃথিবী—বি, স্ত্রী, (প্রথ + ষিবন্, কর্ত্তৃ + ঙীপ) ধরণী, ধরা।

পৃথিবীপতি—বি, পুং, ভূপতি, রাজা।

পৃথিবীরুহ—বি, পুং, (পৃথিবী—রুহ + অন্, কর্ত্তৃ) বৃক্ষ, তরু।

পৃথু—বি, পুং, (প্রথ + কু, কর্ত্তৃ) ইনি বেণরাজ পুত্র। শতাশ্বমেধ যজ্ঞ সমাধা করিয়া সুখ্যাতি লাভ করেন। ইনি মানবগণের মঙ্গল সাধনের অভিপ্রায়ে গোরূপধারিণী পৃথিবীকে দোহন করিয়া ছিলেন বলিয়া ইঁহার নাম পৃথিবী হইয়া ছিল।

পৃথ্বীসুতা—বি, স্ত্রী, সীতা।

পৃষ্ট—বিণ, ত্রি, (প্রচ্ছ + ক্ত, কর্ম্ম) জিজ্ঞাসিত।

পৃষ্ঠ—বি, ক্লী, (পৃষ্ + থক্, কর্ম্ম) পত্রাদির এক পিঠ।

পৃষ্ঠচর—বিণ্, ত্রি, (পৃষ্ঠ—চর্+টক, কর্ত্তৃ) পশ্চাৎগামী।

পৃষ্ঠতঃ—ব্য, (পৃষ্ঠ+তস্, ৭মী স্থানে) পশ্চাৎ ভাগে।

পেঁচ—(যা) ইস্ক্রুপ্, কষ্ট, দায়।

পেচক—বি, পুং (পেচ্+ণক, কর্ত্তৃ, নিপা) পেঁচা পাখী।

পেট—বি, পুং (পিট্+অল্, অধি) উদর, পেটরা।

পেটুক—বিণ্, যাহারা অতিশয় আহার করে। [পানীয়।

পেয়—বিণ্, ত্রি, (পা+য়, কর্ম্ম)

পেয়াদা—(যা) বরকন্দাজ।

পেয়ালা—(যা) বাটী, পাত্র বিশেষ।

পেশ—(যা) সম্মুখ।

পেষকার—(যা) যে কর্ম্মচারী হাকিমের নিকট মোকদ্দমা উপস্থিত করে।

পেশল (ষ)(স) ল—বিণ্, ত্রি, পিশ্+অলচ্, কর্ত্তৃ) সুন্দর।

পেশি (শী)—বি, স্ত্রী (পিশ্+ই, কর্ত্তৃ) মাংস ডিম্ব।

পেষণ—বি, ক্লী (পিষ+অনট্ ভাব্) মর্দ্দন, গুঁড়া। স্ত্রী—(ণি, ণী) যাঁতা।

পৈতা—(বি) যজ্ঞোপবীত।

পৈতামহ—বিণ্, ত্রি, (পিতামহ+ষ্ণ, আগত অর্থে) পিতা মহাগত, পিতামহ সম্বন্ধীয়।

পৈতৃক—বিণ্, ত্রি, (পিতৃ+কণ, আগতার্থে) পিতা হইতে আগত, পিতৃসম্বন্ধীয়।

পৈতৃষস্রীয় (স্রেয়)—বি, পুং (পিতৃষস্থ+ নীয়, ষ্ণেয়—অপত্যার্থে) পিতার ভাগিনেয়, পিশীর পুত্র।

পৈত্তিক—বিণ্, ত্রি, (পিত্ত+ষ্ণিক সম্বন্ধীয় অর্থে) পিত্ত সম্বন্ধীয়, পিত্তপ্রধান।

পৈত্র (ত্রিক)—বিণ্, ত্রি, (পিতৃ+ষ্ণ, ষ্ণিক, ইদমর্থে) পিতা হইতে আগত।

পৈশাচ—বিণ্, ত্রি, (পিশাচ্+ষ্ণ ইদমর্থে) পিশাচ সম্বন্ধীয়।

পৈশুন্য—বি, ক্লী, পিশুন+ষ্ণ্য ভাবার্থে) খলতা।

পোকা—(দে) কীট।

পোক্ত—(দে) মজবুত।

পোত—বি, পুং (পূ+তন্, কর্ত্তৃ) শিশু, অর্ভক, নৌকাদি জলযান।

পোতবণিক—বি, পুং, জলপথে বাণিজ্য ব্যবসায়ী।

পোতবাহ—বি, পুং (পোত—বহ্ +অণ্, কর্ত্তৃ) নাবিক, মাঝি।

পোতাশ্রয়—বি, পুং, জাহাজাদি লাগাইবার স্থান।

পোদ্দার—(যা) টাকা পরীক্ষক।

পোয়া—(যা) সেরের চতুর্থাংশ।

পোয়াতি—(বি) নবপ্রসূতাস্ত্রী।

পোলাও—(যা) ঘৃত বা মাংস দ্বারা পক্ক তণ্ডুল।

পোষ—বি, পুং (পুষ্+অন্, ভাব্)

পোষণ—বি, ক্লী (পুষ্+অনট্, ভাব) পালন, বর্দ্ধন।

পোষিত—বিণ্, ত্রি, (পুষ্+ণিচ +ক্ত, কর্ম্ম) পালিত, বর্দ্ধিত।

পোষ্টৃবর—বিণ্, পুং, প্রধান প্রতিপালক।

পোষ্য—বিণ্, ত্রি, (পুষ্—ঘ্যণ, কর্ম্ম) প্রতিপালনীয়, ভৃত্য।

পৌত্তলিক—বিণ্, ত্রি, (পুত্তলি+কণ, উপাসনার্থে) পুত্তলি পূজক, প্রতিমা পূজাকারা।

পৌত্র—বি, পুং, (পুত্র+ষ্ণ, অপত্যার্থে) পুত্রের পুত্র। স্ত্রী—পুত্রের কন্যা।

পৌনঃপুনিক—বিণ্, ত্রি, (পুনঃপুনঃ +ষ্ণিক, ভবার্থে) পুনঃ পুনঃ জাত।

পৌনরক্ত—বি, ক্লী, (পুনরুক্তি+ষ্ণ) পুনঃকথা; দ্বিতীয়বার বলা।

পৌর—বিণ্, ত্রি, (পুর+ষ্ণ) পুরবাসী।

পৌরব—বিণ, ত্রি, (পুরু+ষ্ণ, অপত্যার্থে) পুরুবংশীয়।

পৌরাণিক—বিণ্, ত্রি, (পুরাণ+ষ্ণিক) পুরাণ সম্বন্ধীয়। বি, পুং পুরাণ বিৎ পণ্ডিত।

পৌরুষ—বি, ক্লী, (পুরুষ+ষ্ণ) পুরুষত্ব, পরাক্রম, সাহস, তেজঃ।

পৌরুষেয়—বিণ্, ত্রি, (পুরুষ+ষ্ণেয় কৃতার্থে) মানুষিক, পুরুষ কৃত।

পৌরোহিত্য—বি, ক্লী, (পুরোহিত +ষ্ণ্য, ইদম্‌র্থে) পুরোহিতের কর্ম্ম।

পৌর্ণমাসী—বি, স্ত্রী (পুর্ণমাস+ষ্ণ স্বার্থে+ঈপ্) পুর্ণিমা তিথি।

পৌর্ব্বাহ্নিক—বিণ্, ত্রি, (পূর্ব্বাহ্ণ+ ষ্ণিক, ভবার্থে) প্রাতঃকালীন।

পৌলস্ত্য—বি, পুং (পুলস্ত্য+ষ্ণ্য অপত্যার্থে) কুবের, পুলস্ত্য পুত্র।

পৌলমী—বি, স্ত্রী, (পুলোমা+ষ্ণ, অপত্যার্থে,+ঈপ্) শচী,ইন্দ্রাণী।

পৌষ—বি, পুং (পৌষী+ষ্ণ, যুক্তার্থে) মাস বিশেষ। [ব্যক্ত।

প্রকট—বিণ্, ত্রি, (প্র—কটচ)স্পষ্ট,

প্রকটিত—বিণ, ত্রি, (প্র—কট্+ ক্ত, কর্ম্ম) প্রকাশিত, ব্যক্ত।

প্রকম্পন—বি, ক্লী. (প্র—কম্প্+ অন্, কর্তৃ) কম্পমান।

প্রকম্পিত—বিণ্, ত্রি. (প্র-কম্প্+ ক্ত, কর্তৃ) যাহা অতিশয় কাঁপিতেছে।

প্রকর—বি, পুং (প্র-কৃ+অল, কর্ম্ম) সমূহ, সকল।

প্রকরণ—বি,ক্লী, (প্র—কৃ+অনট্, ভাব্) পরিচ্ছেদ, গ্রন্থাংশ।

প্রকর্ষ—বি, পুং, (প্র—কৃষ্+অল্ ভাব্) উৎকর্ষ, আধিক্য।

প্রকাম—বিণ্, ত্রি, (প্র—কম্+ ঘঞ্, কর্ম্ম) পর্য্যাপ্ত, যথেষ্ট।

প্রকার—বি, পুং (প্র—কৃ+ঘঞ, ভাব্) সাদৃশ্য, প্রভেদ, জাতি।

প্রকাশ—বি, পুং (প্র-কশ্+ঘঞ্ ভাব) দীপ্তি, আলোক, শোভা।

প্রকাশক—বিণ্, ত্রি, (প্রকশ্ +ণক্, কর্তৃ) প্রকাশকারী।

প্রকাশিত—বিণ, ত্রি, (প্র-কাশ্ +ক্ত, কর্ম্ম) শোভিত, প্রকটিত।

প্রকীর্ণ—বিণ্, ত্রি, (প্র—কৄ+ক্ত, কর্তৃ) উচ্ছৃঙ্খল। (কর্ম্ম)—বিক্ষিপ্ত প্রসারিত।

প্রকীর্ত্তিত—বিণ, ত্রি, (প্র—কৄত্‌ +ক্ত, কর্ম্ম) সম্যক কীর্ত্তিত, কথিত।

প্রকৃত—বিণ্, ত্রি, (প্র—কৃ+ক্ত, কর্ম্ম) বাস্তবিক, যথার্থ।

প্রকৃতিস্থ—বিণ, ত্রি, (প্রকৃতি—স্থা +ড, কর্ত্তৃ) স্বাভাবিক।

প্রকৃষ্ট—বিণ, ত্রি, (প্র—কৃষ্‌+ক্ত কর্ম্ম) উৎকৃষ্ট, প্রশস্ত।

প্রকোপ—বি, পুং, (প্র—কুপ্‌+ +অল্‌ ভাব্‌) অতিশয় কোপ, জরাদির উৎকটিতা।

প্রকোষ্ঠ—বি, পুং (প্র—কুষ্‌+ থন্‌, অপা) দ্বারের পার্শ্বস্থ কোঠা, কনুইর নীচে মণিবন্ধ পর্য্যন্ত।

প্রক্রম—বি, পুং, (প্র—ক্রম্‌+ অল, ভাব,) আরম্ভ, গমন।

প্রক্রিয়া—বি, স্ত্রী, (প্র-কৃ+য, ভাব, আপ্‌) অনুষ্ঠান।

প্রক্ষালন—বি, ক্লী (প্র-ক্ষল্‌+ণিচ্‌ +অনট্‌, ভাব্‌) ধৌত করণ, ধোয়া।

প্রক্ষালিত—বিণ্, ত্রি, (প্র-ক্ষল্‌ +ণিচ্‌+ক্ত, কর্ম্ম) ধৌত।

প্রক্ষিপ্ত—বিণ্, ত্রি, (প্র—ক্ষিপ্‌ +ক্ত, কর্ম্ম) নিক্ষিপ্ত, অন্তর্নিবেশিত।

প্রখর—বিণ, ত্রি, (প্র—খন্‌+ রক্‌, কর্ম্ম) অত্যুষ্ণ, তীক্ষ্ম।

প্রখ্যাত—বিণ, ত্রি, (প্রখ্যা+ক্ত, কর্ম্ম) বিখ্যাত, প্রসিদ্ধ।

প্রগল্‌ভ—বিণ, ত্রি, (প্র—গল্‌ভ +অন্‌, কর্ত্তৃ) উদ্ধত, নির্লজ্জ সাহসী, নির্ভীক।

প্রগল্‌ভতা—বি, স্ত্রী, (প্রগল্‌ভ+ তা, ভাবার্থে) অহঙ্কার, দম্ভ, ঔদ্ধত্য।

প্রগাঢ়—বিণ, বি, (প্র—গাহ্‌+ ক্ত, কর্ত্তৃ) অধিক, অতিশয়, নিবিড়।

প্রগ্রহ—বি, পুং (প্র—গ্রহ্‌+অল্‌ ভাব্‌) গ্রহণ, বর্দ্ধন। (করণ) অশ্বাদির লাগাম।

প্রচণ্ড—বিণ, বি, (প্র+চন্‌ড্‌+

অল, কর্ত্তৃ) দুর্ব্বহ, দুর্দ্ধর্ষ, প্রবল।

প্রচার বি, পুং (প্র—চর্ + ঘঞ্, ভাব) প্রসার, প্রসিদ্ধি, প্রকাশ।

প্রচলিত—বিণ্ ত্রি, (প্র—চল্ + ক্ত, কর্ত্তৃ) প্রস্থিত, ব্যবহার্য্য, যাহা সর্ব্বত্র চলন হইয়াছে।

প্রচারক—বিণ্, ত্রি,(প্র - চর্ + ণক্, কর্ত্তৃ) প্রকাশক, যে প্রচার করে।

প্রচারিত—বিণ্ ত্রি,(প্র—চর্ + ণিচ্ + ক্ত, কর্ম্ম) যাহা প্রচার হইয়াছে।

প্রচুর—বিণ্, ত্রি, (প্র—চুর্ + ক, কর্ত্তৃ) প্রভূত।

প্রচ্ছন্ন—বিণ্ ত্রি, (প্র—ছদ্ + ক্ত, কর্ম্ম) আচ্ছন্ন, গুপ্ত।

প্রজা—বি, স্ত্রী, (প্র—জন্ + ড, কর্ত্তৃ, আপ্) সন্ততি, অধিকারস্থ জন।

প্রজাতন্ত্র—বি, পুং, শাসন প্রণালী।

প্রজ্ঞ—বিণ্, ত্রি, (প্র—জ্ঞা + ড, কর্ত্তৃ) জ্ঞানী।

প্রজ্ঞা—বি, স্ত্রী, (প্র—জ্ঞা + ঙ, ভাব্) বুদ্ধি।

প্রণত—বিণ্ ত্রি, (প্র - নম্ + ক্ত, কর্ত্তৃ) নম্র, কৃত প্রণাম।

প্রণতি—বি, স্ত্রী, (প্র—নম্ + ক্তি, ভাব) প্রণাম, নম্রতা।

প্রণয়—বি, পুং, (প্র—নী + অল্, ভাব) প্রীতি, প্রেম, শ্রদ্ধা।

প্রণয়ন—বি, ক্লী (প্র—নী + অনট্, ভাব্) নির্ম্মাণ, রচনা।

প্রণয়ী—বি, স্ত্রী (প্রণয় + ইন্, অস্ত্যর্থে, ঈপ্) অনুরক্তা, নায়িকা বিণ্ - অনুরাগ যুক্তা।

প্রণব—বি, পুং, (প্র—নু + অল্, করণ) ওঙ্কার।

প্রণালী—বি স্ত্রী, (প্র—নল্ + ঘঞ, করণ + ঈপ্)নর্দ্দমা,জল নির্গমপথ।

প্রণাশ—বি,পুং, প্র—নশ্ + ঘঞ্, ভাব) মৃত্যু, পলায়ন।

প্রণিধান—বি, ক্লী, (প্র—নি—ধা + অনট্, ভাব্) মনোভিনিবেশ, চিত্তের একাগ্রতা।

প্রণিধি - বি, পুং, (প্র—নি—ধা + কি, কর্ম্ম) চর, দূত।

প্রণিপাত—বি, পুং, (প্র—নি—পত +ঘঞ্, ভাব্) প্রণাম।

প্রণিহিত—বিণ্, ত্রি, (প্র—নি—ধা+ক্ত, কর্ম্ম) অর্পিত, প্রসারিত, প্রাপ্ত।

প্রণীত—বিণ্, ত্রি, (প্র—নী+ক্ত, কর্ম্ম) রচিত, প্রেরিত, ক্ষিপ্ত।

প্রণেতা—বিণ্, ত্রি, (প্র—নী+তৃন্ কর্ত্তৃ) রচয়িতা।

প্রণোদিত—বিণ্, ত্রি, (প্র—নুদ্+ণিচ্+ক্ত, কর্ম্ম) নিয়োজিত, প্রেরিত।

প্রতপ্ত—বিণ্, ত্রি, (প্র—তপ্+ক্ত, কর্ত্তৃ) উত্তপ্ত।

প্রতাপ—বি, পুং, (প্র—তপ্+ঘঞ্, ভাব্) প্রভাব, কোষ দণ্ড জনিত তেজঃ।

প্রতারক—বিণ্, ত্রি, (প্র—তৃ+ণিচ্ +ণক্, কর্ত্তৃ) বঞ্চক, ধূর্ত্ত।

প্রতারণা—বি, স্ত্রী, (প্র—তৃ+অন্, ভাব্, আপ্) বঞ্চনা, ঠকান।

প্রতি (তী) কার—বি, পুং, (প্রতি—কৃ+ঘঞ্, ভাব্) প্রতিবিধান, প্রতিফল, চিকিৎসা।

প্রতি (তী) কাশ—বিণ্, ত্রি, (প্রতি—কাশ্+অন্, কর্ত্তৃ) (শব্দের পরবর্ত্তী হইলে) সদৃশ, তুল্য।

প্রতিকূল—বিণ্, ত্রি, বিপক্ষ, বিরুদ্ধ।

প্রতিকূলতা—বি, স্ত্রী, (প্রতিকূল +তা, ভাবার্থে) বিপক্ষতা, বিরুদ্ধাচরণ।

প্রতিকৃতি—বি, স্ত্রী, (প্রতি—কৃ+ক্তি, ভাব্) সাদৃশ্য, (করণ) প্রতিবিম্ব, প্রতিনিধি।

প্রতিক্রিয়া—বি, স্ত্রী, (প্রতি—কৃ +শ, ভাব্, আপ্) প্রতিকার।

প্রতিকৃতি—বি, স্ত্রী, (প্রতি—কৃ+ক্তি, ভাব্) প্রতিবিম্ব।

প্রতিক্ষিপ্ত—বিণ্, ত্রি, (প্রতি—ক্ষিপ্+ক্ত, কর্ম্ম) তিরস্কৃত, বাধিত, নিষিদ্ধ।

প্রতিঘাত—বি, পুং, (প্রতি—হন্ +ঘঞ্, ভাব্) আঘাত, আঘাত-

কারী বস্তুকে পুনরায় আঘাত করা।

প্রতিজ্ঞা—বি, স্ত্রী, (প্রতি - জ্ঞা +ঙ, ভাব্) অঙ্গীকার।

প্রতিজ্ঞাপত্র—বি, ক্লী, অঙ্গীকার-সূচক লিখন।

প্রতিদান—বি, ক্লী, (প্রতি—দা +অনট্, ভাব্) পরিবর্ত্ত, ন্যস্ত-বস্তুর প্রত্যর্পণ।

প্রতিদ্বন্দ্বী—বিণ্, পুং, (প্রতিদ্বন্দ্ব +ইন্, অস্ত্যর্থে) প্রতিপক্ষ, শত্রু, সমকক্ষ।

প্রতিধ্বনিত—বিণ্, ত্রি, (প্রতি—ধ্বন্+ক্ত, কর্ম্ম) প্রতিশব্দিত।

প্রতিনিধি—বি, পুং, (প্রতি—নি—ধা+কি, কর্ম্ম) প্রতিরূপ, বদলি।

প্রতিনিবৃত্ত—বিণ্, ত্রি, (প্রতি—নি—বৃৎ+ক্ত, কর্ত্তৃ) প্রত্যাগত।

প্রতিপক্ষ—বি, পুং, বিপক্ষ, শত্রু।

প্রতিপত্তি—বি, স্ত্রী, (প্রতি—পদ্ +ক্তি, ভাব্) সম্মান, গৌরব।

প্রতিপদ্—বি, স্ত্রী, (প্রতি—পদ +ক্বিপ্, অধি) শুক্ল ও কৃষ্ণ পক্ষের ১ম তিথি।

প্রতিপন্ন—বিণ্, ত্রি (প্রতি—পদ্ +ক্ত, কর্ম্ম) সম্মানিত, জ্ঞাত, অনুমত।

প্রতিপাদক—বিণ্, ত্রি, (প্রতি—পদ্+ণক, কর্ত্তৃ) নির্ব্বাহক, সম্পাদক।

প্রতিপাদন—বি, ক্লী, (প্রতি—পদ্+ণিচ্, +অনট্, ভাব্) সম্পাদন, নিষ্পাদন, অবধারণ।

প্রতিপাদিত—বিণ্, ত্রি, (প্রতি—পদ্+ণিচ্+ক্ত, কর্ম্ম) সম্পাদিত, নিষ্পাদিত।

প্রতিপাদ্য—বিণ্, ত্রি, (প্রতি—পদ্+ণিচ্+য, কর্ম্ম) সম্পাদ্য, বর্ণনীয়, অভিধেয়।

প্রতিপালক—বিণ্, ত্রি, (প্রতি—পা+ণিচ্+ণক, কর্ত্তৃ) প্রতি-পালন কর্ত্তা, পোষক, রক্ষক।

প্রতিপালন—বি, ক্লী, (প্রতি—পা+ণিচ্+অনট্, ভাব্) পোষণ, রক্ষণ

প্রতিপালিত—বিণ্, ত্রি, (প্রতি—পা+ণিচ্+ক্ত, কর্ম্ম) পোষিত, রক্ষিত।

প্রতিপাল্য—বিণ্, ত্রি (প্রতি—পা+ণিচ্+য, কর্ম্ম) রক্ষণীয়।

প্রতিফল—বি, ক্লী, প্রতিশোধ, প্রত্যুপকার।

প্রতিভা—বি, স্ত্রী, (প্রতি—ভা+ঙ, ভাব) বুদ্ধি, প্রত্যুৎপন্নমতি।

প্রতিভান্বিত—বিণ্, ত্রি, প্রতিভা-যুক্ত।

প্রতিভাশালী—বিণ্, ত্রি, (প্রতিভা+শালিন্, অস্ত্যর্থে) তীক্ষ্ম বুদ্ধি-সম্পন্ন।

প্রতিভূ—বি, পুং, (প্রতি—ভূ+ক্বিপ্, কর্তৃ) তৎস্থলীয়, জামিন।

প্রতিমা—বি, স্ত্রী, (প্রতি—মা+ড, কর্ম্ম) প্রতিমূর্ত্তি। (করণ) প্রতিবিম্ব।

প্রতিমূর্ত্তি—বি, স্ত্রী, প্রতিকৃতি।

প্রতিমোচন—বি, ক্লী, (প্রতি—মুচ্+অনট্, ভাব্) বিমোচন।

প্রতিযোগী—বিণ্, পুং, (প্রতি—যুজ্+ঘিনু, কর্তৃ) প্রতিপক্ষ, সমকক্ষ।

প্রতিরুদ্ধ—বিণ্ ত্রি, (প্রতি—রুধ্+ক্ত, কর্ম্ম) অবরুদ্ধ, নিবারিত।

প্রতিরূপ—বি, ক্লী, প্রতিমূর্ত্তি, প্রতিবিম্ব।

প্রতিরোধ—বি, পুং, (প্রতি—রুধ্+অল্, ভাব্) নিবারণ, প্রতি-বন্ধ।

প্রতিরোধক—বিণ্, ত্রি, (প্রতি—রুধ্+ণক্, কর্তৃ) ব্যাঘাতক, নিবারক। [উল্টা।

প্রতিলোম—বিণ্, ত্রি, প্রতিকূল,

প্রতিলোমজ—বিণ্, ত্রি, (প্রতি-লোম—জন্+ড, কর্তৃ) উত্তম বর্ণ, স্ত্রীতে অধমবর্ণ হইতে জাত সঙ্কীর্ণ জাতি।

প্রতিবচন—বি, ক্লী, প্রত্যুত্তর।

প্রতিবন্ধক—বিণ্, ত্রি, (প্রতি—বন্ধ+ণক্, কর্তৃ) যে বাধা দিতেছে।

প্রতিবাদ—বি, পুং, (প্রতি—বদ্ +ঘঞ্, ভাব) বিরুদ্ধে বলা, আপত্তি।

প্রতিবাদী—বিণ্, পুং, (প্রতি—বদ্ +ণিন্, কর্ত্তৃ) বিপক্ষ, আসামী।

প্রতিবাসী—বিণ্, পুং, (প্রতি—বস্+ণিন্, কর্ত্তৃ) নিকটস্থ গৃহস্থ।

প্রতিবিধান—বি, ক্লী, (প্রতি—বি—ধা+অনট্, ভাব) প্রতিকার।

প্রতিবিধিৎসা—বি, স্ত্রী (প্রতি—বি—ধা+সন্+অ, ভাব, আপ্) প্রতিকার করণেচ্ছা।

প্রতিবিম্ব—বি, পুং, ক্লী, প্রতিচ্ছায়া, দর্পণাদিতে অনুরূপ আকৃতি।

প্রতিবিম্বিত—বিণ্, ত্রি, (প্রতিবিম্ব+ইত, বিদ্যমানার্থে) প্রতিফলিত, যাহার প্রতিবিম্ব পড়িয়াছে।

প্রতিবেশী—বিণ্, পুং (প্রতি—বিশ্+ণিন্, কর্ত্তৃ) নিকটস্থ গৃহস্থ, পড়শী।

প্রতিশব্দ—প্রতিধ্বনি।

প্রতিশ্রুত—বিণ্, ত্রি, (প্রতি—শ্রু+ক্ত, কর্ম্ম) অঙ্গীকৃত।

প্রতিশ্রুতি—বি, স্ত্রী, প্রতি—শ্রু+ক্তি, ভাব) অঙ্গীকার।

প্রতিষিদ্ধ—বিণ্, ত্রি, (প্রতি—সিধ +ক্ত, কর্ম্ম) নিবারিত, নিষিদ্ধ।

প্রতিষেধ—বি, পুং,(প্রতি—সিধ্+অল, ভাব) নিবারণ, নিষেধ, বর্জ্জন।

প্রতিষেধক—বিণ্ ত্রি,(প্রতি—সিধ +ণক্, কর্ত্তৃ) নিবারক।

প্রতিষ্ঠা বি, স্ত্রী, (প্রতি -স্থা+ ঙ, ভাব) সুখ্যাতি, গৌরব।

প্রতিষ্ঠিত—বিণ্, ত্রি, (প্রতি—স্থা +ক্ত, কর্ম্ম) বিখ্যাত, সম্মানিত।

প্রতিসংহার—বি,পুং,প্রতি—সং—হৃ+ঘঞ্, ভাব) নিবর্ত্তন,প্রত্যাকর্ষণ। [সৃষ্টি।

প্রতিসর্গ—বি, পুং মরীচ্যাদি কর্ত্তৃক

প্রতিসৃষ্ট—বিণ, ত্রি, (প্রতি—সৃজ +ক্ত, কর্ম্ম) বিসৃষ্ট, ত্যক্ত।

প্রতিহত—বিণ, ত্রি, (প্রতি—হন্ +ক্ত, কর্ম্ম) প্রতিঘাতপ্রাপ্ত, আহত।

প্রতিহন্তা—বিণ,পুং (প্রতি—হন্+তৃন্, কর্ত্তৃ) বিনাশক, নিবারক।

প্রতিহার—বি, পুং, (প্রতি-হৃ+ঘঞ, ভাব) পরিহার। (অধি) দ্বার। (কর্ত্তৃ) দ্বারবান্।

প্রতিহার্য্য—বিণ, ত্রি, (প্রতি—হৃ +ণ্যৎ, কর্ম্ম) পরিহার্য্য।

প্রতিহিংসা বি, স্ত্রী, (প্রতি—হিন্স +অ,ভাব আপ) বৈরশুদ্ধি. বৈর-নির্য্যাতন।

প্রতীক্ষা—বি, স্ত্রী, (প্রতি—ঈক্ষ+অ, ভাব+আপ) অপেক্ষা, পূজা।

প্রতীচী—বি, স্ত্রী, (প্রত্যচ+ঈপ) পশ্চিম দিক্।

প্রতীত—বিণ ত্রি, (প্রতি—ই+ক্ত, কর্ত্তৃ) প্রীত, হৃষ্ট, জ্ঞাত।

প্রতীতি—বি, স্ত্রী, (প্রতি—ই +ক্ত,ভাব) খ্যাতি. বিশ্বাস, জ্ঞান।

প্রতীপ—বিণ, ত্রি, প্রতিকূল, বিপরীত।

প্রতীপদর্শী—বিণ, পুং, (প্রতীপ—দৃশ+ণিন, কর্ত্তৃ) বিপরীত দর্শী।

প্রতীয়মান বিণ, ত্রি, (প্রতি—ই +শান্, কর্ম্ম) জ্ঞায়মান, অনুভূয়-মান।

প্রত্যক্ষ—বিণ, ত্রি, (প্রত্যক্ষ+থ অস্ত্যর্থে) ইন্দ্রিয় গ্রাহ্য, নয়ন-গোচর।

প্রত্যঙ্গ—বি, ক্লী, অঙ্গের অঙ্গ।

প্রত্যন্ত—বিণ, ত্রি, প্রান্তস্থিত।

প্রত্যভিজ্ঞা—বি, স্ত্রী, (প্রতি—অভি—জ্ঞা+ঙ, ভাব,—আপ) "ইহা সেই" এইরূপ জ্ঞান, স্মরণ বিশেষ।

প্রত্যয়—বি, পুং, (প্রতি—ই+অল, ভাব) নিশ্চয়, জ্ঞান, প্রতীতি।

প্রত্যয়িত—বিণ, ত্রি, (প্রতি—অয়+ক্ত, কর্ত্তৃ) বিশ্বস্ত।

প্রত্যর্থী—বিণ, পুং, (প্রতি—অর্থ

+ইন্, অস্ত্যর্থে) প্রতিবাদী, বিপক্ষ।

প্রত্যর্পণ—বি, ক্লী, (প্রতি—ঋ+ ণিচ+অনট্, ভাব্) প্রতিদান, ফিরিয়া দেওয়া।

প্রত্যর্পিত—বিণ্, ত্রি, (প্রতি—ঋ +ণিচ+ক্ত,কর্ম্ম) প্রতিদত্ত, যাহা ফিরাইয়া দেওয়া হইয়াছে।

প্রত্যবায়—বি, পুং, (প্রতি—অব —ই—অল্, অপ্) পাপ, ক্ষতি, অনিষ্ট।

প্রত্যবেক্ষণ—বি, ক্লী, (প্রতি—অব ঈক্ষ্+অনট্, ভাব্) অনুসন্ধান, বিচার, পরিদর্শন।

প্রত্যহ—(ব্য) প্রতিদিন, রোজ রোজ।

প্রত্যাখ্যাত—বিণ্, ত্রি, (প্রতি— আ—খ্যা+ক্ত, কর্ম্ম) নিরাকৃত, অস্বীকৃত।

প্রত্যাখ্যান—বি, ক্লী, (প্রতি+আ —খ্যা+অনট্, ভাব্) দূরীকরণ, অস্বীকার।

প্রত্যাগত—বিণ্, ত্রি, (প্রতি— আ—গম্+ক্ত, কর্ত্তৃ) প্রতিনিবৃত্ত, যে ফিরিয়া আসিয়াছে।

প্রত্যাগমন—বি,ক্লী, প্রতি—আ— গম্+অনট্, ভাব্) ফিরিয়া আসা।

প্রত্যাদিষ্ট—বিণ্, ত্রি, (প্রতি— আ—দিশ্+ক্ত, কর্ম্ম) প্রত্যা- খ্যাত, নিরাকৃত।

প্রত্যাদেশ—বি, পুং, (প্রতি—আ —দিশ্+অল্, ভাব্) প্রত্যাখ্যান, বর্জ্জন।

প্রত্যাবর্ত্তন—বি, ক্লী, (প্রতি—আ বৃৎ+অনট্,ভাব্) ফিরিয়া আসা। পুনরাগমন।

প্রত্যাশা—বি, স্ত্রী, আকাঙ্ক্ষা।

প্রত্যাসন্ন—বিণ্, ত্রি, (প্রতি—আ —সদ্ + ক্ত, কর্ত্তৃ, সন্নিহিত, সমীপস্থ।

প্রত্যাহার—বি, পুং, (প্রতি—আ হৃ+ঘঞ্, ভাব্) ফিরাইয়া লওয়া।

প্রত্যুক্তি—বি, স্ত্রী, (প্রতি—বচ্+ক্তি, ভাব) প্রতিবচন, উত্তর।

প্রত্যুত—ব্য (প্রতি—উ+ক্ত, কর্ম্ম) বৈপরীত্য।

প্রত্যুত্তর—বি, ক্লী, উত্তরের উত্তর।

প্রত্যুত্থান—বি, ক্লী, (প্রতি—উৎ—স্থা+অনট্, ভাব) আগতের সম্মানার্থ উত্থান, অভ্যর্থনা।

প্রত্যুৎপন্ন—বিণ্, ত্রি, (প্রতি—উৎ পদ্+ক্ত, কর্ত্ত) সত্বরজাত,পুনঃজাত

প্রত্যুৎপন্নমতি—বি, স্ত্রী, ঝটিতি উপস্থিতি বুদ্ধি। বিণ্, ত্রি, প্রতিভা সম্পন্ন, উপস্থিত বিষয়ে যাহার হঠাৎ বুদ্ধি উপস্থিত হয়।

প্রত্যুৎপন্নমতিত্ব—বি, ক্লী, (প্রত্যুৎ-পন্নমতি+ত্ব, ভাবার্থে) কার্য্যকালে বুদ্ধির উদয় হওয়া।

প্রত্যুদ্গমন—বি, ক্লী, (প্রতি—উৎ—গম্+অনট্, ভাব) আগতের সম্মানার্থ তাহার দিকে গমন, মান্য ব্যক্তির সম্মানার্থ তাঁহার দিকে কিছু যাওয়া।

প্রত্যুপকার—বি, পুং, (প্রতি—উপ—কৃ+ঘঞ্, ভাব) উপকারীর উপকার।

প্রত্যু (ত্যূ) ষ—বি, পুং (প্রতি—উষ্, ঊষ্,+ক, কর্ত্তৃ) প্রভাত, ভোরবেলা।

প্রত্যূহ—বি, পুং (প্রতি—উহ+ক, কর্ত্তৃ) বিঘ্ন।

প্রথম—বিণ্, ত্রি, (প্রথ্+অম্, কর্ত্তৃ) আদিম, মুখ্য, শ্রেষ্ঠ।

প্রথমতঃ—ব্য (প্রথম+তস্, ৭মী স্থানে অগ্রে।

প্রথা—বি, স্ত্রী, (প্রথ্+ঙ, ভাব, +আপ্) রীতি, ধারা।

প্রথিত—বিণ্, ত্রি, (প্রথ্+ক্ত, কর্ম্ম) বিখ্যাত, প্রসিদ্ধ।

প্রদ—বিণ্, ত্রি, (প্র—দা+ড,কর্ত্তৃ) [দাতা।

প্রদক্ষিণ—(ব্য) দক্ষিণ দিক হইতে চারিদিকে পরিভ্রমণ।

প্রদত্ত—বিণ্, ত্রি, (প্র—দা+ক্ত, কর্ম্ম) সমর্পিত যাহা দেওয়া হইয়াছে।

প্রদর্শক—বিণ, ত্রি, (প্র+দৃশ্+ণক্, কর্ত্তৃ) যে দেখায়।

প্রদর্শন—বি, ক্লী (প্র—দৃশ্+অনট্, ভাব) দেখান।

প্রদর্শিত—বিণ, ত্রি (প্র—দৃশ+ণিঃ+ক্ত, কর্ম্ম) উল্লিখিত, যাহা দেখান হইয়াছে।

প্রদান—বি, ক্লী, (প্র—দা+অনট, ভাব) দেওয়া।

প্রদীপ—বি, পুং, (প্র—দীপ্+ক, কর্ত্তৃ) আলোক।

প্রদীপ্ত—বিণ, ত্রি, (প্র—দীপ্+ক্ত, কর্ম্ম) সমুজ্জ্বল, প্রকাশিত।

প্রদেয়—বিণ, ত্রি, (প্র—দা+য, কর্ম্ম) দানের যোগ্য।

প্রদেশ—বি, পুং (প্র—দিশ্+ঘঞ্, ভাব) সায়ংকাল, রাত্রির প্রথম ৪ দণ্ড পরিমিত কাল।

প্রদ্যোত—বি, পুং, (প্র—দ্যুত+অল্, ভাব) দীপ্তি, কিরণ।

প্রধান—বি, ক্লী, (প্র—ধা+অন, কর্ত্তৃ) শ্রেষ্ঠ।

প্রধূমিত—বিণ, ত্রি, ধূমবিশিষ্ট।

প্রপাত—বি, পুং, (প্র—পত্+ঘঞ্, ভাব) জল পতন, নির্ঝর, পতন স্থান।

প্রপিতামহ—বি, পুং (পিতৃ+ডামহ) পিতারপিতা। স্ত্রী—(হী)—পিতার মাতা।

প্রফুল্ল—বিণ, ত্রি, (প্র—ফুল্ল+ক্ত, কর্ত্তৃ, নিপা) বিকশিত, সহাস্য, প্রসন্ন।

প্রফুল্লতা—বি, স্ত্রী, (প্রফুল্ল+তা ভাবার্থে) বিকাশ, প্রসন্নতা।

প্রভঞ্জন—বি, ক্লী, (প্র—ভন্‌জ+অনট্, ভাব) প্রবল বাতাস।

প্রভব—বি, পুং, (প্র—ভূ+অল্, ভাব) জন্ম, উৎপত্তি।

প্রভা—বি, স্ত্রী, (প্র—ভা+ঙ, ভাব) দীপ্তি, প্রকাশ, আলো।

প্রভাকর—বি, পুং, (প্রভা—কৃ+ট, কর্ত্তৃ) সূর্য্য, দিবাকর।

প্রভাত—বি, ক্লী, (প্র—ভা+ক্ত, ভাব) প্রত্যূষ, প্রাতঃকাল।

প্রভাব—বি, পুং, (প্র—ভূ+ঘঞ, করণ) তেজঃ, পরাক্রম্। (ভাব) —সামর্থ্য, ক্ষমতা।

প্রভু-বি, পুং, (প্র—ভূ+ডু, কর্ত্তৃ) স্বামী, রাজা। বিণ, ত্রি, নিগ্রহানুগ্রহ সমর্থ, শ্রেষ্ঠ।

প্রভুতা—বি, স্ত্রী, (প্রভু+তা ভাবার্থে) স্বামিত্ব, আধিপত্য।

প্রভুভক্ত—বিণ, ত্রি, স্বামীব প্রতি অনুরক্ত।

প্রভুশক্তি—বি, স্ত্রী, প্রভাব, প্রতাপ।

প্রভূত—বিণ, ত্রি, (প্র—ভূ+ক্ত, কর্ত্তৃ) প্রচুর, বহুল।

প্রভৃতি (ব্য) (প্র-ভৃ+ক্তি, ভাব) অবধি।

প্রভেদ—বি, পুং, (প্র—ভিদ্+ঘঞ, ভাব) বিভিন্নতা, পার্থক্য।

প্রভ্রষ্ট—বিণ, ত্রি, (প্র—ভ্রন্স্+ক্ত, কর্ত্তৃ) বিচ্যুত, স্খলিত।

প্রমত্ত—বিণ, ত্রি, (প্র—মদ্+ক্ত, কর্ত্তৃ) অনবহিত, অতিমত্ত।

প্রমথ—বি, পুং, (প্র—মথ্+অন, কর্ত্তৃ) শিবানুচর বিশেষ। (+অল, ভাব) বিলোভন।

প্রমদ বি, পুং, (প্র—মদ্+অল্, ভাব) হর্ষ, আনন্দ।

প্রমদকানন—বি, ক্লী, আনন্দ কানন, রাজকীয় অন্তপুরোস্থান।

প্রমদা—বি, স্ত্রী, (প্র—মদ্+ণিচ্ +অন্, কর্ত্তৃ, আপ্) সুন্দরী নারী।

প্রমাণ—বি, ক্লী, (প্র—মা+অনট্, ভাব) উদাহরণ, সাক্ষী, নিশ্চয়ের কারণ।

প্রমাণীকৃত -বিণ, ত্রি, (প্রমাণ +চ্বি—কৃ+ক্ত, কর্ম্ম) স্থিরীকৃত, মীমাংসিত।

প্রমাদ—বি, পুং, (প্র—মদ্+ঘঞ, ভাব) ভ্রম।

প্রমুখাৎ— (ব্য) মুখ হইতে।

প্রমেহ—বি, পুং, রোগ বিশেষ।

প্রমোচন—বি, ক্লী, (প্র—মুচ্+অনট্, ভাব) মুক্ত করণ।

প্রমোদ—বি, পুং, (প্র—মুদ্+অল, ভাব) হর্ষ, আনন্দ।

প্রযত—বিণ্, ত্রি, প্র—যম্+ক্ত, কর্তৃ) পবিত্র, শুদ্ধ।

প্রযত্ন—বি, পুং, অধ্যবসায়, প্রয়াস।

প্রয়াগ—বি, পুং, গঙ্গা, যমুনা ও সরস্বতীর সঙ্গম স্থান, তীর্থবিশেষ।

প্রয়াণ—বি, ক্লী, (প্র—যা+অনট্, ভাব) যুদ্ধযাত্রা, প্রস্থান।

প্রয়াস—বি,পুং, (প্র—যস্—ঘঞ্, ভাব) শ্রম, যত্ন, চেষ্টা।

প্রযুক্ত—বিণ্, ত্রি, (প্র—যু+ক্ত, কর্ম্ম) রচিত, উল্লিখিত, উদাহৃত।

প্রযুঞ্জান—বিণ্, ত্রি,(প্র—যুজ্+শান্, কর্তৃ) প্রয়োগকারী।

প্রযোক্তা—বিণ্,পুং, (প্র—যুজ্+তৃন্, কর্তৃ) প্রয়োগকারী, উত্তমর্ণ।

প্রয়োগ বি, পুং, (প্র—যুজ্+ঘঞ্, ভাব) উদাহরণ, উল্লেখ।

প্রয়োজক—বিণ্, ত্রি, (প্র—যুজ্+ণক্, কর্তৃ) প্রয়োগ কর্ত্তা, প্রবর্ত্তক।

প্রয়োজন—বি, ক্লী, (প্র—যুজ্+অনট্, ভাব) আবশ্যক, হেতু।

প্রযোজ্য—বিণ্, ত্রি, (প্র—যুজ+ঘ্যণ্, কর্ম্ম) যাহাকে প্রয়োগ করা যায়।

প্ররূঢ়—বিণ্, ত্রি, (প্র—রুহ্+ক্ত, কর্তৃ) উৎপন্ন, অঙ্কুরিত।

প্ররোহ—বি, পুং, (প্র—রুহ্+অল্, ভাব) উৎপত্তি। (+অন্ কর্তৃ) বৃক্ষাদির ঝুরি।

প্রলপিত—বি, ক্লী, (প্র—লপ+ক্ত, ভাব) প্রলাপ, বৃথাউক্তি।

প্রলয়—বি, পুং, (প্র—লী+অল্, ভাব) ধ্বংস, কল্পান্ত, সৃষ্টিনাশ।

প্রলাপ—বি, পুং, (প্র—লপ্+ঘঞ্, ভাব) বৃথাবাক্য, বিলাপ।

প্রলুব্ধ—বিণ, ত্রি, (প্র—লুভ+ক্ত, কর্তৃ) অতিশয় লোভী।

প্রলেপ—বি, পুং, (প্র—লিপ্+অল্, করণ) লেপন দ্রব্য।

প্রলোভ—বি, পুং, (প্র—লুভ্+ঘঞ্, ভাব) অতিলোভ।

প্রলোভন - বি, ক্লী, (প্র—লুভ্+ণিচ্+অনট্, ভাব) লোভপ্রদর্শন।

প্রবচন—বি, ক্লী, (প্র—বচ্ + অনট্, ভাব) উৎকৃষ্ট বাক্য।

প্রবণ—বিণ্, ত্রি, প্র—বণ্ + অন্, কর্ত্তৃ) নত, বিনীত, আসক্ত, নিপুণ।

প্রবর—বিণ্, ত্রি, (প্র—বৃ + অল্, কর্ম্ম) অত্যুত্তম, শ্রেষ্ঠ।

প্রবর্ত্তক—বিণ্, ত্রি, (প্র—বৃৎ + ণক্, কর্ত্তৃ) প্রবৃত্তিদায়ক, প্রণেতা।

প্রবর্ত্তন—বি, ক্লী, (প্র - বৃৎ + ণিচ + অনট্) প্রবৃত্তি দান, উত্তেজন।

প্রবর্ত্তমান—বিণ্, ত্রি, (প্র—বৃৎ + শান্, কর্ত্তৃ) যে কার্য্যে রত হইয়াছে।

প্রবর্ত্তিত বিণ্, ত্রি, (প্র—বৃৎ + ণিচ + ক্ত, কর্ম্ম) নিয়োজিত, চালিত।

প্রবহণ—বি, ক্লী, (প্র—বহ্ + অনট্, করণ) আচ্ছাদিত শকট, পোত।

প্রবাদ—বি,পুং, (প্র—বদ্ + ঘঞ্, ভাব) জনশ্রুতি, পরম্পরাগত বাক্য।

প্রবাল—বি, ক্লী, নূতনপত্র, সমুদ্রজ রত্ন বিশেষ।

প্রবাস—বি, পুং, (প্র—বস্ + ঘঞ্, ভাব) বিদেশে স্থিতি, অন্য দেশে বাস।

প্রবাসী—বিণ্, পুং, (প্র—বস্ + ণিন্, কর্ত্তৃ) বিদেশবাসী।

প্রবাহ—বি, পুং, (প্র—বহ + ঘঞ্, ভাব) স্রোতঃ, অবিচ্ছেদে কার্য্য করণ।

প্রবাহিত—বিণ্, ত্রি, (প্র—বহ্ + ণিচ + ক্ত, কর্ম্ম, বা, প্রবাহ + ইত, যুক্তার্থে) প্রবাহ বিশিষ্ট।

প্রবাহিনী—বি, স্ত্রী, (প্র—বহ + ণিন্, কর্ত্তৃ, + ঈপ্) স্রোতঃস্বতী, নদী। বিণ্, প্রবাহবিশিষ্টা।

প্রবিষ্ট—বিণ্ ত্রি, (প্র—বিশ্ + ক্ত, কর্ত্তৃ) অন্তর্গত, অভিনিবিষ্ট।

প্রবীণ—বিণ, ত্রি (প্র—বীণা + ণিচ + অণ্, কর্ত্তৃ) দক্ষ, নিপুণ, পারদর্শী।

প্রবীণতা—বি, স্ত্রী, (প্রবীণ + তা, ভাবার্থে) দক্ষতা, বহুদর্শিতা।

প্রবীর—বিণ, ত্রি, প্রধানবীর।

প্রবৃত্ত—বিণ, ত্রি, (প্র—বৃত্+ক্ত, কর্তৃ) উৎপন্ন, জাত।

প্রবৃত্তি—বি, স্ত্রী, প্র—বৃৎ+ক্তি, ভাব) উৎপত্তি, প্রবাহ, ইচ্ছা।

প্রবৃদ্ধ—বিণ, ত্রি, (প্র—বৃধ+ক্ত, কর্তৃ) অতিশয় বিস্তৃত, অতিশয় বৃদ্ধিযুক্ত।

প্রবেশ—বি, পুং, (প্র—বিশ+অল্, ভাব) অন্তর্গমন, যাওয়া।

প্রবেশিকা—বিণ, স্ত্রী, (প্র—বিশ্ণক্, করণ+আপ) যদ্দারা প্রবেশ করা যায়।

প্রবোধ—বি, পুং, (প্র—বুধ+অল্, ভাব,) শান্ত্বনা, জ্ঞান, চৈতন্য।

প্রব্রজিত—বিণ, ত্রি, (প্র+ব্রজ+ক্ত, কর্তৃ) প্রবাসগত, সন্ন্যাসী।

প্রব্রজ্যা—বি, স্ত্রী, (প্র—ব্রজ+ক্যপ, ভাব+আপ), সন্ন্যাস।

প্রশংসনীয়—বিণ, ত্রি, (প্র—শন্স্+অনীয়, কর্ম্ম) ধন্যবাদার্হ, সুখ্যাতি ভাজন।

প্রশংসা—বি, স্ত্রী, (প্র—শন্স্+অ, ভাব+আপ) স্তুতি, ধন্যবাদ।

প্রশংসিত—বিণ, ত্রি, (প্র—শন্স্+ক্ত কর্ম্ম) যাহাকে সুখ্যাতি করা হইয়াছে।

প্রশম—বি, পুং, (প্র—শম্+অল্, ভাব) শান্তি, নির্ব্বাণ।

প্রশমন—বি, ক্লী, (প্র—শম+অনট) নিবারণ, হনন।

প্রশমিত—বিণ, ত্রি, (প্র—শম্ণিঃ+ক্ত, কর্ম্ম) নিবারিত, দমিত।

প্রশস্ত—বিণ, ত্রি, (প্র—শন্স্+ক্ত, কর্ম্ম) প্রশংসনীয়, শ্রেষ্ঠ।

প্রশান্ত—বিণ, ত্রি, (প্র—শম+ক্ত, কর্তৃ) শান্তিযুক্ত, নিশ্চল।

প্রশ্ন—বি, পুং, (প্রচ্ছ+নঙ, ভাব) জিজ্ঞাসা।

প্রশ্রয়—বি, পুং, (প্র—শ্রি+অল্, ভাব) স্নেহ, আদর।

প্রশ্বাস—বি, পুং, (প্র—শ্বস্+ঘঞ, ভাব) নাশাপ্রবিষ্ট বায়ু।

প্রসক্ত—বিণ, ত্রি, (প্র - সন্‌জ্ + ক্ত, কর্ত্ত্) আশক্ত, সংলগ্ন।

প্রসক্তি—বি, স্ত্রী, (প্র—সন্‌জ্ + ক্তি, ভাব) প্রসন্নতা, ভালবাসা।

প্রসঙ্গ—বি, পুং, (প্র—সন্‌জ + অল্, ভাব) সম্বন্ধ, সম্পর্ক, আসক্তি।

প্রসন্ন—বিণ, ত্রি, (প্র—সদ্ + ক্ত, কর্ত্তৃ) সন্তুষ্ট, প্রফুল্ল।

প্রসন্নতা—বি, স্ত্রী, (প্রসন্ন + তা, ভাবার্থে) সন্তোষ, নির্ম্মলতা।

প্রসব—বি, পুং, (প্র—সূ + অল্, ভাব) উৎপত্তি, সন্তানজন্মান।

প্রসবগৃহ—বি, ক্লী, সূতিকাগৃহ।

প্রসবিত্রী—বিণ, ত্রি, (প্র—সূ + তৃন্, কর্ত্তৃ + ঈপ্) জননী।

প্রসর—বি, পুং, (প্র—সৃ + অল্ ভাব) বিস্তার।

প্রসাদ—বি, পুং, (প্র—সদ্ + ঘঞ্, ভাব) প্রসন্নতা।

প্রসার—বি, পুং, (প্র—সৃ + ঘঞ্, ভাব) বিস্তার।

প্রসারিত—বিণ, ত্রি, (প্র—সৃ ণিচ্ + ক্ত, কর্ম্ম) বিস্তারিত।

প্রসিদ্ধ—বিণ, ত্রি, (প্র—সিধ্ + ক্ত, কর্ত্তৃ) প্রকৃষ্টরূপে বিখ্যাত।

প্রসিদ্ধি—বি, স্ত্রী, (প্র—সিধ্ + ক্তি, ভাব) খ্যাতি।

প্রসুপ্ত—বিণ, ত্রি, (প্র—স্বপ্ + ক্ত, কর্ত্তৃ) নিদ্রিত।

প্রসূ—বি, স্ত্রী, (প্র—সূ + ক্বিপ্, কর্ত্তৃ) জননী।

প্রসূত—বিণ, ত্রি, (প্র—সূ + ক্ত, কর্ম্ম) উৎপাদিত, জাত।

প্রসূতি—বি, স্ত্রী, (প্র—সূ + ক্তি, ভাব) উৎপত্তি, জন্ম।

প্রসূন—বি, ক্লী, (প্র—সূ + ক্ত, কর্ত্তৃ) পুষ্প, মুকুল। বিণ, ত্রি, জাত।

প্রসৃত—বিণ, ত্রি, (প্র—সৃ + ক্ত, কর্ত্তৃ) বিস্তৃত, প্রবৃদ্ধ।

প্রসেক—বি, পুং, (প্র—সিচ্ + ঘঞ্, ভাব) সেচন।

প্রস্তর—বি, পুং, (প্র—স্তৃ + অল্ কর্ম্ম) পাষাণ, মণি।

প্রস্তাব—বি, পুং, (প্র—স্তু+ ঘঞ্, ভাব) বৃত্তান্ত, উপন্যাস,

প্রস্তাবনা—বি, স্ত্রী, প্র—স্তু+ণিচ্ অন্, ভাব, + আপ) আরম্ভ, নাটকাদির অভিনয় আরম্ভ বিষয়ক কথা।

প্রস্তাবিত—বিণ, ত্রি, (প্র—স্তু+ ণিচ্+ক্ত; কর্ম্ম) যাহার বিষয় প্রস্তাব করা হইয়াছে।

প্রস্তুত—বিণ, ত্রি, (প্র—স্তু+ক্ত, কর্ম্ম) উদ্যত, উপস্থিত।

প্রস্থ—বি, পুং, ক্লী, (প্র—স্থা+ ড, অধি) বিস্তার, পরিসর।

প্রস্থান—বি, ক্লী, (প্র—স্থা+ অনট্, ভাব) গমন, পলায়ন।

প্রস্থিত—বিণ, ত্রি, (প্র—স্থা+ক্ত কর্ত্তৃ) গমনোদ্যত।

প্রস্রবণ—বি, ক্লী, (প্র—স্রু+ অনট, ভাব) ক্ষরণ, ঝরণা।

প্রস্রাব—বি, পুং, (প্র—স্রু+ ঘঞ্, ভাব) মূত্র।

প্রহত—বিণ, ত্রি, (প্র—হন্+ ক্ত, কর্ম্ম) আহত, তাড়িত।

প্রহর—বি, পুং, (প্র—হৃ+ঘঞ্, ভাব) যাম, দিবা রাত্রের অষ্টমভাগ।

প্রহরণ—বি, ক্লী, (প্র—হৃ+অনট, করণ) অস্ত্র।

প্রহরী—বি, পুং, (প্রহর+ইন, অস্ত্যর্থে) চৌকিদার।

প্রহর্ত্তা—বিণ, পুং, (প্র—হৃ+ তৃন্, কর্ত্তৃ) যোদ্ধা, প্রহারকারী।

প্রহৃত—বিণ, ত্রি, (প্র—হৃ+ক্ত, কর্ম্ম) আহত, আঘাত প্রাপ্ত।

প্রহৃষ্ট—বিণ, ত্রি, (প্র—হৃষ্+ ক্ত, কর্ত্তৃ) অতিশয় আহ্লাদিত।

প্রহেলিকা—বি, স্ত্রী, (প্র—হিল +অল, করণ = প্রহেল+কণ, +আপ্) কূটপ্রশ্ন।

প্রহ্লাদ—বি, পুং, (প্র—হ্লাদ্+ অল্, ভাব) দৈত্যরাজ হিরণ্যকশিপুর পুত্র। ইনি অতিশয় হরিভক্ত ছিলেন, হরিভক্তি হইতে বিনিবৃত্ত করিবার জন্য মহারাজ

অশেষ লাঞ্ছনা প্রদান করেন। হরি নরসিংহ মূর্ত্তি ধারণপূর্ব্বক হিরণ্য কশিপুকে বিনাশ করার পর প্রহ্লাদ পিতৃ সিংহাসনে আরোহণ করেন।

প্রক্ষালন—বি, ক্লী' (প্র-ক্ষল্ + ণিচ্ + অনট্, ভাব) ধৌতকরণ।

প্রক্ষালিত—বিণ, ত্রি, (প্র-ক্ষল্ + ণিচ্ + ক্ত, কর্ম্ম) ধৌত।

প্রাকার—বি, পুং, (প্র-আ-কৃ + ঘঞ্, ভাব) প্রাচীর, বেড়া।

প্রাকৃত—বিণ, ত্রি, (প্রকৃত + ষ্ণ) স্বাভাবিক।

প্রাকৃতন—বিণ, ত্রি, (প্রাক্ + তন ভাবার্থে) পূর্ব্বজন্মান্তরীণ।

প্রাখর্য্য—বি, ক্লী, (প্রখর + ষ্ণ্য ভাবার্থে) তীক্ষ্ণতা।

প্রাগুক্ত—বিণ, ত্রি, পূর্ব্বকথিত।

প্রাক্‌জ্যোতিষ—বি, পুং, কামরূপ দেশ।

প্রাঙ্গণ—বি, ক্লী, (প্র-অন্জ্ + অনট্, অধি) উঠান।

প্রাচী—বি, স্ত্রী, (প্র—অঞ্চ্ + ক্বিপ, কর্ত্ত, + ঈপ্) পূর্ব্বদিক।

প্রাচীন—বিণ, ত্রি, (প্রাচ্ + খিন, ভাবার্থে) পূর্ব্বকালীন, পুরাতন।

প্রাচীর—বি, ক্লী, (প্র—আ—চি + ক্রন্, কর্ম্ম) প্রান্তস্থ আবৃতি, দেওয়াল।

প্রাচুর্য্য—বি, ক্লী, (প্রচুর + ষ্ণ, ভাবার্থে) আধিক্য।

প্রাচ্য—বিণ, ত্রি, (প্রাচ্ + ষ্ণ্য, ভাবার্থ) পূর্ব্বদেশীয়।

প্রাজাপত্য—বি, পুং, (প্রজাপতি + ষ্ণ্য) প্রজাপতি সম্বন্ধীয়, বিবাহ বিশেষ।

প্রাজ্ঞ—বিণ, ত্রি, (প্রজ্ঞ + ষ্ণ) বিজ্ঞ, নিপুণ, দক্ষ।

প্রাঞ্জল—বিণ, ত্রি, (প্র-অন্জ্ + অলচ, কর্ম্ম) সরল, সুখবোধ্য।

প্রাঞ্জলি—বিণ, ত্রি বদ্ধাঞ্জলি।

প্রাড়্‌বিবাক—বি, পুং, (প্রচ্ছ্ + ক্বিপ্

কর্ত্তৃ= প্রাট—বি—বচ্+ ঘঞ্, কর্ত্তৃ) প্রধান বিচারক।

প্রাণ— বি, পুং, (প্র—অন্+অল, করণ) বল, জীবন। প্রাণ, অপান, সমান, উদান, ব্যান এই পঞ্চবায়ু।

প্রাণনাথ—বি, পুং, স্বামী।

প্রাণপণ— বি, ক্লী, প্রাণ দিতে স্বীকার হওয়া।

প্রাণযাত্রা—বি, স্ত্রী—জীবিকানির্ব্বাহ

প্রাণস্পর্শী—বিণ, ত্রি, (প্রাণ—স্পৃশ্+ণিন্, কর্ত্তৃ) হৃদয়স্পর্শী, হৃদয়গ্রাহী।

প্রাণসংশয়—বি, পুং, (প্রাণ—সং—শী+অল্, ভাব)জীবন যাইবার আশঙ্কা।

প্রাণাত্যয়—বি, পুং, (প্রাণ—অতি ই+ঘঞ্, ভাব) প্রাণনাশ।

প্রাণাধিক—বিণ, ত্রি, জীবন হইতে অধিক, অতিশয় প্রিয়পাত্র।

প্রাণান্ত—বি, পুং, মৃত্যু।

প্রাণান্তকর—বিণ, ত্রি, (প্রাণান্ত—কৃ+ট, কর্ত্তৃ) জীবননাশকর।

প্রাণিতত্ত্ব, প্রাণিবিদ্যা—বি, স্ত্রী, প্রাণিগণের আকার প্রকার ও স্বভাবাদি নির্ণয় সম্বন্ধীয় শাস্ত্র।

প্রাণী - বি, পুং, (প্রাণ্+ইন্, অস্ত্যর্থে) জীব, জন্তু।

প্রাণেশ –বি, পুং, প্রাণেশ্বর, স্বামী।

প্রাতঃ—ব্য—প্রভাত।

প্রাতঃকৃত্য—বি, ক্লী — প্রাতঃ-কালের কার্য্য, প্রাতঃসন্ধ্যা প্রভৃতি।

প্রাতরাশ—বি, পুং, (প্রাতর্—অশ্+ঘঞ্, ভাব) প্রাতঃকালীন ভোজন।

প্রতিকূল্য—বি, ক্লী, (প্রতিকূল+ষ্ণ্য, ভাবার্থে) শত্রুতা।

প্রাতিপদিক—বি, ক্লী, (প্রতিপদ +ষ্ণিক) বিভক্তিশূন্য, ব্যক্তিবাচক বা বিশেষণ বাচক শব্দ, নামপদ।

প্রাথমিক—বিণ, ত্রি, (প্রথম+ষ্ণিক ভাবার্থে) অগ্রিম, প্রথম কালীন।

প্রাদুর্ভাব—বি, পুং, (প্রাদুস্—ভূ +ঘঞ্, ভাব) আবির্ভাব, প্রকাশ, বাড়াবাড়ি।

প্রাদুর্ভূত—বিণ, ত্রি, (প্রাদুস্—ভূ+ক্ত, কর্ত্তৃ) আবির্ভূত, জাত।

প্রাধান্য—বি, ক্লী, (প্রধান+ষ্ণ্য, ভাবার্থে) শ্রেষ্ঠত্ব।

প্রান্তর—বি, ক্লী, বৃক্ষাদিশূন্য দূরপথ।

প্রাপ্ত—বিণ, ত্রি, (প্র—আপ্—ক্ত, কর্ম্ম) লব্ধ। (কর্ত্তৃ) উপস্থিত।

প্রাপ্য—বিণ, ত্রি, (প্র—আপ+ঘ্যণ্, কর্ম্ম) লভ্য।

প্রাবল্য—বি, ক্লী, (প্রবল+ষ্ণ্য, ভাবার্থে) প্রবলতা, উৎকটতা।

প্রামাণিক—বিণ, ত্রি, (প্রমাণ+ষ্ণিক) প্রমাণসিদ্ধ, বিশ্বাস্য।

প্রামাদিক—বিণ, ত্রি, (প্রমাদ+ষ্ণিক, ভবার্থে) অসাবধানতাজনিত।

প্রায়—বি, পুং, (প্র—ই+অল, ভাব) ইচ্ছা পূর্ব্বক অনশন মৃত্যু, উপবাস।

প্রায়শঃ—(ব্য) (প্রায়+চশস্) সচরাচর।

প্রায়শ্চিত্ত—বি, ক্লী, (প্রায়—চিত+ক্ত, ভাব) পাপক্ষয়সাধন কর্ম্ম।

প্রায়ঃ—(ব্য) (প্র—ই+অস্, ভাব) বাহুল্য।

প্রায়োপবেশন—বি, ক্লী, (প্রায়স্—উপ—বিশ্+অনট্, ভাব) ইচ্ছাপূর্ব্বক অনশন মৃত্যু।

প্রারব্ধ—বিণ, ত্রি, (প্র—আ—রভ+ক্ত, কর্ম্ম) যাহা আরব্ধ হইয়াছে।

প্রারম্ভ—বি, পুং, (প্র—আ—রভ্+ঘঞ্, ভাব) উপক্রম।

প্রার্থনা—বি, স্ত্রী, (প্র—অর্থ্+ণি+অন্, ভাব+আপ্) যাচ্ঞা।

প্রার্থনীয—বিণ, ত্রি, (প্র—অর্থ+অনীয়, কর্ম্ম) প্রার্থনার যোগ্য।

প্রার্থিত—বিণ, ত্রি, (প্র—অর্থ+ক্ত, কর্ম্ম) যাচিত।

প্রাবৃট—বি, স্ত্রী, (প্র—আ—বৃষ্+ক্বিপ্, অধি) বর্ষাকাল।

প্রাশন—বি, ক্লী, (প্র—অশ+অনট্, ভাব) ভোজন।

প্রাশস্ত্য—বি, ক্লী, (প্রশস্ত্য+ষ্ণ্য, ভাবার্থে বিস্তার।

প্রাসঙ্গিক—বিণ, ত্রি, (প্রসঙ্গ+

ষ্ঠিক, ভবার্থে) সম্পর্কীয়, যাহার সহিত সম্বন্ধ আছে।

প্রাসাদ—বি, পুং, (প্র—আ—সদ্ +ঘঞ্, অধি) দেবতার ইষ্টকালয়, রাজহর্ম্ম্য।

প্রাহ্ণ—বি, পুং, পূর্ব্বহ্ণ।

প্রিয়—বি, পুং, (প্রী+ক, কর্ত্তৃ) স্বামী। বিণ্, ত্রি, প্রিয়পাত্র।

প্রিয়ংবদ বিণ্, ত্রি, (প্রিয়—বদ্+খ, কর্ত্তৃ) প্রিয়ভাষী।

প্রিয়ঙ্কর—বিণ্, ত্রি, (প্রিয়—কৃ+খ, কর্ত্তৃ) প্রিয়কারী।

প্রিয়ঙ্গু—বি, স্ত্রী ; (প্রিয়—গম্+ডু, কর্ত্তৃ) শ্যামালতা।

প্রিয়দর্শন—বিণ্, ত্রি, সুদৃশ্য।

প্রিয়বাদী—বিণ্, পুং, (প্রি—বদ্+ণিন, কর্ত্তৃ) প্রিয়ভাষী।

প্রীণন—বি, ক্লী, (প্রী+ণিচ্ +অনট, ভাব) তর্পণ, প্রীতজনন।

প্রীণিত—বিণ্, ত্রি, (প্রী +ণিচ্+ক্ত, কর্ম্ম) তোষিত, তর্পিত।

প্রীত বিণ্, ত্রি, (প্রী+ক্ত, কর্ত্তৃ) তৃপ্ত, সন্তুষ্ট।

প্রীতি—বি, স্ত্রী, (প্রী+ক্তি, ভাব) সন্তোষ, আনন্দ।

প্রীতিকর—বিণ্, ত্রি, (প্রীতি—কৃ +ট, কর্ত্তৃ) তৃপ্তিজনক, আনন্দদায়ক।

প্রেক্ষণ—বি, ক্লী, (প্র—ঈক্ষ +অনট্, ভাব) দর্শন।

প্রেক্ষণীয়—বিণ্, ত্রি, (প্র—ঈক্ষ +অনীয়, কর্ম্ম) দর্শনীয়।

প্রেত—বিণ, ত্রি, (প্র—ই+ক্ত, কর্ত্তৃ) মৃত।

প্রেতকর্ম্ম } বি, ক্লী, মৃতের কার্য্য,
প্রেতকার্য্য } দাহ সপিণ্ডীকরণাদি।

প্রেম—বি, ক্লী, (প্রিয়+ইমন্, ভাবার্থে) প্রণয়, স্নেহ।

প্রেরণ—বি, ক্লী, (প্র—ঈর্+অনট, ভাব) পাঠান।

প্রেরিত—বিণ্, ত্রি, (প্র—ঈর্ +ক্ত, কর্ম্ম) যাহাকে পাঠান হইয়াছে।

প্রেষিত—বিণ্, ত্রি, (প্র—ইষ্+ক্ত, কর্ম্ম) প্রেরিত।

প্রেষ্য—বিণ্, ত্রি, (প্র—ইষ্+ঘ্যণ্, কর্ম্ম) দাস, দূত।

প্রোক্ত—বিণ্, ত্রি, (প্র—বচ্+ক্ত, কর্ম্ম) প্রকৃষ্টরূপে কথিত।

প্রোৎসাহ—বি, পুং, (প্র—উৎ—সহ্—ঘঞ্, ভাব) অতিশয় উৎসাহ, উত্তেজনা।

প্রোৎসাহিত বিণ, ত্রি, (প্র—উৎ—সহ্+ণিচ্+ক্ত, কর্ম্ম) উত্তেজিত।

প্রোথিত—বিণ, ত্রি, যাহা পুতিয়া ফেলান হইয়াছে।

প্রোষিত—বিণ্, ত্রি, (প্র—বস্+ক্ত, কর্ত্তৃ) বিদেশস্থ, যে বিদেশে গিয়াছে।

প্রৌঢ়—বিণ্, ত্রি, (প্র—বহ+ক্ত, কর্ম্ম) প্রবৃদ্ধ, যৌবনের পর বার্দ্ধক্যের পূর্ব্বাবস্থা; ৩০ হইতে ৫৫ বৎসর বয়স পর্য্যন্ত বয়স্ক পুরুষ।

প্লব, প্লবন—বি, পুং, ক্লী, (প্লু+অন্, অনট্, ভাব) সন্তরণ, লম্ফন।

প্লবমান্—বিণ্, ত্রি, (প্ল+শান্, কর্ত্তৃ) ভাসমান্।

প্লাবন—বি, ক্লী, (প্লু+ণিচ্+অনট্, ভাব) ভাসমান, জলের উপর ভাসিয়া যাওয়া।

প্লাবিত—বিণ্, ত্রি, (প্লু+ণিচ্+ক্ত, কর্ম্ম) যাহা জলে ডুবিয়া গিয়াছে।

প্লি (প্লী) হা বি, স্ত্রী, (প্লিহ্+কনিপ্, কর্ত্তৃ) উদরস্থ যন্ত্র বিশেষ।

প্লুত—বি, ক্লী, (প্লু+ক্ত, ভাব) লম্ফ। (কর্ত্তৃ)—ত্রিমাত্র স্বর। দূরাহ্বানে, গানে এবং রোদনে প্লুতস্বর প্রযুক্ত হয়।

ফ।

ফকির—(যা) ভিক্ষুক, উদাসীন।

ফক্কিকা—বি, স্ত্রী, (ফক্+কিকন্ করণ, আপ্) কূটপ্রশ্ন; ফাঁকি।

ফটক—বি, বাহিরের দরজার দ্বার।

ফড়িয়া—(যা) ব্যাপারী।

ফড়ফড়ানি—অহঙ্কার।

ফণ—বি, পুং, (ফণ্+অন্, কর্ত্তৃ) সর্পের বিস্তৃত মস্তক। স্ত্রী—ফণা।

ফণাধর—বি. পুং, (ফণা—ধৃ+অন্ কর্ত্তৃ) সর্প।

ফণীন্দ্র—বি. পুং, সর্প, অহি।

ফতুর (যা) দরিদ্র।

ফন্দী—(বি) চতুরতা।

ফরিয়াদী—(যা) অভিযোগকারী, নালিশকারী।

ফল—বি, ক্লী, (ফল্+অন্, কর্ত্তৃ) বৃক্ষলতাদি জাত শস্য, কার্য্যসিদ্ধি।

ফলক—বি, ক্লী, (ফল+কণ) ঢাল।

ফলতঃ—(ব্য) (ফল+তস্) সংক্ষেপতঃ।

ফলপ্রদ—বিণ, ত্রি, (ফল—প্র—দা+ড, কর্ত্তৃ) ফলদাতা।

ফলবান—বি, পুং, (ফল্+বতু অস্ত্যর্থে) ফলযুক্ত, ফলশালী।

ফলশ্রুতি—বি, স্ত্রী, কার্য্যের ফল শুনা

ফলিত—বিণ ত্রি, (ফল্+ইত বিদ্যমানার্থে) ফলযুক্ত।

ফলোদয়—বি, পুং, ফলোৎপত্তি।

ফলোপধায়ক—বিণ, ত্রি, (ফল—উপ—ধা+ণক্, কর্ত্তৃ) ফলজনক।

ফল্গু—বিণ, ত্রি, (ফল্+গুক্, কর্ত্তৃ) অসার, তুচ্ছ, মনোহর বি, পুং, বসন্তকাল, নদী বিশেষ।

ফসল—(যা) শস্য।

ফাও—(যা) পরিমাণ হইতে কিছু বেশী।

ফাঁকী—(দে) চাতুরী।

ফাঁদ—(দে) পক্ষী ইত্যাদি ধরিবার চক্র।

ফাঁপা—(দে) অন্তঃসার শূন্য।

ফাঁসী—(দে) গলায় দড়ি দিয়া মরা।

ফাল্গুন—বি, পুং, (ফল্গুন+ষ্ণ) মাস বিশেষ, অর্জ্জন।

ফিকির—(যা) কৌশল।

ফিনাইল—(ইং) দুর্গন্ধ নাশক দ্রব্য বিশেষ।

ফিরিস্তি—(যা) তালিকা।

ফিল্টার—(ইং) জল পরিস্কার করিবার যন্ত্র।

ফুরণ—(দে) চুক্তি।

ফুল্ল—বিণ, ত্রি, (ফুল্ল+ক্ত, কর্ত্তৃ) বিকসিত, প্রস্ফুটিত।

ফেনিল—বিণ, ত্রি, (ফেন+ইল, অস্ত্যর্থে) ফেনযুক্ত।

ফেরু—বি, পুং, (ফে+রু, কর্ত্তৃ) শৃগাল।

ফৌজ—(যা) সৈন্য।

ফৌজদারী—(যা) দণ্ডবিধি ঘটিত।

ফৌত—(যা) নিধন, মরণ।

ব।

ব—বি, পুং, (বল্+ড, কর্ত্তৃ সিন্ধু।

বড়বা—বি, স্ত্রী (বল্‌-বা+ড, কর্ত্তৃ,+আপ্) সমুদ্র ঘোটকী।

বণিক্—বি, পুং, (পণ্+ইজ্, কর্ত্তৃ) ক্রয় বিক্রয়কারী, বেণিয়া।

বাণিজ্য - বি, ক্লী, (বণিজ্+ষ্ণ্য, ভাবার্থে) বাণিজ্য, ক্রয় বিক্রয়।

বদর—বি, পুং, (বদ+অর, কর্ত্তৃ) কুলগাছ।

বদরিকাশ্রম—বি, পুং, ব্যাস দেবের আশ্রম, এই আশ্রম কাশ্মীর দেশে অবস্থিত।

বদ্ধ—বিণ, ত্রি, (বদ্ধ+ক্ত, কর্ম্ম) সংযত, গ্রথিত।

বধ—বি, পুং, (বধ+অল্, ভাব) নিন্দা, বন্ধন।

বধির—বিণ ত্রি, (বন্ধ্+কির, কর্ত্তৃ) শ্রবণ শক্তি হীন, কালা।

বধূ—বি, স্ত্রী, (বন্ধ+ঊ, কর্ম্ম) পত্নী, স্ত্রী।

বন্ধ—বি, পুং, (বন্ধ্+অল্, ভাব) বন্ধন।

বন্ধক—বি, পুং, (বন্ধ্+ণক্, কর্ত্তৃ) গচ্ছিত বস্তু।

বন্ধন—বি, ক্লী, (বন্ধ+অনট্, ভাব) সংযমন।

বন্ধু—বি, পুং, (বন্ধ্+উ, কর্ত্তৃ) স্বজন, কুটম্ব।

বন্ধু (ন্ধূ) র—বিণ, ত্রি, (বন্ধ্+উব, উর, কর্ত্তৃ) উন্নতানত।

বব—বি, পুং, (বৃ+অল্, ভাব) জামাতা।

বর্বর—বি, পুং (বর্ব+অরন্, কর্ত্তৃ) নীচ, মূর্খ।

বর্হ—বি, পুং (বর্হ্+অল্, কর্ম্ম) ময়ূরপিচ্ছ।

বর্হিণ— বি, পুং, (বর্হ+ইমন্, অস্ত্যর্থে) ময়ূর।

বল - বি, ক্লী, (বল্+অল্, ভাব) শক্তি, সামর্থ্য। বি, পুং (বল্+অন্, কর্ত্তৃ) বলরাম, বায়স, দৈত্য-বিশেষ।

বলবৎ—ব্য, ক্লী, (বল+মতু, অস্ত্যর্থে) অতিশয়।

বলবান—বিণ্, পুং, (বল+বতু; অস্ত্যর্থে) বলশালী।

বলাৎ—ব্য (বল—অত+ক্বিপ, করণ) বলপূর্ব্বক।

বলাহক—বি, পুং, (বল - আ—হা +ণক, কর্ত্তৃ) মেঘ, পর্ব্বত।

বলি—বি, পুং, (বল+ই, কর্ত্তৃ) বিরোচনপুত্র (করণ)—রাজস্ব, পূজা।

বলিত—বিণ, ত্রি, (বলি+তন্, যুক্তার্থে) বলিযুক্ত।

বলীবর্দ্দ—বি, পুং, (বল—বৃধ্+অন্, কর্ত্তৃ) বলদ।

বহু—বিণ্, ত্রি, (বন্হ+কু, কর্ত্তৃ) অধিক।

বহুজ্ঞ বিণ্, ত্রি, (বহু—জ্ঞা+ড, কর্ত্তৃ) বহুদর্শী, অভিজ্ঞ।

বহুল—বিণ্ ত্রি, (বন্হ+কুল, কর্ত্তৃ) অনেক, অধিক।

বাধক—বি, পুং, (বাধ্+ণক্, কর্ত্তৃ) প্রতিবন্ধক, স্ত্রীরোগ বিশেষ।

বান্ধব বি, পুং, (বন্ধু+ষ্ণ, স্বার্থে) মিত্র, ভ্রাতা, স্বজন।

বাল—বি, পুং, (বল্+ণ, কর্ত্তৃ) ১৬ বৎসর পর্য্যন্ত বয়স্ক বালক।

বালক—বি, পুং, (বাল+কণ স্বার্থে) শিশু, অজ্ঞ।

বালধি—বি, পুং, (বাল—ধা+কি, কর্ত্তৃ) চামর, সলোমলাঙ্গূল।

বালিশ—বিণ্, ত্রি, (বাড়ি—শো +ড, কর্ত্তৃ) মূর্খ, শিশু।

বালুকা—বি, স্ত্রী, (বল্+উণ, করণ =বালু+কণ, স্বার্থে,+আপ্) সিকতা। [শৈশবাবস্থা।

বাল্য—বি, ক্লী, (বাল+ষ্ণ্য, ভাবার্থে)

বাহুজ—বি, পুং, (বাহু, জন্+ড, কর্ত্তৃ) ক্ষত্রিয়।

বুভুৎসা—বি, স্ত্রী, (বুধ্ + সন্ + অ, ভাব + আপ্) বুঝিতে ইচ্ছা।

বোধ—বি, পুং. (বুধ্ + অল্, ভাব্) জ্ঞান।

বোধিত—বিণ্, ত্রি, (বুধ্ + ণিচ্ + ক্ত, কর্ম্ম) জ্ঞাপিত।

বৌদ্ধ—বিণ্, ত্রি, (বুদ্ধ + ষ্ণ, ইদমর্থে) বুদ্ধমতাবলম্বী, নাস্তিক।

ব্রহ্মচর্য্য—বি, ক্লী, (ব্রহ্ম—চর্ + য, ভাব) ব্রহ্মচারীর ধর্ম্ম, মৈথুনাভাব।

ব্রহ্মচারী—বি, পুং, (ব্রহ্ম—চর্ + ণিন্, কর্ত্তৃ) গুরুগৃহে বেদাধ্যায়ী দ্বিজ।

ব্রহ্মজ্ঞ—বিণ্, ত্রি, (ব্রহ্ম—জ্ঞা + ড, কর্ত্তৃ) তত্ত্বজ্ঞ, বেদবিৎ।

ব্রহ্মণ্য—বি, ক্লী, (ব্রহ্মণ্ + ষ্ণ্য) ব্রহ্ম সম্বন্ধীয়, ব্রহ্মত্ব।

ব্রহ্মর্ষি—বি, পুং, বশিষ্ঠাদি ব্রাহ্মণ ঋষি।

ব্রহ্মবিৎ—বি, পুং, (ব্রহ্ম—বিদ্ + ক্বিপ্, কর্ত্তৃ) ব্রহ্মজ্ঞানী।

ব্রহ্মাণ্ড—বি, ক্লী, জগৎ।

ব্রাহ্ম—বিণ্ ত্রি, (ব্রহ্মন্ + ষ্ণ) ব্রহ্ম সম্বন্ধীয়। বি, ক্লী, পুরাণ বিশেষ। পুং বিবাহ বিশেষ।

ব্রাহ্মণ—বি, পুং, (ব্রহ্মণ্ + ষ্ণ অপত্যার্থে) শ্রেষ্ঠবর্ণ, বিপ্র

ভ।

ভ—বি, ক্লী, (ভা + ড, কর্ত্তৃ) নক্ষত্র। পুং, শুক্রাচার্য্য।

ভক্ত—বিণ্, ত্রি, (ভজ্ + ক্ত, কর্ত্তৃ) অনুরক্ত। (কর্ম্ম) ভাত।

ভক্তি—বি, স্ত্রী, (ভজ্ + ক্তি, ভাব্) পূজ্যের প্রতি অনুরাগ।

ভক্তিমান্—বিণ্, পুং, (ভক্তি + মতু, অস্ত্যর্থে) যাহার ভক্তি আছে, শ্রদ্ধাবিশিষ্ট।

ভক্তিরসার্দ্র—বিণ্, ক্লী, ভক্তিতে অভিষিক্ত।

ভক্ষক—বিণ্, পুং, (ভক্ষ্ + ণক্, কর্ত্তৃ) ভক্ষণকারী।

ভক্ষণ—বি, ক্লী, (ভক্ষ + অনট্, ভাব্) ভোজন।

ভক্ষ্য—বিণ, ত্রি, (ভক্ষ্ +য, কর্ম্ম) আহার্য্য।

ভক্ষিত—বিণ, ত্রি, (ভক্ষ্ +ক্ত, কর্ম্ম) খাদিত।

ভগ—বি, ক্লী, (ভজ্ +গ, কর্ম্ম) যোনি, গুহ্যদেশ। ঐশ্বর্য্য, বীর্য্য, যশঃ, শ্রী, জ্ঞান এবং বৈরাগ্য এই ছয়টি।

ভগন্দর—বি, পুং, (ভগ—দৃ +খ, কর্ত্তৃ) গুহ্যদ্বারে ব্রণরোগ।

ভগবান্—বিণ, পুং (ভগ+ বতু, অস্ত্যর্থে) ষড়ৈশ্বর্য্যযুক্ত।

ভগিনী—বি, স্ত্রী, (ভগ +ইন্, অস্ত্যর্থে, + ঈপ্) সহোদরা।

ভগীরথ—বি, পুং সূর্য্যবংশীয় রাজা বিশেষ। ইনি শৈশবে মাংসপিণ্ডমাত্র ছিলেন। অষ্টবক্রমুনির প্রভাবে উত্তমাঙ্গ হন। ইনি স্বর্গ হইতে গঙ্গা আনয়ন পূর্ব্বক কপিল শাপে ভস্মীভূত সগরসন্তানগণের উদ্ধার সাধন করেন। [পরাজয়, নিরাশ

ভঙ্গ—বি, পুং, (ভনজ্ +ঘঞ্,ভাব্)

ভঙ্গি—(ঙ্গী)—বি, স্ত্রী (ভনজ+ ইন্, ভাব) চাতুরী, রচনা।

ভঙ্গুর—বিণ, ত্রি, (ভনজ+ ঘুর, কর্ত্তৃ) ভগ্নশীল, যাহা সহজে ভাঙ্গিয়া যায়।

ভজন—বি, ক্লী, (ভজ্ +অনট্ ভাব্) উপাসনা, সেবা, পূজা।

ভঞ্জন—বি, ক্লী, (ভঞ্জ+ অনট্, ভাব্) ভগ্ন করণ।

ভট্ট—বি, পুং, (ভট + তন্, কর্ত্ত) স্তুতিপাঠক।

ভণিত—বিণ, ত্রি, (ভণ + ক্ত, কর্ম্ম) কথিত (ভাব্) কথন।

ভদ্র—বি, ক্লী, (ভদ্ +রক্, কর্ত্তৃ মঙ্গল।

ভদ্রতা—বি, স্ত্রী, (ভদ্র+তা, ভাবার্থে) সভ্যতা।

ভয়—বি, ক্লী, (ভী+অল, ভাব্) ত্রাস, আতঙ্ক। (কর্ত্ত) ভীষণ।

ভয়ঙ্কর—বিণ, ত্রি, (ভয়—কৃ+খট্,)

ভরণ—বি, ক্লী, (ভৃ + অনট, ভাব্) প্রতিপালন, পোষণ।

ভরত - বি, পুং (ভর—তন্+ড, কর্ত্তৃ) নাট্যশাস্ত্রপ্রণেতা মুনি, দশরথ রাজার মধ্যমপুত্র, দুষ্মন্ত রাজার পুত্র।

ভর্ত্তা—বি, পুং, (ভৃ+তৃন্, কর্ত্তৃ) পতি, স্বামী, প্রভু। বিণ, পালক

ভর্ত্তৃদারক—বি, পুং, রাজপুত্র।

ভর্ৎসনা—বি, স্ত্রী, (ভর্ৎস্+অনট, ভাব+আপ) তিরস্কার, নিন্দা।

ভব—বি, পুং, (ভূ+অল, ভাব) উৎপত্তি, পৃথিবী।

ভবদীয় বিণ, [illegible] (ভবৎ+[illegible] ত্বৎসম্বন্ধীয়।

ভবন—বি, ক্লী, (ভূ+অনট, অধি) গৃহ। (ভাব)—উৎপত্তি।

ভবাদৃশ—বিণ, ত্রি, ভবৎ—দৃশ্+টক্, কর্ম্ম) আপনার ন্যায়।

ভবিতব্য—বিণ, ত্রি, (ভূ+তব্য, কর্ম্ম) অবশ্যম্ভাবী।

ভবিষ্য—বিণ, ত্রি, (ভূ+স্যতৃ, কর্ত্তৃ) যাহা পরে হইবে। [শুভ।

ভব্য—বিণ, ক্লী, (ভূ+য, কর্ত্তৃ)

ভা—বি, স্ত্রী, (ভা+ঙ, ভাব্) আলোক, দীপ্তি।

ভাওলী—(যা) খাজানার পরিবর্ত্তে জমিদার প্রজার নিকট যে শস্য পায়। [অংশ।

ভাগ—বি, পুং, (ভজ্+ঘঞ, কর্ম্ম)

ভাগিনেয়—বি, পুং, (ভগিনী+ঢেয়, অপত্যার্থে) ভগিনী সন্তান।

ভাগ্য—বি, ক্লী, (ভজ+ঘ্যণ, কর্ম্ম) অদৃষ্ট।

ভাজক—বিণ, ত্রি, (ভাজ্+ণক, কর্ত্তৃ) অংশকারক।

ভাজ্য—বিণ, ত্রি, (ভাজ্+য, ভাগার্হ।

ভাণ—বি, পুং, (ভণ্+ঘঞ, অধি) ছল, কপটতা।

ভাণ্ড—বি, ক্লী, (ভণ্+ড, কর্ত্তৃ +ষ্ণ) পাত্র।

ভাণ্ডার—বি, ক্লী, (ভাণ্ড—ঋ+ঘঞ, অধি) ধনাগার।

ভাণ্ডারী—বিণ, পুং, (ভাণ্ডার+ইন্, অস্ত্যর্থে) ধনরক্ষক

ভাত—বিণ্, ত্রি, (ভা+ক্ত, কর্তৃ) দীপ্ত। [প্রভা, কিরণ।

ভাতি—বি, স্ত্রী, (ভা+ক্তি, ভাব্)

ভানু—বি, পুং, (ভা—নু, কর্তৃ) সূর্য্য, কিরণ।

ভামিনী—বি, স্ত্রী, (ভাম+ইন, অস্ত্যর্থে+ঈপ্) অতি কোপনা স্ত্রী, নারী।

ভার—বি, পুং, (ভৃ+ঘঞ, ভাব্) গুরুত্ব।

ভার্গব—বি, পুং, (ভৃগু+ষ্ণ, অপত্যার্থে) পরশুরাম।

ভার্য্যা—বি, স্ত্রী, (ভৃ+ক্যপ্, কর্ম্ম +আপ্) পত্নী।

ভাল—বি, পুং, ক্লী, (ভা+ল, কর্তৃ) ললাট, দীপ্তি।

ভাব—বি, পুং, (ভূ+ঘঞ, ভাব্) উৎপত্তি, সম্ভাবনা, অনুরাগ।

ভাবিত—বিণ্, ত্রি, (ভূ+ণিচ+ক্ত, কর্ম্ম) মিশ্রিত, প্রাপ্ত।

ভাষিত—বিণ্, ত্রি, (ভাষ্+ক্ত, কর্ম্ম) কথিত।

ভাষ্যকার—বিণ্, ত্রি, (ভাষ্য—কৃ +অন্, কর্তৃ) টীকাকার।

ভাসমান—বিণ্, ত্রি, (ভাস্+শান্, কর্তৃ) দীপ্তিমান্, শোভমান্।

ভাস্বর—বিণ্, ত্রি, (ভাস্+ষ্বর্, কর্তৃ) দীপ্তিশালী।

ভাস্কর—বি, পুং, (ভাস্—কৃ+ট, কর্তৃ) সূর্য্য, অগ্নি।

ভিক্ষা—বি, স্ত্রী, (ভিক্ষ্+অ+ ভাব্+আপ্) প্রার্থনা, যাচ্ঞা।

ভিক্ষাশী—বিণ্, পুং, (ভিক্ষা—অশ্+ণিন্, কর্তৃ) ভিক্ষোপজীবী।

ভিক্ষু—বিণ্, ত্রি, (ভিক্ষ্+উণ্, কর্তৃ) ভিক্ষাজীবী, ভিখারী।

ভিক্ষুক—বিণ্, ত্রি, (ভিক্ষু+কণ্, স্বার্থে) যাচক, ভিখারী।

ভিত্তি—বি, স্ত্রী, (ভিদ্+ক্তি, কর্ম্ম) দেওয়ালের মূল পত্তন।

ভিন্ন—বিণ্, ত্রি, (ভিদ্+ক্ত, কর্তৃ) বিদীর্ণ, বিশীর্ণ।

ভিষক্—বি, পুং, (ভিষ+অজিক্, কর্তৃ) চিকিৎসক।

ভীতি—বি, স্ত্রী, (ভী+ক্তি, ভাব) ভয়, ত্রাস।

ভীত—বিণ, ত্রি, (ভী+ক্ত, কর্ত্তৃ) ভয়যুক্ত, শঙ্কিত।

ভীম—বিণ, ত্রি, (ভী+মক, অপা) বি, পুং, মধ্যম পাণ্ডব।

ভীমনাদ—বি, পুং, ভয়ানক শব্দ।

ভীরু—বিণ, ত্রি, (ভী+ক্রু, কর্ত্তৃ), ভয়শীল।

ভীষণ—বিণ, ত্রি, (ভী+ণিচ+অন, কর্ত্তৃ) ভয়ঙ্কর, দারুণ। বি, ক্লী, (অনট, ভাব) ভয় প্রদর্শন। পুং—ভয়ানক রস।

ভীষ্ম—বি, পুং, (ভী+মক, অপা) শান্তনুপুত্র, শিব।

ভুক্ত—বিণ, ত্রি, (ভুজ+ক্ত, কর্ম্ম) ভক্ষিত।

ভুজ—বি, পুং, (ভুজ+ক, কর্ত্তৃ) বাহু।

ভুজগ—বি, পুং, (ভুজ—গম্+ড, কর্ত্তৃ) সর্প।

ভুজগাসন—বি, পুং, গরুড়।

ভুজঙ্গ—বি, পুং, (ভুজ—গম্+খ, কর্ত্তৃ) সর্প।

ভুঞ্জান—বিণ, ত্রি, (ভুজ+শান, কর্ত্তৃ) ভোগকারী।

ভুল—বি, বিস্মৃতি, ভ্রান্তি।

ভূ—বি, স্ত্রী, (ভূ+ক্বিপ, কর্ত্তৃ) পৃথিবী, স্থান।

ভূকম্প—বি, পুং, পৃথিবীর কম্পন।

ভূচর—বিণ, ত্রি, (ভূ+চর+অন, কর্ত্তৃ) স্থলচর।

ভূত—বি, পুং, (ভূ+ক্ত, কর্ত্তৃ) দেবযোনী বিশেষ।

ভূতল—বি, ক্লী, পাতাল, ক্ষিতি-তল।

ভূতি—বি, স্ত্রী, (ভূ+ক্তি, করণ) ভস্ম, সম্পত্তি, অণিমাদি ঐশ্বর্য্য।

ভূপ—বি, পুং, (ভূ—পা—ড, কর্ত্তৃ) রাজা।

ভূভৃৎ—বি, পুং, (ভূ—ভৃ+ক্বিপ, কর্ত্তৃ) রাজা পর্ব্বত।

ভূমি (মী)—বি, স্ত্রী, (ভু+মিক, অধি) পৃথিবী, বাসস্থান।

ভূয়ঃ—বি, ক্লী, (বহু+ঈয়সু, উং-কর্মার্থে) বাহুল্য।

ভূয়িষ্ঠ—বিণ্ ত্রি, (বহু+ইষ্ঠ, অতিশয়ার্থে)। অতিবহু।

ভূরি -বিণ্, ত্রি. (ভূ+ক্রি, কর্ত্তৃ) প্রভূত, বহু।

ভূরিশ্রবা—ঃ বি, পুং, চন্দ্রবংশীয় মহারাজ সোমদত্তের পুত্র। ইনি চতুর্দ্দশদিবসীয় যুদ্ধে সাত্যকীকে সর্ব্বসমক্ষে পদাঘাত করিয়া খড়্গাঘাতে প্রাণসংহারে উদ্যত হইলে অর্জ্জুন শরাঘাতে যে হস্তে খড়্গছিল সেই হস্ত ছেদন করেন। এবং সাত্যকী তাহাকে বিনাশ করেন।

ভূরুহ—বি, পুং, (ভূ—রুহ্+অন্, কর্ত্তৃ) বৃক্ষ, গাছ।

ভূর্জ্জপত্র—বি, পুং, স্বনামখ্যাত পত্র।

ভূষণ—বি, ক্লী, (ভূষ+অনট, করণ) অলঙ্কার।

ভূষিত—বিণ, ত্রি (ভূষ+ক্ত, কর্ম্ম) অলঙ্কৃত।

ভূস্বামী—বি, পুং, রাজা, জমীদার।

ভৃগু—বি, পুং; (ভ্রসজ্+কু, কর্ত্তৃ) পর্ব্বতেরসানু, উচ্চস্থান, শিব, দ্রোণাচার্য্য।

ভৃঙ্গ—বি, পুং, (ভৃ+গক্, কর্ত্তৃ) ভ্রমর।

ভৃঙ্গি, ভৃঙ্গী—বি, পুং, শিবানুচর।

ভৃঙ্গার—বি, পুং, (ভৃঙ্গ—ঋ+ষণ্, কর্ত্তৃ) ঝারি, গাড়ু।

ভৃত—বিণ্, ত্রি, (ভৃ+ক্ত, কর্ম্ম) পালিত।

ভৃতি—বি, স্ত্রী, (ভৃ+ক্তি, ভাব) বেতন।

ভৃত্য—বিণ্, ত্রি, (ভৃ+ক্যপ, কর্ম্ম) প্রতিপাল্য। বি, পুং, দাস।

ভৃষ্ট—বিণ্, ত্রি, (ভ্রস্‌জ+ক্ত, কর্ম্ম) ভর্জ্জিত।

ভেক—বি, পুং, (ভী+কন্, কর্ত্তৃ) মণ্ডূক।

ভেদ—বি, পুং, (ভিদ্+ঘঞ্, ভাব) বিচ্ছেদ, বৈলক্ষণ্য, রেচন।

ভেদক—বিণ, ত্রি, (ভিদ্+ণক, কর্ত্তৃ) রেচক।

ভেদন—বি, ক্লী, (ভিদ্ + অনট্, ভাব্) বিরেচন।

ভেরি (রী)—বি, স্ত্রী, (ভী + রি, অপা) ঢাক, বাদ্যযন্ত্র বিশেষ।

ভেলক বি, পুং, (ভী + ল, অপা + কণ্ স্বার্থে,) ভেলা, উড়ুপ।

ভৈরব—বি, পুং, (ভীরু + ষ্ণ) শিব, শিবের মূর্ত্তি বিশেষ। বিণ্, ত্রি, ভয়ঙ্কর।

ভৈরবী—বি, স্ত্রী, দুর্গা।

ভৈষজ্য—বি, ক্লী, (ভেষজ্ + ষ্ণ্য) ঔষধ, চিকিৎসা।

ভোক্তা—বিণ, পুং, (ভুজ + তৃন্ কর্ত্তৃ) ভোজনকর্ত্তা, ভক্ষক।

ভোগ—বি, পুং, (ভুজ্ + ঘঞ্ ভাব) ভোজন, পালন।

ভোগবতী—বি, স্ত্রী, (ভোগ + বতু অস্ত্যর্থে + ঙীপ্) পাতাল গঙ্গা।

ভোগবিলাস—বি, পুং, সুখ ভোগে আসক্তি।

ভোগস্পৃহা—বি, স্ত্রী, সুখভোগের ইচ্ছা

ভোগী—বি, পুং, (ভোগ + ইন, অস্ত্যর্থে) সর্প। বিণ্, ত্রি, সুখী।

ভোগ্য—বিণ্, ত্রি, (ভুজ্ + ঘ্যণ্ কর্ম্ম) ভোগের যোগ্য।

ভৌতিক—বিণ্, ত্রি, (ভূত + ষ্ণিক, ইদমর্থে) ভূত সম্বন্ধীয়।

ভৌমিক—বিণ্, ত্রি, (ভূমি + ষ্ণিক ইদমর্থে) ভূস্বামী।

ভ্রমণ—বি, ক্লী, (ভ্রম্ + অনট্, ভাব্ পর্য্যটন।

ভ্রমর—বি, পুং, (ভ্রম্ + অরন্, কর্ত্তৃ) মধুকর, ভৃঙ্গ।

ভ্রমি (মী)—বি, স্ত্রী, (ভ্রম্ + ই, কর্ত্তৃ) আবর্ত্ত, ভ্রান্তি।

ভ্রষ্ট—বিণ্, ত্রি (ভ্রন্শ + ক্ত, কর্ত্তৃ) অধঃপতিত, স্খলিত।

ভ্রাতৃদ্বিতীয়া—বি, স্ত্রী কার্ত্তিকমাসের শুক্ল দ্বিতীয়া।

ভ্রান্ত—বিণ, ত্রি (ভ্রম্ + ক্ত, কর্ত্তৃ) ভ্রমযুক্ত, ভ্রমণ যুক্ত।

ভ্রান্তি—বি, স্ত্রী, (ভ্রম + ক্তি, ভাব) ভ্রম।

ভ্রান্তিমান্ বিণ্, পুং, (ভ্রান্তি+ মতুপ অস্ত্যর্থে, পুং) ভ্রমযুক্ত।

ভ্রূ—বি, স্ত্রী, (ভ্রম+ডূ, কর্ত্তৃ) চক্ষুর ঊর্দ্ধস্থ রোম রাজি।

ভ্রূকুটি (টী)—বি, স্ত্রী, ভ্রূভঙ্গী।

ভ্রূক্ষেপ—বি, পুং, ভ্রূভঙ্গী, দৃষ্টিপাত

ভ্রূণ—বি, পুং, (ভ্রূণ +অল্, কর্ম্ম) বালক, গর্ভস্থশিশু

ভ্রূণহত্যা—বি, স্ত্রী, গর্ভস্থশিশু বিনাশ।

ম—বি, পুং, (মা+ড, কর্ত্তৃ) ব্রহ্মা, বিষ্ণু, শিব, চন্দ্র, যম; সময়।

মকর—বি, পুং, (ম কৃ + অন্, কর্ত্তৃ) মৎস্য বিশেষ।

মকরন্দ—বি, পুং, (মকর—দো+ড, কর্ত্তৃ) পুষ্পমধু।

মুকুট—বি, ক্লী, (মন ক+উট, কর্ত্তৃ শিরোভূষণ।

মুকুল—বি, পুং, ক্লী, (মন্ক্+উল কর্ত্তৃ) কুড়ি

মক্ষিকা—বি, স্ত্রী, (মক্ষ্+ণক্, কর্ত্তৃ, আপ্) পতঙ্গ বিশেষ।

মখ—বি, পুং, (মখ+অল্, অধি) যজ্ঞ

মগধ—বি, পুং, (মন্গ+অল্, করণ) দেশ বিশেষ।

মগ্ন—বিণ্, ত্রি (মস্জ+ক্ত, কর্ত্তৃ) অন্তঃ প্রবিষ্ট

মঘবা—বি, পুং, (মহ্+কনিপ্, কর্ম্ম) দেবরাজ, ইন্দ্র।

মঙ্গল—বি, ক্লী, (মন্গ+অল, কর্ম্ম) শুভ। পুং, কুজগ্রহ।

মঙ্গল্য—বিণ, ত্রি, (মঙ্গল+ষ্ণ্য) শুভকর।

মজ্জা—বি, স্ত্রী, (মস্জ্+অল্, কর্ত্তৃ+আপ্) অস্থিমধ্যস্থ স্নেহ বিশেষ।

মঞ্জু—বিণ্, ত্রি, (মন্জ +উ, কর্ত্তৃ) মনোহর।

মঞ্জু—(ঞ্জূ) ষা—বি, স্ত্রী, (মন্জ+ উষন্, ঊষন্, অধি+আপ্) সিন্দুক।

মঠ—বি, পুং, (মঠ + অল্, অধি) মন্দির, টোল।

মড়ক—(বি) মারীভয়।

মড়ল—(বি) গ্রামের প্রধান লোক।

মণি—বি, পুং, স্ত্রী, (মণ + ইন, কর্তৃ) বহুমূল্য রত্ন।

মণিকার—বি, পুং, (মণি—কৃ + ষণ্, কর্তৃ) মণি পরিষ্কারক, জহুরী।

মণিবন্ধ—বি, পুং, হাতের কব্জা।

মণ্ড—বি, পুং, ক্লী, (মন্ + ড, কর্তৃ) ফেন, মাড। ভাব) ভূষণ।

মণ্ডন—বি, ক্লী, (মণ্ড্ + অনট্,

মণ্ডপ—বি, পুং, ক্লী, (মনড—পা + ড, কর্তৃ) দেবগৃহ, সেনাশ্রয়।

মণ্ডল—বি, ক্লী, (মনড + কল, কর্তৃ) পরিধি, বেষ্টন।

মণ্ডূক—বি, পুং, স্ত্রী, (মনড + ঊক, কর্তৃ) ভেক, ব্যাঙ্।

মত—বিণ্, ত্রি, (মন্ + ক্ত, কর্ম্ম) অভিপ্রেত, জ্ঞাত।

মতি—বি, স্ত্রী, (মন্ + ক্তি, ভাব) বুদ্ধি, মন, ইচ্ছা।

মতিচ্ছন্ন—বিণ্, ত্রি, কুমতি বুদ্ধি-ভ্রংশ।

মতিভ্রম—বি, পুং, ভুল।

মৎকুণ—বি, পুং, (মদ্ + ক্বিপ্ — কণ্ + কন, কর্তৃ, নিপা) ছার-পোকা।

মত্ত—বিণ্, ত্রি, (মদ্ + ক্ত, কর্তৃ) উন্নত, বিহ্বল, মাতাল।

মৎসর—বি, পুং, (মদ্ + সরল্, কর্তৃ) ক্রোধ, পরশ্রীকাতরতা।

মৎস্য—বি, পুং, (মন্দ্ + স্যন্, করণ) মীন, বিষ্ণুর অবতার বিশেষ।

মৎস্যগন্ধা—বি, স্ত্রী, ব্যাসের মাতা। বসুরাজা ইহাঁর পিতা, মৎস্যরূপ অপ্‌সরা অদ্রিকা ইহাঁর মাতা। বসুরাজ ইহাঁকে দাস রাজকে দান করেন। বয়ঃপ্রাপ্তা হইলে দাসরাজ ইহাঁকে যমুনা নদীতে লোকদিগকে পার করিবার কার্য্যে নিযুক্ত করেন। পরাশর মুনি কামার্ত্ত হইয়া ইহাঁকে উপভোগ করিবার অভিলাষে পদ্ম গন্ধময় করেন।

এবং ইহাঁর নাম সত্যবতী রাখেন। উক্ত মুনির ঔরসে ব্যাসদেব জন্ম গ্রহণ করেন। কিছু কাল পরে শান্তনুরাজা ইহাঁকে বিবাহ করেন।

মৎস্যজীবী—বিণ্, পুং, ধীবর, জেলে।

মথন—বি, ক্লী, (মথ্+অনট্, ভাব্) মন্থন, বিলোড়ন।

মথিত—বিণ্, ত্রি, (মথ্+ক্ত, কর্ম্ম) আলোড়িত, ক্লেশিত।

মদ—বি, পুং, (মদ্+অল, ভাব) হর্ষ, মত্ততা। (করণ) করিগণ্ডাদি জনিত ঘর্ম্ম।

মদকল—বিণ্, ত্রি, মত্ততা জন্য মধুরা স্ফুট শব্দকারী।

মদন—বি, পুং, (মদ্+ণিচ+অনট্, কর্ত্তৃ) কন্দর্প, কামদেব, বৃক্ষ বিশেষ।

মদনমোহন—বি, পুং, শ্রীকৃষ্ণ। বিণ্, ত্রি, সুন্দর।

মদনোৎসব—বি, পুং, বসন্তোৎসব।

মদমত্ত—বিণ্, ত্রি, আনন্দোৎফুল্ল।

মদিরা—বি, স্ত্রী (মদ্+কির, কর্ত্তৃ আপ্) সুরা।

মদীয়—বিণ্, ত্রি, (অস্মদ্+ণীয়) আমার। [সুরা।

মদ্য—বি, ক্লী (মদ্+য, করণ) মদিরা

মধু—বি, পুং, ক্লী, (মন্+উ, করণ) মদ্য, মৌ, পুষ্পরস, চৈত্রমাস।

মধুকর বি, পুং, (মধু—কৃ+ট, কর্ত্তৃ) ভ্রমর। স্ত্রী (রী)।

মধুপ—বি, পুং, (মধু—পা+ড, কর্ত্তৃ) ভ্রমর। বিণ্, ত্রি, মধুপায়ী।

মধুপর্ক—বি, পু, ক্লী, (মধু—পৃচ্+ঘঞ্, কর্ম্ম) মধু, দধি, ঘৃত, শর্করা ও জল এই পঞ্চমিশ্র ভক্ষ্য বস্তু।

মধুমক্ষিকা—বি, স্ত্রী, মৌমাছি।

মধুময়—বিণ, ত্রি, উপাদেয়, উৎকৃষ্ট।

মধুর—বিণ, ত্রি, (মধু+র, অস্ত্যর্থে) মনোহর, মিষ্ট রসযুক্ত। বি, পুং, মিষ্টরস।

মধুবন—বি, ক্লী, বৃন্দাবনস্থ বন বিশেষ।

মধুসূদন—বি, পুং, মধু—সূদ্ + অল্, কর্ত্তৃ) বিষ্ণু।

মধূথ—বি, ক্লী, (মধু—উৎ—স্থা + ড, কর্ত্তৃ) মোম।

মধূৎসব—বি, পুং, বসন্তোৎসব।

মধ্য—বি, পুং, ক্লী, (মন্ + যক্, কর্ম্ম, নিপা) কটিদেশ, অভ্যন্তর।

মধ্যদেশ—বি, পুং, প্রয়াগের পশ্চিমস্থ দেশ।

মধ্যন্দিন—বি, ক্লী, মধ্যাহ্ন। [স্থিত।

মধ্যম—বিণ, ত্রি, (মধ্য + ম) মধ্য-

মধ্যমলোক—বি, পুং, পৃথিবী।

মধ্যরাত্র—বি, পুং অর্দ্ধরাত্র।

মধ্যবর্ত্তী—বিণ, পুং, (মধ্য—বৃৎ + ণিন্, কর্ত্তৃ) মধ্যস্থিত।

মধ্যস্থ—বিণ, ত্রি, (মধ্য—স্থা + ড, কর্ত্তৃ) মধ্যবর্ত্তী, উদাসীন।

মধ্যাহ্ন—বি, পুং, দিনের মধ্যভাগ।

মন (ণ)—বি, পুং, (ম + ডন (ণ) করণ) চল্লিশ সের পরিমাণ।

মনন—বি, ক্লী, (মন্ + অনট্, ভাব) চিন্তা, অনুধ্যান।

মনঃসংযোগ—বি, পুং মনোনিবেশ চিত্তের একাগ্রতা।

মনঃ—বি, ক্লী, (মন্ + অস্, করণ) অন্তঃকরণ।

মনসা—বি, স্ত্রী, দেবীবিশেষ। ইনি কাশ্যপের ঔরসে কদ্রুর গর্ভে জন্ম গ্রহণ করেন। ইহাঁর পুত্রের নাম আস্তিক মুনি।

মনসিজ—বি, পুং (মনসি—জন্ + ড, কর্ত্তৃ) কন্দর্প।

মনস্কাম—বি, পুং মানসিক ইচ্ছা।

মনস্তাপ—বি, পুং মানসিক কষ্ট।

মনস্বী—বিণ, পুং, (মনস্ + বিন্ অস্ত্যর্থে) বুদ্ধিমান, স্থিরচিত্ত।

মনীব—(যা) প্রভু, কর্ত্তা।

মনীষা—বি, স্ত্রী, বুদ্ধি।

মনীষী—বিণ, পুং (মনীষা + ইন্, অস্ত্যর্থে) বুদ্ধিমান্।

মনু—বি, পুং, (মন্ + উ, কর্ত্তৃ) ব্রহ্মার পুত্র বিশেষ।

মনুজ—বি, পুং, (মনু—জন্ + কর্ত্তৃ) মনুষ্য।

মনোজ—বিণ, পুং (মনস্—জন্+ড, কর্ত্তৃ) কন্দর্প।

মনোজ্ঞ—বিণ, ত্রি, (মনস্—জ্ঞা+ড, কর্ত্তৃ) রমণীয়, সুন্দর।

মনোযোগ—বি, পুং, মনদেওয়া।

মনোরথ—বি, পুং, ইচ্ছা, বাসনা।

মনোরম—বিণ, ত্রি, (মনস্—রম্+ণিচ্+অন, কর্ত্তৃ) মনোহর।

মনোলোভা—(দে) মনোহর।

মনোহারী—বিণ, পুং, (মনস্ হৃ+ণিন, কর্ত্তৃ) সুন্দর, রমণীয়।

মন্তব্য—বিণ, ত্রি, (মন্+তব্য, কর্ম্ম) বিচার্য্য।

মন্ত্র—বি, পুং, (মন্ত্র্+অল্, কর্ম্ম) দেবাদি উপাসনার বাক্য, পরামর্শ।

মন্ত্রণা—বি, স্ত্রী, (মন্ত্র+অন, ভাব্+আপ্) পরামর্শ।

মন্ত্রদাতা—বিণ, পুং, (মন্ত্র—দা+তৃন্, কর্ত্তৃ) আচার্য্য, গুরু।

মন্ত্রপূত—বিণ, ত্রি, মন্ত্র দ্বারা পবিত্র।

মন্ত্রভবন—বি, ক্লী, পরামর্শ করিবার গৃহ।

মন্ত্রী—বিণ, পুং, (মন্ত্র+ইন্, অস্ত্যর্থে) পরামর্শদাতা।

মন্থন—বি, ক্লী, (মন্থ্+অনট্, ভাব্) আলোড়ন।

মন্থর—বিণ, ত্রি, (মন্থ্+রক্, কর্ত্তৃ) অলস, মন্দগামী।

মন্দ—বিণ, ত্রি (মন্দ্+অন, কর্ত্তৃ) অলস, অভীক্ষ্ণ, মৃদু, নীচ।

মন্দাকিনী—বি, স্ত্রী, (মন্দ+অক্+ণিন্, কর্ত্তৃ, +ঈপ্) স্বর্গ গঙ্গা।

মন্দার—বি, পুং, (মন্দ্+আরন্ করণ) দেবতরু বিশেষ।

মন্দির—বি, ক্লী, (মন্দ+কির, অধি) গৃহ, দেবগৃহ, পুর।

মন্দোদরী—বি, স্ত্রী, রাবণের স্ত্রী, ক্ষীণোদরী।

মন্দ্র—বিণ, ত্রি, (মন্দ্+র, কর্ত্তৃ) গম্ভীর।

মন্মথ—বি, পু, (মনস্+মথ্+অল্ কর্ত্তৃ) মদন।

মন্যু—বি, পুং, (মন্+যু, কর্ম্ম) শোক, ক্রোধ।

মন্বন্তর—বি, ক্লী, মনুরশাসন, দুর্ভিক্ষ।

মমত্ব—বি, ক্লী, (মম+ত্ব, ভাবার্থে) আমার বলিয়া জ্ঞান, অহঙ্কার।

ময়ূখ—বি, পুং (মি+উখ, কর্ত্তৃ) কিরণ।

ময়ূর—বি, পুং, (মি+উর, কর্ত্তৃ) শিখী।

মর—বি, পুং, (মৃ+অল্, ভাব) মরণ।

মরক—বি, পুং, (মৃ+অক্, ভাব) মারী।

মরকত—বি, ক্লী, (মরক+তৃ+ড, কর্ত্তৃ) হরিদ্বর্ণ মণিবিশেষ।

মরণ—বি, ক্লী, (মৃ+অনট্, ভাব) মৃত্যু।

মরাল—বি, পুং, (মৃ+অল্, কর্ত্তৃ) রাজহংস।

মরি (রী) চ—বি, ক্লী, (মৃ+ইচ, অপা) গোলমরিচ।

মরীচি—বি, পুং, (মৃ+ইচি, অপা) সপ্তর্ষির একজন; ইনি ব্রহ্মার মানস পুত্র। ইহাঁর পুত্রের নাম কশ্যপ।

মরীচিকা—বি, স্ত্রী, সূর্য্যকিরণে জলভ্রম

মরু—বি, পুং, (মৃ+উ, কর্ত্তৃ) জল ও তৃণাদি শূন্য প্রদেশ।

মরুৎ—বি, পুং, (মৃ+উৎ, কর্ত্তৃ) বায়ু।

মরুত্বান্—বি, পুং (মরুৎ+বতু অস্ত্যর্থে) ইন্দ্র।

মরুৎসখ—বি, পুং, অগ্নি।

মর্কট—বি, পুং, (মর্ক+অটন্, কর্ত্তৃ) বানর।

মর্ত্ত—বি, পুং, (মৃ+তন্, কর্ত্তৃ) [মনুষ্য।

মর্ত্ত্য—বি, পুং, (মর্ত্ত+ষ্ণ্য) মনুষ্য।

মর্দ্দন—বি, ক্লী, (মর্দ্দ+অনট্, ভাব) দলন, সংবাহন।

মর্ম্ম—বি, ক্লী, (মৃ+মন, অপা) তাৎপর্য্য দেহের সন্ধিস্থান।

মর্ম্মজ্ঞ—বিণ, ত্রি, (মর্ম্ম—জ্ঞা+ড, কর্ত্তৃ) তাৎপর্য্যগ্রাহী।

মর্ম্মভেদী—বিণ, ত্রি, (মর্ম্ম—ভিদ্+ণিন্, কর্ত্তৃ) আন্তরিক ব্যথা-দায়ক, হৃদয় বিদারক।

মর্ম্মান্তিক—বিণ্, ত্রি, মর্ম্মপীড়ক, মর্ম্মভেদী।

মর্য্যাদা—বি, স্ত্রী (পরি—আ—দা +ড, ভাব্+আপ্) সংপথেস্থিতি সদাচার।

মর্ষণ—বি, ক্লী, (মৃষ্+অনট্ ভাব্) ক্ষমা, সহন।

মল—বি, পুং, ক্লী (মৃজ্+কল্, কর্ম্ম) বিষ্ঠা, মূত্র, শ্লেষ্মাদি।

মলন—বি, ক্লী (মল্+অনট্, ভাব্) মর্দ্দন।

মলমাস—বি, পুং, অমাবস্যাদ্বয়যুক্ত রবিসংক্রান্তিরহিত মাস।

মলয়—বি, পুং, (মল্+কয়ন্, কর্ত্তৃ) চন্দনাদ্রি, দেশবিশেষ।

মলয়জ—বি, পুং (মলয়—জন্+ড, কর্ত্তৃ) চন্দন বৃক্ষ। [মলযুক্ত,সমল

মলিন—বিণ, ত্রি, (মল+ইনন্, কর্ত্তৃ)

মলিনতা—বি, স্ত্রী, (মলিন+তা ভাবার্থে) মালিন্য।

মল্ল—বি, পুং, (মল্ল+অন্, কর্ত্তৃ) বাহুযোদ্ধা, মালা, দেশবিশেষ।

মল্লযুদ্ধ—বি, পুং, বাহুযুদ্ধ।

মশাল—(যা) দীপ্ আলোকদণ্ড।

মসলা—(যা) উপকরণ, যদ্বারা কোনবস্তু প্রস্তুত হয়।

মসাহরা—(যা) মাহিয়ানা।

মসিজীবী বিণ, ত্রি, লেখক।

মসীনা—বি, স্ত্রী (মস্+ইন্, কর্ত্তৃ +আপ্) তিসী।

মসু (সূ)র—বি, পুং (মস্+উর, উব্, কর্ম্ম) কলাইবিশেষ।

মসৃণ—বিণ্, ত্রি, (মস+ঋ+ণ, কর্ম্ম) কোমল, চকচকিয়া।

মস্তক—বি, ক্লী, (মস্ত+কণ্, স্বার্থে) মাথা, অগ্রভাগ।

মস্তিষ্ক—বি, ক্লী, (মস্+ক্তি, ভাব্ —মস্তি—মস্ক+অন্, কর্ত্তৃ, নিপা) মগজ।

মহৎ—বিণ্, ত্রি, (মহ্+অৎ, কর্ম্ম) বৃহৎ, প্রবল অধিক, শ্রেষ্ঠ।

মহত্ত্ব—বি, ক্লী, (মহৎ+ত্ব, ভাবার্থে) প্রাধান্য, উৎকর্ষ। [কর্ম্ম) পূজ্য।

মহনীয়—বিণ্, ত্রি, (মহ+অনীয়,

মহঃ—বি, ক্লী, (মহ্ + অস্, কর্ম্ম) তেজঃ। উৎসব।

মহাকুল—বি, ক্লী, বিখ্যাতবংশ।

মহাজন—বি, পুং বিখ্যাত, প্রসিদ্ধ।

মহাত্মা—বিণ্, পুং মহাশয়, উদার।

মহাদেব—বি, পুং শিব।

মহানবমী—বি, স্ত্রী আশ্বিন মাসের শুক্লা নবমী।

মহানুভাব—বিণ্, ত্রি, মহাপ্রভাব।

মহাপাতক—বি, ক্লী, ব্রহ্মহত্যা, সুরাপান, চৌর্য্য, গুরুপত্নীগমন, ইহাদের সংসর্গ, এই পঞ্চবিধ।

মহাপ্রলয়—বি, পুং ব্রহ্মারদিনাবসানে সর্ব্বভূতক্ষয়কাল।

মহাফেজ—ফ) মোকদ্দমার কাগজ ও দলিল পত্র যাহার নিকটে থাকে।

মহাভাগ—বিণ, পুং, অতিশয় ভাগ্যবান।

মহাভারত—বি, ক্লী, ব্যাস রচিত গ্রন্থ বিশেষ।

মহামনাঃ—মহাত্মা, মনস্বী।

মহামহিমান্বিত—বিণ, ত্রি, অতীব মহাত্ম্য বিশিষ্ট।

মহামাংস—বি, ক্লী নরমাংস।

মহামায়া—বি, স্ত্রী, সংসারাশ্রম।

মহামোহ—বিণ ত্রি, বিষয় বাসনা।

মহামহিমন্বিত—অতিশয় মাহাত্ম্যযুক্ত।

মহাযজ্ঞ—বি, পুং, বেদাধ্যয়ন, অগ্নিহোত্র, পিতৃতর্পণ, ভূতবলি, অতিথি, পূজা, এই পাঁচ।

মহারথ—বি, পুং, অসাধারণ যুদ্ধ কুশল, যিনি একাকী দশহাজার সৈন্যের সহিত যুদ্ধ করিতে সমর্থ।

মহারাজ—বি, পুং, সম্রাট্।

মহারাজাধিরাজ—বি, পুং, সর্ব্বপ্রধান রাজা।

মহারাণী—বি, স্ত্রী, রাজ মহিষী!

মহারোগ—বি, পুং, যক্ষ্মা, ক্ষয়কাশ প্রভৃতি অসাধ্য রোগ।

মহার্ঘ—বিণ্, ত্রি, মহামূল্য।

মহালয়া—বি, স্ত্রী, আশ্বিন মাসের কৃষ্ণপক্ষের অমাবস্যা।

মহাবিদ্যা—বি, স্ত্রী, কালী, তারা ইত্যাদি দশ দেবী।

মহাবিষুব—বি, ক্লী মেষ রাশিতে সূর্য্যের গমন, চৈত্রসংক্রান্তি।

মহাবীর—বি, পুং, অতি বলবান, গরুর, হনুমান্।

মহাশয়—বিণ, ত্রি, মহাত্মা, উদারচেতা।

মহাশূদ্র—বি, পুং, আভীর।

মহাষ্টমী—বি, স্ত্রী, আশ্বিন মাসের শুক্লাষ্টমী।

মহিমা—বি, পুং, (মহৎ+ইমন্ ভবার্থে) মহাত্ম্য, গৌরব, ঐশ্বর্য্য বিশেষ।

মহিলা—বি, স্ত্রী (মহ্+ইল, কর্ম্ম+আপ্) নারী।

মহিষ—বি, পুং (মহ্+টিষচ্, করণ্) পশুবিশেষ। স্ত্রী (ষী) কৃতাভিষেকারাজ্ঞী।

মহিষমর্দ্দিনী—বি, স্ত্রী (মহিষ—মৃদ্ +ণিন্, কর্তৃ+ঈপ্) দুর্গা।

মহিষবাহন—বি, পুং যম

মহীক্ষিৎ—বি, পুং (মহী—ক্ষি+ক্বিপ্, কর্তৃ) ভূপতি।

মহীপ—বি, পুং, (মহী—পা+ড, কর্তৃ) পর্ব্বত, রাজা।

মহীয়ান—বি, পুং (মহৎ+ঈয়সু উৎকর্ষার্থে) মহাত্মা, শ্রেষ্ঠ।

মহীরুহ—বি, পুং (মহী—রুহ্+ক কর্তৃ) বৃক্ষ।

মহীলতা—বি, স্ত্রী, কেঁচুয়া।

মহেশ } বি, পুং শিব।
মহেশ্বরী } স্ত্রী, দুর্গা।

মহেষ্বাস—বিণ্, ত্রি, মহাধনুর্দ্ধারী।

মহোক্ষা—বি, পুং, মহাবৃষ।

মহোৎসব—বি, পুং, অতি আনন্দ জনক ব্যাপার।

মহোদধি—বি, পুং, সমুদ্র।

মহোদয়—বি, পুং, অতি সমৃদ্ধ।

মহোরগ—বি, পুং, বৃহৎসর্প।

মা—ব্য, (মা+কিপ্, ভাব্) নিষেধ, বিকল্প, পরিমাণ।

মাংস—বি, ক্লী (মন্+স, কর্ম্ম) পিশিত

মাংস্বল—বিণ্, ত্রি (মাংস+ল অস্ত্যর্থে) বলী, পুষ্ট।

মাক্ষি (ক্ষী) ক—বি, ক্লী (মক্ষিকা +ষ্ণ) মধু।

মাগধ—বিণ্, ত্রি (মগধ+ষ্ণ, ভবার্থে) মগধ দেশজাত। বি, পুং স্তুতি পাঠক।

মাণিক্য—বি, ক্লী (মণি—কৈ+ড, কর্ত্তৃ+ষ্ণ্য) মণি, রত্ন বিশেষ।

মাতঙ্গ—বি, পুং (মতঙ্গ+ষ্ণ) হস্তী।

মাতলি—বি, পুং (মেত—লা+ড, কর্ত্তৃ=মতল+ষ্ণি) ইন্দ্রের সারথি।

মাতা—বি, স্ত্রী (মা—অতচ, কর্ত্তৃ+আপ্) মা। বিণ্, ত্রি (মা+তৃণ্, কর্ত্তৃ) প্রমাণ কর্ত্তা। স্ত্রী (মাণ+তৃচ, কর্ম্ম) জননী।

মাতামহ—বি, পু, (মাতৃ+ডামহ) মাতার পিতা। স্ত্রী মাতামহী।

মাতুল—বি, পুং (মাতৃ+ডুল, ভ্রাতা অর্থে) মাতার ভ্রাতা।

মাতা জননী।

মাতৃকা—বি, স্ত্রী (মাতৃ+কণ্, স্বার্থে+আপ্) মাতা, ধাত্রী। গৌরী পদ্মা প্রভৃতি ১৬টী দেবী।

মাতৃষ্বসা—বি, স্ত্রী, মাতার ভগিনী।

মাত্রা—বি, স্ত্রী (মা+ত্রি, ভাব্ আপ্) পরিমাণ।

মাৎসর্য্য—বি, ক্লী (মৎসর+ষ্ণ্য ভাবার্থে) অন্য শুভদ্বেষ, পরশ্রী-কাতরতা।

মাদুর—বি, তৃণ নির্ম্মিত আসন বিশেষ।

মাদৃশ—বিণ্, ত্রি (অস্মদ্—দৃশ্+টক্, কর্ম্ম) মৎসদৃশ।

মাদ্রী—বি, স্ত্রী (মদ্র+ষ্ণ, ঈপ্) পাণ্ডুর ছোট স্ত্রী।

মাধব—বি, পুং (মধু+ষ্ণ) বসন্তকাল, মদ্ররাজ কন্যা, নকুলসহদেবের মাতা। (ম—ধব) বিষ্ণু। স্ত্রী (বী) লতা বিশেষ।

মাধুর্য্য—বি, ক্লী (মধুর+ষ্ণ্য, ভাবার্থে) মধুরতা।

মাধ্যন্দিন—বি, ক্লী (মধ্যন্দিন + ষ্ণ) মধ্যাহ্ন।

মানদ—বিণ, ত্রি (মান—দা + ড, কর্ত্তৃ) সম্মানপ্রদ, মানরক্ষক।

মাননীয়—বিণ, ত্রি (মান্ + অনীয়, কর্ম্ম) পূজনীয়, মান্য।

মানব—বি, পুং (মনু + ষ্ণ) মনুষ্য।

মানস—বি, ক্লী, (মনস্ + ষ্ণ) চিত্ত মনঃ। বিণ, ত্রি, মনঃ সম্বন্ধীয়।

মানী—বিণ, পুং (মান্ + ইন, অস্ত্যর্থে) অভিমানী, মনস্বী।

মান্য—বিণ, ত্রি (মন + ঘ্যণ, কর্ম্ম) পূজ্য।

মায়া—বি, স্ত্রী (মা + য, করণ, আপ) কপটতা, ইন্দ্রজাল।

মায়াবী—বিণ, পুং (মায়া + বিণ অস্ত্যর্থে) মায়াবিশিষ্ট।

মার—বি, পুং (মৃ + ঘঞ, ভাব) মরণ। (মৃ + ণিচ + অন, কর্ত্তৃ) কন্দর্প।

মারণ—বি, ক্লী (মৃ + ণিচ + অনট, ভাব) বধ।

মারুত—বি, পুং (মরুৎ + ষ্ণ, স্বার্থে) বায়ু।

মার্গ—বি, পুং (মৃজ + ঘঞ, কর্ম্ম) পথ।

মার্গশীর্ষ—বি, পুং (মার্গশিরী + ষ্ণ) অগ্রহায়ণ মাস।

মার্জন—বি, ক্লী, (মৃজ + ণিচ + অনট, ভাব) পরিষ্করণ।

মার্জ্জিত—বিণ; ত্রি, (মার্জ + ক্ত, কর্ম্ম) পরিষ্কৃত, নির্দ্দোষীকৃত।

মার্ত্তণ্ড—বি, পুং (মৃতণ্ড + ষ্ণ) সূর্য্য।

মাল—(যা) সম্পত্তি, ধন।

মালখানা—(যা) বহুমূল্য দ্রব্যাদি রাখিবার স্থান।

মালগুজারি—(যা) খাজানা।

মালতী—বি, স্ত্রী (মা—লত + অন, কর্ত্তৃ + ঈপ) পুষ্পবিশেষ।

মালা—বি, স্ত্রী (মা—লা + ড, কর্ত্তৃ, আপ) মাল্য, শ্রেণী।

মালাকার—বি, পুং (মালা—কৃ + অণ, কর্ত্তৃ) মালীজাতি।

মালিক— (যা) অধিপতি, অধিস্বামী।

মালী—বিণ, পুং (মালা+ইন্, অস্ত্যর্থে) মালাকার।

মালূর—বি, পুং (মা—লূ+রক, কর্ত্তৃ) বিল্ববৃক্ষ। ক্লী, শ্রীফল।

মাল্য—বি, ক্লী (মালা+ষ্ণ্য) পুষ্প।

মাশুল— (যা) কোন দ্রব্য বহন জন্য যাহা দেওয়া যায়।

মাষ (স)—বি, পুং (মষ্ (স)—ঘঞ্, কর্ত্তৃ) মাষকলায়।

মাস্ (ষ)—বি, পুং, (মা—অস্+ঙীপ্, অন কর্ত্তৃ) ৩০দিন পরিমিত কাল।

মাসান্ত—বি, পুং, সংক্রান্তি।

মাসিক- বিণ, ত্রি, মাসে মাসে কর্ত্তব্য।

মাস্ম—ব্য, নিষেধ।

মহাকুলীন—বি, (মহাকুল+ঈন্) মহাকুল প্রসূত।

মাহাত্ম—বি, ক্লী, (মহাত্মন+ষ্ণ্য, ভাবার্থে) মহাত্মতা, মহিমা।

মাহিষ্য—বি, পুং (মহিষ+ষ্ণ্য) বৈশ্যার গর্ভে ক্ষত্রিয়ার ঔরসেজাত জাতি।

মাহেন্দ্র—বিণ, ত্রি (মহেন্দ্র+ষ্ণ) মহেন্দ্রসম্বন্ধীয়।

মাহেশ্বর— বি, পুং (মহেশ্বর+ষ্ণ) মহেশ্বর সম্বন্ধীয়।

মিত—বিণ, ত্রি (মা+ক্ত,কর্ম্ম) অল্প পরিমিত।

মিত্র (ত্র)— বি, ক্লী (মিদ্+ক্ত্র, কর্ত্তৃ সুহৃৎ, সখা। [সূর্য্য।

মিত্র—বি, পুং (মি+ক্ত্র, কর্ত্তৃ)

মিথঃ—ব্য (মিথ+অস্, ভাব্) পরস্পর—গোপনে।

মিথিলা— বি, স্ত্রী (মিথ+কিল, কর্ম্ম, আপ্) জনকের রাজধানী।

মিথুন— বি, ক্লী (মিথ+উনক্, কর্ত্তৃ) স্ত্রী পুরুষ, তৃতীয় রাশি।

মিথ্যা—ব্য (মিথ+ক্যপ, কর্ম্ম, আপ্) অসত্য, বৃথা।

মিলন—বি, ক্লী (মিল+অনট, ভাব) মিশ্রন, সংযোগ।

মিলিত— বিণ, ত্রি (মিল্ + ক্ত, কর্ত্তৃ) সংযুক্ত, একত্রিত।

মিশ্র—বিণ, ত্রি (মিশ্র্ + অন, কর্ত্তৃ) মিলিত, (অন্য শব্দের পর হইলে) মান্য, শ্রেষ্ঠ। (কর্ম্ম) মিলিত।

মিশ্রণ— বি, ক্লী (মিশ্র + অনট্, ভাব্) মিলন, সংকলন।

মিষ্ট—বিণ, ত্রি (মিষ্ + ক্ত, কর্ম্ম) মধুর।

মিষ্টতা—বি, স্ত্রী (মিষ্ট + তা, ভাবার্থে) মাধুর্য্য।

মিহির—বি, পুং (মিহ্ + কির কর্ত্তৃ) সূর্য্য, মেঘ, বয়ু।

মীন—বি, পুং (মী + নক, কর্ম্ম) মৎস্য, অবতার বিশেষ।

মীনকেতন } মীনধ্বজ }—বি, পুং, কন্দর্প।

মীমাংসা—বি, স্ত্রী (মান্ + সন + অ, ভাব) বেদান্তশাস্ত্র, নিষ্পত্তি।

মুকুট—বি, ক্লী, শিরোভূষণ।

মুকুন্দ—বি, পুং (মুকুম্—দা + ড, কর্ত্তৃ) বিষ্ণু।

মুকুর—বি, পুং (মন্ক্ + উর, কর্ত্তৃ) দর্পণ।

মুকুল—বি, পুং, ক্লী (মন্ক + উল, কর্ত্তৃ) কুড়ি।

মুকুলিত—বিণ, ত্রি (মুকুল + ইত, অস্ত্যর্থে) অর্দ্ধমুদ্রিত।

মুক্ত—বিণ ত্রি (মুচ্ + ক্ত, কর্ত্তৃ) মোক্ষ প্রাপ্ত, অর্দ্ধ বিকসিত।

মুখ—বি, ক্লী (খন্ + অল, কর্ম্ম, নিপা) বদন, আনন।

মুখর বিণ, ত্রি (মুখ্ + র, অস্ত্যর্থে) দুর্ম্মুখ।

মুখরিত—বিণ ত্রি (মুখর + ণিচ্ + ক্ত, কর্ম্ম) শব্দায়মান।

মুখ্য—বিণ, ত্রি (মুখ্ + য্য) প্রধান, শ্রেষ্ঠ।

মুগ্ধ—বিণ, ত্রি (মুহ্ + ক্ত, কর্ত্তৃ) মূঢ়, মোহ পরবশ। [শর, তৃণ।

মুঞ্জ—বি, পুং (মুন্জ + অন, কর্ত্তৃ)

মুড়কী—(দে) গুড়মিশ্রিত খৈ।

মুণ্ড—বি, পুং (মুন্ড্ + অল, কর্ম্ম) মস্তক, দৈত্য বিশেষ।

মুণ্ডন—বি, ক্লী (মুন্ড্+অনট্, ভাব্) মাথা মুড়ান।

মুদিত—বিণ, ত্রি (মুদ্+ক্ত, কর্ত্তৃ) প্রীত,

মুদ্রণ—বি, ক্লী (মুদ্রা+ণিচ্+অনট্, ভাব্) মুদ্রিত করণ।

মুদ্রা—বি, স্ত্রী (মুদ্+রক্, করণ, আপ্) মোহর, টাকা, পয়সা প্রভৃতি, প্রত্যয় করণ চিহ্ন, দেবারাধন সময় অঙ্গুলি প্রভৃতির সন্নিবেশ বিশেষ।

মুদ্রাঙ্কণ—বি, ক্লী; মুদ্রিতকরণ।

মুদ্রাঙ্কিত—বিণ, ত্রি, মোহর করা, যাহা ছাপান হইয়াছে।

মুদ্রিত—বিণ, ত্রি (মুদ্রা+ইত) সঙ্কুচিত, মুদ্রাচিহ্নিত।

মুনাফা—(ফ) লাভ।

মুনসি—(ফ) লেখক।

মুনি—বি, পুং (মন্+ই, কর্ত্তৃ ঋষি, তপস্বী।

মুনিক্রম—বি, পুং, বকপুষ্পবৃক্ষ।

মুনিপুঙ্গব—বি, পুং, মুনিশ্রেষ্ঠ।

মুমুক্ষু—বিণ, ত্রি (মুচ্+সন্+উ, কর্ত্তৃ) মোক্ষেচ্ছু।

মুমূর্ষু—বিণ, ত্রি (মৃ+সন্+উ, কর্ত্তৃ) আসন্ন মৃত্যু।

মুর—বি, পুং, দৈত্য বিশেষ। স্ত্রী—(রা), চন্দ্রগুপ্তের মাতা।

মুশলী—বি, পুং (মুশল+ইন্, অস্ত্যর্থে) বলরাম।

মুষিত—বিণ, ত্রি (মুষ+ক্ত, কর্ম্ম) চোরিত, বঞ্চিত।

মুষ্ক—বি, পুং (মুষ—কক্, কর্ত্তৃ) অণ্ডকোষ।

মুষ্টি—বি, স্ত্রী, (মুষ্+ক্তি, করণ) কুঞ্চিত পাণি, মুঠা, ঘুষি।

মুস্ত—বি, পুং (মুস্ত্+অন্, কর্ত্তৃ) মাতা।

মুহুঃ—ব্য (মুহ্+উস, কর্ত্তৃ) পুনঃ পুনঃ।

মুহূর্ত্ত—বি, পুং, ক্লী (মূর্চ্ছ+ক্ত, কর্ত্তৃ) দিবা রাত্রের ত্রিংশ ভাগ।

মূক—বিণ, ত্রি (মূ+কক্, কর্ত্তৃ) নির্ব্বাক্, বোবা।

মূর্খ বিণ, ত্রি (মুহ্ + খ, অপা) মূঢ় অজ্ঞান।

মূর্খতা—বি, স্ত্রী (মূর্খ + তা, ভাবার্থে) মূঢ়তা, অবিবেকতা।

মূর্চ্ছা—বি, স্ত্রী (মূর্চ্ছ + ঙ, ভাব) মোহ।

মূর্চ্ছিত—বিণ, ত্রি (মূর্চ্ছা + ইত, যুক্তার্থে) মোহপ্রাপ্ত, অচেতন।

মূর্ত্তি—বি, স্ত্রী (মূর্চ্ছ + ক্তি, কর্ত্তৃ) আকার, কায়।

মূর্দ্ধজ—বি, পুং (মূর্দ্ধ—জন্ + ড, কর্ত্তৃ) কেশ। বিণ ত্রি মস্তক জাত।

মূর্দ্ধণ্য—বি, পুং (মূর্দ্ধন + ষ্ণ্য ভবার্থে) মস্তক হইতে উচ্চারিত বর্ণ। [শিকড়।

মূল—বি, ক্লী, গাছের গোড়া,

মূল্য—বি, ক্লী (মূল + ষ্ণ্য) দাম।

মৃগ—বি, পুং (মৃগ + ক, কর্ম্ম) হরীণ, পশু।

মৃগতৃষ্ণা—(ষ্ণ) (ষ্ণিকা) বি—স্ত্রী মরীচিকা।

মৃগনাভী—বি, পুং, স্ত্রী, } কস্তুরী
মৃগমদ—বি, পুং }

মৃগয়া—বি, স্ত্রী (মৃগ—যা + ক্বিপ, ভাব) বনপর্য্যটন পূর্ব্বক পশুবধ, লক্ষ্যোপর ক্ষেপ।

মৃগয়ু—বি, পুং (মৃগ—যা + ভু, কর্ত্তৃ) ব্যাধ।

মৃগাবিং—বি, পুং (মৃগ—ব্যধ্ + ক্বিপ কর্ত্তৃ) ব্যাধ।

মৃগেন্দ্র বি, পুং পশুরাজ।

মৃণাল—বি, পুং (মৃণ্ + কালন, কর্ম্ম) পদ্মাদির ডাঁটা, পদ্মাদির পঙ্কান্তর্গত শিকড়।

মৃণালিনী—বি, স্ত্রী (মৃণাল + ইন্ অস্ত্যর্থে ঈপ) পদ্মিনী।

মৃণ্ময়—বিণ, ত্রি (মৃক্ + ময়ট, বিকারার্থে) মৃত্তিকা নির্ম্মিত।

মৃত—বিণ, ত্রি (মৃ + ক্ত, কর্ত্তৃ) মৃত্যু প্রাপ্ত।

মৃত্তিকা—বি, স্ত্রী (মৃদ + তিকন্, কর্ম্ম আপ্) মাটি। [যম।

মৃত্যু—বি, পুং, (মৃ + ত্যুক, অপা)

মৃত্যুঞ্জয়—বি, পুং (মৃত্যু—জি+খশ, কর্ত্তৃ) শিব।

মৃদঙ্গ—বি, পুং (মৃদ+অঙ্গচ, কর্ম্ম) যুবজ, পাখোয়াজ, খোল।

মৃদু—বিণ, ত্রি (মৃদ্+কু, কর্ম্ম) কোমল, অতীক্ষ্ণ, আর্দ্র।

মৃদুল—বিণ, ত্রি (মৃদ্+উল কর্ম্ম) কোমল।

মৃধ—বি, ক্লী (মৃধ+ক, অধি) যুদ্ধ।

মৃষ্ট—বিণ, ত্রি (মৃষ্+ক্ত, কর্ম্ম) সৃষ্ট [চন্দ্রহাচ।

মেখলা—বি, স্ত্রী (মেখাল+আপ)

মেঘ—বি, পুং (মিহ+অল, কর্ত্তৃ) জলধর। রাগ বিশেষ।

মেঘনাদ—বি, পুং, মেঘগর্জ্জন, ইন্দ্রজিৎ। ইনি রাবণের পুত্র, ইন্দ্রকে জয় করিয়া ইন্দ্রজিৎ নাম প্রাপ্ত হন। রাম রাবণের যুদ্ধে কতিপয় বার রাম লক্ষ্মণকে পরাস্ত করিয়া অবশেষে লক্ষ্মণের হস্তে অন্যায় সমরে নিধন প্রাপ্ত হন।

মেঘাড়ম্বর—বি, পুং মেঘের ঘটা।

মেথর - (দে) পায়খানা পরিষ্কারক।

মেদ—বি,পুং,(মিদ্+অল, করণ)]

মেদঃ—বি, ক্লী (মিদ্+অস্ অধি) মজ্জা, চর্ব্বি।

মেদিনী—বি, স্ত্রী, (মেদ+ইন্, অস্ত্যর্থে+ঈপ্) পৃথিবী। মধু ও কৈটভ নামক দৈত্যের মেদে পৃথিবী পরিব্যাপ্ত হওয়ায় ইহার নাম মেদিনী হইয়াছে।

মেদুর—বিণ, ত্রি (মিদ+ঘুর, কর্ত্তৃ) স্নিগ্ধ।

মেধা—বি, স্ত্রী (মেধ্+ঙ, করণ) ধারণাবতী বুদ্ধি, স্মরণশক্তি।

মেধাবী—বিণ, পুং (মেধা+বিন্ অস্ত্যর্থে) মেধা বিশিষ্ট।

মেধ্য—বিণ, ত্রি (মেধ্+ঘ্যণ, কর্ম্ম) পবিত্র, যজ্ঞীয়।

মেরু বি, পুং (মি+রু কর্ত্তৃ) পৃথিবীর উত্তর ও দক্ষিণ প্রান্ত।

মেহনৎ—(যা) পরিশ্রম।

মৈত্র—বি, ক্লী (মিত্র+ষ্ণ,

ভাবার্থে) মিত্রতা, সৌহার্দ্দ্য উপাধি বিশেষ।

মৈথিল—বিণ্, ত্রি (মিথিলা + ষ্ণ) মিথিলা সম্বন্ধীয়। (পুং) মিথিলা রাজ। [বিবাহ কর্ম্ম।

মৈথুন—বি, ক্লী (মিথুন + ষ্ণ)

মৈনাক—বি, পুং (মেনকা + ষ্ণ, অপত্যার্থে) হিমালয়ের পুত্র।

মোক্ষ—বি, পুং (মোক্ষ্ + অল্, ভাব্) মুক্তি, মোচন।

মোচন—বি, ক্লী (মুচ্ + অনট্, ভাব্) মুক্তি।

মোটা (বিণ্) স্থূল, মাংসল।

মোদক বি, পুং (মুদ্ + ণিচ + ণক্ কর্ত্তৃ) মোয়া, লাড়ু।

মোহ—বি, পুং (মুহ্ + অল্, ভাব) মূর্চ্ছা, অজ্ঞান।

মোহন—বি, ক্লী (মুহ্ + অনট্, ভাব্) মুগ্ধ করণ।

মোহিত—বিণ্, ত্রি (মুহ্ + ণিচ + ক্ত, কর্ম্ম) মূর্চ্ছিত, মোহ প্রাপ্ত।

মৌঞ্জীবদ্ধ—বি, পুং } উপনয়ন
মৌঞ্জীবন্ধন—বি, ক্লী } সংস্কার।

মৌর্ব্বী—বি, স্ত্রী (মূর্ব্ব + ষ্ণ, ঈপ্) ধনুর্গুণ, ছিলা।

মৌলি—বি, পুং (মূল্ + ষ্ণি) কিরীট, মস্তক।

ম্রক্ষণ—বি, ক্লী (ম্রক্ষ্ + অনট্, ভাব) লেপন, মাখা।

ম্রিয়মাণ—বিণ্, ত্রি (মৃ + শান, কর্ত্তৃ) মুমূর্ষ।

ম্লান - বিণ, ত্রি (ম্লৈ + ক্ত, কর্ত্তৃ) মালিন, বিষণ্ণ, অপ্রসন্ন।

ম্লানি—বি, স্ত্রী (ম্লৈ + ক্তি, ভাব্) মালিন্য, বিষাদ।

ম্লেচ্ছ—বি, পুং (ম্লেচ্ছ + অন্, কর্ত্তৃ) অসভ্য জাতি, কিরাত, করণ বিণ্, ত্রি পাপিষ্ঠ। দেশ।

ম্লেচ্ছ দেশ—বি, পুং কদাচারহীণ

য

য—বি, পুং (যা + ড, কর্ত্তৃ) যশঃ, বায়ু।

যকৃৎ—বি, ক্লী (য—কৃ+ক্বিপ্, কর্তৃ) কুক্ষি মধ্যস্থ মাংস পিণ্ড বিশেষ।

যক্ষ—বি, পুং (যক্ষ্+অল, কর্ম্ম) দেবযোনি বিশেষ, কুবের।

যক্ষরাজ—বি, পুং কুবের।

যক্ষা—বি, পুং (যক্ষ+মন্, অধিক, ক্ষয় রোগ।

যজন—বি, ক্লী (যজ্+অনট্, ভাব্) পূজন, যাগ করণ।

যজমান বি, পুং (যজ্+শান, কর্তৃ) যজ্ঞকারী।

যজুঃ—বি, ক্লী (যজ্+উস্, করণ) দ্বিতীয় বেদ।

যজ্ঞ—বি, পুং (যজ্+ন্, ভাব) যাগ, হোম।

যজ্ঞসেন—বি, পুং, দ্রুপদ রাজা।

যজ্ঞেশ্বর—বি, পুং বিষ্ণু।

যজ্ঞোপবীত—বি, ক্লী, যজ্ঞ সূত্র, পৈতা।

যত—বিণ্, ত্রি, (যম্+ক্ত, কর্ম্ম) সংযত, বদ্ধ।

যতমান্—বিণ্, ত্রি (যত্+শান, কর্তৃ) যত্নকারী।

যতি—বি, পুং (যত্+ই; কর্তৃ) মুনি, ভিক্ষু। যম+ক্তি, ভাব্) বিরামস্থান।

যতী—বি, পুং (যত+নিন্, কর্তৃ) সন্ন্যাসী।

যত্ন—বি, পুং (যত+ন, ভাব্) চেষ্টা, প্রয়াস।

যথা—ব্য (যদ্+থাচ্, প্রকারকর্থে) সাদৃশ্য।

যথাকাম—ব্য, ক্লী, ইচ্ছানুরূপ।

যথাক্রম—ব্য, ক্লী, ক্রমানুসারে।

যথাযথ—ব্য, ক্লী, যথার্থ।

যথার্থ—ব্য, ক্লী, সত্য।

যথাবিধি—ব্য, ক্লী, শাস্ত্রানুসারে।

যথাশক্তি—ব্য, ক্লী, ক্ষমতানুসারে।

যথাশাস্ত্র—ব্য, ক্লী, শাস্ত্রানুসারে।

যথেষ্ট—ব্য, ত্রি, ইচ্ছানুরূপ প্রচুর।

যথোচিত—ব্য, ক্লী, উপযুক্তরূপ।

যথোদিত—ব্য, ক্লী, যথোক্ত।

যদু—বি, পুং, যযাতির জ্যেষ্ঠ পুত্র, যদুবংশীয় লোক।

যদৃচ্ছা—বি, স্ত্রী. (যদ্—ঋচ্ছ + অভাব, আপ্) স্বেচ্ছা।

যদ্‌ভবিষ্য—বিণ, ত্রি, ভাগ্যাপেক্ষী

যন্তা—বি, পুং (যম্+তৃণ, কর্ত্তৃ) সারথি, হস্তিপক।

যন্ত্র—বি, ক্লী, শিল্প সাধন সামগ্রী।

যম—বি, পুং (যম+অল. ভাব্) সংযমন, অহিংসা। (যম্+ণিচ +অন্ কর্ত্তৃ) শমন. দক্ষিণ-দিকের অধিপতি। ইনি সূর্য্যের ঔরসে তাহার স্ত্রী সংজ্ঞার গর্ভে জন্ম গ্রহণ করেন। বিমাতা ছায়া কর্ত্তৃক প্রতিপালিত হন। ইনি জীবের পাপ পুণ্যের বিচার কর্ত্তা।

যমজ—বিণ, ত্রি (যম—জন্+ড, কর্ত্তৃ) একসময় এক গর্ভে জাত।

যমদগ্নি—বি, পুং, পরশুরামের পিতা।

যমবাহন—বি, পুং, মহিষ।

যবনিকা—বি, স্ত্রী (যবনী+ক্কণ, আপ্) পর্দ্দা।

যবস—বি. পুং, ক্লী (যু+অস্, কর্ত্তৃ) ঘাস।

যবাগূ—বি. স্ত্রী (যু+আগু, কর্ম্ম) দ্রব্য বিশেষ. যাউ।

যবিষ্ঠ. যবীয়ান্—বিণ, পুং (যুবন +ইষ্ঠ, ঈয়সু. উৎকর্ষার্থে) কনিষ্ঠ।

যশঃ—বি, ক্লী (যশ্+অস্. কর্ত্তৃ) কীর্ত্তি।

যশস্কর—বিণ, ত্রি, (যশস্+কৃ+ট, কর্ত্তৃ) সুখ্যাতি জনক।

যশস্বী—বিণ, পুং. (যশস্+বিন্, অস্ত্যর্থে) খ্যাতি, মান্, বিখ্যাত।

যশোদ—বিণ, ত্রি (যশস্+দা+ড, কর্ত্তৃ) সুখ্যাতি প্রদ।

যষ্টি—বি, পুং. স্ত্রী (যক্ষ্+ক্তি. কর্ম্ম) লাঠি।

যাগ বি, পুং (যজ্+ঘঞ্, ভাব্) যজ্ঞ।

যাচক—বিণ, ত্রি (যাচ্+ণক্ কর্তৃ) ভিক্ষু।

যাচন—বি, ক্লী (যাচ্+অনট্, ভাব্) প্রার্থনা।

যাচ্ঞা—বি, স্ত্রী (যাচ্+নঙ্, ভাব্+আপ্) প্রার্থনা, ভিক্ষা।

যাজক—বি, পুং (যজ্+ণক্, কর্তৃ) যজ্ঞকর্ত্তা, পুরোহিত।

যাজন—বি, ক্লী (যজ্+ণিচ+অনট্, ভাব্) যজ্ঞ করান, পৌরহিত্য।

যাজ্ঞবল্ক্য—বি, পুং, ধর্ম্মশাস্ত্র প্রণেতা মুনি বিশেষ।

যাজ্ঞসেনী—বি, স্ত্রী দ্রৌপদী।

যাজ্ঞিক—বি, পুং (যজ্ঞ+ষ্ণিক যজ্ঞকর্ত্তা, ঋত্বিক্।

যাত বিণ, ত্রি (যা+ক্ত, কর্তৃ) অতীত, গত।

যাতনা—বি, ক্লী (যত্+ণিচ+অন, ভাব, আপ্) বেদনা।

যাত্রা - বি, স্ত্রী (যা+ত্র, ভাব্ আপ্) গমন, যুদ্ধার্থ নির্গমন।

যথার্থ্য—বি, ক্লী (যথার্থ+ষ্ণ্য, ভাবার্থে) যথার্থতা, প্রকৃততত্ত্ব।

যাদঃপতি—বি, পুং, সমুদ্র।

যাদব—বি, পুং (যদু+ষ্ণ, অপত্যার্থে) যদুবংশীয়।

যাদৃক্—বিণ, ত্রি (যদ্—দৃশ্+ক্বিপ্, কর্ম্ম) যেরূপ।

যাদৃশ—বিণ ত্রি (যদ্—দৃশ্+টক্, কর্ম্ম) যেরূপ।

যান—বি ক্লী (যা+অনট্, করণ) হস্ত্যশ্বশকট নৌকাদি।

যাপন—বি, ক্লী (যা+ণিচ+অনট্, ভাব্) ক্ষেপণ, অপসারণ।

যাপিত—বিণ, ত্রি (যা+ণিচ +ক্ত, কর্ম্ম) অতিবাহিত।

যাম—বি, পুং (যম্+ঘঞ্, কর্ম্ম) প্রহর।

যামাতা—বি, পুং (জায়া—মা—তৃন্, কর্তৃ) জামাতা, জামাই।

যামিনী—বি, স্ত্রী (যাম+ইন, অস্ত্যর্থে, ঈপ্) রাত্রি।

যাযজূক—বিণ, পুং (যজ্+যঙ

+উক্, কর্ত্তৃ) সর্ব্বদা যজ্ঞকারী।

যাবৎ—ব্য, ত্রি (যদ্+বতু পরিমাণার্থে) যৎপরিমাণ। (যা +বতি, ভাববাচ্যে) সাকল্য, অবধারণ।

যাবতীয়—বিণ্, ত্রি (যাবৎ+নীয়) সমুদয়।

যুক্ত—বিণ্, ত্রি (যুজ্+ক্ত, কর্ত্তৃ) ন্যায্য, উপযুক্ত। [ন্যায়।

যুক্তি—বি, স্ত্রী (যুজ্+ক্তি, ভাব্)

যুগ—বি, ক্লী (যু+গক্, কর্ত্তৃ) যুগল, যোড়া, সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি এই চারিকাল। পুং জোয়াল।

যুগপৎ—ব্য (যু+গপতক্, অধি) একদা, এককালে।

যুগল—বি, ক্লী (যুগ+ল, স্বার্থে) যুগন, যোড়া।

যুগান্ত—বি, পুং, প্রলয়।

যুত—বিণ্, ত্রি (যু+ক্ত, কর্ত্তৃ) মিলিত, সম্পৃক্ত।

যুদ্ধ—বি, ক্লী (যুধ্+ক্ত, ভাব্) রণ।

যুধিষ্ঠির—বি, পুং, জ্যেষ্ঠ পাণ্ডব। ইনি ধর্ম্মের ঔরসে কুন্তীর গর্ভে জন্ম গ্রহণ করেন।

যুযুৎসু—বিণ্, পুং (যুধ্+সন্+উ, কর্ত্তৃ) সমরেচ্ছু।

যুবক—বি, পুং (যুবন্+কণ্, স্বার্থে তরুণ।

যুবতী—বিণ্, স্ত্রী (যু+শতৃ, কর্ত্তৃ, ঙীপ্) তরুণী, ১৬ হইতে ৩০ বৎসর বয়স্ক রমণী।

যুবরাজ—বি, পুং, রাজ পুত্র, রাজ কার্য্যে সহকারী রাজ পুত্র।

যূথ—বি, পুং ক্লী, (যূ+থক্, কর্ত্তৃ) পশু পক্ষীর দল, সমূহ।

যূথি (থী) কা—বি, স্ত্রী (যূথ+ ঝিক্, আপ্) যূইফুল।

যূপ—বি, পুং, ক্লী (যু+পক্, অধি) যজ্ঞীয়, পশু রক্ষার্থ কাষ্ঠ বিশেষ।

যূষ বি, পুং, ক্লী (যূষ্+ক, কর্ত্তৃ) ঝোল।

যোগ—বি, পুং (যুজ্ + ঘঞ্, ভাব্) মিলন, জীবাত্মা ও পরমাত্মার সংযোগ।

যোগাসন—বি, ক্লী, যোগার্থ উপবেশন বিশেষ।

যোগী—বিণ্, পুং (যোগ্ + ইন্ অস্ত্যর্থে) তপস্বী, সন্ন্যাসী।

যোগ্য—বিণ্, ত্রি (যুজ্ + ঘ্যণ্, কর্ম্ম) প্রবীণ, সমর্থ, উপযুক্ত।

যোগ্যতা—বি, স্ত্রী (যোগ্য + তা, ভাবার্থে) পরস্পর সম্বন্ধে বাধাভাব, উপযুক্ততা।

যোজক—বিণ, ত্রি (যুজ্ + ঞি + ণক, কর্ত্তৃ) যোগ কারক।

যোজিত—বিণ্, ত্রি (যুজ্ + ঞি + ক্ত, কর্ম্ম) মেলিত, নিয়মিত।

যোদ্ধা—বিণ্, পুং (যুধ্ + তৃন্, কর্ত্তৃ) যুদ্ধ কারক।

যোধ—বি, পুং (যুধ্ + অন্, কর্ত্তৃ) যোদ্ধা।

যোষা—বি, স্ত্রী (যুষ্ + অন্, কর্ত্তৃ, আপ্) নারী।

যোষিৎ—বি, স্ত্রী (যুষ্ + ইৎ, কর্ত্তৃ) নারী।

যৌগিক—বিণ্, ত্রি (যোগ + ষ্ণিক) যোগ জাতি।

যৌতুক—বি, ক্লী (যু + তু, ভাব, কণ্) বিবাহ কালে লব্ধধন।

যৌবন—বি, ক্লী (যুবন + ষ্ণ, ভাবার্থে) তারুণ্য, ১৬ হইতে ৩০ বৎসর পর্য্যন্ত বয়স্।

যৌবনাশ্ব—বি, পুং (যুবনাশ্ব + ষ্ণ, অপত্যার্থে) যুবনাশ্ব রাজার পুত্র, মান্ধাতা।

যৌবরাজ্য—বি, ক্লী (যুবরাজ + ষ্ণ্য) পিতৃসত্ত্বে পুত্রের রাজ্যপদ।

র

র—বি, পুং (রা + ড, কর্ত্তৃ) অগ্নি, কামানল।

রংহঃ—বি, ক্লী (রন্হ্ + অস্, ভাব্) বেগ।

রক্ত—বি, ক্লী (রন্‌জ + ক্ত, করণ) রুধির।

রক্তপ—বি, পুং (রক্ত—পা+ড, কর্ত্তৃ) রাক্ষস।

রক্তবীজ—বি, পুং, দৈত্য বিশেষ, শুম্ভ নিশুম্ভের সেনাপতি।

রক্তিমা—বি, পুং, (রক্ত+ইমন্, ভাবার্থে) রক্তবর্ণ।

রক্তোৎপল—বি, ক্লী, কোকনদ রক্তপদ্ম।

রক্ষক—বিণ, ত্রি, রক্ষ—ণক্, কর্ত্তৃ রক্ষাকর্ত্তা, পালক।

রক্ষণ—বি, ক্লী (রক্ষা+অনট্, ভাব) পালন, ত্রাণ।

রক্ষণীয়—বিণ, ত্রি (রক্ষ+অনীয়, কর্ম্ম) পালনীয়।

রক্ষা—বি, স্ত্রী (রক্ষ্+ অ, ভাব, আপ্) পালন, ত্রাণ।

রক্ষাধি কৃত—বিণ, ত্রি, রক্ষার্থ নিযুক্ত। [রক্ষাকর্ত্তা।

রক্ষী—বিণ, পুং (রক্ষ্+ইন্, কর্ত্তৃ)

রক্ষ্য—বিণ, ত্রি (রক্ষ+য, কর্ম্ম) রক্ষণীয়, বারণীয়।

রঘু—বি, পুং (রঘ্+উ, কর্ত্তৃ) সূর্য্যবংশীয় নৃপ বিশেষ। ইনি মহারাজ দিলীপের ঔরসে সুদক্ষিণার গর্ভে জন্মগ্রহণ করেন। অজের পিতা।

রঘুনন্দন—বি, পুং রামচন্দ্র, স্মৃতি সংগ্রাহক পণ্ডিত বিশেষ।

রঘুনাথ
রঘুপতি
বি, পুং, রামচন্দ্র।

রঘুবংশ—বি, পুং, রঘুকুল, কাব্য গ্রন্থ বিশেষ।

রঙ্কু—বি, পুং, (রম্+কু, কর্ত্তৃ) মৃগ বিশেষ।

রঙ্গ—বি, পুং (রন্‌জ—ঘঞ, করণ) রঞ্জক দ্রব্য ; নৃত্য গীত অভিনয়াদি।

রচন বি, ক্লী (রচন+ণিচ+ অনট্, ভাব) শ্রেণী পূর্ব্বক বিন্যাস স্ত্রী (না)।

রচয়িতা—বিণ, ত্রি (রচ্+ণিচ+ তৃন্, কর্ত্তৃ) রচনা কর্ত্তা, নির্ম্মাণ কর্ত্তা।

রচিত—বিণ, ত্রি (রচ্+ণিচ্+ক্ত, কর্ম্ম) নির্ম্মিত, গ্রথিত।

রজ—বি, পুং (রন্জ+অল, কর্ম্ম) ধূলি, পুষ্পরেণু, স্ত্রীরজঃ।

রজক—বি, পুং (রন্জ+ষক্, কর্ত্তৃ) ধোপা, রঙ্কারক।

রজত—বি, ক্লী (রন্জ+অতক্, করণ) রৌপ্য।

রজনি (নী)—বি, স্ত্রী (রন্জ+অনি, কর্ম্ম) রাত্রি, নিশা।

রজনি (নী) কর—বি, পুং (রজনি, নী—কৃ+ট, কর্ত্তৃ) চন্দ্র।

রজনি (নী) চর—বি, পুং (রজনি, নী—চর্+টক্, আধ) রাক্ষস, তস্কর।

রজনি (নী) মুখ—বি, পুং সন্ধ্যা-কাল।

রজস্বলা বিণ, স্ত্রী (রজস্+বল, অস্ত্যর্থে, আপ্) ঋতুমতী।

রজ্জু—বি, স্ত্রী (সৃজ্+উ, নিপা) দাড়।

রঞ্জক—বিণ, পুং (রন্জ+ণিচ্+ণক্, কর্ত্তৃ) প্রীতিকারক।

রঞ্জন—বি, ক্লী (রন্জ+ণিচ্+অনট্ ভাব্) রঙ্ করণ, বিণ, ত্রি, কর্ত্তৃ, প্রীতিজনক।

রঞ্জিত—বিণ, ত্রি (রন্জ+ক্ত, কর্ম্ম) সন্তোষিত, তর্পিত।

রটনা—বি, স্ত্রী (রট্+অন, ভাব, আপ্) ঘোষণা, বিবরণ কথন।

রটিত—বিণ ত্রি (রট্+ক্ত, কর্ম্ম) ঘোষিত, কথিত।

রড়—(দে) দ্রুতগতি, দৌড়াইয়া যাওয়া।

রণ—বি, পুং, ক্লী (রণ্+অল, অধি) যুদ্ধ, সমর।

রণাঙ্গন—বি, ক্লী, যুদ্ধভূমি।

রণিত—বিণ, ত্রি (রণ্+ক্ত, কর্ম্ম, শব্দিত। (ভাব) শব্দ।

রণতরী—বি, স্ত্রী যুদ্ধজাহাজ।

রণসঙ্কুল—বি, ক্লী, ভীষণ যুদ্ধ।

রত—বিণ, ত্রি (রম্+ক্ত, কর্ত্তৃ) রত, আশক্ত।

রতি—বি, স্ত্রী (রম্+ক্তি, কর্ত্তৃ) কামপত্নী (ভাব) অনুরাগ, প্রীতি।

রতিপতি—ধি, পুং, কন্দর্প।

রত্ন—বি, ক্লী (রম+ন, কর্ত্তৃ) হীরা, মণি, মুক্তা ইত্যাদি।

রত্নগর্ভা—বি, স্ত্রী, পৃথিবী।

রত্নময়—বিণ, ত্রি (রত্ন+ময়ট্, বিকারার্থে) রত্ননির্ম্মিত, রত্নখচিত।

রত্নাকর—বি, পুং, সমুদ্র।

রত্নাবলী—বি, স্ত্রী, রত্ন শ্রেণী, বৎস-রাজপত্নী, মহাকবি শ্রীহর্ষ প্রণীত নাট্য গ্রন্থ বিশেষ।

রথ—বি, পুং (রম্+কৃথন, করণ) স্যন্দন।

রথযাত্রা—বি, স্ত্রী, আষাঢ়ী শুক্ল দ্বিতীয়ার কর্ত্তব্য উৎসব।

রথী—বিণ, পুং (রথ+ইন্, অস্ত্যর্থে) রথারোহী যোদ্ধা।

রথ্যা বি, স্ত্রী (রথ+য, আপ্) মার্গ, পথ, রাস্তা। [দন্ত।

রদ—বি, পুং (রদ্+অল, করণ)

রদন—বি, পুং (রদ্+অন্, কর্ত্তৃ) দন্ত। ক্লী (রদ+অনট, ভাব) ছেদন।

রন্ধন—বি, ক্লী (রন্ধ+অনট, ভাব) পাককরণ।

রন্ধ্র—বি, ক্লী (রম্+ক্বিপ্, ভাব্= রম্—ধৃ+ক, কর্ত্তৃ) ছিদ্র, কুক্ষি।

রপ্তানী—(যা) বাণিজ্য দ্রব্য স্থানান্তরে নেওয়া।

রফা—(যা) ঝগড়া মিটান।

রমণ—বি, পুং (রম্+ণিচ+অন্, কর্ত্তৃ) কন্দর্প। স্ত্রী (ণী) সুন্দরী স্ত্রী, পত্নী।

রমণীয়—বিণ, ত্রি (রম্+অনীয়, কর্ত্তৃ) সুন্দর।

রমা—বি, স্ত্রী (রম্+ণিচ+অন্, কর্ত্তৃ, আপ্) লক্ষ্মী।

রম্ভা—বি, স্ত্রী (রন্‌ভ+অন্, কর্ত্তৃ, আপ্) কদলী, অপ্সরা বিশেষ।

রম্য—বিণ, ত্রি (রম্+য, অধি) সুন্দর, রমণীয়।

রব—বি, পুং (রু+অল, ভাব্) শব্দ, ধ্বনি।

রবাহুত—বিণ অনিমন্ত্রিত।

রবি—বিণ, পুং (রু+ই, কর্ত্তৃ) সূর্য্য।

রবিপক্কশস্য—বি, ক্লী, যে সকল শস্য সূর্য্যোত্তাপে পক্ক হয়।

রবিসুত—বি, পুং, যম, শনি, সুগ্রীব।

রশনা—বি, স্ত্রী (রশ্‌+অন্‌, কর্ত্তৃ,+ আপ্‌) চন্দ্রহার। (করণ) জিহ্বা।

রশ্মি—বি, পুং (অশ্‌+মি, কর্ত্তৃ) রজ্জু, লাগাম, কিরণ।

রস—বি, ক্লী (রস্‌+অল্‌, কর্ম্ম) রসনেন্দ্রিয়গ্রাহ্য বস্তু।

রসজ্ঞ—বিণ্‌, ত্রি (রস্‌—জ্ঞা+ড, কর্ত্তৃ) রসিক, স্বাদগ্রাহী।

রসন—বি, ক্লী (রস+অনট্‌, করণ) জিহ্বা। (ভাব্‌) আস্বাদন, (স্ত্রী, আপ্‌) রসনা।

রসাঞ্জন—বি, ক্লী, কজ্জল বিশেষ।

রসায়ন—বি, ক্লী, যে শাস্ত্রে দ্রব্যাদির-গুণ ও তাহাদের সংযোগ বিয়োগের বিষয় লিখিত থাকে।

রসাল—বিণ্‌, পুং (রস—আ—লা+ড, কর্ত্তৃ) ইক্ষু, আম্র, পনস্‌। স্ত্রী (লা) জিহ্বা। [জ্ঞাতার্থে) রসজ্ঞ।

রসিক—বিণ্‌, ত্রি (রস+ষ্ণিক, রসেন্দ্র—বি, পু, পারদ।

রহস্য—বিণ্‌, ত্রি (রহস্‌+ষ্ণ্য) গোপনীয়। [বর্জ্জিত, পরিহৃত।

রহিত—বিণ্‌, ত্রি (রহ+ক্ত, কর্ম্ম)

রাকা—বি, স্ত্রী (রা+ক, কর্ম্ম, আপ্‌) পূর্ণিমা তিথি।

রাক্ষস—বি, পুং (রক্ষস্‌+ষ্ণ, ইদমার্থে) নিশাচর।

রাক্ষসেন্দ্র—বি, পুং, রাবণ।

রাগ—বি, পুং (রন্‌জ্‌+ঘঞ্‌, করণ) রক্তবর্ণ, ইচ্ছা।

রাঘব বি, পুং (রঘু+ষ্ণ, অপত্যার্থে) রামচন্দ্র, রঘুবংশীয়নৃপ।

রাজকীয়—বিণ্‌, ত্রি (রাজন্‌+ণীয় রাজ সম্বন্ধীয়।

রাজত—বি, ক্লী (রজত+ষ্ণ, ইদমার্থে) রৌপ্যময়।

রাজতন্ত্র—বি, পুং, রাজার হস্তগত, রাজ্য শাসন।

রাজত্ব—বি, ক্লী (রাজন্‌+ত্ব, ভাবার্থে) রাজ্য শাসন।

রাজদ্রোহ—বি, পুং, রাজার অনিষ্ট আচরণ।

রাজচক্রবর্ত্তী—বি, পুং, রাজাধিরাজ, সর্ব্বপ্রধান রাজা।

রাজধানী-বি, স্ত্রী, রাজার বাস নগরী।

রজনীতি—বি, স্ত্রী, যে নীতি শাস্ত্র দ্বারা রাজকার্য্য নির্ব্বাহ হয়।

রাজন্য—বি, পুং (রাজন্+ষ্ণ্য, সাধু অর্থে) ক্ষত্রিয়, রাজপুত্র।

রাজপথ—বি, পুং, অতি প্রশস্ত রাস্তা।

রাজমণ্ডল—বিণ্, ত্রি, রাজা সকল।

রাজর্ষি—বি, পুং, রাজশ্রেষ্ঠ।

রাজবিপ্লব—বি, পুং, রাজ্য শাসন প্রণালীর পরিবর্ত্তন, বিদ্রোহ।

রাজস (সিক)—বিণ্, ত্রি (রজস্ +ষ্ণ, ষ্ণিক) রজগুণ সম্বন্ধীয়।

রাজসূয়—বি, পুং, (রাজন্—সূ+ ক্যপ, অধি, নিপা)সামবেদ বিহিত যজ্ঞ বিশেষ।

রাজস্ব—বি, ক্লী, রাজকর।

রাজা—বি, পুং (রাজ,+ক্বনিপ, কর্ত্তৃ) ভূপতি।

রাজি (জী)—বি, স্ত্রী (রাজ্+ই, কর্ত্তৃ) শ্রেণী।

রাজিব—বি, ক্লী (রাজী+ব, অস্ত্যর্থে) পদ্ম।

রাজেন্দ্র—বি, পুং, শ্রেষ্ঠ রাজা।

রাজ্ঞী—বি, স্ত্রী, রাজমহিষী, রাণী।

রাজ্য—বি, ক্লী (রাজন্+ষ্ণ্য, ইদমর্থে) রাজার অধিকৃত স্থান।

রাজ্যাঙ্গ—বি, ক্লী, স্বামী, অমাত্য, সুহৃৎ, কোষ, দেশ, দুর্গ ও সৈন্য এই সপ্ত।

রাঢ়—বি, পুং, (রহ্,+ঘঞ্ কর্ম্ম) বঙ্গদেশস্থ গঙ্গার পশ্চিম প্রদেশ।

রাঢ়ীয়—বিণ্, ত্রি (রাঢ়—ণীয়, সম্বন্ধার্থে) রাঢ়দেশীয়।

রাণা—(বি) মিবারের রাজাদের উপাধি বিশেষ।

রাণী—বি, স্ত্রী, রাজমহিষী।

রাত্রি—বি, স্ত্রী (রা+ত্রিপ্, কর্ত্তৃ) রজনী।

রাত্রিচর— বিণ্, ত্রি, রাত্রিতে বিচরণকারী। বি, পুং, নিশাচর, চোর।

রাধা—বি, স্ত্রী, কর্ণমাতা, কৃষ্ণপ্রিয়া, নক্ষত্র বিশেষ।

রাধেয়—বি, পুং (রাধা+ঞেয়, অপত্যার্থে) রাধার পালিত পুত্র, কর্ণ।

রাম—বি, পুং (রম্—ণিচ্+ণ, কর্তৃ) পরশুরাম, শ্রীরাম, বলরাম। বিণ্, ত্রি, রমণীয়।

রামগিরি—বি, পুং, চিত্রকূটপর্ব্বত।

রামণীয়ক—বি, ক্লী (রমণীয়+কণ্) রম্যত্ব, শোভা।

রামনবমী—বি, স্ত্রী, শ্রীরামের জন্ম তিথি, চৈত্র শুক্লা অষ্টমী বা নবমী।

রামায়ণ— বি, ক্লী, রাম অয়ন (আশ্রয়) যাহার, রাম চরিত প্রতিপাদক মহাকাব্য।

রাব - বি, পুং (রু+ঘঞ্, ভাব্) রব, শব্দ।

রাবণ— বি, পুং (রু+ণিচ্+অন্, কর্তৃ) লঙ্কাপতি রাক্ষস।

রাবণি—বি, পুং (রাবণ+ষ্ণি, অপত্যার্থে) রাবণ পুত্র, মেঘনাদ।

রাশি - বি, পুং (অশ্+ইন্, কর্তৃ নিপা) পুঞ্জ, সমূহ, মেষাদি ১২টি রাশি।

রাষ্ট্র—বি, পুং, ক্লী (রাজ্+ষ্ট্রন্, কর্তৃ) রাজ্য, দেশ।

রাসভ—বি, পুং (রাস্+অভ, কর্তৃ) রবণ, গর্দ্দভ।

রাহাখরচ— বি, পথ খরচ।

রাহাজানী— বি, ডাকাইতি।

রাহু—বি, পুং (রহ্+উণ্, কর্তৃ) সিংহিকা সুত, গ্রহ বিশেষ।

রাহুগ্রস্ত—বিণ্, ত্রি, রাহু দ্বারা ভক্ষিত, চন্দ্র সূর্য্যের গ্রহণ।

রিক্ত—বিণ্, ত্রি (রিচ্+ক্ত, কর্ম্ম) শূন্য, নিষ্ফল। [নির্ধন।

রিক্তহস্ত—বিণ্, ত্রি, শূন্যহস্ত

রিপুপরতন্ত্র—বিণ্, পুং, কামাদির অধীন।

রিষ্ট—বি, ক্লী (রিষ্+ক্ত, করণ) শুভ, অশুভ, পাপ।

রিষ্ট—বি, স্ত্রী (রিষ্‌+ক্তি, করণ) অশুভ, শুভ।

রীতি—বি, স্ত্রী (রী+ক্তি, ভাব্‌) ক্রম, ধারা।

রুক্ম—বি, ক্লী (রুচ্‌+মক্‌, কর্ত্তৃ) স্বর্ণ, লৌহ, ধুস্তূর।

রুক্মিণী—বি, স্ত্রী (রুক্ম+ইন্‌, অস্ত্যর্থে ঈপ্‌) কৃষ্ণপত্নী। ইনি বিদর্ভ রাজ ভিস্মকের দুহিতা, ইনি কৃষ্ণের রূপ গুণের কথা শুনিয়া মনে মনে তাহাকে পতিত্বে বরণ করেন, তাঁহার পিতা শিশুপালের সহিত বিবাহ দিতে স্থির করেন। রুক্মিণী ইহা জানিতে পারিয়া কৃষ্ণের নিকট দূত পাঠান, বিবাহের দিন কৃষ্ণ ও বলরাম বিদর্ভে উপস্থিত হইয়া ইহাঁকে বল পূর্ব্বক গ্রহণ করেন। অবশেষে উভয়ের যথা-রীতি বিবাহ হয়। ইহার গর্ভে প্রদ্যুম্নাদি পুত্র জন্মিয়াছিল। কৃষ্ণের মৃত্যুর পর অর্জ্জুন ইহাকে ইন্দ্রপ্রস্থে লইয়া যান।

রুগ্ন—বিণ্‌, ত্রি (রুজ্‌+ক্ত, কর্ত্তৃ) পীড়িত।

রুচি (চী)—বি, স্ত্রী (রুচ+কি, ভাব) শোভা, দীপ্তি।

রুচিকর—বিণ, ত্রি (রুচি—কৃ+ট, কর্ত্তৃ) স্বাদজনক।

রুচির—বিণ, ত্রি (রুচ্‌+কির, কর্ত্তৃ) মনোহর, মধুর।

রুত—বি, ক্লী (রু+ক্ত, ভাব্‌) পক্ষীর শব্দ, রব, রোদন।

রুদিত—বি, ক্লী (রুদ্‌+ক্ত, ভাব) রোদন।

রুদ্ধ—বিণ্‌, ত্রি (রুধ্‌+ক্ত, কর্ম্ম) বদ্ধ।

রুদ্র—বি, পুং, (রুদ্‌+ণিচ+রক্‌, কর্ত্তৃ) শিব।

রুধির—বি, ক্লী, (রুধ+কির্‌, কর্ত্তৃ) রক্ত।

রুষিত, রুষ্ট—বিণ, ত্রি (রুষ্‌+ক্ত, কর্ত্তৃ) ক্রুদ্ধ।

রুক্ষ—বিণ্‌, ত্রি, (রুক্ষ্‌+অন্‌, কর্ত্তৃ) কর্কশ, কঠিন।

রূঢ়—বিণ, ত্রি (রুহ্ + ক্ত, কর্ত্তৃ) জাত, প্রসিদ্ধ।

রূপ—বি, ক্লী (রূপ্ + অল্, কর্ম্ম) স্বভাব, শরীর, আকৃতি।

রূপক—বি, ক্লী, (রূপ্ + ণিচ্ + ণক্, কর্ত্তৃ) দৃশ্যকাব্য।

রূপবান্—বিণ, পুং (রূপ্ + বতু, অস্ত্যর্থে) সুন্দর। স্ত্রী—রূপবতী।

রে—ব্য—(রু + ডে, ভাব) নীচ সম্বোধন।

রেচক—বিণ, ত্রি (রিচ্ + ণিচ্ + ণক্, কর্ত্তৃ) মল নিঃসারক।

রেচন—বি, ক্লী, (রিচ্ + অনট্, ভাব) বিরেচন। (রিচ্ + ণিচ্ + অন্ কর্ত্তৃ) ভেদক।

রেণু—বি, পুং, স্ত্রী (রি + নু, কর্ত্তৃ) ধূলি, পরাগ।

রেণুকা—বি, স্ত্রী, (রেণু + কণ্ + আপ্) গন্ধদ্রব্য বিশেষ, পরশুরামের মাতা। জমদগ্নি ঋষির সহিত ইহাঁর বিবাহ হইলে, তাহার ঔরষে ইহাঁর পাঁচটি পুত্র জন্ম গ্রহণ করেন। তন্মধ্যে পরশুরাম সর্ব্ব কনিষ্ঠ। অপ্সরাদের জল কেলি দর্শনে ইহাঁর চিত্ত বিকৃতি উপস্থিত হইয়াছিল। জমদগ্নি তপঃ প্রভাবে জানিতে পারিয়া পুত্র গণের প্রতি শিরশ্ছেদের আজ্ঞা দেন। পরশুরাম মাতার শিরশ্ছেদ করিলেন ইহাতে জমদগ্নি সন্তুষ্ট হইয়া তাহাকে বর দিতে চাহিলে তিনি মাতার পুনর্জীবন প্রার্থনা করেন। রেণুকা জীবিত হইলেন। কার্ত্তবীর্য্যার্জ্জুনের সহিত যুদ্ধে জমদগ্নি হত হইলে রেণুকা পরশুরামকে স্মরণ করেন। অতঃপর পরশুরাম মাতৃসন্নিধানে আগমন পূর্ব্বক সমস্ত বিবরণ শুনিয়া ২১বার পৃথিবী ক্ষত্রিয় শূন্য করিবেন প্রতিজ্ঞা করিলেন। তাহা শুনিয়া সন্তুষ্ট হইয়া রেণুকা পতির চিতানলে দেহ ত্যাগ করেন।

রেতঃ—ত্রি, ক্লী (রী + অতস্, কর্ত্তৃ) শুক্র, ধাতু, বীর্য্য, পারদ।

রেবতী—বি, স্ত্রী, দুর্গা, মাতৃকা-বিশেষ, বলরামের স্ত্রী।

রোকড়—(যা) যে খাতায় আয় ব্যয়াদি লিখিত থাকে।

রোগ—বি, পুং (রুজ্+ঘঞ্, ভাব্) পীড়া।

রোগী—বিণ্, পুং (রোগ+ইন্, অস্ত্যর্থে) পীড়িত, রুগ্ন।

রোচক—বিণ্, ত্রি (রুচ্+ণি+ণক, কর্ত্তৃ) রুচিকারক, দীপ্তিপ্রদ।

রোজ—(যা)—দিন, তারিখ।

রোজগার—(যা) উপার্জ্জন।

রোদন—বি, ক্লী (রুদ্+অনট্, ভাব্) ক্রন্দন।

রোধ—বি, পুং (রুধ+অল্, ভাব্) [অবরোধ।

রোধক—বিণ্ ত্রি (রুধ্+ণক্, কর্ত্তৃ) রোধকারক।

রোধন—বি, ক্লী (রুধ্—অনট্, ভাব্) রুদ্ধকরণ।

রোপণ—বি, ক্লী (রুহ্+ণি+অনট্, ভাব্) বীজাদি বপন, রোয়া।

রোপিত—বিণ্, ত্রি, (রুহ্+ণি+ক্ত, কর্ম্ম) অর্পিত, প্রোত।

রোমন্থ—বি, পুং (রোগ+মন্থ্+অন্, কর্ত্তৃ) উদ্গীর্ণ চর্ব্বণ।

রোমাঞ্চ—বি, পুং (রোমন্—অনচ্+অল্, ভাব্) পুলক, রোমোদ্গম।

রোমাঞ্চিত—বিণ্, ত্রি (রোমাঞ্চ+ইত, অস্ত্যর্থে) পুলকিত।

রোরুদ্যমান—বিণ্, ত্রি, (রুদ্+যঙ্ লুক্+শান্, কর্ত্তৃ) অতি রোদনকারী।

রোলম্ব—বি, পুং (রোড়্+অম্বচ্, কর্ত্তৃ) ভ্রমর। [ক্রোধ।

রোষ বি, পুং (রুষ্+অল্, ভাব্)

রোষিত -বিণ্, ত্রি (রুষ্+ণি+ক্ত, কর্ম্ম) ক্রোধিত, ক্রুদ্ধ।

রোহণ—বি, ক্লী (রুহ্+অনট্, ভাব্) উৎপত্তি।

রৌদ্র—বি, ক্লী (রুদ্র+ষ্ণ) সূর্য্য কিরণ, ক্রোধ। পুং—যম।

রৌপ্য—বি, ক্লী (রূপ্য+ষ্ণ) রজত।

রৌরব—বি, পুং (রু+যঙ্= রোরুয়্+ক্বিপ্, (অধি) রোরু+ষ্ণ) নরকবিশেষ। বিণ্, ত্রি, ভয়ঙ্কর।

রৌহিণেয়—বি, পুং (রোহিণী+ ঢেয়) বলরাম, বুধগ্রহ।

ল

ল—বি, পুং (লা+ড, কর্ত্তৃ) ইন্দ্র স্ত্রী (ভা) দান, গ্রহণ।

লক্ষ—বি, ক্লী, (লক্ষ+অল্, কর্ম্ম) শত সহস্র সংখ্যা।

লক্ষণ—বি, ক্লী (লক্ষ্+অনট্, করণ) চিহ্ন। (কর্ম্ম) ব্যাকরণের সূত্র।

লক্ষিত—বিণ্, ত্রি (লক্ষ্+ক্ত, কর্ম্ম) দৃষ্ট, জ্ঞাত।

লক্ষ্মণ—বি, পুং (লক্ষ্মণ্+ষ্ণ) শ্রীরামের ভ্রাতা।

লক্ষ্মী—বি, স্ত্রী (লক্ষ্+ঈ, কর্ম্ম) বিষ্ণুপত্নী, রাজশ্রী, সম্পত্তি।

লক্ষ্য—বি, ক্লী (লক্ষ্+ঘ্যণ, কর্ম্ম) চিহ্ন, শরব্য, উদ্দেশ্য, লক্ষণা শক্তি দ্বারা বোধ্য।

লগ্ন—বি, ক্লী (লস্জ+ক্ত, অধি) মেষাদিরাশির উদয় কাল।

লঘিষ্ঠ— (লঘু+ইষ্ঠ, উৎকর্ষার্থে) }
লঘিয়ান্-(লঘু+ঈয়সু, উৎকর্ষার্থে) } বিণ্, ত্রি, অতিলঘু।

লঘু—বিণ, ত্রি (লঘ্+কু, কর্ত্তৃ) ভারহীন, অসার, শীঘ্র।

লঘুতা, লঘুত্ব—বি, স্ত্রী, ক্লী (লঘু+ তা, ত্ব, ভাবার্থে) লাঘব, ভার-হীনতা।

লঘূকরণ—বি, ক্লী (লঘু+চ্বি—কৃ +অনট্, ভাব্) হ্রাসকরণ, কমান।

লঙ্ঘন—বি, ক্লী (লঙ্ঘ্+অনট্, ভাব্) অতিক্রম, লম্ফন।

লজ্জা—বি, স্ত্রী (লস্জ্+ঙ, ভাব্, আপ্) ব্রীড়া।

লজ্জিত—বিণ্ ত্রি, (লজ্জা+ইত, অস্ত্যর্থে) লজ্জা যুক্ত।

লড়াই—(দে) যুদ্ধ, রণ।

লণ্ড ভণ্ড—(দে) ছিন্ন ভিন্ন।

লতাগৃহ—বি, ক্লী, নিকুঞ্জ।

লম্পট—বি, পুং (রম্ + অটন কর্ত্তৃ,) কামুক, লোচ্চা।

লম্প—বি, পুং (রন্ফ + অল ভাব্) লাফান।

লম্বমান—বিণ্, ত্রি (লন্ব্ + শান, কর্ত্তৃ) দোলায়মান্, যাহা ঝুলিতেছে।

লম্বিত—বিণ, ত্রি (লন্ব্ + ক্ত, কর্ত্তৃ) আশ্রিত, দোলিত।

লম্বোদর—বি, পুং, গণেশ।

লয়—বি, পুং (লী + অল্, ভাব্) নাশ।

ললনা—বি, স্ত্রী (লল্ + অন, কর্ত্তৃ, আপ্) রসনা, জিহ্বা, স্ত্রী।

ললাট—বি, ক্লী, (লল্ + অল্, ভাব্ = লল—অট্ + অন, কর্ত্তৃ) ভাল, কপাল।

ললাম—বি, পুং (লল্ + অন্, কর্ত্তৃ = লল, লল + অম্ + অন্, কর্ত্তৃ) ভূষণ, চিহ্ন।

ললামভূত—বিণ্, ত্রি, ভূষণ স্বরূপ মনোরম পদার্থ।

লালিত—বি, ক্লী (লল্ + ক্ত ভাব্) বিলাস। বিণ্, ত্রি, সুন্দর কোমল।

লব—বি, পুং (লূ + অল্, ভাব্) ছেদন, রামচন্দ্রের পুত্র।

লবণ—বি, ক্লী (লূ + অন্, কর্ত্তৃ) ঐ, ক্ষার রস, লুণ।

লস্কর—(যা) সেনা। ফৌজ।

লাক্ষণিক—বিণ্, ত্রি (লক্ষণা + ষ্ণিক) ঐ, লক্ষণা বোধিত।

লাক্ষা—বি, স্ত্রী (লক্ষ + ষণ, আপ্) জতু।

লাঙ্গল—বি, ক্লী (লন্গ + কল, কর্ত্তৃ) ভূমি কর্ষণ যন্ত্র।

লাজ—বি, পুং, বহুবচনান্ত (লাজ্ + অল্, কর্ম্ম) ভৃষ্ট ধান্য, খই।

লাঞ্ছন—বি, ক্লী (লান্ছ + অনট্, করণ) চিহ্ন, কলঙ্ক, ধ্বজ, নাম।

লাঞ্ছিত—বিণ্, ত্রি (লান্ছ্ + ক্ত, কর্ম্ম) চিহ্নিত।

লাভ—বি, পুং (লভ্ + ঘঞ্, ভাব্) প্রাপ্তি, উপার্জ্জন।

লালন—বি, ক্লী (লল্ + ণিচ্ + অনট্, ভাব্) সস্নেহে পালন।

লালস—বিণ, ত্রি (লালসা+ষ্ণ) লোলুপ।

লালা—বি, স্ত্রী (লল্+ণিচ+অন, আপ্) লাল, মুখজাত জল।

লালিত্য—বি, ক্লী (ললিত+ষ্ণ্য, ভাবার্থে) সৌন্দর্য্য।

লাবণ্য—বি, ক্লী (লবণ+ষ্ণ্য, ভাবার্থে) সৌন্দর্য্য, কান্তি।

লাসিক—বি, পুং (লস্+ঘঞ্, ভাব্,+ষ্ণিক) নর্ত্তক।

লাস্য—বি, ক্লী (লস্+য্যণ্, ভাব) নৃত্য।

লিখন—বি, ক্লী (লিখ+অনট্ কর্ম্ম) লিপি।

লিঙ্গ—বি, ক্লী (লিন্‌গ্+অন্, কর্ত্তৃ) চিহ্ন, পুংস্ত্বাদি।

লিপি (পী)—বি, স্ত্রী (লিপ্+ই, কর্ম্ম) বর্ণ। (ভাব) লিখন।

লিপিকর—বি, পুং (লিপি—কৃ+ট, কর্ত্তৃ) লেখক, চিত্রকর।

লিপ্ত—বিণ, ত্রি (লিপ্+ক্ত, কর্ম্ম) মিলিত, সংযুক্ত।

লিপ্সা—বি, স্ত্রী (লভ্+সন্+অ, ভাব্, আপ্) লাভেচ্ছা, বাঞ্ছা।

লিপ্সু—বিণ, ত্রি (লভ্+সন্+উ, কর্ত্তৃ) লাভেচ্ছু, লুব্ধ।

লীঢ়—বিণ, ত্রি (লিহ্+ক্ত, কর্ম্ম) আস্বাদিত, স্পৃষ্ট।

লীন—বিণ, ত্রি (লী+ক্ত, কর্ত্তৃ) লয়প্রাপ্ত, সংযুক্ত।

লীলা—বি, স্ত্রী (লী+ক্বিপ্=লী—লা+ড, ভাব, আপ্) বিলাস, শোভা।

লীলাবতী—বি, স্ত্রী (লীলা+বতু, অস্ত্যর্থে,+ঈপ্)। ভাস্করাচার্য্যের কন্যা।

লীলাসংবরণ—বি, ক্লী, (লীলা—সং—বৃ+অনট্, ভাব) মৃত্যু।

লুক্কায়িত—বিণ, ত্রি (লুন্‌চ্+ক্বিপ্=লুক্—কায়+ক্বি=লুকায়ি+ +ক্ত, কর্ত্তৃ) প্রচ্ছন্ন, অন্তর্হিত।

লুঠ—(বি) বল পূর্ব্বক অপহরণ।

লুণ্ঠন—বি, ক্লী (লুণ্ঠ+অনট্, ভাব) অপহরণ, লুঠ।

লুণ্ঠিত—বিণ, ত্রি (লুণ্ঠ্ + ক্ত,কর্ম্ম) অপহৃত।

লুপ্ত—বিণ্ ত্রি (লুপ্ + ক্ত, কর্ম্ম) অপহৃত।

লুব্ধ—বিণ্, ত্রি (লুভ্ + ক্ত, কর্ত্তৃ) লোভী, লম্পট।

লুব্ধক—বিণ, ত্রি, (লুব্ধ + কণ্ স্বার্থে) ব্যাধ।

লূতা—বি, স্ত্রী (লূ + তক্, কর্ম্ম, আপ্) মাকড়সা।

লূন—বিণ্ ত্রি (লূ + ক্ত, কর্ম্ম) ছিন্ন, কর্ত্তিত।

লেই— (দে) মণ্ড, মাড়।

লেখ্য—বি, ক্লী (লিখ্ + ঘ্যণ্, কর্ম্ম) অক্ষর,) লিখিত পত্রাদি।

লেহ্য—বি, ক্লী (লিহ্ + ঘ্যণ, কর্ম্ম) যাহা চাটিয়া খাওয়া যায়।

লোক—বি, পুং (লোক্ + অল্, কর্ম্ম) মনুষ্য, ভুবন।

লোকপাল—বি, পুং, রাজা; দিক-পাল।

লোকেশ—বি, পুং, ব্রহ্মা।

লোচন—বি, ক্লী (লোচ্ + অনট্, করণ) নয়ন। (ভাব) দর্শন।

লোচ্চা—(দে)—লম্পট।

লোন্তা—(দে) লবণ যুক্তা।

লোপ—বি, পুং (লুপ্ + অল্, ভাব) নাশ, অপচয়, তিরোধান।

লোভ—বি, পুং (লুভ্ + অল্, ভাব্) লিপ্সা, আকাঙ্ক্ষা, পরদ্রব্য গ্রহণে অভিলাষ।

লোভনীয়—বিণ, ত্রি (লুভ্ + ণি + অনীয়, কর্ত্তৃ) লোভজনক স্পৃহাজনক।

লোভী—বিন্, পুং (লুভ্ + ণিন্, কর্ত্তৃ) লুব্ধ, লোলুপ।

লোম - বি, ক্লী (লূ + মন্, কর্ম্ম) রোম।

লোমজ—বিণ, ত্রি (লোম—জন্ + ড, কর্ত্তৃ) লোম হইতে জাত।

লোমশ—বিণ, ত্রি (লোমন্ + শ, যুক্তার্থে) লোমযুক্ত।

লোমহর্ষণ—বি, ক্লী, রোমাঞ্চ, বিণ, ত্রি, রোমাঞ্চকারক।

লোল—বিণ্, ত্রি, (লোভ্+অন্, কর্ত্তৃ) চঞ্চল, সতৃষ্ণ।

লোলিত—বিণ্, ত্রি (লুল্+ণিচ্+ক্ত, কর্ম্ম) কম্পিত।

লোলুপ,—লোলুভ—বিণ্, ত্রি(লুপ্; লুভ্+যঙ্লুক্+অন্, কর্ত্তৃ) অতি লোভী, অত্যাসক্ত।

লোষ্ট, লোষ্ট্র—বি, পুং ক্লী (লোষ্ট্+অন্, র, কর্ত্তৃ) মৃৎখণ্ড, ঢিলা।

লোহ—বি. পুং, ক্লী (লূ+হ, কর্ম্ম) লোহা, অস্ত্র।

লোহকার—বি, পুং, (লোহ—কৃ+ষণ্, কর্ত্তৃ) কর্ম্মকার, কামার।

লোহময়—বিণ্, ত্রি (লোহ+ময়ট্, বিকারার্থে) লোহা দ্বারা প্রস্তুত।

লোহিত—বিণ্, ত্রি (রুহ্+ইতন্, কর্ত্তৃ) রক্তবর্ণ যুক্ত।

লৌকিক—বিণ্, ত্রি (লোক+ষ্ণিক্, ইদমর্থে) লোক সম্বন্ধীয়, লোক প্রসিদ্ধ।

লৌহ—বি, পুং, ক্লী (লোহ+ষ্ণ) [লোহ, লোহা।

লৌহিত্য—বি, ক্লী (লোহিত+ষ্ণ্য, ভাবার্থে) রক্তবর্ণ) পুং, ব্রহ্মপুত্রনদ, রক্ত সমুদ্র।

ব

ব—বি, পুং (বা+ড, কর্ত্তৃ) বায়ু, বরুণ, বক্ষস্থল।

বংশ—বি, পুং (বশ্+অন্, কর্ত্তৃ) কুল, বাঁশ, বাঁশী, সমূহ।

বংশজ—বিণ্, ত্রি, (বংশ—জন্+ড, কর্ত্তৃ) সংকুলজাত।

বংশধর—বিণ্ ত্রি বংশ—ধৃ+অন্, কর্ত্তৃ) কুলরক্ষক।

বংশমর্য্যাদা—বি, স্ত্রী, কুলপরম্পরায় প্রাপ্ত গৌরব।

বংশানুরচিত—বি, ক্লী, বংশের চরিত্র বর্ণন।

বংশাবলী—বি, স্ত্রী পূর্ব্বপুরুষদের নামাবলী।

বংশী—বি, স্ত্রী, বাঁশী।

বক—বি, পুং(বন্‌ক+অন, কর্ত্তৃ) জলচর পক্ষী বিশেষ, পুষ্প বিশেষ দৈত্য বিশেষ, রাক্ষস বিশেষ।

বক্‌না—(দে) অল্পবয়স্ক বাছুর।

বকবৃত্তি—বিণ, ত্রি, ভক্ত, প্রবঞ্চক। বি, পুং, স্বার্থপর।

বকুল—বি, পুং (বনক+কুল, কর্ত্তৃ) পুষ্পবৃক্ষ। [কথ্য, নিন্দনীয়।

বক্তব্য বিণ, ত্রি (বচ্‌+তব্য, কর্ম্ম।

বক্তা—বিণ, পুং (বচ্‌+তৃন, কর্ত্তৃ) বাক্‌ পটু, বাগ্মী।

বক্তৃতা—বি, স্ত্রী (বক্তৃ+তা, ভাবার্থে) বাক পটুতা,

বক্ত্র—বি, ক্লী (বচ্‌+ত্র, করণ) মুখ

বক্র—বিণ, ত্রি (বন্‌ক+রক্‌, কর্ত্তৃ) কুটিল, শঠ। পুং, শনি, মঙ্গলগ্রহ। ক্লী নদীর বাঁক।

বক্রোক্তি—বি, স্ত্রী ব্যঙ্গোক্তি।

বক্ষঃ—বি, ক্লী (বহ্‌+অস, কর্ত্তৃ) হৃদয়, উরস্‌।

বক্ষ্যমাণ—বিণ—ত্রি (বচ্‌+স্যমান, কর্ম্ম) বক্তব্য।

বঙ্কিম—বিণ, ত্রি, বাঁকা।

বঙ্গজ—বিণ, ত্রি (বঙ্গ—জন্‌+ড, কর্ত্তৃ) বঙ্গ দেশজাত।

বচন—বি, ক্লী (বচ্‌+অনট, ভাব্‌) কথন। (কর্ম্ম) বাক্য।

বচনীয়—বিণ, ক্লী (বচ্‌+আনীয়) নিন্দনীয়।

বচনীয়তা—বি, স্ত্রী (বচনীয়+তা, ভাবার্থে, নিন্দা, অপবাদ।

বচঃ—বি, ক্লী (বচ্‌+অস, কর্ম্ম) বাক্য।

বচসা—(বি) বকাবকি, তর্ক বিতর্ক।

বজ্র—বি, পুং, ক্লী (বজ+র, কর্ত্তৃ) ইন্দ্রের অস্ত্র বিশেষ, হীরক।

বজ্রধর—বি, পুং, দেবরাজ ইন্দ্র।

বজ্রনির্ঘোষ—বি, পুং, বজ্রধ্বনি।

বঞ্চক—বি, পুং (বন্‌চ+ণিচ+ণক্‌, কর্ত্তৃ) শৃগাল, কুক্কুর, চোর, ধূর্ত্ত, প্রতারক।

বঞ্চনা—বি, স্ত্রী (বঞ্চ+অন্‌, ভাব, আপ্‌) প্রতারণা, ঠকান।

বঞ্চিত—বিণ্, ত্রি (বন্‌চ+ক্ত, কর্ম্ম) প্রতারিত

বটী (টিকা)—বি, স্ত্রী (বট+ঈপ্; বট+কণ্, আপ্) বড়ী।

বটু—বি, পুং (বট্+উ, কর্ত্তৃ) দ্বিজবালক।

বড়—(যা) বৃহৎ, শ্রেষ্ঠ।

বড়ভি (ভী)—বি, স্ত্রী, (বড়+অভচ্, ই, ঈপ্) ছাদের উপর গৃহ, চিলে কোটা।

বড়বা—বি স্ত্রী (বড়+অল্, কর্ম্ম =বড়—বা+ড, কর্ত্তৃ, আপ্) ঘোটকী, সমুদ্রস্থা ঘোটকী॥

বড়বানল—বি, পুং, জল মধ্যস্থ অগ্নি সমুদ্রস্থ ঘোটকীর মুখাগ্নি।

বণিক—বি, পুং, বাণিজ্যব্যবসায়ী।

বণিগ্‌বৃত্তি—বি, স্ত্রী, ব্যবসায়, বাণিজ্য।

বণ্টক—বিণ্, ত্রি (বণ্ট্+ণক্, কর্ত্তৃ) বিভাজক।

বণ্টন—বি, ক্লী (বণ্ট্+অনট্, ভাব্) ভাগকরণ।

বৎ—(ব্য) সদৃশ।

বত—(ব্য) সম্বোধন!

বতংস—বি, পুং (অব+তন্‌স+অল্, করণ) কর্ণভূষণ।

বৎসতর—বি, পুং (বৎস+তর, হ্রস্বার্থে) বাছুর। স্ত্রী (রী)।

বৎসর—বি, পুং (বস্+সরন্, অধি) ১২ মাস পরিমিত কাল।

বৎসরাজ—বি, পুং, চন্দ্রবংশীয় নৃপ বিশেষ। ইনি উজ্জয়িনী রাজের কন্যা বাসবদত্তার পাণিগ্রহণ করেন।

বৎসল—বিণ, ত্রি, (বৎস+ল, অস্ত্যর্থে) স্নেহবান্, ভক্ত।

বৎসলতা, বাৎসল্য—বি, স্ত্রী, (বৎসল+তা, ষ্যঃ; ভাবার্থে) স্নেহ, অনুরাগ।

বদ—(যা) খারাপ, মন্দ।

বদন—বি, ক্লী (বদ্+অনট্, করণ, মুখ।

বদরিকাশ্রম—বি, পুং কাবানীবল্প ব্যাসদেবের আশ্রম বিশেষ, তীর্থ বিশেষ।

বদল—(যা) বিনিময়, পরিবর্ত্ত।

বদনাম (যা) অখ্যাতি, দুর্নাম।

বদমাশ—(যা) মন্দ লোক।

বদান্য—বিণ্, ত্রি (বদ্+আন্য, কর্ত্তৃ) দানশীল, দাতা।

বধ—বি, পুং (হন্+অল, ভাব্ হনন, প্রাণসংহার, বিনাশ।

বধ্য—বিণ্, ত্রি (বধ্+ঘ্যণ্, কর্ম্ম) বধযোগ্য।

বন—বি, ক্লী (বন্+অন্, কর্ত্ত) অরণ্য, জঙ্গল।

বনচর—বিণ্, পুং (বন—চর্+টক্, কর্ত্তৃ) বনবাসী, অরণ্য বিহারী।

বনজ—বিণ্, ত্রি (বন—জন্+ড, কর্ত্তৃ) অরণ্য জাত।

বনদেবতা—বি, স্ত্রী, বনের অধিষ্ঠাত্রী দেবতা।

বনমালী বি, পুং (বনমালা+ইন্, অস্ত্যর্থে) কৃষ্ণ।

বনস্পতি—বি, পুং, পুষ্পব্যতিরেকে ফলজনকবৃক্ষ, অশ্বত্থাদি।

বনাত—(যা) পশম নির্ম্মিত শীতবস্ত্র।

বনিতা—বি, স্ত্রী (বন+ক্ত, কর্ম্ম, আপ্) নারী, ভার্য্যা।

বনেচর—বিণ্, ত্রি, অরণ্যচারী, ব্যাধাদি।

বন্ধন—বি, ক্লী (বন্ধ্+অনট্, ভাব্) অভিবাদন, স্তব।

বন্দনীয়—বিণ্, ত্রি (বন্দ্+অনীয়, কর্ম্ম) নমস্য।

বন্দি(ন্দী)—বি, স্ত্রী (বন্দ+ই, কর্ত্তৃ) কয়েদী। [স্তুতি পাঠক।

বন্দী—বি, পুং (বন্দ্+ণিন্, কর্ত্তৃ)

বন্দোবস্ত—(যা) শৃঙ্খলা, নিয়ম।

বন্দ্য—বিণ্, ত্রি (বন্দ্+ঘ্যণ্, কর্ম্ম) বন্দনীয়।

বন্য—বিণ্, ত্রি (বন+ষ্ণ্য) বন সম্বন্ধীয়। স্ত্রী (ন্যা)—জলপ্লাবন।

বপন—বি, ক্লী (বপ্+অনট্,) (ভাব্) রোপণ।

বপুঃ—বি, ক্লী (বপ্+উস্, কর্ত্তৃ) শরীর।

বপ্র—বি, পুং, ক্লী (বপ্+র, অধি) ক্ষেত্র, তট, প্রাচীর।

বমন—বি, ক্লী (বম + অনট্, ভাব্) উদ্গারণ।

বয়ঃস্থ—বিণ্ ত্রি, (বয়স্—স্থা +ড, কর্ত্তৃ) যুবা। [শ্রী (স্থা)।

বয়স্—বি, ক্লী (বয়, অজ্ + অস্, কর্ত্তৃ) পক্ষী, জীবনকাল।

বয়স্য—বি, পুং (বয়স্ + ষ্য) সময় বয়স্ক, সখা। স্ত্রী (স্যা)

বর—বি, পুং (বৃ + অল্, ভাব্) প্রার্থনা, দেবতা হইতে প্রার্থিত বস্তু। (কর্ম্ম) জামতা, বিবাহ কর্ত্তা। বিণ্, ত্রি, শ্রেষ্ঠ।

বরকন্দাজ— দে) চাপরাসী।

বরখাস্ত—পদচ্যুত করা।

বরট—বি, পুং (বৃ + অনট্, কর্ত্তৃ) বোল্‌তা, হংস।

বরণ—বি, ক্লী (বৃ+অনট্, ভাব্) নিয়োগ, পূজা, প্রার্থনা।

বরণীয়—বিণ্, ত্রি (বৃ+অনীয়, কর্ম্ম) বরণযোগ্য, পূজনীয়।

বরদ—বিণ্, ত্রি (বর—দা+ড, কর্ত্তৃ) অভীষ্টদাতা।

বরম—ব্য, ক্লী, অপেক্ষাকৃত শ্রেষ্ঠ।

বররুচি—বি, পুং, বিক্রমাদিত্যের সভা পণ্ডিত বিশেষ।

বরবর্ণিনী—বি, স্ত্রী, (বরবর্ণ+ইন, অস্ত্যর্থে, ঈপ্) উত্তমা স্ত্রী, হরিদ্রা।

বরাঙ্গনা—বি, স্ত্রী, উত্তমানারী।

বরাট—বি, পুং (বর—অট্+অন, কর্ত্তৃ) কপর্দ্দক।

বরাবর—(যা) নিকট, সমীপ।

বরাহ—বি, পুং, (বর · আ—হন্+ ড, কর্ত্তৃ) শূকর, বিষ্ণুর অবতার বিশেষ।

বরিষ্ঠ—বিণ্, ত্রি (উরু+ইষ্ঠ, অতিশয়ার্থে) শ্রেষ্ঠতম, সর্ব্বপ্রধান।

বরুণ—বি, পুং (বৃ+উনন, কর্ত্তৃ) জলাধিপদেব। স্ত্রী (ণানী)

বর্গ—বি, পুং (বৃজ্+ঘঞ, কর্ম্ম) সজাতীয় সমূহ।

বর্চ্চস্—বি, ক্লী (বচ্চ্+অস্, কর্ত্তৃ) তেজঃ।

বর্জ্জন—বি, ক্লী (বৃজ্+অনট্) ভাব্) ত্যাগ।

বর্জ্জনীয়—বিণ, ত্রি (বৃজ্‌+অনীয়, কর্ম্ম) ত্যাজ্য।

বর্জ্জিত—বিণ, ত্রি (বৃজ্‌+ক্ত, কর্ম্ম) ত্যক্ত।

বর্ণ—বি, পুং (বৃ+ণক্‌, কর্ম্ম) ব্রাহ্মণাদি জাতি, শুক্লাদি রঙ্‌।

বর্ণন—বি, ক্লী (বর্ণ্‌+অনট্‌, ভাব্‌) স্তুতি, গুণ কথন।

বর্ণনীয়—বিণ, ত্রি (বর্ণ্‌+অনীয়, কর্ম্ম) বর্ণন যোগ্য।

বর্ণমালা—বি, স্ত্রী, অক্ষর সমূহ, জাতি সমূহ।

বর্ণসঙ্কর—বি, পুং মিশ্রজাতি।

বর্ণিত—বিণ, ত্রি (বর্ণ্‌+ক্ত, কর্ম্ম) স্তুত, রঞ্জিত।

বর্ণী—বি, পুং (বর্ণ+ইন্‌, অস্ত্যর্থে) ব্রহ্মচারী, লেখন, চিত্রকর।

বর্ত্তমান—বি, পুং (বৃৎ+শানৃ, কর্ত্তৃ) বিদ্যমান, উপস্থিত।

বর্ত্তি (র্ত্তী, র্ত্তিকা)—বি, স্ত্রী (বৃৎ+ই, কর্ত্তৃ,+কণ, আপ্‌) দীপশলিতা বাতি, তুলি, বার্ণিস।

বর্ত্তুল—বিণ ত্রি (বৃৎ+উল, কর্ত্তৃ) গোলাকার, বৃত্ত।

বর্ত্ম—বি, ক্লী, (বৃত্‌+মন্‌, কর্ত্তৃ) পথ, আচার।

বর্দ্ধক—বিণ ত্রি (বৃধ্‌+ণক্‌, কর্ত্তৃ) [বৃদ্ধি কারক।

বর্দ্ধিত—বিণ, ত্রি (বৃধ্‌+ণিচ্‌+ক্ত, কর্ম্ম) পোষিত, বৃদ্ধি প্রাপ্ত।

বর্দ্ধিষ্ণু—বিণ, ত্রি (বৃধ+ইষ্ণু, কর্ত্তৃ) বৃদ্ধিশীল।

বর্ম্ম—বি, ক্লী (বৃ+মন্‌, করণ) ক্ষত্রিয়ের উপাধি।

বর্ষণ—বি, ক্লী (বৃষ্‌+অনট্‌, ভাব্‌) বৃষ্টি, বৃষ্টিপতন।

বর্ষীয়ান্‌—বিণ, পুং (বৃদ্ধ+ঈয়সু, উৎকর্ষার্থে) অতিবৃদ্ধ।

বল—বি, পুং, ক্লী (বল্‌+অন্‌, কর্ত্তৃ) বলরাম। ক্লী, শক্তি সামর্থ্য।

বলি—বি, পুং (বল্‌+ই, কর্ত্তৃ) পূজার সামগ্রী, ছাগাদি পূজার বধ্য জীব। স্ত্রী (লি, লী) শ্লথ চর্ম্ম। [যথা নিয়মে পশু বধ।

বলিদান—বি, ক্লী, দেবতার উদ্দেশে

বলিভুক,—বি, পুং স্ত্রী (বলি—ভুজ +ক্বিপ, কর্ত্তৃ) কাক, চটক।

বলিষ্ঠ—বিণ, ত্রি (বলবৎ+ইষ্ঠ উৎকর্ষার্থে) অতি বলবান্।

বসুধা—বি, স্ত্রী (বসু—ধা+ক্বিপ, কর্ত্তৃ) পৃথিবী।

বসুন্ধরা—বি, স্ত্রী (বসু—ধৃ+খ, কর্ত্তৃ, আপ) পৃথিবী।

বহিত্র বি, ক্লী (বহ্+ইত্র, করণ) জলযান, ক্ষেপণী, দাড়।

বহিঃ—ব্য, বাহির।

বহিঃস্থ—বিণ, ত্রি (বহিস্-স্থা+ড, কর্ত্তৃ) বাহিরে স্থিত।

বহির্ব্বাণিজ্য——বি, ক্লী, ভিন্ন-দেশের সহিত বাণিজ্য।

বহির্ভূত—বিণ, ত্রি, (বহিস্—ভূ +ক্ত, কর্ত্তৃ) বহির্গত।

বহিষ্করণ—বি, ক্লী (বহিস্—কৃ+অনট, ভাব) দূরীকরণ।

বহিষ্কৃত—বিণ, ত্রি (বহিস্—কৃ+ক্ত, কর্ম্ম) যাহাকে বাহির করিয়া দেওয়া হইয়াছে।

বহুজ্ঞ—বিণ, ত্রি (বহু—জ্ঞা+ড, কর্ত্তৃ) বহুদর্শী, যে অনেক বিষয় জানে।

বহুধা—ব্য (বহু+ধা চ, প্রকারার্থে) বহু প্রকার।

বহুভাষী—বিণ, ত্রি, (বহু—ভাষ্ +ণিন্, কর্ত্তৃ) যে অনেক কথা বলে। [অগ্নি।

বহ্নি—বি, পুং (বহ্+নি, কর্ত্তৃ)

বাকী—(যা) অবশিষ্ট।

বাক-পটু—বিণ, ত্রি, সদ্বক্তা, বাগ্মী।

বাকপটুতা—বি, স্ত্রী (বাকপটু+তা, ভাবার্থে) বাক্য কথনে নৈপুণ্য, বক্তৃতা শক্তি।

বাগ—(যা) উদ্যান।

বাগাৎ—(যা) উদ্যানের ভূমি।

বাগীশ্বরী -বি, স্ত্রী, স্বরস্বতী।

বাগুরা—বি, স্ত্রী, ফাঁদ।

বাগ্জাল—বি, ক্লী, কথার কৌশল, বাগাড়ম্বর।

বাগদত্তা—বি, স্ত্রী, বাক্যদ্বারা দত্তা-

কন্যা, যাহার বিবাহ সম্বন্ধে স্থিরীকৃত হইয়াছে এরূপ কন্যা।
বাগ্বিতণ্ড—বি, স্ত্রী, তর্ক বিতর্ক।
বাঙ্নিষ্পত্তি—বি, স্ত্রী, বাক্যস্ফুরণ।
বাচনিক—বিণ, ত্রি, (বচন+ষ্ণিক) মুখের কথায় নিষ্পন্ন। [সদ্বক্তা।
বাচস্পতি—বি, পুং, বৃহস্পতি,
বাচ্য—বিণ, ত্রি (বচ্+ঘ্যণ, কর্ম্ম) বক্তব্য, নিন্দনীয়।
বাজী—বি, পুং (বজ্+ণিন্, কর্ত্তৃ) ঘোটক, বাণ, ক্রীড়া।
বাঞ্ছা—বি, স্ত্রী (বাঞ্ছ্+অ, ভাব, আপ্) ইচ্ছা।
বাঞ্ছনীয়—বিণ, ত্রি (বাঞ্ছ্+অনীয়, কর্ম্ম) অভিলষণীয়।
বাঞ্ছিত—বিণ, ত্রি (বাঞ্ছ্+ক্ত, কর্ম্ম) অভিলষিত।
বাটপাড়—(দে) জুয়াচোর।
বাণিজ্য—বি, ক্লী, ক্রয় বিক্রয়।
বাণী—বি, স্ত্রী, বাক্য, স্বরস্বতী।
বাত—বি, পুং (বা+ক্ত, কর্ত্তৃ) বায়ু রোগ বিশেষ।
বাতায়ন—বি, ক্লী, গবাক্ষ, জানালা।
বাত্যা—বি, স্ত্রী, (বাত+য, সমূহার্থে) বাত সমূহ।
বাৎসল্য—বি, ক্লী, বৎসল+ষ্ণ্য, ভাবার্থে) স্নেহ। [কর্ত্তৃ) বাদ্যকর।
বাদক—বিণ, ত্রি, (বদ্+ণিচ্+ণক্
বাদসা—(যা) রাজা।
বাদানুবাদ—বি, পুং, তর্ক বিতর্ক।
বাদ্যকর—বি, পুং (বাদ্য—কৃ+ট, কর্ত্তৃ) যে বাজায়।
বাধক—বিণ, ত্রি (বাধ্+ণক্, কর্ত্তৃ) স্ত্রী লোকের সন্তান জন্মের প্রতিবন্ধক রোগ বিশেষ।
বাধিত—বিণ, ত্রি (বাধ্+ক্ত, কর্ম্ম) পীড়িত।
বাধ্য—বিণ, ত্রি (বাধ্+ঘ্যণ, কর্ম্ম) বাধনীয়, নিষেধ্য।
বান—বি, ক্লী (বা+অনট্, ভাব্) জলপ্লাবন।
বানপ্রস্থ—বি, পুং (বান—প্র—স্থা +ড, কর্ত্তৃ +ষ্ণ) তৃতীয় আশ্রমী, অরণ্য বাস।

বানার—বি, পুং, বেতগাছ।

বান্দী—(যা) দাসী, চাকরাণী।

বান্ধব—বি, পুং (বন্ধু+ষ্ণ, স্বার্থে) সখা, বন্ধু, জ্ঞাতি, স্বজন।

বাপি (পী)—বি, স্ত্রী, পুষ্করিণা।

বাবৎ—(যা) কারণ, হেতু।

বাম—বি, ক্লী (বা+মক্, কর্ত্তৃ) প্রতিকূল, বিরুদ্ধ, সুন্দর, শ্রেষ্ঠ।

বামোরু—বিণ্, স্ত্রী, সুন্দরউরুযুক্ত স্ত্রী।

বায়ু—বি, পুং (বা+উণ্, কর্ত্তৃ) পবন বাতাস।

বায়ু-কোণ—বি, পুং, উত্তর পশ্চিম কোণ।

বায়ুসখ—বি, পুং, অগ্নি।

বার—বি, পুং, (বৃ+ঘঞ্, ভাব্) রবি, সোম প্রভৃতি; পালা।

বারণ—বি, ক্লী (বারি+অনট্, ভাব্) নিষেধ।

বারবনিতা—বি, স্ত্রী, বেশ্যা।

বারবেলা—বি, স্ত্রী, সর্ব্বকার্য্যে নিষিদ্ধ সময়।

বারিজ—বিণ্, ত্রি (বারি—জন্+ড, কর্ত্তৃ) বি, ক্লী, পদ্ম।

বারিদ—বি, পুং (বারি—দা+ড, কর্ত্তৃ) জলদ, মেঘ।

বারিধি—বি, পুং, (বারি—ধা+কি, অধি) সমুদ্র।

বারুদ—(যা) সোরা গন্ধক মিশ্রিত চূর্ণ।

বার্ত্তা—বি, স্ত্রী, বৃত্তান্ত, সংবাদ, জনশ্রুতি।

বার্ত্তাক (কী)—বি, পুং, স্ত্রী, (বৃৎ+আক, কর্ত্তৃ, ঈপ্) বেগুণ।

বার্ত্তাকু—বি, স্ত্রী (বৃৎ+আকু, কর্ত্তৃ বেগুণ।

বার্ত্তাবহ—বিণ্, ত্রি (বার্ত্তা—বহ্+অন, কর্ত্তৃ) সংবাদ বাহক, দূত।

বার্দ্ধক্য—বি, ক্লী (বৃদ্ধ্+কণ্, ভাবার্থে+ষ্ণ্য স্বার্থে) বৃদ্ধাবস্থা।

বার্ষিক—বিণ্, ত্রি (বর্ষ+ষ্ণিক, ইদমর্থে) বৎসর সম্বন্ধীয়।

বাল—বি, পুং (বল্+ণ, কর্ত্তৃ) বালক, কেশ। বিণ্, ত্রি, নূতন।

বালক—বি, পুং, (বাল+কণ, স্বার্থে) শিশু, অজ্ঞ।

বালকতা—বি, স্ত্রী (বালক+তা, ভাবার্থে) ছেলেমি।

বালখিল্য—বি, পুং (বাল—খল+ষ্ণ্য) অঙ্গুষ্ঠ পরিমিত ৬০ হাজার মুনি।

বালধি—বি, পুং (বাল—ধা+কি কর্ত্তৃ) সলোমলাঙ্গুল চামর।

বালিড়া—বিণ, ত্রি (বাশ—ইন, ভাব, বাড়ি+শো+ড, কর্ত্তৃ) মূর্খ, শিশু।

বালাই—(যা) বিপত্তি।

বালাখানা—(যা) ইষ্টক নির্ম্মিত দোতালা গৃহ।

বালিশ—(দে) উপাধান।

বাল্মীকি—বি, পুং (বাল্মীক+ষ্ণি) রামায়ণ গ্রন্থপ্রণেতা, আদিকবি।

বাবদূক—বিণ, ত্রি (বক+যঙ, লুক্+ঞূক্, কর্ত্তৃ) বাচাল, বহুবক্তা।

বাশি (সি)ষ্ঠ—বিণ, ত্রি বশি (সি) ষ্ঠ+ষ্ণ) বশিষ্ঠ সম্বন্ধীয়। ক্লী, বশিষ্ঠ প্রণীত যোগশাস্ত্র।

বাষ্প (স্প)—বি, পুং (বা+প, কর্ত্তৃ নিপা) উষ্মা, জলবিন্দু

বাস—বি, পুং (বস্+ঘঞ্, ভাব্) বাসস্থান।

বাসন—বি, ক্লী (বাস্+অনট্, ভাব্) সুগন্ধী করণ।

বাসন্ত—বিণ, ত্রি (বসন্ত+ষ্ণ) বসন্তকালীন।

বাসর—বি, পুং, ক্লী (বস+ণিচ+অরন্, কর্ত্তৃ) দিবস।

বাসব—বি, পুং (বসু+ষ্ণ) ইন্দ্র।

বাসিত—বিণ, ত্রি (বাস+ক্ত, কর্ম্ম) সুগন্ধীকৃত, বিখ্যাত।

বাসী—বিণ, পুং (বস্+ণিন, কর্ত্তৃ) বাসকারী।

বাসুকি—বি, পুং, (বসু—কৈ+ড, কর্ত্তৃ,+ষ্ণি) সর্পরাজ। মহর্ষি কশ্যপ ইঁহার পিতা এবং কদ্রু মাতা। সমুদ্র মন্থনকালে ইনি রজ্জু হইয়াছিলেন।

বাসুদেব—বি, পুং, (বসুদেব+ষ্ণ, অপত্যার্থে) কৃষ্ণ।

বাস্তব্য—বিণ, ত্রি (বস+ণিচ+তব্য, কর্ম্ম) যাহাকে বাস করান যায়।

বাস্তু—বি, পুং, ক্লী (বস্+তুণ, অধি) বসত্ ভূমি।

বাহক—বিণ ত্রি (বহ+ণক, কর্ত্তৃ) বহন কারী। বি, পুং, সারথি।

বাহন—বি, ক্লী (বহ্+ণিচ+অনট অধি) যান।

বাহিত—বিণ, ত্রি (বহ্+ণিচ+ক্ত, কর্ম্ম) চালিত, প্রাপিত।

বাহিনী—বিণ, স্ত্রী (বহ্+ণিন্, কর্ত্তৃ, ঈপ্) নদী।

বাহু—বি, পুং (বহ্+উণ, কর্ত্তৃ) ভুজ।

বাহ্য—বিণ, ত্রি (বহ+ঘ্যণ, কর্ম্ম) বহনীয়। ক্লী, (করণ) শকট, যান। ত্রি, (বহিস্+ষ্ণ্য) বহিঃস্থিত।

বাহ্যেন্দ্রিয়—বি, ক্লী, চক্ষুরাদি।

বিংশ—বিণ, ত্রি (বিংশতি+ডট্ পূরণার্থে) বিংশতির পূরণ।

বিকচ—বিণ, ত্রি (বি—কচ্+অন, কর্ত্তৃ) বিকশিত, প্রস্ফুটিত।

বিকট—বিণ, ত্রি (বি+কটচ্) মহৎ, বিপুল, ভয়ঙ্কর।

বিকত্থন—বি, ক্লী (বি—কত্থ্+অনট, ভাব্) আত্মশ্লাঘা। বিণ্ ত্রি (অন্,কর্ত্তৃ) আত্মপ্রশংসাকারী।

বিকম্পিত—বিণ, ত্রি (বি—কম্প্+ক্ত, কর্ত্তৃ) সাতিশয় কম্পিত।

বিকর্ণ—বি, পুং, দুর্য্যোধনের ভ্রাতা।

বিকর্ত্তন—বি, পুং (বি—কৃৎ+অনট, কর্ম্ম) সূর্য্য।

বিকল—বিণ, ত্রি, অসমর্থ, বিহ্বল।

বিকলাঙ্গ—বিণ, ত্রি, হীনাঙ্গ, অবশাঙ্গ।

বিকলেন্দ্রিয়—বিণ, ত্রি, যাহার ইন্দ্রিয় অবশ।

বিকল্প—বি, পুং (বি—কৢপ্+অল্, ভাব্) বিভিন্ন কল্পনা, ভেদবুদ্ধি।

বিকার—বি, পুং (বি—কৃ+ঘঞ্, ভাব্) প্রকৃতির অন্যথাভাব,রোগ।

বিকাশ (স)—বি, পুং, বি—কশ্ (স্)+ঘঞ্, ভাব্) প্রকাশ উল্লাস।

বিকি (কী) রণ—বি, ক্লী (বি—কৄ +অনট্, ভাব্) বিক্ষেপণ, ছড়ান।

বিকীর্ণ—বিণ্, ত্রি (বি—কৄ+ক্ত, কর্ম্ম) বিক্ষিপ্ত, বিস্তৃত।

বিকৃত—বিণ্, ত্রি (বি—কৃ+ক্ত, কর্ম্ম) রুগ্ন, বিকল।

বিক্রম—বি, পুং (বি—ক্রম্+অল্ ভাব্) পরাক্রম, শৌর্য্য, সাহস।

বিক্রমাদিত্য——বি, পুং, উজ্জয়িনী রাজ।

বিক্রয়—বি, পুং (বি—ক্রী+অল্ ভাব্) বেচা, মূল্য গ্রহণ পূর্ব্বক অর্পণ।

বিক্রান্ত—বিণ্, ত্রি (বি - ক্রম+ক্ত, কর্ত্তৃ) পরাক্রমশালী।

বিক্রীত—বিণ্, ত্রি (বি—ক্রী+ক্ত, কর্ম্ম) যাহা বিক্রয় করা হইয়াছে।

বিক্রেতা—বিণ্, পুং (বি—ক্রী+তৃন্, কর্ত্তৃ) বিক্রয় কর্ত্তা।

বিক্ষত—বিণ্, ত্রি (বি—ক্ষণ্+ক্ত, কর্ম্ম) ক্ষয় প্রাপ্ত।

বিক্ষিপ্ত—বিণ্, ত্রি (বি—ক্ষিপ্+ক্ত, কর্ম্ম) বিকীর্ণ, ছড়ান।

বিক্ষেপ বি, পুং (বি—ক্ষিপ্+অল্, ভাব্) ক্ষেপণ, প্রসারণ।

বিক্ষোভ—বি, পুং (বি—ক্ষুভ্+ঘঞ্, ভাব্) চাঞ্চল্য, উৎকণ্ঠা।

বিগর্হিত—বিণ্, ত্রি (বি - গর্হ+ক্ত, কর্ম্ম) নিন্দিত, নিষিদ্ধ।

বিগলিত—বিণ ত্রি (বি—গল্+ক্ত, কর্ত্তৃ) স্খলিত, যাহা গলিয়া গিয়াছে।

বিগ্রহ বি, পুং (বি—গ্রহ্+অল্, ভাব্) দেবমূর্ত্তি, দেহ। ক্লী, পুং, যুদ্ধ।

বিচক্ষণ—বিণ্, ত্রি (বি—চক্ষ্+অন্, কর্ত্তৃ,) দক্ষ, জ্ঞানী।

বিচলিত—বিণ্, ত্রি (বি—চল্+ক্ত, কর্ত্তৃ) স্খলিত, ভ্রষ্ট, চঞ্চল।

বিচার—বি, পুং বি—চর্+ঘঞ্, ভাব) তত্ত্বনির্ণয়, মীমাংসা, দোষ গুণ আলোচনা।

বিচারক—বিণ, পুং (বি—চর্+ণক্+কর্ত্তৃ) বিচারকর্ত্তা।

বিচারিত—বিণ, ত্রি (বি—চর্+ণিচ্+ক্ত, কর্ম্ম) মীমাংসিত, বিবেচিত।

বিচার্য্য—বিণ, ত্রি (বি—চর্+ণিচ্+ঘ্যণ, কর্ম্ম) বিচার যোগ্য।

বিচিত্র—বিণ, ত্রি (বি—চিত্র্+অল, কর্ম্ম) আশ্চর্য্য, বিস্ময়কর।

বিচ্ছিন্ন—বিণ, ত্রি (বি—ছিদ্+ক্ত+কর্ম্ম) বিভক্ত, বিনষ্ট।

বিচ্ছেদ—বি, পুং (বি—ছিদ্+ঘঞ্ ভাব) বিরহ, অভাব।

বিজন—বিণ, ত্রি, নির্জ্জন।

বিজন্মা—বিণ, পুং, জারজ।

বিজয়—বি, পুং (বি—জি+অল, ভাব) শত্রু পরাজয়।

[illegible]া—বি, স্ত্রী, (বি—জি+অন্, কর্ত্তৃ) দুর্গা, দুর্গার সখী বিশেষ, আশ্বিন মাসের শুক্লা দশমী।

[illegible]—বিণ, পুং (বিজয়+ইন্, অস্ত্যর্থে) জয়শীল।

বিজলি (লী)—বি, স্ত্রী, বিদ্যুৎ।

বিজাতীয়—বিণ, ত্রি, (বিজাতি+নীয়, সম্বন্ধার্থে) বিভিন্নধর্ম্মাক্রান্ত।

বিজিগীষা—বি, স্ত্রী (বি—জি—সন্+অ, ভাব, আপ্) জয়লাভেচ্ছা।

বিজিত—বিণ, ত্রি (বি—জি+ক্ত, কর্ম্ম) পরাজিত, পরাভূত।

বিজৃম্ভণ—বি, ক্লী (বি—জৃন্ভ+অনট্, ভাব) হাইতোলা, বিস্তার।

বিজৃম্ভিত—বিণ, ত্রি (বি—জৃন্ভ্+ক্ত, কর্ত্তৃ) বিস্তারিত, বিকসিত।

বিজেতা—বিণ, পুং (বি—জি+তৃন্, কর্ত্তৃ) জয়কারী।

বিজ্ঞ—বিণ, ত্রি (বি—জ্ঞা+ড, কর্ত্তৃ) জ্ঞানী, প্রাজ্ঞ।

বিজ্ঞপ্তি—বি, স্ত্রী (বি—জ্ঞপ্+ক্তি, ভাব) বিজ্ঞাপন, জানান।

বিজ্ঞাত—বিণ, ত্রি (বি—জ্ঞা+ক্ত, কর্ম্ম) বিদিত, খ্যাত।

বিজ্ঞান—বি, ক্লী (বি—জ্ঞা + অনট্, ভাব্) পদার্থের তত্ত্ব নির্ণায়ক শাস্ত্র।

বিজ্ঞাপন—বি, ক্লী (বি—জ্ঞা + ণিচ + অনট, ভাব্) জানান, নিবেদন।

বিজ্ঞেয়—বিণ, (বি—জ্ঞা + য, কর্ম্ম) জ্ঞাতব্য, জানিবার যোগ্য।

বিট—বি, পুং (বিট্ + ক, কর্ত্তৃ) ধূর্ত্ত, লম্পট, লবণ বিশেষ।

বিটপ—বি, পুং (বিট্ + কপন্, কর্ত্তৃ) শাখা।

বিপটী—বি, পুং (বিটপ্ + ইন্, অস্ত্যর্থে) বৃক্ষ।

বিড়ম্বন—বি, ক্লী (বি—ডনব্ + অনট্, ভাব্) যন্ত্রণা, বঞ্চনা, ক্লেশ। স্ত্রী (না) (+ অন, ভাব, + আপ্)

বিড়াল—বি, পুং, (বিড় + কালন্, কর্ত্তৃ) মার্জ্জার।

বিতংস—বি, পুং (বি—তনস্ + অল্, করণ) পক্ষি বন্ধন রজ্জু।

বিতণ্ডা—বি, স্ত্রী (বি—তনড্ + অ, ভাব্, আপ্) মিথ্যা বিচার, তর্ক।

বিতত—বিণ্, ত্রি (বি—তন্ + ক্ত, কর্ম্ম) বিস্তৃত, ব্যাপ্ত।

বিতরণ—বি, ক্লী (বি—তৃ + অনট্, ভাব্) অর্পণ, বণ্টন।

বিতর্ক—বি, পুং, (বি—তর্ক্ + অল্, ভাব্) আলোচনা, বিচার।

বিত্ত—বি, ক্লী (বিদ্ + ক্ত, কর্ম্ম) ধন, সম্পত্তি।

বিদারণ—বি, ক্লী (বি—দৃ—ণিচ + অনট্, ভাব্) ভেদন, মারণ।

বিদিত—বিণ্, ত্রি (বিদ্ + ক্ত, কর্ম্ম) জ্ঞাত।

বিদীর্ণ—বিণ্, ত্রি (বি—দৃ + ক্ত কর্ম্ম) ভগ্ন, বিস্তীর্ণ।

বিদুর—বি, পুং (বিদ্ + কুর, কর্ত্তৃ) জ্ঞানী, যুধিষ্ঠিরের পিতৃব্য। ইনি ব্যাসের ঔরসে, বিচিত্র বীর্য্যের দাসীর গর্ভে জন্ম গ্রহণ করেন। কথিত আছে যে, অণীমাণ্ডব্য ঋষির শাপে ধর্ম্ম বিদুর রূপে জন্ম গ্রহণ করেন।

বিদূষক—বি, পুং, (বি—দূষ্ + ণিচ্ + ণক, কর্ত্তৃ) যে অঙ্গভঙ্গী করিয়া সকলকে হাসায়।

বিদেশী—বিণ, পুং (বিদেশ + ইন্, নিবাসার্থে) ভিন্নদেশবাসী।

বিদ্যমান—বিণ, ত্রি (বিদ + শান্, কর্ত্তৃ) বর্ত্তমান্, উপস্থিত।

বিদ্যা—বি, স্ত্রী (বিদ + ক্যপ, কর্ম্ম অধ্যয়নাদি জন্য জ্ঞান, তত্ত্বজ্ঞান।

বিদ্যাদেবী — বি, স্ত্রী, সরস্বতী. বাগ্দেবী।

বিদ্যাধর—বি, পুং, (বিদ্যা—ধৃ + অন্, কর্ত্তৃ) দেবযোনিবিশেষ। স্ত্রী (রী)।

বিদ্যালয়—বি, পুং, পাঠশালা।

বিদ্যুৎ—বি, স্ত্রী (বি—দ্যুৎ, ক্বিপ, কর্ত্তৃ) তড়িৎ।

বিদ্রোহ—বি, পুং (বি—দ্রুহ + অল, ভাব) অনিষ্টাচরণ।

বিদ্বান বিণ, পুং (বিদ শতৃ স্থানে ক্বসু, কর্ত্তৃ) জ্ঞানী, পণ্ডিত।

বিদ্বেষ—বি, পুং (বি—দ্বিষ + অল, ভাব) শত্রুতা, ঈর্ষা।

বিধবা—বি, স্ত্রী, পতিহীনা স্ত্রী।

বিধাতা—বি, পুং (বি—ধা + তৃন্, কর্ত্তৃ) সৃষ্টিকর্ত্তা।

বিধান—বি, ক্লী (বি—ধা + অনট, ভাব) ব্যবস্থা, নিয়ম।

বিধায়ক—বিণ, ত্রি (বি—ধা + ণক্, কর্ত্তৃ) ব্যবস্থাপক, জনক।

বিধি—বি, পুং (বি—ধা + কি, কর্ত্তৃ) ব্রহ্মা, বিষ্ণু।

বিধিৎসা—বি, স্ত্রী (বি—ধা + সন্ + অ, ভাব, আপ) বিধানেচ্ছা।

বিধিবদ্ধ—বিণ, ত্রি, নিয়মবদ্ধ, বিধান রূপে প্রচালিত।

বিধু—বি, পুং, (ব্যধ + কু, কর্ত্তৃ) চন্দ্র, কর্পূর।

বিধুর—বিণ, ত্রি, কাতর, বিফল।

বিধূনিত—বিণ, ত্রি (বি—ধূ—ণিচ্ + ক্ত, কর্ম্ম) কম্পিত।

বিধেয়—বিণ, ত্রি, (বি—ধা + য, কর্ম্ম) কর্ত্তব্য, উচিত।

বিধ্বংস—বি, পুং (বি—ধ্বন্স্ + অল, ভাব) বিনাশ।

বিধ্বস্ত—বিণ, ত্রি (বি—ধ্বন্‌স্‌+ক্ত, কর্ত্তৃ) বিনষ্ট। [ভাব] নম্রতা।

বিনয়—বি, পুং (বি—নী+অল্‌,

বিনশ্বর বিণ, ত্রি (বি—নশ্‌+বর, কর্ত্তৃ) বিনাশশীল, অনিত্য।

বিনষ্ট—বিণ, ত্রি (বি—নশ্‌+ক্ত, কর্ত্তৃ) নাশপ্রাপ্ত।

বিনামা—(দে) জুতা।

বিনায়ক—বি, পুং (বি—নী+ণক্‌, কর্ত্তৃ) ব্যবস্থাপক।

বিনাশ—বি, পুং (বি—নশ্‌+ঘঞ্‌, ভাব্‌) ধ্বংস।

বিনাশক—বিণ, ত্রি (বি—নশ্‌+ণিঞ+ণক্‌, কর্ত্তৃ) সংহারক।

বিনিময়—বি, পুং (বি—নি—মী+অল্‌, ভাব্‌) বদল, পরিবর্ত্ত।

বিনিয়োগ—বি, পুং (বি—নি—যুজ্‌+ঘঞ্‌, ভাব্‌) প্রয়োগ।

বিনির্গত—বিণ ত্রি (বি—নির্‌+গম্‌+ক্ত, কর্ত্তৃ) বহির্গত।

বিনোদ বি,পুং (বি—নুদ্‌+অল্‌, ভাব্‌) আমোদ, বিহার।

বিনোদন—বি, ক্লী (বি—নুদ্‌+অনট্‌, ভাব্‌) আমোদিতকরণ, আমোদ, বিহার।

বিন্দু—বি, পুং (বিদ্‌+উ, কর্ম্ম) দ্রবদ্রব্যের ফোটা, অনুস্বার, ক্ষুদ্রচিহ্ন।

বিন্দুবিসর্গ—বিণ, অল্প পরিমাণ।

বিন্ধ্য—বি, পুং (বি-ধৈ্য+ক, কর্ত্তৃ) পর্ব্বত বিশেষ।

বিন্ধ্যবাসিনী—বি, স্ত্রী, দুর্গা।

বিন্যস্ত বিণ, ত্রি (বি—নি অস্‌—ক্ত, কর্ম্ম) বিক্ষিপ্ত, সজ্জিত। স্থাপিত।

বিন্যাস—বি, পুং (বি—নি—অস্‌+ঘঞ্‌, ভাব্‌) রচনা, স্থাপন।

বিপক্ষ—বি, পুং,, শত্রু, প্রতিকূল-পক্ষাশ্রিত।

বিপক্ষতা—বি, স্ত্রী (বিপক্ষ+তা, ভাবার্থে) শত্রুতা।

বিপণি—বি, পুং (বি—পণ্‌+অল্‌ ভাব্‌) পণ্যবীথিকা, হট্ট।

বিপত্তি—বি, স্ত্রী (বি—পদ+ক্তি, ভাব্‌) দুর্ভাগ্য, বিপদ্‌।

বিপদ্—বি, স্ত্রী (বি—পদ্+ক্বিপ, ভাব) আপদ্।

বিপন্ন—বিণ, ত্রি (বি—পদ্+ক্ত, কর্তৃ) বিপদগ্রস্ত।

বিপরীত—বিণ, ত্রি (বি—পরি—ই ক্ত, কর্তৃ) বিরুদ্ধ, উলটা।

বিপর্য্যয়—বি, পুং (বি—পরি—ই + অল্ ভাব্) ব্যতিক্রম, উল্টা।

বিপর্য্যস্ত—বিণ, ত্রি (বি—পরি—অস্+ক্ত, কর্ম্ম) উলটপালট, ব্যতিক্রান্ত।

বিপাক—বি,পুং (বি—পচ্+ঘঞ্, ভাব্) কর্ম্মের বিসদৃশ ফল।

বিপুল—বিণ, ত্রি (বি—পুল্+ক, কর্তৃ) বৃহৎ, মহৎ, গভীর।

বিপ্রকর্ষণ—বি, ক্লী (বি—প্র—কৃষ্ +অনট্, ভাব্) বিশ্লেষা, দূরে অপসারণ।

বিপ্রকৃষ্ট—বিণ, ত্রি (বি—প্র—কৃষ্ +ক্ত, কর্ম্ম) দূরস্থ, অনাসন্ন।

বিপ্রসাৎ—ব্য (বিপ্র+চসাৎ) ব্রাহ্মণাধীন।

বিপ্লব—,পুং (বি—প্লু+অল্, ভাব্) উপদ্রব, বিদ্রোহ গোলযোগ।

বিপ্লুত—বিণ, ত্রি (বি—প্লু+ক্ত, কর্তৃ) ধ্বংস, উপদ্রুত।

বিফল বিণ, ত্রি, নিষ্ফল।

বিভক্ত—বিণ, ত্রি (বি—ভজ্+ক্ত, কর্ম্ম) পৃথক কৃত।

বিভক্তি—বি, স্ত্রী, বিভাগ, ব্যাকরণাদির প্রত্যয়।

বিভব—বি, পুং (বি—ভূ+অল্, ভাব্) সম্পত্তি, ঐশ্বর্য্য প্রভুত্ব।

বিভবশালী—বিণ, ত্রি ঐশ্বর্য্যশালী, ধনী।

বিভা বি, স্ত্রী (বি—ভা+ড, ভাব্) প্রভা,

বিভাগ - বি, পুং (বি—ভজ্+ঘঞ্, ভাব্) বণ্টন।

বিভাকর—বিণ, পুং (বিভা—কৃ+ট, কর্তৃ) প্রভাকর, সূর্য্য।

বিভাজ্য—বিণ, ত্রি (বি—ভজ্+ঘ্যণ, কর্ম্ম) বিভাগ যোগ্য।

বিভাজ্যতা—বি,স্ত্রী (বিভাজ্য+তা,

ভাবার্থে) যে গুণ বশতঃ নানা ভাগে ভাগ করা যায়।

বিভাবরী—বি, স্ত্রী (বি—ভা+ ক্বনিপ, কর্ত্তৃ + ঙীপ্) রাত্রি, হরিদ্রা।

বিভাবসু—বি, পুং, সূর্য্য, অগ্নি, চন্দ্র।

বিভাসিত—বিণ্, ত্রি (বি—ভাস্ +ক্ত, কর্ম্ম) প্রকাশিত, শোভিত।

বিভিন্ন—বিণ, ত্রি, (বি—ভিদ্ + ক্ত, কর্ম্ম) বিদারিত, পৃথগ্ভূত।

বিভীষণ—বি, পুং (বি—ভী+ ণিচ্ +অন্ কর্ত্তৃ) রাবণের কনিষ্ঠ ভ্রাতা।

বিভীষিকা—বি, স্ত্রী (বি—ভী+ ণিচ্+ণক, কর্ত্তৃ+আপ্) ভীতি প্রদর্শন।

বিভু—বি, পুং (বি—ভূ+ডু, কর্ত্তৃ) প্রভু, পরমেশ্বর।

বিভূতি—বি, স্ত্রী, (বি—ভূ+ক্তি, ভাব্) অণিমাদি ঐশ্বর্য্য।

বিভূষিত—বিণ, ত্রি, (বি—ভূষ্+ ক্ত, কর্ম্ম) অলঙ্কৃত, সজ্জিত।

বিভেদ—বি, পুং (বি—ভিদ্ + অল্, ভাব্) প্রভেদ।

বিভ্রম—বি, পুং (বি—ভ্রম্+অল্, ভাব্) বিলাস, শোভা, ভ্রমবশতঃ ভূষণাদি অযথা স্থানে স্থাপন।

বিভ্রাট—বি, গোলমাল।

বিমনাঃ—বিণ, পুং, উৎকণ্ঠিত চিত্ত, ব্যাকুল।

বিমর্দ্দন—বি, ক্লী (বি—মর্দ্দ্+অনট্, ভাব্) চূর্ণন।

বিমল—বিণ, ত্রি, নির্ম্মল, শুভ্র।

বিমান—বি, ক্লী, ব্যোমযান, দেবযান।

বিমার্গ—বি, পুং, কুপথ।

বিমুক্ত—বিণ, ত্রি, (বি—মুচ্+ক্ত, কর্ত্তৃ বা কর্ম্ম) ত্যক্ত, মুক্তি প্রাপ্ত।

বিমুখতা—বি, স্ত্রী (বিমুখ+তা; ভাবার্থে) নিবৃত্তি অনিচ্ছা।

বিমুগ্ধ—বিণ, ত্রি (বি—মুহ+ক্ত, কর্ত্তৃ) মোহ প্রাপ্ত।

বিমূঢ়—বিণ, ত্রি (বি—মুহ্+ক্ত, কর্ত্তৃ) মূর্খ, অজ্ঞান।

বিমৃশ্যকারী—বিণ্, পুং (বি—মৃশ্ +যপ=বিমৃশ্য—কৃ+ণিন্, কর্ত্তৃ) সম্যক্ বিবেচনা পূর্ব্বক কার্য্য কারী।

বিমোচন—বি ক্লী (বি—মুচ্+অনট্, ভাব্) উদ্ধার, পরিত্রাণ।

বিমোহন—বি, ক্লী, (বি—মুহ্+অনট্, ভাব্) মুগ্ধকরণ।

বিমোহিত—বিণ্, ত্রি, (বি—মুহ্ +ক্ত,) কর্ম্ম বিমুগ্ধ, মূর্চ্ছিত, জ্ঞান শূন্য।

বিম্ব—বি, পুং, ক্লী চন্দ্রসূর্য্যাদির মণ্ডল, জল বুদ্বুদ্, তেলা নামক ফল।

বিয়ৎ—বি, ক্লী (বি যম্+ক্বিপ্, কর্ত্তৃ) আকাশ, গগন।

বিযুক্ত—বিণ্, ত্রি (বি—যুজ +ক্ত, কর্ম্ম) বিচ্ছিন্ন, বিশ্লিষ্ট।

বিয়োগ—বি, পুং, (বি—যুজ্+ঘঞ্, ভাব্) বিচ্ছেদ, বিরহ।

বিয়োগী—বিণ্, পুং (বিয়োগ+ইন্, অস্ত্যর্থে) বিরহী, বিচ্ছেদ যুক্ত।

বিরক্ত—বিণ্, ত্রি (বি—রন্‌জ্+ক্ত, কর্ত্তৃ) নিস্পৃহ, বিরত,

বিরক্তি—বি, স্ত্রী (বি—রন্‌জ্+ক্তি, ভাব্ অনিচ্ছা, অরুচি।

বিরচিত—বিণ্, ত্রি (বি—রচ্+ক্ত, কর্ম্ম) নির্ম্মিত, কৃত।

বিরত—বিণ্, ত্রি (বি—রম্+ক্ত, কর্ত্তৃ) নিবৃত্ত, ক্ষান্ত।

বিরতি—বি, স্ত্রী (বি—রম্+ক্তি, ভাব্) নিবৃত্তি, শান্তি।

বিরল—বিণ্, ত্রি (বি—রা+কলন্, কর্ত্তৃ) ফাঁক ফাঁক, অল্প।

বিরস—বি, পুং, রসহীন, বিস্বাদ যুক্ত।

বিরহ—বি, পুং (—বি—রহ্+অল্, ভাব্) বিচ্ছেদ, বিয়োগ, অভাব।

বিরহিত—বিণ্, ত্রি (বি—রহ্+ক্ত, কর্ম্ম) ত্যক্ত, বিহীন।

বিরহী—বিণ্, পুং (বিরহ+ইন্, অস্ত্যর্থে) বিরহযুক্ত। স্ত্রী, বিরহিণী

বিরাগ—বি,পুং (বি—রন্‌জ্‌+ঘঞ্‌ ভাব্‌) ঔদাসীন্য, অনিচ্ছা, বিরক্তি।

বিরাজমান—বিণ্‌, ত্রি (বি রাজ্‌ +শান্‌, কর্ত্তৃ) শোভমান।

বিরাজিত—বিণ্‌, ত্রি (বি—রাজ্‌ +ক্ত, কর্ম্ম) শোভিত।

বিরাট্‌—বি, পুং, (বি,—রাজ+ ক্বিপ্‌। দেশ বিশেষ, মৎস্যদেশ।

বিরাম—বি, পুং (বি—রম্‌+ঘঞ্‌, ভাব্‌) বিশ্রাম, অবসান।

বিরিঞ্চি—বি, পুং (বি—রচ্‌+অন, কর্ত্তৃ,+ইন্‌, কর্ত্তৃ) ব্রহ্মা, বিষ্ণু, শিব।

বিরুদ্ধ—বিণ্‌, ত্রি (বি—রুধ্‌+ক্ত, কর্ম্ম) বিপরীত।

বিরূপ—বিণ্‌, ত্রি, কুৎসিত, কুরূপ।

বিরূপাক্ষ - বি,পুং, ত্রিলোচন, শিব।

বিরেচক—বিণ্‌, ত্রি (বি—রিচ্‌+ ণক্‌, কর্ত্তৃ) মল নিঃসারক।

বিরেচন—বি, ক্লী (বি—রিচ্‌+ অনট্‌, ভাব্‌) মল নিঃসরণ।

বিরোচন—বি, পুং (বি—রুচ্‌+ অন্‌, কর্ত্তৃ) সূর্য্য, অগ্নি, প্রহ্লাদের পুত্র, বাণ রাজার পিতা।

বিরোধ – বি, পুং (বি—রুধ্‌+অল্‌ ভাব্‌) শত্রুতা, অনৈক্য।

বিল—বি, পুং (বিল্‌+ক, কর্ত্তৃ) জলাভূমি, গর্ত্ত, ছিদ্র।

বিলক্ষ—বিণ্‌, ত্রি (বি—লক্ষ্‌+ অন্‌, কর্ত্তৃ) লজ্জিত, বিস্মিত।

বিলক্ষণ—বিণ্‌, ত্রি, অসাধারণ।

বিলম্ব—বি, পুং (বি—লম্ব্‌+অল্‌, ভাব্‌) দেরি, গৌণ।

বিলম্বী—বিণ্‌, পুং (বি—লম্ব্‌+ ণিন্‌, কর্ত্তৃ) লম্বমান।

বিলয়—বি, পুং (বি—লী+অল্‌, ভাব্‌) নাশ, লোপ।

বিলাত—(যা) ইংলণ্ড।

বিলাপ—বি, পুং (বি—লপ্‌+ ঘঞ্‌, ভাব্‌) খেদোক্তি।

বিলাস—বি, পুং (বি—লস্‌+ঘঞ্‌ ভাব্‌) ভঙ্গী বিশেষ, শৃঙ্গার চেষ্টা বিশেষ।

বিলাসভবন—বি, ক্লী, আমোদ [প্রমোদের গৃহ।

বিলীন—বিণ, ত্রি (বি—লী+ক্ত, কর্ত্তৃ) অন্তর্হিত, লয় প্রাপ্ত।

বিলুপ্ত—বিণ, ত্রি (বি—লুপ্+ক্ত, কর্ত্তৃ বা কর্ম্ম) বিনষ্ট, লয়প্রাপ্ত।

বিলেপন—বি, ক্লী (বি—লিপ্+অনট্, ভাব্) লেপন দ্রব্য. চন্দনাদি।

বিলোকন—বি, ক্লী (বি—লোক্+অনট্, ভাব্) দর্শন।

বিলোকিত—বিণ, ত্রি, (বি—লোক্+ক্ত, কর্ম্ম) দৃষ্ট।

বিলোড়ন বি, ক্লী (বি—লুড়+অনট্, ভাব্) মন্থন আলোড়ন।

বিলোপ—বি, পুং (বি—লুপ্+ঘঞ্, ভাব্) বিনাশ।

বিলোম—বিণ, ত্রি, প্রতিকূল, বিপরীত, উচ্চজাতীয় নারীর নীচ জাতীয় পুরুষের সংসর্গ।

বিলোল—বিণ ত্রি (বি—লোড়্+অন্, কর্ত্তৃ) চঞ্চল, অতিলোভী।

বিল্ব—বি, ক্লী (বিল্+বন্, কর্ম্ম) শ্রীফল। বি, পুং বেলগাছ।

বিবক্ষা—বি, স্ত্রী (বচ্+সন্—অ, ভাব্+আপ্) বলিবার ইচ্ছা।

বিবাদমান—বিণ, ত্রি (বি—বদ্+শান, কর্ত্তৃ) বিরোধী, বিবাদকারী।

বিবর—বি, ক্লী (বি—বৃ+অল্, কর্ম্ম) ছিদ্র, রন্ধ্র, দোষ।

বিবরণ—বি, ক্লী (বি—বৃ—অনট্, ভাব্) বৃত্তান্ত।

বিবর্ণ—বিণ, ত্রি, মলিন।

বিবর্ত্ত—বি, পুং (বি—বৃৎ+অল্, ভাব্) পরিবর্ত্ত, ভ্রমণ।

বিবর্ত্তন—বি, ক্লী (বি—বৃৎ+অনট, ভাব্) ভ্রমণ, ঘূর্ণন।

বিবর্ত্তিত—বিণ, ত্রি (বি—বৃৎ+ণিচ্+ক্ত, কর্ম্ম) পরিবর্ত্তিত, ঘূর্ণিত।

বিবশ—বি, পুং, অবশ, বিহ্বল।

বিবস্বান—বি, পুং (বি—বস্+ক্বিপ্, ভাব্+বতু, অস্ত্যর্থে) সূর্য্য।

বিবাদ—বি, পুং (বি—বদ্+ঘঞ্, ভাব্) কলহ, ঝগড়া।

বিবাদী—বিণ, পুং (বি—বদ্+ণিন্, কর্ত্তৃ) বিবাদকারী।

বিবাহ—বি, পুং (বি—বহ্‌+ঘঞ্‌, ভাব্‌) পরিণয়।

বিবুধ—বি, পুং (বি—বুধ্‌+ক, কর্ত্তৃ) পণ্ডিত, জ্ঞানী, দেবতা।

বিবৃত—বিণ্‌, ত্রি (বি—বৃ+ক্ত, কর্ত্তৃ) বর্ণিত, ব্যাখ্যাত, প্রকাশিত।

বিবৃতি—বি, স্ত্রী (বি—বৃ+ক্তি, ভাব্‌) ব্যাখ্যা।

বিবেক—বি, পুং (বি—বিচ্‌+ঘঞ্‌, ভাব্‌) বিবেচনা, জ্ঞান।

বিবেকী—বিণ্‌, পুং (বিবেক+ইন্‌, অস্ত্যর্থে) বিবেচনাকারী।

বিবেচক—বিণ্‌, পুং (বি—বিচ্‌+ণক্‌, কর্ত্তৃ) বিবেচনাকারী।

বিবেচনা—বি, স্ত্রী (বি—বিচ্‌+অনট্‌, ভাব্‌+আপ্‌) বিচার, বিতর্ক।

বিবেচিত—বিণ্‌, ত্রি (বি—বিচ্‌+ণিচ+ক্ত, কর্ম্ম) নিরূপিত।

বিবেচ্য—বিণ্‌, ত্রি (বি—বিচ্‌+য কর্ম্ম) বিচার্য্য, বিবেচনারযোগ্য।

বিশদ—বিণ্‌, ত্রি (বি—শদ্‌+অন্‌, কর্ত্তৃ) শুভ্র, নির্ম্মল, স্পষ্ট।

বিশল্যকরণী—বি, স্ত্রী, ঔষধ বিশেষ।

বিশাখা—বি, স্ত্রী, নক্ষত্র বিশেষ।

বিশারদ—বিণ্‌, ত্রি (বিশাল—দা+ড, কর্ত্তৃ) চতুর, পণ্ডিত, শ্রেষ্ঠ।

বিশাল—বিণ্‌, ত্রি (বি+শালচ্‌) বৃহৎ, বিস্তীর্ণ।

বিশালাক্ষ—বি, পুং, শিব, বিণ্‌, যাহার চক্ষু বড়। স্ত্রী—(ক্ষী) দুর্গা, সুলোচনা।

বিশিখ—বি, পুং, বাণ, শর।

বিশিষ্ট—বিণ্‌, ত্রি (বি—শিষ+ক্ত, কর্ত্তৃ) যুক্ত, বিলক্ষণ।

বিশীর্ণ—বিণ, ত্রি (বি—শৄ+ক্ত, কর্ম্ম) শুষ্ক, জীর্ণ, কৃশ।

বিশুদ্ধ—বিণ্‌, ত্রি (বি—শুধ্‌+ক্ত, কর্ত্তৃ) পবিত্র, নির্ম্মল।

বিশুষ্ক—বিণ্‌, ত্রি, নীরস, ম্লান।

বিশৃঙ্খল—বিণ্‌, ত্রি, শৃঙ্খলাশূন্য।

বিশেষ—বি, পুং (বি—শিষ্‌+অল্‌, ভাব্‌) প্রকর্ষ, প্রভেদ।

বিশেষণ—বি, ক্লী (বি—শিষ্ + অনট্, ভাব্) গুণ বা অবস্থা প্রকাশক শব্দ।

বিশেষ্য—বি, পুং (বি—শিষ্ + ঘ্যণ, কর্ম্ম) বস্তু বা ব্যক্তি ইত্যাদি বোধক শব্দ।

বিশোধন—বি, ক্লী (বি—শুধ্ + ণিচ্ + অনট্, ভাব্) সংশোধন, পবিত্রকরণ।

বিশ্রম্ভ—বি, পুং (বি—শ্রন্ভ্ + অল্, ভাব্) বিশ্বাস, প্রণয়।

বিশ্রাম—বি, পুং (বি—শ্রম + ঘঞ্ ভাব্) বিরাম, আরাম করা।

বিশ্রী—বিণ্, ত্রি, কুৎসিত।

বিশ্রুত—বিণ্, ত্রি (বি—শ্রু + ক্ত, কর্ম্ম) প্রসিদ্ধ, বিখ্যাত।

বিশ্লিষ্ট—বিণ্, ত্রি (বি—শ্লিষ্ + ক্ত, কর্তৃ) বিচ্ছিন্ন, বিমুক্ত।

বিশ্ব—বি, ক্লী (বিস্ + ক্বন্, অধি) জগৎ।

বিশ্বকর্ম্মা—বি, পুং, ঈশ্বর, সূর্য্য, দেবশিল্পী।

বিশ্বজনীন—বিণ্, ত্রি (বিশ্ব—জন + ঈন্) সর্ব্বলোকের হিতকর।

বিশ্বজিৎ—বি, পুং (বিশ্ব—জি + ক্বিপ্, কর্তৃ) যজ্ঞ বিশেষ।

বিশ্বনাথ—বি, পুং, শিব, পরমেশ্বর।

বিশ্বম্ভরা—বি, স্ত্রী (বিশ্ব—ভৃ + খ কর্তৃ + আপ্) পৃথিবী।

বিশ্ববিদ্যালয়—বি, পুং, যে স্থানে সর্ব্ববিধ বিদ্যার আলোচনা হয়।

বিশ্বসিত—বিণ্, ত্রি (বি—শ্বস্ + ক্ত, কর্ম্ম) বিশ্বাসী।

বিশ্বস্ত—বিণ্, ত্রি (বি—শ্বস্ + ক্ত, কর্তৃ) বিশ্বাসী।

বিশ্বামিত্র—বি, পুং, গাধিরাজ পুত্র, ইনি ক্ষত্রিয় কুলে জন্ম গ্রহণ করিয়াও তপোবলে ব্রাহ্মণত্ব লাভ করিয়াছিলেন।

বিশ্বাস—বি, পুং (বি—শ্বস্ + ঘঞ্, ভাব্) প্রত্যয়, শ্রদ্ধা।

বিশ্বাসঘাতক—বিণ্, পুং, বিশ্বাসীর প্রতি অবিশ্বাসের কার্য্য কারক।

বিষ—বি, পুং, ক্লী (বিষ্ + ক, কর্তৃ) গরল। ক্লী, জল।

বিষঘ্ন—বিণ্, ত্রি (বিষ্ হন্+টক্, কর্ত্তৃ) বিষনাশক।

বিষণ্ণ—বিণ্, ত্রি (বি—সদ্+ক্ত, কর্ত্তৃ) খিন্ন, বিষাদযুক্ত।

বিষাণ—বি, ক্লী (বিষ্+কান্, কর্ত্তৃ) পশুশৃঙ্গ, গজদন্ত, শূকরদন্ত।

বিষাদ—বি, পুং (বি—সদ্+ঘঞ্, ভাব্) দুঃখ, জড়তা, কার্য্যে অনিচ্ছা।

বিষুব—বি, ক্লী (বিষু—বা+ড, কর্ত্তৃ) যে সময় দিবা রাত্র সমান হয়।

বিষ্ণু—বি, পুং (বিষ্+নুক্, কর্ত্তৃ) নারায়ণ, সত্ত্ব গুণময় দেব।

বিষ্ণুগুপ্ত—বি, পুং, চাণক্য।

বিষ্ণুলোক—বি, পুং, বৈকুণ্ঠ।

বিসদৃশ—বিণ্, ত্রি, বিপরীত, বিরুদ্ধ।

বিসর্গ—বি, পুং, (বি—সৃজ্+ঘঞ্, ভাব্) ত্যাগ, দ্বিবিন্দু বর্ণ।

বিসর্জ্জন—বি, ক্লী (বি—সৃজ্+অনট্, ভাব্) ত্যাগ, প্রেরণ।

বিসূচিকা—বি, স্ত্রী, ওলাউঠা।

বিস্তর—বি, পুং (বি—স্তৃ+অল্, ভাব্) সমূহ। বিণ্, ত্রি, প্রচুর।

বিস্তার—বি, পুং (বি—স্তৃ+ঘঞ্, ভাব্) বিস্তৃতি, চৌড়া

বিস্তীর্ণ—বিণ্, ত্রি (বি—স্তৃ+ক্ত, কর্ত্তৃ) ব্যাপ্ত, বিশাল।

বিস্ফারিত—বিণ্, ত্রি (বি—স্ফুর্+ণিচ্+ক্ত, কর্ম্ম,) কম্পিত, বিস্তারিত।

বিস্ফুরিত—বিণ্, ত্রি (বি—স্ফুর্+ক্ত, কর্ত্তৃ) কম্পিত, ধ্বনিত।

বিস্ফোট—বি, পুং (বি—স্ফুট্+অল্, ভাব্) ব্রণ, ফোড়া।

বিস্ময়—বি, পুং (বি—স্মি+অল্, ভাব্) আশ্চর্য্য।

বিস্মরণ—বি, ক্লী (বি—স্মৃ+অনট্, ভাব্) ভুলিয়া যাওয়া।

বিস্মিত—বিণ্, ত্রি (বি—স্মিন+ক্ত, কর্ত্তৃ) আশ্চর্য্যান্বিত।

বিস্মৃত—বিণ্, ত্রি (বি—স্মৃ+ক্ত, কর্ম্ম) বিস্মরণ যুক্ত।

বিস্মৃত বি, স্ত্রী (বি—স্ম+ক্তি ভাব্) ভুলিয়া যাওয়া।

বিস্বাদ—বি, পুং (বি—স্বদ্+ঘঞ্, ভাব্) যার স্বাদ নাই।

বিহগ (ঙ্গ, ঙ্গম)—বি, পুং (বিহা-য়স্—গম্+ড, খ, কর্ত্তৃ,) পক্ষী, বাণ।

বিহঙ্গরাজ—বি, পুং, গরুড়।

বিহার—বি, পুং (বি—হৃ+ঘঞ্, ভাব্) ক্রীড়া, ভ্রমণ।

বিহিত—বিণ্, ত্রি (বি—ধা+ক্ত কর্ম্ম) অনুষ্ঠিত, বিধেয়।

বিহীন—বিণ, ত্রি (বি—হা+ক্ত, কর্ম্ম) ত্যক্ত, বিরহিত।

বিহ্বল—বিণ, ত্রি (বি—হ্বল্+অন, কর্ত্তৃ) অচেতন, শোকাদি-দ্বারা অভিভূত।

বিচালী—(দে) খড়, ধান্য প্রভৃতির [শুষ্ক তৃণ।

বীচি—বি, পুং, স্ত্রী (বে+ডীচি কর্ম্ম) তরঙ্গ, ঢেউ। স্ত্রী (চী)

বীজ—বি, ক্লী (বি—জন্+ড, অপা) অঙ্কুর, শুক্র, কারণ, মূল।

বীজন—বি, ক্লী (বীজ্+অনট্, ভাব্) পাখাদ্বারা বাতাস করণ।

বীণাপাণি—বি, স্ত্রী, স্বরস্বতী।

বীত—বিণ্, ত্রি (বি—ই+ক্ত, কর্ত্তৃ) বিগত, অতীত।

বীতংস—বি, পুং (বি—তনস্+অল্, করণ) মৃগও পক্ষী প্রভৃতির বন্ধন রজ্জু, ফাঁদ।

বীতরাগ—বিণ্, ত্রি, আসক্তি শূন্য, নিস্পৃহ।

বিতস্পৃহা—বি, স্ত্রী, অভিলাষ শূন্যতা।

বিথি (থী, থিকা) বি, স্ত্রী, শ্রেণী, পথ।

বীপ্সা—বি, স্ত্রী (বি-আপ্+সন্+অ, ভাব্, আপ্,) একসময় ব্যাপিয়া থাকিবার ইচ্ছা।

বীরপণা—বি, স্ত্রী, বীরেরধর্ম্ম বীরত্ব।

বীরভদ্র—বি, পুং, শিবের অনুচর।

বীরাসন—বি, ক্লী, পদদ্বয়কে উরুতে স্থাপন পূর্ব্বক উপবেশন বিশেষ।

বীরুৎ—বি, স্ত্রী (বি—রুহ্ + ক্বিপ্ কর্ত্তৃ) লতা।

বীরেশ্বর—বি, পুং, বীরশ্রেষ্ঠ, বীরভদ্র।

বীর্য্য—বি, ক্লী (বীর + ষ্ণ্য, ভাবার্থে শৌর্য্য, সামর্থ্য।

বীর্য্যবান্—বিণ্, পুং (বীর্য্য + বতু, অস্ত্যর্থে) পরাক্রমশালী।

বুট—(দে) ছোলা।

বুড়া—(দে) বৃদ্ধ, প্রাচীন।

বুদ্ধ—বি, পুং, বিষ্ণুর অবতার বিশেষ, বৌদ্ধধর্ম্মের প্রবর্ত্তক।

বুদ্ধি—বি, স্ত্রী (বুধ + ক্তি, ভাব) জ্ঞান, বোধ।

বুদ্ধিজীবী—বিণ, পুং (বুদ্ধি + জীব্ + ণিন্, কর্ত্তৃ) বুদ্ধিমান, জ্ঞানী।

বুদ্ধিমত্তা—বি, স্ত্রী (বুদ্ধি + মতু, অস্ত্যর্থে, + তা, ভাবার্থে) বুদ্ধিশালিতা, জ্ঞান।

বুদবুদ—বি, পুং, জলবিম্ব।

বুধ—বি, পুং (বুধ্ + ক, কর্ত্তৃ) পণ্ডিত, চন্দ্র পুত্র, গ্রহবিশেষ।

বুনন—(দে) বোনা।

বুভুক্ষা—বি, স্ত্রী (ভুজ্ + সন্ + অ ভাব, আপ্) ভোজনেচ্ছা।

বুভুক্ষিত—বিণ্, ত্রি (ভুজ্ + সন + ক্ত, কর্ত্তৃ) ক্ষুধিত।

বুভুৎসা—বি, স্ত্রী (বুধ—সন্ + অ, ভাব, + আপ্) জানিবার ইচ্ছা।

বুরুল—(দে) তিন যব পরিমাণ।

বুলি—(দে) কথা।

বৃংহিত—বি, ক্লী (বৃন্হ + ক্ত, ভাব্) করি গর্জ্জিত।

বৃক—বি, পুং (বৃক্ + ক, কর্ত্তৃ) নেকড়িয়া বাঘ, জঠরাগ্নি।

বৃকোদর—বি, পুং (বৃক নামক অগ্নি উদরে আছে বলিয়া অথবা ব্যাঘ্রের ন্যায় উদর বলিয়া ভীমের নাম বৃকোদর হইয়াছে)। দ্বিতীয় পাণ্ডব।

বৃক্ষ—বি, পুং (ব্রশ্চ + সক, কর্ত্তৃ) [গাছ, তরু।

বৃক্ষরুহ—বি, পুং (বৃক্ষ—রুহ + ক, কর্ত্তৃ) পর গাছা।

বৃত—বিণ্, ত্রি (বৃ+ক্ত, কর্ম্ম) কর্ম্ম করণার্থ নিযুক্ত।

বৃত্ত—বিণ্, ত্রি (বৃৎ+ক্ত, কর্ত্তৃ) বর্ত্তুল, অতীত, জাত, নিযুক্ত।

বৃত্তান্ত—বি, পুং, সংবাদ, বার্ত্তা।

বৃত্তি—বি, স্ত্রী, (বৃৎ+ক্তি, ভাব্) জীবিকা, ব্যবসায়।

বৃত্রহা বি, পুং (বৃত্র—হন+ক্বিপ্, কর্ত্তৃ) ইন্দ্র।

বৃথা—ব্য (বৃধ্+থাচ্) নিষ্ফল

বৃদ্ধ—বিণ্, ত্রি (বৃধ+ক্ত, কর্ত্তৃ) প্রাচীন, জ্যেষ্ঠ।

বৃদ্ধত্ব—বি, ক্লী (বৃদ্ধ+ত্ব ভাবার্থে) বার্দ্ধক্য, বৃদ্ধাবস্থা।

বৃদ্ধি—বি, স্ত্রী (বৃধ্+ক্তি, ভাব্) আধিক্য, উন্নতি

বৃদ্ধিশ্রাদ্ধ—বি, ক্লী, আভ্যুদয়িক শ্রাদ্ধ।

বৃন্ত—বি, পুং, ক্লী (বৃ+ক্ত, কর্ম্ম) পুষ্পাদির বোঁটা।

বৃন্দ—বি, পুং, (বৃণ্+দ, কর্ত্ত) সমূহ।

বৃন্দারক—বি, পুং (বৃন্দ+আর+কণ্) দেবতা।

বৃন্দাবন—বি, ক্লী, মথুরার সমীপস্থ বন বিশেষ।

বৃশ্চিক বি, পুং, (ব্রশ্চ+কিকন্, কর্ত্তৃ) বিছা।

বৃষ—বি; পুং (বৃষ্+ক, কর্ত্তৃ) ষাঁড়।

বৃষভ—বি, পুং (বৃষ্+অভক্, কর্ত্তৃ) বৃষ, (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ।

বৃষভানু—বি, পুং, রাধিকার পিতা।

বৃষল—বি, পুং (বৃষ+কল, কর্ত্তৃ) শূদ্র, চন্দ্রগুপ্ত রাজা।

বৃষবাহন—বি, পুং, শিব।

বৃষোৎসর্গ—বি, পুং, যে শ্রাদ্ধে বৃষ ত্যাগ করা হয়।

বৃহৎ—বিণ্, ত্রি (বৃহ্+অৎ, কর্ত্তৃ) বিপুল, মহৎ।

বৃহন্নল—বি, পুং, ক্লীবরূপী অর্জ্জুন। অজ্ঞাত বনবাসের সময় অর্জ্জুন বৃহন্নল নাম ধারণ পূর্ব্বক,

ক্লীববেশে বিরাটরাজ তনয়া উত্তরাকে নৃত্য গীতাদি শিক্ষা দিয়াছিলেন। স্ত্রী—(লা)।

বেইমান—(যা) বিধর্ম্মী।

বেঁটে—(দে) খর্ব্ব, খাট।

বেকার—(যা) যার কোন কার্য্য নাই।

বেগম—(যা) রাণী।

বেগবান্—বিণ, পুং (বেগ+বতু অস্ত্যর্থে) বেগযুক্ত, ত্বরান্বিত।

বেগার—(দে) বেতনহীন কর্ম্মচারী, বেতনহীন কার্য্য।

বেজী—(দে) নেউল।

বেটা—(দে) পুত্র সন্তান।

বেড়ান—(দে) ভ্রমণ।

বেড়ী—(দে) শৃঙ্খল।

বেণি (ণী) বি, স্ত্রী (বেণ+ই কর্ত্তৃ) বিন্যস্ত কেশ সমূহ। জলপ্রবাহ।

বেণু—বি, পুং (বেণ্+উ, কর্ত্তৃ) বাঁশ।

বেতালভট্ট—বি, পুং, ইনি বিক্রমাদিত্য রাজার সভা পণ্ডিত ছিলেন।

বেত্তা—বিণ, পুং (বিদ্+তৃন, কর্ত্তৃ) জ্ঞাতা, যিনি জানেন এরূপ।

বেত্রবতী—বি, স্ত্রী (বেত্র+বতু, অস্ত্যর্থে,+ঈপ্) মালব দেশস্থ নদী বিশেষ।

বেদ—বি, পুং (বিদ্+অল, কর্ম্ম) শ্রুতি, ধর্ম্ম ও ব্রহ্ম প্রতিপাদক শাস্ত্র। ইহা ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব এই চারি ভাগে বিভক্ত।

বেদন—বি, স্ত্রী (বিদ্+অনট্ ভাব) অনুভব।

বেদনা—বি, স্ত্রী (বিদ্+অন, ভাব,+আপ্) ব্যথা।

বেদপারগ—বি, পুং (বেদ—পার—গম্+ড, কর্ত্তৃ) বেদবিদ, বেদজ্ঞ।

বেদব্যাস—বি,পুং (বেদ—বি—আ—অস্+ঘঞ, ভাব) ব্যাসদেব। ইনি বেদকে ৪ ভাগে বিভাগ করিয়াছেন বলিয়া এই নামে পরিচিত হইয়াছেন।

বেদাঙ্গ—বি, ক্লী, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ ও জ্যোতিষ এই ৬ শাস্ত্র।

বেদান্ত বি, পুং, ব্যাস প্রণীত দর্শন বিশেষ।

বেদি (দী) বি, পুং, স্ত্রী, যজ্ঞাদি করণার্থ পরিষ্কৃত ভূমি।

বেদিত—বিণ, ত্রি, (বিদ্ +ণিচ্ +ক্ত, কর্ম্ম,) নিবেদিত, জ্ঞাপিত

বেধাঃ—বি, পুং (বি—ধা—অস, কর্ত্তৃ) বিধাতা, ব্রহ্মা, দক্ষাদি-সৃষ্টিকর্ত্তা। ভাব) কম্প।

বেপথু—বি, (বেপ + অথু,

বেলা—বি, স্ত্রী (বেল্ + অন্, কর্ত্তৃ, +আপ্) সময়, অবকাশ, সীমা, সমুদ্রতীর, জোয়ার ভাটা।

বেলুন—বি, ব্যোমযান, রুটি তৈয়ার করিবার দণ্ড বিশেষ।

বেশ (বিশ + অল্, অধি)
বেষ—(বিষ্ + অন, কর্ত্তৃ)
বি, পুং, সজ্জা, বস্ত্রও অলঙ্কারাদি পরিধান, বেশ্যালয়।

বেষ্টন—বি, ক্লী (বেষ্ট্ + অনট্, ভাব্) চতুর্দ্দিকে ভ্রমণ, প্রদক্ষিণ।

বেষ্টিত—বিণ, ত্রি (বেষ্ট্ + ক্ত, কর্ম্ম) আবৃত, ঘেরা।

বেহায়া—(যা) নির্লজ্জ।

বৈকল্য—বি, ক্লী (বিকল + ষ্ণ্য ভাবার্থে) বিকলতা, অঙ্গহীনতা।

বৈকুণ্ঠ—বি, পুং (বিকুণ্ঠ + ষ্ণ) বিষ্ণু, ইন্দ্র। ক্লী, বিষ্ণুবপুর।

বৈক্লব্য—বি, ক্লী (বিক্লব + ষ্ণ্য, ভাবার্থে) কাতরতা।

বৈগুণ্য—বি, ক্লী (বিগুণ + ষ্ণ্য, ভাবার্থে) গুণরাহিত্য, দোষ।

বৈচিত্র্য—বি, ক্লী (বিচিত্র + ষ্ণ্য, ভাবার্থে) চমৎকারিতা, নানা-রূপতা, সৌন্দর্য্য।

বৈজয়ন্ত—বি, পুং (বিজয়ন্ত + ষ্ণ্য) ইন্দ্রপুরী। স্বর্গ—স্ত্রী(ন্তী) পতাকা।

বৈজ্ঞানিক বিণ, ত্রি (বিজ্ঞান + ষ্ণিক্) বিজ্ঞান বিশারদ, নিপুণ।

বৈঠক—(দে) সভা।

বৈতনিক—বিণ, ত্রি (বেতন + ষ্ণিক) বেতন ভুক, বেতন সাধ্য।

বৈতরণী—বি, স্ত্রী (বিতরণ + ষ্ণ + ঈপ্) প্রেত নদী।

বৈতালি—(লিক)—বি, পুং (বি-তাল + ষ্ণ, ষ্ণিক) স্তুতি পাঠক, বন্দী।

বৈদগ্ধ্য—বি, ক্লী (বিদগ্ধ + ষ্ণ্য) পটুতা, পাণ্ডিত্য।

বৈদর্ভী—বি, স্ত্রী (বিদর্ভ + ষ্ণ, ঈপ্) দময়ন্তী।

বৈদিক—বি, পুং (বেদ + ষ্ণিক্, জ্ঞাতার্থে) বেদজ্ঞ ব্রাহ্মণ।

বৈদূর্য্য—বি, ক্লী (বিদূর + ষ্ণ্য, স্বার্থে) মণি বিশেষ।

বৈদেশিক—বিণ, ত্রি, (বিদেশ + ষ্ণিক) অন্যদেশীয়, বিদেশাগত।

বৈদেহী—বি, স্ত্রী, (বিদেহ + ষ্ণ, অপত্যার্থে, + ঈপ্) বিদেহ রাজ কন্যা, সীতা।

বৈদ্য—বিণ, ত্রি (বেদ + ষ্ণ্য। জ্ঞাতার্থে) আয়ুর্ব্বেদ বেত্তা, চিকিৎসক, বিদ্বান্।

বৈদ্যনাথ—বি, পুং, শিব।

বৈদ্যুত—বি, স্ত্রী (বিদ্যুৎ + ষ্ণ, ইদমর্থে) তড়িৎ সম্বন্ধীয়।

বৈধ—বিণ, ত্রি (বিধি + ষ্ণ) বিধি-সিদ্ধ, উচিত।

বৈধব্য—বি, ক্লী (বিধবা + ষ্ণ্য, ভাবার্থে) বিধবা অবস্থা, পতি হীনা।

বৈধৃতি বি, স্ত্রী (বিধৃতি + ষ্ণ) যোগবিশেষ।

বৈনতেয় বি, পুং (বিনতা + ষ্ণেয়, অপত্যার্থে) গরুড়, বিনতা পুত্র।

বৈপরীত্য—বি, ক্লী (বিপরীত + ষ্ণ্য, ভাবার্থে) উল্টা, বিপর্য্যয়।

বৈভব—বি, ক্লী (বিভব + ষ্ণ, ভাবার্থে) বিভুতা, প্রভুত্ব, সামর্থ্য।

বৈমাত্র, (ত্রেয়)—বি, পুং (বিমাতৃ + ষ্ণ, ষ্ণেয়, অপত্যার্থে) বিমাতার গর্ভজাত।

বৈয়াকরণ—বি, ক্লী (ব্যাকরণ+ ষ্ণ, অবগতার্থে) ব্যাকরণ বেত্তা, ব্যাকরণ সম্বন্ধীয়।

বৈর—বি, ক্লী (বীর+ষ্ণ, ভাবার্থে) শৌর্য্য, শত্রুতা, দ্বেষ।

বৈর নির্য্যাতন—বি, ক্লী, শত্রুতার প্রতিশোধ, প্রতিফল।

বৈরাগী—বিণ, পুং (বিরাগ+ইন্, অস্ত্যর্থে) সংসারবাসনা শূন্য, বিবেকী।

বৈরাগ্য—বি, ক্লী (বিরাগ+ষ্ণ্য, ভাবার্থে) সংসার বাসনা রাহিত্য।

বৈরী—বিণ, পুং (বৈর+ইন, অস্ত্যর্থে) শত্রু।

বৈরূপ্য—বি, ক্লী (বিরূপ+ষ্ণ্য, ভাবার্থে) বিরূপতা, কদর্য্যতা।

বৈলক্ষণ্য—বি, ক্লী (বিলক্ষণ+ষ্ণ, ভাবার্থে) প্রভেদ, বিশেষ।

বৈবস্বত—বি, পুং (বিবস্বৎ+ষ্ণ, অপত্যার্থে) সপ্তমমনু, যম, শনি।

বৈবাহিক—বিণ, ত্রি (বিবাহ+ষ্ণিক) বিবাহ সম্বন্ধীয়।

বৈশম্পায়ন—বি, পুং, মহাভারতের বক্তামুনিবিশেষ, জন্মেজয়ের সর্পকুলধ্বংসের সময় ইনি মহাভারত পাঠ করেন।

বৈশাখ—বি, পুং বিশাখা+ষ্ণ, যুক্তার্থে) ১ম মাস।

বৈশিষ্ট্য—বি, ক্লী (বিশিষ্ট+ষ্ণ্য, ভাবার্থে) বৈলক্ষণ্য, পার্থক্য, বিশেষ।

বৈশেষিক—বি, পুং, (বিশেষ+ ষ্ণিক) কণাদ প্রণীত দর্শন শাস্ত্র।

বৈশ্য—বি, পুং (বিশ+ষ্ণ্য, স্বার্থে) কৃষক, বণিক প্রভৃতি, ৩য় বর্ণ।

বৈশ্বানর—বি, পুং (বিশ্বানর+ষ্ণ, ইদমর্থে) অগ্নি।

বৈষম্য—বি, ক্লী (বিষম+ষ্ণ্য, ভাবার্থে, বিষমতা, অসমতা।

বৈষয়িক—বিণ, ত্রি বিষয়+ষ্ণিক্ সম্বন্ধার্থে) বিষয় সম্বন্ধীয়।

বৈষ্ণব—বিণ, ত্রি (বিষ্ণু+ষ্ণ) বিষ্ণুভক্ত।

বৈসাদৃশ্য—বি, ক্লী (বিসদৃশ+ষ্ণ্য, ভাবার্থে) বৈষম্য, প্রভেদ।

বোচ্কা—(দে) বস্ত্রাদির মোট।

বোঢ়া—বিণ, পুং (বহ্+তৃন্, কর্ত্তৃ) বহন কর্ত্তা, বিবাহ কর্ত্তা।

বোল (দে) বাক্য।

বোবা—(দে) বাক শক্তি হীন।

ব্যংসক—বিণ, ত্রি (বি—অন্স্+ণক্, কর্ত্তৃ) প্রতারক, ধূর্ত্ত, শঠ।

ব্যক্ত—বিণ, ত্রি (বি—অন্জ্+ক্ত, কর্ম্ম) প্রকাশিত, স্ফুট।

ব্যক্তি—বি, স্ত্রী (বি—অন্জ্—ক্তি ভাব্) প্রকাশ। জন, লোক।

ব্যঙ্গ—(বি) পরিহাস।

ব্যজন—বি, ক্লী (বি—অজ্+অনট্, ভাব্) বায়ুসঞ্চালন, পাখা দিয়া বাতাস করণ।

ব্যঞ্জক—বিণ, ত্রি (বি—অন্জ্+ণক, কর্ত্তৃ) প্রকাশক।

ব্যঞ্জন—বি, ক্লী (বি—অন্জ+অনট্, ভাব্) হলবর্ণ, তরকারি।

ব্যতিক্রম—বি, পুং (বি—অতি—ক্রম্+অল, ভাব্) বিপর্য্যয়, উল্লঙ্ঘন।

ব্যতিরেক—বি, পুং (বি—অতি—রিচ্+ঘঞ, ভাব্) বিনা, অভাব, অতিক্রম।

ব্যতিব্যস্ত—বিণ, ত্রি, অত্যন্ত আকুল।

ব্যতীত—বিণ, ত্রি (বি—অতি—ই+ক্ত, কর্ত্তৃ, (বিগত, অতিক্রান্ত।

ব্যত্যয়—বি, পুং (বি—অতি—ই+ঘঞ্, ভাব্) বিপর্য্যয়, ব্যতিক্রম।

ব্যথা—বি, স্ত্রী (ব্যথ্+ঙ,ভাব্+আপ্) দুঃখ, বেদনা।

ব্যথিত—বিণ, ত্রি (ব্যথ্+ক্ত, কর্ত্তৃ) পীড়িত।

ব্যপদেশ—বি, পুং, ছল।

ব্যভিচার—বি, পুং (বি—অভি—চর্+ঘঞ্, ভাব্) অন্যথাচরণ,

ব্যভিচারিণী—বি, স্ত্রী (বি—অভি—চর্+ণিন্, কর্ত্তৃ, ঈপ্) কুক্রিয়াসক্তা, পরপুরুষাসক্তা।

ব্যয়—বি, পুং (বি—ই+অল, ভাব্) খরচ। [হইয়াছে।

ব্যয়িত—বিণ, ত্রি, যাহা ব্যয় করা

ব্যর্থ—বিণ, ত্রি, নিষ্ফল, নিরর্থক।

ব্যবকলন—বি, ক্লী (বি—অব—কল্+অনট্, ভাব্) বিয়োগ।

ব্যবচ্ছিন্ন—বিণ, ত্রি (বি—অব—ছিদ্+ক্ত, কর্ম্ম) বিভক্ত।

ব্যবচ্ছেদ—বি, পুং (বি অব—ছিদ্ +অল, ভাব্) বিভেদ, বিশেষ করণ, নির্দ্ধারণ।

ব্যবধান-বি—ক্লী (বি-অব-ধা+অনট্, ভাব্) অন্তর, আড়াল।

ব্যবসায়—বি, পুং (বি—অব—সো +ঘঞ্, ভাব্) বাণিজ্য, যত্ন,উদ্যম

ব্যবসিত বিণ, ত্রি (বি—অব—সো+ক্ত, কর্তৃ) চেষ্টিত, উদ্যত।

ব্যবস্থা—বি, স্ত্রী (বি—অব—স্থা+ঙ, ভাব্) শাস্ত্রীয় বিধি নিয়ম।

ব্যবস্থাপক—বিণ, ত্রি (বি—অব স্থা+ণি+ণক, কর্তৃ আঃন-কর্ত্তা, নিয়ামক।

ব্যবস্থিত—বিণ, ত্রি (বি—অব—স্থা+ক্ত, কর্তৃ) স্থিরীকৃত নিয়মিত।

ব্যবহার—বি, পুং (বি—অব—হৃ+ঘঞ্, ভাব্) আচরণ, প্রথা।

ব্যবহারাজীব—বি, পুং উকিল মোক্তার প্রভৃতি।

ব্যবহার্য্য—বি, ক্লী (বি—অব—হৃ +ঘ্যণ্, কর্ম্ম) ব্যবহার যোগ্য।

ব্যবহিত—বিণ, ত্রি (বি—অব—ধা+ক্ত, কর্ম্ম) দূরস্থিত, আচ্ছাদিত।

ব্যবহৃত—বিণ, ত্রি (বি—অব—হৃ+ক্ত, কর্ম্ম) আচরিত,উপভুক্ত।

ব্যসন—বি, ক্লী (বি—অস্+অনট্, ভাব্) বিপদ, দুঃখ।

ব্যস্ত—বিণ, ত্রি (বি—অস্+ক্ত, কর্তৃ) ব্যাকুল, চঞ্চল।

ব্যাকরণ—বি, ক্লী (বি—আ—কৃ+অনট্, ভাব্) শব্দব্যুৎপাদক শাস্ত্র।

ব্যাকুল—বিণ, ত্রি, ব্যস্ত, উৎকণ্ঠিত।

ব্যাখ্যা—বি, স্ত্রী (বি-আ-খ্যা+ঙ ভাব্) বিবরণ, অর্থ প্রকাশ।

ব্যাখ্যাত—বিণ, ত্রি (বি—আ—খ্যা + ক্ত, কর্ম্ম) বিবৃত।

ব্যাঘাত—বি, পুং বি—আ-হন্ + ঘঞ্, ভাব্) অন্তরায়।

ব্যাঘ্র—বি, পুং (বি—আ—ঘ্রা + ড, কর্ত্তৃ) শার্দ্দূল, বাঘ।

ব্যাজ—বি, পুং (বি—অজ্ + ঘঞ্, করণ্) ছল, কপট, বিঘ্ন।

ব্যাজস্তুতি—বি, স্ত্রী, কপট প্রশংসা

ব্যাদান—বি—স্ত্রী (বি—আ—দা + অনট্, ভাব্) বিস্তার।

ব্যাধ—বি, পুং (ব্যধ্ + ণ, কর্ত্তৃ) নিষাদ, পশুবধকারি জাতি বিশেষ।

ব্যাধি—বি, পুং (বি—আ—ধা + কি, অধি) রোগ।

ব্যাপক—বিণ, (বি—আপ্ + ণক, কর্ত্তৃ) বিস্তীর্ণ।

ব্যাপার—বি, পুং (বি-আ—পৃ ঘঞ্, ভাব্) ব্যবসায়, ক্রিয়া।

ব্যাপী—বিণ্ পুং (বি—আপ্ + ণিণ্, কর্ত্তৃ) যে বিস্তার করিয়া আছে।

ব্যাপৃত—বিণ, ত্রি (বি—আ—পৃ + ক্ত, কর্ত্তৃ) নিযুক্ত, কার্য্যাসক্ত।

ব্যাপ্ত—বিণ, ত্রি, (বি-আপ্ + ক্ত, কর্ত্তৃ) বিস্তারিত।

ব্যাপ্তি—বি, স্ত্রী (বি—আপ্ + ক্তি, সর্ব্বত্র স্থিতি।

ব্যায়াম বি, পুং (বি—আ—যম্ ঘঞ্, ভাব্) শারীরিক শ্রম, কুস্তি ইত্যাদি।

ব্যাল—বিণ, ত্রি (বি—আ—অড + অন, কর্ত্তৃ) হিংস্র, ক্রূর (বি, পুং,) সর্প, হিংস্রজন্তু।

ব্যবহারিক—বিণ, ত্রি (ব্যবহার + ষ্ণিক, ইদমর্থে) ধর্ম্মাধিকরণ সম্বন্ধীয়। বি, পুং, মন্ত্রী।

ব্যাস—বি, পুং (বি—অস্ + ঘঞ্, ভাব) বেদ বিভাগ কর্ত্তা মুনি, গোল বস্তুর মধ্য রেখা।

ব্যাসক্ত—বিণ, (বি—সনজ্ + ক্ত, কর্ত্তৃ) সংলগ্ন, অত্যাসক্ত।

ব্যুৎপত্তি—বি—স্ত্রী (বি—উৎ—পদ + ক্তি, ভাব) জ্ঞান, কৌশল।

ব্যুৎপন্ন—বিণ, ত্রি (বি—উৎ—পদ্ +ক্ত, কর্ত্ত্) শাস্ত্রজ্ঞানবিশিষ্ট, প্রকৃতি প্রত্যয় সাহায্যে উৎপন্ন।

ব্যূহ—বি, পুং (বি—উহ্ + অল্, ভাব্) সৈন্য সমূহের রচনা।

ব্যোম—বি, ক্লী (ব্যে + মন্, কর্ত্ত্) আকাশ।

ব্যোমচারী—বিণ, পুং (ব্যোম-চর্ + ণিন্, কর্ত্ত্) আকাশ বিহারী।

ব্যোমযান—বি, ক্লী, দেবযান, বিমান, প্লেন।

ব্রজ—বি, পুং (ব্রজ্ + অল, কর্ম্ম) সমূহ, গোষ্ঠ।

ব্রজকিশোর—বি, পুং, কৃষ্ণ।

ব্রণ—বি, পুং,ক্লী (ব্রণ্ + অন্, কর্ত্ত্ ক্ষত, স্ফোটক।

ব্রত—বি, পুং, ক্লী (বৃ+অতচ কর্ম্ম) নিয়ম, পুণ্য জনক কর্ম্ম।

ব্রততি (তী)—বি, স্ত্রী (বৃত+ অতি, কর্ত্ত্) লতা।

ব্রতী—বিণ, পুং (ব্রত + ইন্ অস্ত্যর্থে) তপস্বী।

ব্রাড়া—বি, স্ত্রী (ব্রীড়্ + ঙ, ভাব, + আপ্) লজ্জা।

ব্রীহি—বি, পুং (ব্রী + হি, কর্ম্ম) ধান্য।

শ

শ—বি, ক্লী (শী + ড, অধি কল্যাণ, ধর্ম্ম। পুং (কর্ত্ত্) শিব।

শংসিত—বিণ, ত্রি (শন্স্ + ক্ত, কর্ত্ত্) নিশ্চিত,প্রশংসিত, কথিত।

শক—বি, পুং (শক্ + অল্, কর্ত্ত্) শালি বাহন রাজা, তৎ প্রবর্ত্তিত অব্দ।

শকট—বি, পুং(শক + অটন্, কর্ত্ত্) গাড়ী। দৈত্য বিশেষ।

শকারি—বি, পুং, বিক্রমাদিত্য।

শকুন—বি, পুং (শক্ + উন, কর্ত্ত্) পক্ষী। ক্লী শুভচিহ্ন।

শকুন্ত—বি, পুং (শক্ + উন্ত)

শকুন্তলা—বি,স্ত্রী (শকুন্ত—লা + ড,

কর্ত্তৃ+আপ্) দুষ্মন্তরাজ মহিষী। বিশ্বামিত্রের ঔরসে মেনকা নাম্নী অপ্সরার গর্ভে জন্ম গ্রহণ করেন। মেনকা সদ্যোজাত কন্যাকে পরিত্যাগ করিলে একটি পক্ষী পক্ষদ্বারা আচ্ছাদিত করিয়া ইহাকে রক্ষা করিয়াছিলেন। কণ্ব মুনি বালিকাটিকে এই অবস্থায় পাইয়া আশ্রমে নিয়া যান ও তথায় প্রতিপালন করেন। যথাসময় দুষ্মন্ত রাজা ইহার পাণি গ্রহণ করেন ইহারই গর্ভে মহারাজ ভরত জন্ম গ্রহণ করেন।

শকুল—বি,পুং (শক্+উল্, কর্ত্তৃ) শোল মাছ।

শক্ত—বিণ্ ত্রি, (শক্+ক্ত,কর্ত্তৃ) কঠিন, দৃঢ়। [সামর্থ্য।

শক্তি—বি, স্ত্রী) শক্+ক্তি, ভাব)

শক্তিধর—বি, পুং (শক্তি—ধৃ+অন্, কর্ত্তৃ) কার্ত্তিকেয়।

শক্তিবান্—বিণ্ পুং (শক্তি+মতু অস্ত্যর্থে) বলশালী।

শক্তু—বি, পুং, (শচ্+তুন্, কর্ত্তৃ) যবাদিচূর্ণ।

শক্য—বিণ, ত্রি (শক্+য, কর্ম্ম) সাধ্য, শক্তির বিষয়ীভূত।

শক্র—বি, পুং (শক্+র, কর্ম্ম বা কর্ত্তৃ) ইন্দ্র, অর্জ্জুনবৃক্ষ, বাসব।

শক্রজিৎ—বি, পুং (শক্র+জি ক্বিপ্, কর্ত্তৃ) মেঘনাদ।

শক্রধনুঃ—বি, স্ত্রী, ইন্দ্রধনুঃ।

শঙ্কর—বি, পুং (শং—কৃ+অন্, কর্ত্তৃ) শিব।

শঙ্কা—বি, স্ত্রী (শন্‌ক্+অ, ভাব্, +আপ্) ভয়, সন্দেহ, বিতর্ক।

শঙ্কিত—বিণ্, ত্রি (শঙ্কা+ইত, জাতার্থে) ভীত, সন্দিগ্ধ।

শঙ্কু—বি, পুং (শন্‌ক্+উ, অপা) শল্য গোজ, খুটা।

শঙ্খ—বি, পুং, স্ত্রী (শম্+খ,কর্ত্তৃ) সমুদ্রজাত জন্তুবিশেষ, সংখ্যাবিশেষ

শঙ্খকার—বি, পুং (শঙ্খ—কৃ+ষণ্, কর্ত্তৃ) শাখারি। (কর্ত্তৃ) ইন্দ্রাণী

শচি (চী)—বি, স্ত্রী (শচ্+ই,

শচীপতি—বি, পুং, ইন্দ্র।

শঠ—বিণ্, ত্রি (শঠ্+অন্, কর্ত্তৃ) ধূর্ত্ত।

শঠতা—বি, স্ত্রী (শঠ্+তা, ভাবার্থে) ধূর্ত্ততা।

শণ্ড—বি, পুং (শণ্+ড, কর্ত্তৃ) বৃষ।

শত—বি, ক্লী (শো+ডত, কর্ত্তৃ) ১০০।

শতক—বি, ক্লী (শত+কণ্) শত সংখ্যা।

শতক্রতু—বি, পুং, ইন্দ্র।

শততম—বিণ্, ত্রি (শত+তম পূরণার্থে) শত সংখ্যার পূরণ।

শতদল—বি, ক্লী, পদ্ম।

শতদ্রু—বি, স্ত্রী, (শত [illegible] +দ্রু, কর্ত্তৃ) পঞ্জাবের অন্তর্গত নদী বিশেষ।

শতধা—ব্য (শত+ধাচ, প্রকারার্থে) শতপ্রকার।

শতপত্র—বি, ক্লী, পদ্ম।

শতমারী—বিণ, পুং, (শত—মৃ +ক্রি+ণিন্, কর্ত্তৃ) উত্তম চিকিৎসক।

শতশঃ—ব্য (শত+চশস্) শত শত করিয়া।

শা (স) তবঞ্চ—বি, ক্লী, চিচিত্র-সূত্র নির্ম্মিত আসন বিশেষ।

শতানন্দ—বি, পুং, গৌতম মুনি, জনক রাজার পুরোহিত।

শতায়ুঃ—বিণ, ত্রি, শতবর্ষ জীবী।

শত্রু—বি, পুং (শদ্+রু, কর্ত্তৃ) বিপক্ষ।

শত্রুঘ্ন—বি, পুং (শত্রু—হন্+টক্, কর্ত্তৃ) লক্ষ্মণের কনিষ্ঠ ভ্রাতা।

শত্রুতা—বি, স্ত্রী (শত্রু+তা, ভাবার্থে) বিপক্ষতা, দ্বেষ।

শনৈশ্চর—বি, পুং, (শনৈস্—চর্ +অন্, কর্ত্তৃ) সপ্তম গ্রহ।

শনৈঃ—ব্য (শণ্+ঐস্, কর্ত্তৃ) অল্পে অল্পে, ক্রমে ক্রমে।

শপথ—বি, পুং (শপ্+অথন্, ভাবে) প্রতিজ্ঞা।

শপ্ত—বিণ, ত্রি (শপ্ + ক্ত. কর্ম্ম) অভিশাপ গ্রস্ত।

শফ—বি, ক্লী (শম্ + ণি + অন কর্ত্ত) অশ্বাদি পশুর খুর।

শফরী—বি, স্ত্রী (শফ—রা + ড. কর্ত্তৃ + ঈপ্) প্রোষ্ঠী, পুঁটীমাছ।

শবল—বিণ ত্রি, (শব + কল্, কর্ম্ম) নানা বর্ণ যুক্ত।

শব্দিত—বিণ, ত্রি (শব্দ + ক্ত, কর্ম্ম) ধ্বনিত।

শম—বি, পুং (শম্ + অল, ভাব) শান্তি, মনের স্থিরতা।

শমন—বি, পুং (শম্ + ণি + ক্ত কর্ত্তৃ) কৃতান্ত, যম। ক্লী (অনট্) শান্তি, যজ্ঞার্থ পশুবধ।

শময়িতা—বিণ পু (শম + ণিচ + তৃন্, কর্ত্তৃ) দমন কারক।

শমিত—বিণ, ত্রি (শম্ + ণি + ক্ত, কর্ম্ম) দমিত, নিবারিত।

শম্বর—বি, পুং (শম্ব + অরন্, কর্ত্ত) অসুর বিশেষ, জল, পর্ব্বত বিশেষ।

শম্বরারী—বি, পুং, কন্দর্প।

শম্বল—বি, পুং, ক্লী (শম্ব + অল্ কর্ম্ম) পাথেয়।

শম্বু (ম্বূ) ক-বি, পুং (শম্বু + কণ্, শম্ + উক, কর্ত্তৃ) জলজন্তু বিশেষ, শামুক। [শিব।

শম্ভু—বি, পুং (শম্ ভূ + ডু, কর্ত্তৃ)

শয়তান—বি, পুং, উপদেবতা বিণ, ধূর্ত্ত।

শয়ন—বি, ক্লী (শী + অনট্, আধি নিদ্রা।, (আধি), শয্যা।

শ (স) র—বি, পুং (শৃ + অল্, করণ) বাণতৃণ, খাগড়াগাছ।

শ (স) রট—বি, পুং (শৃ, স্‌ + অটন, কর্ত্তৃ) কৃকলাস।

শরণ—বি, ক্লী (শৃ + অন, কর্ত্ত) রক্ষক, গৃহ।

শরণাগত—বিণ, ত্রি, আশ্রিত।

শরণি (ণী)—বি, স্ত্রী (শৃ + অনি, কর্ম্ম) পথ।

শরণ্য—বিণ, ত্রি (শরণ + য্য সমর্থার্থে) রক্ষণ সমর্থ।

শরৎ—বি, স্ত্রী (শৄ+অদ্, কর্ত্তৃ) ঋতু বিশেষ, আশ্বিন কার্ত্তিক এই দুই মাস।

শরধি—বি, পুং (শর—ধা+কি, অধি) তূণ।

শরভ—বি, পুং (শৄ+অভচ্, কর্ম্ম) মৃগ বিশেষ, উষ্ট্র, করি শাবক বানর বিশেষ, শলভ।

শরযু (যূ)—বি, স্ত্রী (শৄ+অযু, কর্ত্তৃ) অযোধ্যার নদী বিশেষ।

শরল—বিণ্, ত্রি (শৄ+অল্, কর্ত্তৃ) অকপট, অবক্র।

শরব্য—বি, ক্লী (শরু+ষ্ণ্য) বাণের লক্ষ্য।

শরাসন—বি, ক্লী (শর—অস্+অনট, অধি) ধনুঃ।

শরীর—বি, ক্লী (শৄ+ঈরণ্, কর্ম্ম) দেহ।

শরীরজ—বি, পুং (শরীর—জন্+ড, কর্ত্তৃ) কাম।

শরীরী—বি, পুং (শরীর+ইন্ অস্ত্যর্থে) প্রাণী, জীবাত্মা।

শর্করা—বি, স্ত্রী (শৄ+করন্, কর্ত্তৃ) চিনি, রোগ বিশেষ।

শর্ম্ম—বি, ক্লী (শৄ+মন্, কর্ত্তৃ) সুখ, কল্যাণ।

শর্ব্বরী—বি, স্ত্রী (শৄ+ষ্বরন্, কর্ত্তৃ) রজনী রাত্রি। [গৌরী।

শর্ব্বাণী—বি, স্ত্রী (শর্ব্ব+ঙীপ্)

শলভ—বি, পুং (শল্+অভচ্, কর্ত্তৃ) পতঙ্গ।

শলাকা—বি, স্ত্রী (শল+আক্+আপ্) ক্ষুদ্র যষ্টি, শলা, বাণ।

শল্ক—বি, ক্লী (শল্+কন্, কর্ত্তৃ) বল্কল, আইস।

শল্য—বি, পুং (শল্+য, কর্ম্ম) মদ্র দেশীয় রাজা বিশেষ। পুং, ক্লী, শেল, কীলক।

শব—বি, পুং, ক্লী (শব্+অন্, কর্ত্তৃ) মৃতদেহ।

শবর—বি, পুং (শব—রা+ড, কর্ত্তৃ) ব্যাধ।

শশ, শশক—বি, পুং (শশ+অন্, কর্ত্তৃ, কণ্) খরগোস্।

শশধর—বি, পুং (শশ—ধৃ+অন্, কর্ত্তৃ) চন্দ্র।

শশি ভূষণ—বি, পুং, শিব।

শশ্বৎ—ব্য (শশ্+বৎ) সর্ব্বদা।

শস্ত্র—বি, ক্লী (শশ্ ষ্ট্রন্, করণ) অস্ত্র, আয়ুধ, যাহা হস্তে ধারণ করিয়া প্রহার করা যায়।

শস্য—বি, ক্লী (শস্+য, কর্ম্ম) বৃক্ষাদির ফল ও পুষ্প, কৃষ্যুৎপন্ন ধান্যাদি।

শাক—বি, পুং, ক্লী (শক্+ঘঞ্, কর্ত্তৃ) পত্রপুষ্প বৃন্তমূল ইত্যাদি।

শাক্ত—বিণ্, ত্রি (শক্তি+ষ্ণ) শক্তির উপাসক, তান্ত্রিক।

শাখা—বি, স্ত্রী (শাখ্+অন্, কর্তৃ, আপ্) বিটপ, ডাল, গ্রন্থের পরিচ্ছেদ।

শাখামৃগ—বি, পুং, বানর।

শাখী—বিণ্, পুং (শাখা+ইন্, অস্ত্যর্থে) শাখাযুক্ত।

শাঠ্য—বি, ক্লী (শঠ+ষ্ণ্য, ভাবার্থে) শঠতা, ধূর্ত্ততা।

শাড়ী—(দে) স্ত্রীলোকের পরিধেয় বস্ত্র।

শাণ—বি, পুং (শো+ণ, অধি) কাষ্টি পাথর, শণ নির্ম্মিত বস্ত্র।

শাণিত—বিণ্, ত্রি (শণ্+ণিচ্+ক্ত, কর্ম্ম) তিক্ষ্ণীকৃত।

শাণ্ডিল্য—বি, পুং (শণ্ডিল+ষ্ণ্য, অপত্যার্থে) মুনি বিশেষ।

শাদ্বল—বি, (শাদ্+বল) নবতৃণ।

শান্ত—বিণ্, ত্রি (শম্+ক্ত, কর্তৃ) শিষ্ট, শমগুণযুক্ত, জিতেন্দ্রিয়।

শান্তনব বি, (শান্তনু+ষ্ণ, অপত্যার্থে) ভীষ্ম।

শান্তনু—বি, পুং, চন্দ্রবংশীয় রাজা বিশেষ।

শান্তি—বি, স্ত্রী (শম+ক্তি, ভাব্) মনেরস্থিরতা, উপশম, নিবৃত্তি।

শাপ—বি, পুং (শপ্+ঘঞ্, ভাব্) অভিসম্পাত, সপথ।

শায়ক—বি,পুং (শো+ণক্, কর্তৃ) বাণ, খড়্গ।

শারঙ্গ—বি, পুং, মৃগ, হস্তী, চাতক-পক্ষী।

শারদ (দীয়)—বিণ, ক্লী (শরৎ+ষ্ণ, নীয় ভবার্থে) শরৎকালীন।

শারিকা—বি,স্ত্রী (শৃ+ইঞ, কর্ত্তৃ, কণ+আপ) অক্ষগুটিকা, পাশা।

শারীর—বিণ, ত্রি (শরীর+ষ্ণ, ইদমর্থে) দেহ সম্বন্ধীয়।

শার্দ্দূল—বি, পুং (শৃ+দূলচ, কর্ত্তৃ) ব্যাঘ্র, রাক্ষস।

শালগ্রাম—বি, পুং, বিষ্ণুর মূর্ত্তি বিশেষ।

শালনির্য্যাস—বি, পুং, ধূনা।

শালা—বি, স্ত্রী (শল+ঘঞ, কর্ম্ম, +আপ) গৃহ। (দে) স্ত্রীর ভ্রাতা।

শালী—বি, পুং (শাল+ইঞ, কর্ত্তৃ) ধান্য। (দে) স্ত্রীর ভগিনী।

শালী—বিণ, পুং (শাল+ণীন্, কর্ত্তৃ) যুক্ত, বিশিষ্ট, শোভামান।

শাল্মলি (লী)—বি, পুং, স্ত্রী (শল+ঞি+ক্বিপ, ভাব=শাল-মল+অন, কর্ত্তৃ,+ইন) শিমুল-গাছ।

শাবক—বি, পুং, (শাব+কণ, স্বার্থে) শিশু, বৎস্য।

শামীয়ানা—(যা) চাদোঁয়া।

শাশুড়ী—বি, স্ত্রী, শ্বশুরের স্ত্রী।

শাশ্বত—বিণ, ত্রি (শশ্বৎ+ষ্ণ, ভবার্থে) চিরস্থায়ী।

শাসন—বি, ক্লী (শাস+অনট, ভাব) দণ্ড, আজ্ঞা, উপদেশ, পত্র।

শাসনীয়—বিণ, ত্রি (শাস+অনীয়, কর্ম্ম) শাসন যোগ্য।

শাসিত—বিণ, ত্রি (শাস+ক্ত, কর্ম্ম) দণ্ডিত, পালিত।

শাস্তি—বি, স্ত্রী (শাস+ক্তি, ভাব) শাসন, দণ্ড।

শাস্তিবিধান—বি, ক্লী, দণ্ড দান।

শাস্ত্র—বি, ক্লী (শাস+ত্র, করণ) মুনিপ্রণীতগ্রন্থ বিশেষ। বেদ, দর্শন ইত্যাদি।

শাস্ত্রজ্ঞ—বিণ, পুং (শাস্ত্র—জ্ঞা+

ড, কর্ত্তৃ) শাস্ত্রবিৎ, যিনিশাস্ত্রভাল জানেন।

শাস্ত্রদর্শী—বিণ, পুং (শাস্ত্র—দৃশ, ণিন, কর্ত্তৃ) শাস্ত্রবেত্তা।

শাস্ত্রী—বিণ, পুং (শাস্ত্র+ইন্‌, অস্ত্যর্থে) শাস্ত্রপার দর্শী।

শাস্ত্রীয়—বিণ ত্রি (শাস্ত্র+ণীয়) শাস্ত্র সিদ্ধ, শাস্ত্র সম্মত।

শিংশপা—বি, স্ত্রা (শীর্ষ—পত্‌+ড কর্ত্তৃ, নিপা,+আপ্‌) শিশু।

শিক্ষক—বিণ ত্রি (শিক্ষ্‌+ণক্‌, কর্ত্তৃ) শিক্ষাদাতা, শাসন কর্ত্তা।

শিক্ষণীয়—বিণ, ত্রি (শিক্ষ+অনীয়, কর্ম্ম) শিক্ষা করিবার যোগ্য।

শিক্ষা—বি, স্ত্রী (শিক্ষ্‌+অ, করণ +আপ্‌) উপদেশ, অভ্যাস, অধ্যয়ন। [গুরু।

শিক্ষাগুরু—বি, পুং, বিদ্যাদাতা,

শিক্ষিত—বিণ, ত্রি (শিক্ষ্‌+ক্ত, কর্ম্ম) কৃতবিদ্য।

শিখণ্ড—বি, পুং (শিখন্‌—অম্‌+ড, কর্ত্তৃ) ময়ূর পুচ্ছ, চূড়া।

শিখণ্ডী—বিণ, পুং (শিখণ্ড + ইন্‌, অস্ত্যর্থে) ময়ূর। দ্রুপদ রাজপুত্র।

শিখর—বি, পুং, ক্লী (শিখা+র অস্ত্যর্থে,) শৃঙ্গ, বৃক্ষাগ্র, অগ্রভাগ।

শিখা—বি, স্ত্রী (শী+থক্‌,আপ্‌) চূড়া, অগ্রভাগ।

শিখী—বি, পুং (শিখা+ইন্‌ অস্ত্যর্থে) ময়ূর, অগ্নি, বাণ।

শিঙ্গা—বি, স্ত্রী, বাদ্যযন্ত্র বিশেষ।

শিঞ্জা—বি, স্ত্রী (শিন্‌জ+আ, ভাব)

শিঞ্জিত—বি, ক্লী (শিন্‌জ+ক্ত, ভাব্‌) অব্যক্তধ্বনি, ভূষণ শব্দ।

শিঞ্জিনী—বি, স্ত্রী, ধনুকের ছিলা।

শিথিল—বিণ, ত্রি (শ্লথ+কিল) ঢিলা, আলগা, দুর্ব্বল, ক্লান্ত।

শিপ্রা—বি, স্ত্রী, নদী বিশেষ।

শিয়র—(দে) যেদিকে শয়নকারীর মস্তক থাকে।

শিয়াল—(বি) শৃগাল, ফেরু।

শির—বি,ক্লী (শ্রি+ক,কর্ম্ম) } ক
শিরঃ—বি,ক্লী(শ্রি+অস,কর্ম্ম) } বৃক্ষাগ্র সৈন্যের অগ্রবর্ত্তীদল, অধ্যক্ষ।

শিরসিজ—বি, পুং (শিরসি—জন্ +ড. কর্ত্তৃ) কেশ, মাথারচুল।

শিরস্ক—বি, ক্লী (শিরস—কৈ+ড ; কর্ত্তৃ) পাগড়ী. টুপী।

শিরস্ত্রাণ—বি, ক্লী (শিরস্—ত্রৈ+ড কর্ত্তৃ) উষ্ণীষ, পাগড়ী, টুপী।

শিরা—বি, স্ত্রী (শৃ+ক, কর্ম্ম, আপ্) শরীরের মধ্যস্থরক্ত, গমনের পথ।

শিরোধার্য্য—বি, ক্লী, অতিশয় মান্য।

শিরোনাম—(বি, পত্রের উপরি-লিখিত নাম।

শিরোমণি—বি, পুং, মস্তকস্থ মণি।

শিরোরুহ—বি, পুং (শিরস্—রুহ্ +ক্বিপ্, কর্ত্তৃ) মূর্দ্ধজ, কেশ।

শিলীমুখ—বি, পুং, ভ্রমর, বাণ।

শিল্প—বি, ক্লী (শিল +পক্, ভাব্) বস্তুনির্ম্মাণাদি কার্য্য।

শিল্পী—বিণ্, ত্রি (শিল্প+ইন্, অস্ত্যর্থে) শিল্প কর্ম্মচারী, নির্ম্মাণাদি কার্যে নিযুক্ত।

শিব—বি, পুং (শী+বন্, অধি) মহাদেব, মঙ্গল।

শিবরাত্রি—বি, স্ত্রী, ফাল্গুন মাসের কৃষ্ণ চতুর্দ্দশী রাত্রি।

শিবলিঙ্গ—বি, পুং, শিবের প্রস্তর ও মৃত্তিকাদিময় লিঙ্গাকার মূর্ত্তি।

শিবিকা—বি, স্ত্রী (শিব্+ক্রি+ ণক, কর্ত্তৃ—আপ্) যান বিশেষ, পাল্কী।

শিবির—বি, ক্লী (শিব্+কিরচ অধি,) সেনা নিবেশ, ছাউনী।

শিশির—বি, পুং (শশ+কির, অধি) হিম। ক্লী ; শীতকাল। বিণ্, ত্রি, শীতল।

শিশুক—বি, পুং (শিশু+কণ্) জলচর জন্তু বিশেষ। [শৈশব।

শিশুত্ব—বি, ক্লী (শিশু+ত্ব, ভাবার্থে)

শিশুপাল—বি, পুং (শিশু—পা+ ণ্রি+ষণ্, কর্ত্তৃ) চেদিবংশীয় নৃপ বিশেষ।

শিশ্ন—বি, পুং (শশ্+নক্, কর্ত্তৃ, নিপা) পুরুষোপস্থ।

শিষ্ট—বিণ্, ত্রি (শাস্+ক্ত, কর্ম্ম) শান্ত, সুশীল, নীতিজ্ঞ, অবশিষ্ট।

শিষ্টতা—বি, স্ত্রী (শিষ্ট্+তা, ভাবার্থে) নম্রতা, ধীরতা।

শিষ্টাচার—বি, পুং, ভদ্রতা।

শিষ্য—বি, পুং (শাস্+ক্যপ, কর্ম্ম) ছাত্র।

শীকর—বি, ক্লী (শীক্+অরন্, কর্ত্তৃ) বায়ু প্রেরিত জল বিন্দু।

শীঘ্র—বিণ (শিন্ঘ্+রক্, ভাব্) ত্বরিত, সত্বর।

শীঘ্রগ—বিণ, ত্রি (শীঘ্র—গম্+ড, কর্ত্তৃ) দ্রুতগামী।

শীত—বিণ্ ত্রি (শ্যৈ+ক্ত, কর্ত্তৃ) শীতল।

শীতল—বিণ্ ত্রি (শীত—লা+ড কর্ত্তৃ) শৈত্যগুণযুক্ত, ঠাণ্ডা।

শুক—বি, পুং (শুক+ক, কর্ত্তৃ) টিয়াপাখী। [ঝিনুক

শুক্তি—বি, স্ত্রী (শুচ্+ক্তি, ভাব)

শুক্তিজ—বিণ্ ত্রি (শুক্তি—জন্+ড, কর্ত্তৃ) শুক্তিজাত।

শুক্র—বি, পুং (শুচ্+রক্, কর্ত্তৃ) দৈত্যগুরু। ক্লী, রেতঃ।

শুক্ল—বি, পুং (শুচ্+লক্,) কর্ত্তৃ শ্বেতবর্ণ। বিণ্, ত্রি, শ্বেতবর্ণ-যুক্ত।

শুচি—বি, পুং (শুচ্+ইন্, কর্ত্তৃ) অগ্নি। বিণ্, ত্রি, শুভ্রবর্ণযুক্ত, পবিত্র, নির্দ্দোষ।

শুণ্ঠি (ণ্ঠী)—বি, স্ত্রী, (শুন্ঠ্+ই, করণ) শুষ্ক আদা।

শুণ্ড—বি, পুং (শুন্+ড, কর্ত্তৃ) হাতির শুঁড়। স্ত্রী (ণ্ডা) মদিরা।

শুদ্ধ—বিণ, ত্রি (শুধ+ক্ত, কর্ত্তৃ) পবিত্র, স্বচ্ছ।

শুদ্ধান্ত—বি, পুং, অন্তঃপুর।

শুদ্ধচারী—বিণ্, পুং (শুদ্ধ-চর্+ণিন্, কর্ত্তৃ) নির্ম্মল স্বভাব।

শুভ—বি, ক্লী (শুভ+ক, কর্ত্তৃ) মঙ্গল, সুখ। বিণ্, ত্রি, মঙ্গল দায়ক।

শুভকর—বি, ত্রি, শুভ+কৃ+ট, কর্ত্তৃ) মঙ্গল দায়ক।

শুভঙ্কর—বি, পুং, শুভ—কৃ+খট, কর্ত্ত) স্বনামখ্যাত অঙ্কশাস্ত্র প্রণেতা।

শুভদ—বিণ, ত্রি, শুভ—দা+ড, কর্ত্তৃ) মঙ্গল জনক।

শুভ্র—বি, পুং (শুভ+রক, কর্ত্তৃ) শ্বেতবর্ণ। বিণ, শ্বেতবর্ণযুক্ত।

শুল্ক—বি, পুং, ক্লী (শুল্ক+অল, ভাব) মাসুল, বিবাহের পণ।

শুশ্রূষা—বি, স্ত্রী (শ্রু+সন+অ, ভাব+আপ) সেবা, শ্রবণেচ্ছা।

শুশ্রূষু—বিণ, ত্রি (শ্রু+সন+উ, কর্ত্তৃ) সেবক, পরিচর্য্যাকারী।

শুষ্ক—বিণ, ত্রি, শুষ+ক্ত, কর্ত্তৃ। নীরস, রসহীন। [বরাহ

শূকর—বি. পুং শূ—কৃ+ট, কর্ত্তৃ)

শূদ্র—বি, পুং, শুচ+রক, কর্ত্তৃ) চতুর্থবর্ণ।

শূন্য—বিণ ত্রি (শূনা+যৎ) রিক্ত নির্জ্জন।

শূর—বি, পুং, (শূর+অন, কর্ত্তৃ, বীর, সূর্য্য।

শূর্প বি, ক্লী (শৃ+প, কর্ত্তৃ, তণ্ডুলাদি পরিষ্কার করণ পাত্র বিশেষ, কুলা।

শূর্পণখা—বি, স্ত্রী, রাবণের ভগনী।

শূল—বি, পুং, ক্লী (শূল+ক, কর্ত্তৃ অস্ত্র বিশেষ, শলাকাকৃতি অস্ত্র, ত্রিশূল।

শূলপাণি—বি, পুং, শিব।

শৃঙ্খল—বি, পুং (শৃঙ্গ—খল+অল করণ (শিকল, নিগড়। স্ত্রী—লা (রীতি, নিয়ম, সুব্যবস্থা।

শৃঙ্খলিত—বিণ ত্রি) শৃঙ্খল+ইত বিদ্যমানার্থে (শৃঙ্খলাবদ্ধ।

শৃঙ্গ—বি, ক্লী (শৃ+গক, কর্ত্তৃ) পর্ব্বতের শিখর, ধনুকের অগ্রভাগ, শিং। [পুর।

শৃঙ্গবের—বি, ক্লী, গুহক চণ্ডালের

শৃঙ্গার—বি, পুং (শৃঙ্গ—ঋ+যণ, কর্ত্তৃ) আদ্যরস, মৈথুন।

শেখর—বি, পুং (শিন্ থ+অরন্, কর্তৃ) শিরোমালা, চূড়া।

শেষ—বি. পুং (শিষ্+অল্, ভাব্) বিনাশ, নিষ্পত্তি, অবশেষ, সর্প রাজ।

শৈথিল্য—বি, ক্লী (শিথিল+ষ্ণ্য, ভাবার্থে) আলস্য।

শৈল—বি, পুং (শিলা+ষ্ণ, জাতার্থে) শিলা জাত, পর্ব্বত।

শৈলেয়—বি. ক্লী (শৈল+ষ্ণেয় জাতার্থে) শৈলজাত গন্ধ দ্রব্য।

শৈবল (বাল)—বি, পুং, ক্লী (শী +বলঞ্, কর্ত্তৃ) জলজ উদ্ভিদ্ বিশেষ।

শৈশব—বি, ক্লী (শিশু+ষ্ণ, ভাবার্থে) বাল্য।

শোচনা—বি, স্ত্রী (শোচি+অন্ ভাব্, আপ্) শোককরা।

শোচনীয়—বিণ্, ত্রি, (শুচ্+অনীয়, কর্ম্ম)

শোচ্য—বিণ্, ত্রি(শুচ্+য,কর্ম্ম) [শোকের বিষয়।

শোণিত— বি, ক্লী (শোণ+ইক্ত, অস্ত্যর্থে) রুধির। বিণ্,ত্রি, রক্ত-বর্ণ যুক্ত।

শোথ—বি. পুং (শু+থন্ কর্তৃ) স্ফীততা, রোগ বিশেষ,। গোদ।

শোধন—বি, ক্লী (শুধ+ঞি,অনট্ ভাব্) নির্দ্দোষ করণ। পরিস্করণ।

শোধিত—বিণ্, ত্রি (শুধ্+ঞি+ক্ত, কর্ম্ম) পরিষ্কৃত।

শোভন—বিণ্, ত্রি (শুভ্+অন, কর্তৃ) শোভাযুক্ত, সুন্দর।

শোভা বি, স্ত্রী (শুভ্+অল, ভাব্+আপ্) সৌন্দর্য্য, কান্তি, দীপ্তি। [কর্ম্ম) ভূষিত।

শোভিত—বিণ্, ত্রি (শুভ্+ক্ত

শোরা—(যা) যবক্ষার।

শোষ—বি, পুং (শুষ্+অল্, ভাব্) নীরসতা।

শোষক—বিণ্, ত্রি (শুষ্+ঞি+ণক্, কর্তৃ) শোষণ কর্ত্তা।

শোষিত—বিণ, ত্রি (শুষ্+ঞি+ক্ত, কর্ম্ম) নীরসীকৃত।

শৌর্য্য—বি, ক্লী (শূর+ষ্ণ্য, ভাবার্থে বিক্রম, সাহস।

শ্মশ্রু—বি, ক্লী (শ্মন্—শ্রি—ডুন্, কর্তৃ) মুখ রোম, গোপ দাড়ী।

শ্যাম—বি, পুং (শৈ্য+মক, কর্তৃ) কৃষ্ণবর্ণ, হরিৎবর্ণ।

শ্যামল—বিণ, ত্রি (শ্যাম—লা+ড, কর্তৃ) কৃষ্ণবর্ণ যুক্ত।

শ্রদ্ধা—বি, (শ্রৎ—ধা+ঙ, ভাব) ভক্তি, বিশ্বাস, স্পৃহা, আদর

শ্রদ্ধালু—বিণ, ত্রি (শ্রদ্ধা+আলু যুক্তার্থে) ভক্তিমান।

শ্রম বি, পুং (শ্রম্+অল, ভাব) শ্রান্তি, খেদ।

শ্রমী—বিণ, পুং (শ্রম্+ইন্, অস্ত্যর্থে) পরিশ্রমকারী।

শ্রমোপজীবী—বিণ, পুং (শ্রম—উপ—জীব্+নিণ, কর্তৃ) যে পরিশ্রম পূর্ব্বক জীবিকা নির্ব্বাহ করে। স্ত্রী—(বিনী)

শ্রয়ণ—বি, ক্লী (শ্রি+অনট, ভাব) অবলম্বন, আশ্রয়।

শ্রবণ—বি, ক্লী (শ্রু+অনট, করণ) কর্ণ। (ভাব) আকর্ণন, শুনা।

শ্রব্য—বিণ, ত্রি (শ্রু+য, কর্ম্ম) শ্রবণীয়।

শ্রব্য কাব্য—বি, ক্লী, যে কাব্য শ্রবণ যোগ্য কিন্তু অভিনয় যোগ্য নহে।

শ্রাদ্ধ—বি, ক্লী (শ্রদ্ধা+ষ্ণ) পিতৃ কৃত্য. (ত্রি) শ্রদ্ধা যুক্ত।

শ্রান্ত—বিণ, ত্রি (শ্রম্+ক্ত, কর্তৃ) ক্লান্ত, নিবৃত্ত, অবসন্ন।

শ্রান্তি—বি, স্ত্রী (শ্রম্+ক্তি, ভাব) শ্রম, ক্লান্তি।

শ্রী—বি, স্ত্রী (শ্রি—ক্বিপ) লক্ষ্মী, সম্পত্তি, শোভা, জীবিত ব্যক্তির নামের উপাধি বিশেষ।

শ্রীকণ্ঠ—বি, পুং, শিব. ভবভূতি কবির অপর নাম।

শ্রীদাম—বি, পুং, কৃষ্ণ সহচর গোপ বিশেষ।

শ্রীনিবাস—বি, পুং, বিষ্ণু।

শ্রীফল—বি, পুং, বিল্ববৃক্ষ। ক্লী, তৎফল।

শ্রীমান—বিণ, পুং (শ্রী+মতু অস্ত্যর্থে) শ্রীযুক্ত, লক্ষ্মীবান, ধনবান সুন্দর।

শ্রীল—বিণ্, ত্রি (শ্রী+ল, অস্ত্যর্থে শ্রীযুক্ত। [বিশেষ।

শ্রীবৎস—বি, পুং, বিষ্ণুর বক্ষস্থ চিহ্ন

শ্রীবৎস লাঞ্ছন—বি, পুং, বিষ্ণু।

শ্রীসম্পন্ন—বিণ্, ত্রি, সৌন্দর্য্য যুক্ত।

শ্রুত—বিণ্, ত্রি, (শ্রু+ক্ত, কর্ম্ম) যাহা শুনা হইয়াছে, প্রসিদ্ধ।

শ্রুতি—বি, স্ত্রী (শ্রু+ক্তি, কর্ম্ম) বেদ, শ্রবণ, কর্ণ, কিংবদন্তী।

শ্রুতি কটু—বিণ্, পুং, কাব্যের দোষ বিশেষ, যাহা শুনিতে ভাল লাগেনা।

শ্রুতিধর -বিণ্, ত্রি, যে শ্রবণ মাত্র ধারণ করে, শুনিবামাত্র স্মরণ রাখিতে সমর্থ।

শ্রূয়মাণ—বিণ্, ত্রি (শ্রু+ক্রি+শান্, কর্ম্ম) যাহা শুনা যাইতেছে।

শ্রুব—বি, ক্লী (শ্রু+ক,) যজ্ঞে ঘৃতক্ষেপণ পাত্র।

শ্রেণি (ণী)—বি, স্ত্রী (শ্রি+নি, কর্তৃ) পঙক্তি, সারি, দল।

শ্রেয়ঃ—বি, ক্লী (প্রশস্য+ঈয়সু উৎকর্ষার্থে) মঙ্গল, সুখ।

শ্রেয়স্কর—বিণ্, ত্রি (শ্রেয়স্—কৃ+ট, কর্তৃ) মঙ্গল জনক, শুভদায়ক।

শ্রেষ্ঠ বিণ্, ত্রি প্রশস্য+ইষ্ঠ, উৎকর্ষার্থে) অতি প্রশস্ত, জ্যেষ্ঠ, প্রশস্ত।

শ্রেষ্ঠী—বি, পুং (শ্রেষ্ঠ+ইন্ অস্ত্যর্থে) বণিক।

শ্রোণি (ণী) বি, স্ত্রী (শ্রোণ্+ই, কর্তৃ, কটিদেশ, নিতম্ব।

শ্রোতঃ—বি, ক্লী (শ্রু+অস্ কর্তৃ) নদ্যাদির বেগ,। (করণ) কর্ণ।

শ্রোতব্য—বিণ্, ত্রি (শ্রু+তব্য, কর্ম্ম) শ্রাব্য, শ্রবণ যোগ্য।

শ্রোতা—বিণ্, ত্রি (শ্রু+তৃন্, কর্তৃ) শ্রবণ কর্ত্তা।

শ্রোত্র—বি, ক্লী (শ্রু+ত্র, করণ কর্ণ, যদ্বারা শুনা যায়।

শ্রোত্রিয়—বি, পুং (শ্রোত্র+ইয়)

বেদাধ্যায়ী ব্রাহ্মণ। বিণ্‌ ত্রি, সদ্বংশ জাত্‌।

শ্লথ—বিণ্‌, ত্রি (শ্লথ্‌+অন্‌ কর্ত্তৃ) শিথিল, ঢিলা।

শ্লাঘা—বি, স্ত্রী (শ্লাঘ্‌+অ, ভাব্‌ +আপ্‌) প্রশংসা, নিজগুণ কথন।

শ্লিষ্ঠ—বিণ্‌, ত্রি (শ্লিষ্‌+ক্ত, কর্ত্তৃ) সংস্পৃষ্ট, শ্লেষযুক্ত।

শ্লীপদ বি, ক্লী, শোথরোগ।

শ্লেষ—বি, পুং (শ্লিষ্‌+অল্‌, ভাব) আলিঙ্গন, সংযোগ, ব্যঙ্গোক্তি।

শ্লেষ্মা—বি, স্ত্রী (শ্লিষ্‌+মন, কর্ত্তৃ) কফ।

শ্লোক—বি, পুং (শ্লোক+অল্‌ কর্ম্ম) পদ্য, কবিতা, কীর্ত্তি, যশঃ।

শ্বঃ—ব্য, পরদিন, কল্য।

শ্ববৃত্তি—স্ত্রী, কুক্কুরাচার, চাকরী।

শ্বশ্রূ—বি, স্ত্রী, শাশুড়ী।

শ্বসন—বি, ক্লী (শ্বস্‌+অনট্‌, ভাব) নিশ্বাস।

শ্বান—বি, পুং (শ্বন্‌+কনিন্‌) কুক্কুর

শ্বাপদ—বি, পুং, হিংস্রজন্তু, কুক্কুরের ন্যায় পদবিশিষ্ট জন্তু।

শ্বাস—বি, পুং (শ্বস্‌+ঘঞ, ভাব্‌)। নিশ্বাস, কাশ রোগ বিশেষ।

শ্বেত—বি, পুং (শ্বিত্‌+অন, কর্ত্তৃ) শুক্লবর্ণ, রৌপ্য

শ্বেতসার—বি, পুং, আলু ও গোধূম ইত্যাদির মধ্যস্থ শাদা অংশ।

শ্বৈত্য—বি, ক্লী (শ্বেত+ষ্ণ্য ভাবার্থে) শুক্লত্ব।

ষ—বি, পুং (সো+ড, কর্ত্তৃ) কেশ f ক, নাশ।

ষট্‌ কর্ম্ম—বি, ক্লী, যজন, যাজন, অধ্যয়ন, অধ্যাপন, দান ও প্রতিগ্রহ এই ছয়টী।

ষটচক্র—বি, ক্লী, দেহ মধ্যস্থ পদ্মাকার ছয় চক্র।

ষটপদ—বি, পুং, ভ্রমর।

ষট্ত্রিংশৎ—বি, স্ত্রী, ছত্রিশসংখ্যা।

ষড়ঙ্গ—বি, পুং, হস্তদ্বয়, পদদ্বয়, কটি ও মস্তক এই ছয় অঙ্গ। শিক্ষা, কল্প ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ ও জ্যোতিষ্ বেদের এই ছয়টী অঙ্গ।

ষড়ানন বি, পুং, কার্ত্তিকেয়।

ষড়্গুণ—বি, পুং, সন্ধি, বিগ্রহযান, আসন, দ্বৈধ ও আশ্রয়—রাজাদিগের এই ছয়টী গুণ।

ষড়রস—বি, ক্লী, মধুর, অম্ল, তিক্ত কষায়, লবন ও কটু এই ছয়টী

ষড়রিপু—বি, পুং, কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য এই ছয়টী।

ষড়বিধ—বিণ্, ত্রি, ছয় প্রকার।

ষণ্ড বি, পুং (সন্+ড, কর্ত্তৃ ষাঁড়, বৃক্ষ, নপুংসক।

ষষ্টি—বি, স্ত্রী, ষাটি সংখ্যা।

ষষ্ঠ—বিণ্, ত্রি, ছয়ের পূরণ।

ষাণ্মাসিক—বিণ্, ত্রি (ষষ্—মাস+ ষ্ণিক, ভাবার্থে) ষষ্ঠ মাসে কর্ত্তব্য।

ষোড়শী—বি, স্ত্রী, মহাবিদ্যা বিশেষ।

ষোড়শোপচার—বি, পুং, আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয় মধুপর্ক, পুনরাচমনীয়, স্নান, বসন আভরণ, গন্ধ, পুষ্প, ধুপ, দীপ, নৈবিদ্য, চন্দন—পূজার এই ১৬ উপচার।

ষ্টিম—(ইং) বাষ্প।

ষ্ঠীবন—বি, ক্লী (ষ্ঠীব্+অনট্, ভাব) থূৎকার ক্ষেপণ।

স—বি, পুং (সো+ড, কর্ত্তৃ) শিব, চন্দ্র, ভগু, জীবাত্মা।

সইস—(বা) অশ্ব রক্ষক।

সওদাগর—(বা) বণিক।

সওয়ারা—(বা)—যান, পাল্কী।

সওয়াল—(যা) প্রশ্ন।

সংক্রমণ—বি,ক্লী (সং-ক্রম্+অনট্ ভাব্) সূর্য্যাদির রাশ্যন্তর গমন।

সংক্রান্ত—বিণ, ত্রি (সং-ক্রম্+ক্ত, কর্তৃ) গত, সঞ্চারিত, ব্যাপ্ত।

সংক্রান্তি—বি, স্ত্রী (সং-ক্রম্+ক্তি, ভাব) সূর্য্যাদির অন্যরাশিতে গমন।

সংক্রামিত—বিণ, ত্রি (সং-ক্রম্+ণিচ+ক্ত, কর্ম্ম) প্রবেশিত।

সংগৃহীত—বিণ, ত্রি (সং—গ্রহ্+ক্ত, কর্ম্ম) সঙ্কলিত, আহৃত।

সংগোপন—বি, ক্লী (সম্—গুপ্+অনট্, ভাব্) বিশেষরূপেলু কান।

সংগ্রহ—বি, পুং (সং—গ্রহ্+অনট্ ভাব্) একত্র করণ।

সংজ্ঞা—বি, স্ত্রী (সং—জ্ঞা+ঙ, করণ,+আপ) চেতনা, জ্ঞান, বুদ্ধি, নাম।

সংযত—বিণ, ত্রি (সং—যম্+ক্ত, কর্ম্ম,) বদ্ধ, নিয়মিত।

সংযম—বি, পুং (সং-যম্+অন, ভাব) বন্ধন, নিয়ম, ইন্দ্রিয় নিগ্রহ

সংযমী—বিণ, ত্রি (সংযম+ইন্ অস্ত্যর্থে) জিতেন্দ্রিয়, নিয়মনিষ্ঠ। পুং, যোগী।

সংযাত্রা—বি, স্ত্রী, জলপথে গতি।

সংযুক্ত—বিণ, ত্রি (সং—যুজ্+ক্ত, কর্ম্ম) মিলিত।

সংযুগ—বি, পুং (সং—যু—গক্, কর্তৃ) যুদ্ধ।

সংযুত—বিণ, ত্রি (সং—যু+ক্ত, কর্তৃ) মিলিত।

সংযোগ—বি, পুং (সং—যুজ্+ঘঞ্, ভাব্) মিলন, মিশ্রন।

সংযোজিত—বিণ্ ত্রি (সং—যুজ্ +ক্ত, কর্ম্ম) সংমিলিত।

